গ্রন্থাবলী-সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

দ্বিতীয় খণ্ড

বিদ্যাপতি-পদাবলী

নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত

সতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত
বসুমতী - সাহিত্য - মন্দির
১৬৬, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

বসুমতী সাহিত্য মন্দির
১৬৬, বহুবাজার ষ্ট্রীট
কলিকাতা—১২

৮৯.৯৪৫
বৈষ্ণব/বৈ

মূল্য—২॥০ টাকা

Uttarpara Jaikrishna Public Library
Gift No. 1388 Date. 1.1.2002

B1388

প্রকাশক ও মুদ্রাকর
শ্রীশশিভূষণ দত্ত,
বসুমতী প্রেস, কলিকাতা।

সূচীপত্র

১।	বিদ্যাপতি ঠাকুরের জীবন-বৃত্তান্ত	---	১
২।	বিদ্যাপতির বন্দনা	---	১০
৩।	বন্দনা	---	১
৪।	শ্রীরাধার বয়ঃসন্ধি	---	২
৫।	শ্রীরাধার পূর্ব্বরাগ	---	৯
৬।	শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ	---	১৬
৭।	দূতী সংবাদ	---	২৪
৮।	সন্দর্শন	---	৩৩
৯।	সখী-শিক্ষা	---	৩৭
১০।	অভিসার	---	৪২
১১।	মিলন	---	৪৫
১২।	বসন্ত-বিহার	---	৬০
১৩।	রসালাপ	---	৬৫
১৪।	মান	---	৯১
১৫।	মানান্তে মিলন	---	১৩৯
১৬।	প্রেম-বৈচিত্ত্য	---	১৪৪
১৭।	বিরহ	---	১৫৯
১৮।	ভাবসম্মিলন	---	২০৮
১৯।	প্রার্থনা	---	২১৮
২০।	হরগৌরী-পদাবলী	---	২২০
২১।	গঙ্গা-গীত	---	২৩২
২২।	বিবিধ	---	২৩৩
২৩।	প্রহেলিকা	---	২৪১
২৪।	পরিশিষ্ট	---	২৪৬

বিজ্ঞাপন

ত্রিশ বৎসরের অধিক হইল, আমি বিদ্যাপতি ঠাকুরের বিরচিত কবিতাবলী সঙ্কলন ও সম্পাদন করিতে আরম্ভ করি। পদাবলী শব্দ বৈষ্ণবদিগের কথা, পদের অর্থ গান। প্রত্যেক পদে সুর দেওয়া থাকে ও সেই অনুসারে গান করা হইত। কিন্তু এখন বিদ্যাপতির যশ কবি বলিয়া। তাঁহার প্রত্যেক পদ গীতিকবিতা, তাঁহার পদাবলী গীতিকাব্য। গায়ক যেরূপ ইচ্ছা সুর বসাইয়া গান করিতে পারেন, কিন্তু এই সকল কবিতার আবৃত্তিও অতি শ্রুতিমধুর।

দরভঙ্গার পরলোকগত মহারাজা রমেশ্বর সিংহের নিকট হইতে আমি মিথিলার কতকগুলি কবিতা পাই; দরভঙ্গা লহেরিয়া সরায়ের নিকট তরৌণী গ্রামে বিদ্যাপতির স্বহস্তলিখিত একখানি শ্রীমদ্‌ভাগবতের তালপত্র-পুঁথি অদ্যাবধি আছে, সেই সঙ্গে আর একখানি তালপত্রের পুঁথিতে তাঁহার রচিত কবিতাসমূহও ছিল। এই দ্বিতীয় পুঁথি-খানি আমার হস্তগত হয়। নেপালের মহারাজার পুস্তকালয়ে আর একখানি পুঁথি আছে, তাহা হইতেও আমি সমস্ত পদ উদ্ধৃত করি। দরভঙ্গায় মহারাজার আতিথ্য স্বীকার করিয়া অনেক পদ ও বহুবিধ তথ্য সংগ্রহ করি। মহারাজা অনুগ্রহ করিয়া কবীশ্বর চণ্ডা ঝা (চন্দ্র কবি)কে আমার সহায়তা করিতে অনুরোধ করেন। চণ্ডা ঝার বয়স তখন সত্তর বৎসর উত্তীর্ণ হইয়াছে। তিনি সংস্কৃত কাব্য উত্তমরূপে জানিতেন, স্বয়ং মৈথিল ভাষায় কবিতা রচনা করিতেন এবং বিদ্যাপতির রচনা সম্বন্ধে তাঁহার তুল্য আর কাহারও অভিজ্ঞতা ছিল না। চণ্ডা ঝা অত্যন্ত উৎসাহের সহিত এই কার্য্যে যোগদান করেন। তাঁহার সহায়তা না পাইলে বিদ্যাপতির সমস্ত কবিতা সম্পাদন করা সম্ভব হইত না।

ছয় বৎসর অবিরত পরিশ্রম করিয়া আমি এই বৃহৎ কার্য্য সম্পূর্ণ করি। গ্রন্থের বিস্তৃত ভূমিকা ও আলোচনা সমাপ্ত হইলে বঙ্গীয় সাহিত্য-পরিষদ হইতে পরলোকগত সারদাচরণ মিত্রের ব্যয়ে বৃহৎ-কলেবর গ্রন্থ প্রকাশিত হয়। হিন্দী অক্ষরে টীকা-রহিত আর একখানি পুস্তক দরভঙ্গার মহারাজের সাহায্যে মুদ্রিত হয়। বাঙ্গালা গ্রন্থ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পোষ্ট-গ্রাজুয়েটদিগের অধ্যয়নের জন্য মনোনীত হয়। উভয় গ্রন্থই নিঃশেষ হইয়া গিয়াছে। পুনর্মুদ্রিত না হইলে পাওয়া যাইবে না।

যে তালপত্রের পুঁথি আমি তরৌণী হইতে পাই, তাহার দ্বিতীয় প্রতিলিপি নাই। পুস্তক ছাপা হইলে কয়েক বৎসর পরে তালপত্রের পুঁথি কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের লাইব্রেরীতে রক্ষা করিবার জন্য আমি স্যার আশুতোষ মুখোপাধ্যায়কে দিই। ঐ পুঁথি হারাইয়া গিয়াছে। ঐ সকল কবিতা এবং নেপালের পুঁথির কবিতা-সমূহ আমার সম্পাদিত গ্রন্থ ছাড়া আর কোথাও পাওয়া যায় না।

বসুমতী-সাহিত্য-মন্দিরের প্রতিষ্ঠাতা বন্ধুবর স্বর্গীয় উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বসুমতীর দ্বিতীয় বর্ষের উপহারে প্রাচীন কবির পদাবলী বিতরণ করেন। বিদ্যাপতির কতকগুলি পদ সেই 'প্রাচীন কবির পদাবলীতে' সন্নিবেশিত হইয়াছিল! তাহার পর তিনি বৈষ্ণব মহাজন পদাবলী নাম দিয়া বিদ্যাপতি, চণ্ডিদাস, জ্ঞানদাস, গোবিন্দদাসের পদাবলী টীকাসহ প্রকাশ করেন। ইহার তিন চারিটি সংস্করণ নিঃশেষিত হইবার পর উপেন্দ্রনাথের সুযোগ্য পুত্র শ্রীমান্ সতীশচন্দ্র মুখোপাধ্যায় বসুমতী সাহিত্য-মন্দির হইতে বিদ্যাপতি, জ্ঞানদাস, গোবিন্দদাসের পদাবলী পৃথক্ পৃথক্‌ভাবে প্রকাশ করেন। শ্রীমান্ সতীশচন্দ্রের অনুরোধে আমি সানন্দে বসুমতী প্রকাশিত এই বিদ্যাপতি-পদাবলীর তৃতীয় সংস্করণ সম্পাদনের ভার গ্রহণ করিয়াছিলাম।

এই পুস্তক অবিকল সাহিত্য-পরিষদ হইতে প্রকাশিত গ্রন্থের অনুরূপ নয়। তবে উক্ত গ্রন্থে প্রকাশিত অনেক পদ ইহাতে সন্নিবেশিত হইয়াছে। কবিতাগুলির বিভাগও ঠিক সেই গ্রন্থের মত নয়। সাধারণ পাঠকের পক্ষে সুলভ হইবে এবং বিদ্যাপতির কবিতার বহু প্রচার হইবে, এই আশায় আমি এই সংস্করণ সম্পাদন করিলাম।

মিথিলা প্রদেশ ও মিথিলাবাসী—বাঙ্গালীর নিকটে ঋণী। মিথিলার প্রধান কবি দুই জন;—

বিদ্যাপতি ঠাকুর ও গোবিন্দদাস ঝা। দুই জনেরই রচনা বৈষ্ণব কাব্য-সাহিত্যে রক্ষিত হইয়াছে। স্বীকার করি, ভাষার অজ্ঞতায় অনেক ভুল-প্রমাদ হইয়াছিল, কিন্তু এতকাল মিথিলার লোকেরা তাঁহাদের শ্রেষ্ঠ কবিদ্বয়ের গৌরব রক্ষা করিবার জন্য কিছুই করেন নাই। এখন সে কলঙ্ক মোচন করিবার প্রয়াস হইতেছে। পাটনা বিশ্ব-বিদ্যালয়ে বর্ত্তমান দরভঙ্গার মহারাজা কামেশ্বর সিংহের অর্থ-আনুকূল্যে মৈথিল ভাষার প্রোফেসর নিযুক্ত হইয়াছেন। বারাণসী হিন্দু বিশ্ব-বিদ্যালয়ে মৈথিল ভাষার শিক্ষা আরম্ভ হইয়াছে। লহেরিয়া সরায় মৈথিল সাহিত্য পরিষদ হইতে প্রাচীন মৈথিল গ্রন্থাদি প্রকাশিত হইতেছে। 'বিদ্যাপতি যন্ত্র' নামক মুদ্রাযন্ত্র স্থাপিত হইয়াছে, তাহাতে মৈথিল লিপি ছাপা হয়। ইহা আনন্দের সংবাদ; কিন্তু বাঙ্গালার ঋণ মিথিলাবাসীদিগের বিস্মৃত হওয়া উচিত নয়।

হউন বিদ্যাপতি ও গোবিন্দদাস ঝা মিথিলা-বাসী, তাঁহারা চিরকাল বাঙ্গালার বাঙ্গালী কবি হইয়াই থাকিবেন। বাঙ্গালা না থাকিলে তাঁহাদের কবিতা মিথিলায় সম্পূর্ণ আকারে কখনও পাওয়া যাইত না।

বান্দোরা, বোম্বাই

আষাঢ়—১৩৪২

শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত

বিদ্যাপতি ঠাকুরের জীবন-বৃত্তান্ত

ভারতে জীবনচরিত লিখিবার প্রথা ছিল না। প্রাচীন কালের কোন যশস্বী ব্যক্তির জীবনের কথা জানিতে পারা যায় না। এরূপ অবস্থায় আনুমানিক অথবা কাল্পনিক কিংবা কতকগুলা উদ্ভট কিম্বদন্তী সংগ্রহ করিয়া কাহারও জীবনী লিখিবার প্রয়াস করা বিড়ম্বনা। কবি নাই, তাঁহার সম্বন্ধে আমরা কিছুই জানি না, তাঁহার রচিত কাব্য আছে, ইহাই সৌভাগ্যের বিষয়। যাহা নাই, তাহার জন্য ক্ষোভ করিয়া অথবা অমূলক অবান্তর কথা লিখিয়া কি ফল?

এ অভাব শুধু এ দেশের নয়। বিদ্যাপতি সেক্সপীয়রের পূর্ব্ববর্ত্তী কবি। সেক্সপীয়র নামে কোন ব্যক্তি ছিলেন কি না এবং থাকিলেও তিনি তাঁহার নামাঙ্কিত অমূল্য নাটক-সমূহের রচয়িতা কি না, এই কথা লইয়া বহুকাল ইংলণ্ডে বাদানুবাদ চলিয়াছিল। অনেকের মতে প্রসিদ্ধ দার্শনিক ফ্রান্সিস বেকন নিজের নাম গোপন করিয়া ঐ সকল নাটক প্রণয়ন করেন! সেক্সপীয়র অভিনেতা মাত্র। অল্পদিন হইল, সে বিতণ্ডা মিটিয়াছে, কিন্তু কবির স্বহস্তলিখিত কোন নাটক, কি পুস্তক কিংবা পত্র পাওয়া যায় না। বিদ্যাপতির নিজের লেখা কবিতা নাই, কিন্তু তাঁহার হস্ত-লিখিত বৃহৎ তাল-পাতার পুঁথিতে শ্রীমদ্ভাগবত আদ্যোপান্ত লিখিত আছে। গ্রন্থশেষে লেখা আছে—"শুভমস্তু সর্ব্বার্থ-গতা সংখ্যা ল সং ৩০৯ শ্রাবণ শুদি রাজাবনৌলি গ্রামে শ্রীবিদ্যাপতের্লিপিরিয়মিতি।" লক্ষ্মণ সেন সম্বৎ ৩০৯ খৃষ্টাব্দ ১৪১৮।

বিদ্যাপতির সম্বন্ধে কতকগুলি কথা জানা আছে। তাহা নির্দ্দেশ করিতেছি—

১। কবির রচিত গীতসমূহের ভণিতায় কয়েক জন রাজা ও রাণীর নাম আছে। তাহাদের কাল নিরূপণ করিতে পারা যায়।

২। বিদ্যাপতি বিসপী গ্রাম দান প্রাপ্ত হইয়াছিলেন। দানপত্রের অনুলিপি তাম্রফলক মহারাজা দরভঙ্গার পুস্তকাগারে রক্ষিত আছে।

৩। মিথিলার কুলপঞ্জীতে বিদ্যাপতি, তাঁহার পূর্ব্বপুরুষগণ ও বংশধরগণের নাম লিখিত আছে।

৪। বিদ্যাপতির পর তাঁহার বংশধরেরা বহুকাল বিসপী গ্রামের আয় ভোগ করিয়াছিলেন।

৫। কলিকাতার রয়েল এসিয়াটিক সোসাইটীতে একখানি পুঁথি রক্ষিত আছে। তাহার শেষে লেখা আছে—'শুভমস্তু। সমস্ত বিরুদাবলী বিরাজ-মান মহারাজাধিরাজ শ্রীমৎ শিবসিংহ দেব সংভুজ্যমান তীরভুক্তৌ শ্রীগজরখপুর নগরে সপ্রক্রিয় সদুপাধ্যায় ঠক্কুর শ্রীবিদ্যাপতীনামাজ্ঞয়া খৌয়াল সং শ্রীদেব শর্ম্ম বলিয়াস সং শ্রীপ্রভাকরাভ্যাং লিখিতৈষা * * * কার্ত্তিক বদি ১০ পুস্তক লিখন পরিশ্রম বিদ্বজ্জনো নান্যঃ। সাগর লঙ্ঘন খেদং হনূমানে কঃ পরং বেদ।' পুঁথিখানি শ্রীধর-বিরচিত কাব্য-প্রকাশ গ্রন্থের কাব্যপ্রকাশবিবেক নামক একখানি টীকা। পুঁথির কাল ল সং ২৯১, খৃষ্টাব্দ ১৪০০।

রাজা শিবসিংহ বিদ্যাপতির অপেক্ষা সম্ভবতঃ দুই বৎসরের বড়। বিসপী গ্রামের দানপত্র হইতে জানিতে পারা যায়, শিবসিংহ বিদ্যাপতিকে রাজ-পণ্ডিত নিযুক্ত করেন। বিদ্যাপতির বিরচিত অনেক সংস্কৃত গ্রন্থ আছে। কয়েকখানি গ্রন্থে তাঁহার উপাধি মহামহোপাধ্যায় নির্দ্দেশ করা হইয়াছে।

পঞ্চাশ বৎসর বয়সে শিবসিংহের মৃত্যু হয়। বিদ্যাপতি তাহার পর অন্ততঃ বত্রিশ বৎসর বাঁচিয়া ছিলেন। ইহা তাঁহার একটি পদ হইতেই প্রমাণিত হয়।—

সপন দেখল হম শিবসিংহ ভুপ।
বতিস বরস পর সামর রূপ॥
বহুত দেখল হম গুরুজন প্রাচীন।
আব ভেলহু হম আয়ু বিহীন॥

বত্রিশ বৎসর পরে আমি শ্যামবর্ণ শিবসিংহ ভুপকে স্বপ্নে দেখিলাম। আমি অনেক প্রাচীন গুরুজনকে দেখিলাম, এখন আমার আয়ুঃশেষ হইল।

বিদ্যাপতি সাতাশী অষ্টআশী বৎসর বয়স পর্য্যন্ত জীবিত ছিলেন।

মৈথিল ভাষায় গীত রচনা

বিদ্যাপতি ঠাকুরের কালে অথবা তাহার পরে মিথিলার পণ্ডিতগণ মৈথিল ভাষাকে সমাদর

করিতেন না। বাঙ্গালা দেশেও সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরা ভাষাকে অবজ্ঞা করিতেন। যদি বিদ্যাপতি সস্কৃত গ্রন্থসমূহ রচনা করিয়া ক্ষান্ত হইতেন, তাহা হইলে এত দিনে তাঁহার নাম লোকে বিস্মৃত হইত, কিন্তু প্রতিভার এই বিচিত্র শক্তি যে, যশের পথ নিজে খুঁজিয়া বাহির করে। কেবল সস্কৃত রচনা করিয়া কবির মন উঠিল না, তিনি স্বদেশের মাতৃভাষায় গান ও কবিতা রচনা করিতে আরম্ভ করিলেন। তাঁহার প্রণীত কীর্ত্তিলতা নামক ক্ষুদ্র গ্রন্থে তিনি লিখিয়াছেন,—

দেসিল বসনা সব জন মিঠ্‌টা।
তেঁ তইসন জম্পও অবহঠ্‌টা॥

দেশী কথা সকলের প্রিয়, সেই কারণে অবহঠ্‌ জল্পনা করিতেছি। মৈথিল ভাষার নাম তিনি অবহঠ্‌ রাখিলেন।

কীর্ত্তিলতা ও কীর্ত্তিপতাকা নামক আর এক-খানি পুস্তকে তাঁহার ভাষা পূর্ণ বিকাশ প্রাপ্ত হয় নাই। কবিতাবলী অথবা পদাবলীর রচনায় তাঁহার প্রতিভা সম্পূর্ণ স্ফূর্ত্তি লাভ করিল। বিদ্যাপতির কবিতা ও গান আলোচনা করিবার পূর্ব্বে তাঁহার পদাবলী কিরূপে বঙ্গদেশে আসিল ও ক্রমে বিকৃতি প্রাপ্ত হইল, তাহা উল্লেখ করা কর্ত্তব্য।

বঙ্গদেশে বিদ্যাপতির পদাবলী

বিদ্যাপতির কালে ও তাহার পূর্ব্বে বাঙ্গলায় সংস্কৃত অধ্যয়নের ব্যবস্থা ছিল না। শিক্ষার্থীরা সংস্কৃত শিখিবার জন্য মিথিলায় যাইত। প্রবাদ আছে যে, বাসুদেব সার্ব্বভৌম নামক বাঙ্গালী ছাত্র বিচারে তাঁহার মৈথিল গুরুকে পরাজয় করেন। এই অপরাধে মিথিলার পণ্ডিতেরা তাঁহার সমস্ত পুঁথি কাড়িয়া লইয়া তাঁহাকে মিথিলা হইতে বহিষ্কৃত করিয়া দেন এবং সেই সময় হইতে কোন বাঙ্গালী শিষ্য গ্রহণ করিতেন না। বাসুদেবের সমস্ত শাস্ত্র কণ্ঠস্থ ছিল। তিনি দেশে ফিরিয়া নবদ্বীপে নিজের টোল স্থাপন করিলেন। শ্রীচৈতন্য-দেব তাঁহার প্রথম শিষ্যদের মধ্যে অন্যতম এবং অসাধারণ মেধাবী বলিয়া পাঠ্যাবস্থাতেই যশস্বী হইয়াছিলেন।

যে সকল শিক্ষার্থী মিথিলায় যাইতেন, তাঁহারাই বিদ্যাপতির এবং গোবিন্দদাস আর পদাবলী বঙ্গদেশে আনয়ন করেন। বৈষ্ণব-সমাজে ঐ সকল গীত আদৃত হয় এবং কীর্ত্তনের সময় ঐ সকল গীত শুনিয়া শ্রীকৃষ্ণচৈতন্য মুগ্ধ হইতেন ও তাঁহার ভাবাবেশ হইত। বিদ্যাপতির ভাষার মাধুর্য্যে মোহিত হইয়া বহুতর বাঙ্গালী বৈষ্ণব কবি তাঁহার অনুকরণে পদসমূহ রচনা করেন। তাঁহাদের ভাষা সকল সময় শুদ্ধ মৈথিল ভাষা হইত না। মিথিলার সহিত সম্বন্ধ রহিত হওয়াতে সেখানকার ভাষা বাঙ্গলার লোকে ভুলিয়া গেল। অবশেষে বিদ্যাপতি ও গোবিন্দদাস নামধারী শ্রেষ্ঠ কবি যে মিথিলাবাসী, তাহাও বিস্মৃত হইল। সকলে সিদ্ধান্ত করিল যে, তাঁহারা বাঙ্গালী।

ব্রজবুলি

বাঙ্গালী কবি বাঙ্গলা ভাষায় গান রচনা না করিয়া এরূপ অজ্ঞানিত ভাষায় পদাবলী রচনা করিলেন কেন? বিদ্যাপতি ও গোবিন্দদাস যদি বাঙ্গালী, তাহা হইলে এ ভাষা তাঁহারা শিখিলেন কোথা হইতে? কোন্ দেশে এই ভাষা চলিত? এ বিষয়ে কয়েকটি কাল্পনিক সিদ্ধান্ত স্থির হইল। যাঁহারা এই সকল মত প্রচার করিলেন, তাঁহারা কেহ মারাঠা ডিচের পগার পার হইয়াছিলেন কি না সন্দেহ। মিথিলার ভাষা অথবা হিন্দী তাঁহারা জানিতেন না। ব্রজবুলি নামে একটা কাল্পনিক নূতন ভাষার সৃষ্টি হইল। বিদ্যাপতির টীকাকারের অভাব রহিল না। বিদ্যাপতি যদি বাঙ্গালী বৈষ্ণব কবি হইলেন, তাহা হইলে বাঙ্গালী টীকাকার তাঁহার ভাষার ও শব্দাবলীর অর্থ করিতে পারিবেন না কেন? প্রথমে গ্রিয়ার্সন ও তাঁহার পর রাজকৃষ্ণ মুখোপাধ্যায় প্রমাণ করিয়াছিলেন যে, বিদ্যাপতি মিথিলাবাসী, বাঙ্গালী নহেন। সে কথায় কর্ণপাত করে কে? এ দিকে নানা কারণে বিদ্যাপতির কবিতা-সমূহ এত বিকৃত হইয়াছিল যে, অনেক স্থানে কোন অর্থ ই হয় না। লিপিকর, পণ্ডিত, প্রুফ রীডর ও সম্পাদক মিলিয়া পদাবলীকে এমন শুদ্ধ করিলেন যে, উহাদের পাঠ ও অর্থ নির্ণয় করা অসম্ভব হইয়া উঠিল। তাহাতে কি আসিয়া যায়? টীকাকারেরা বদ্ধপরিকর হইয়া যথেচ্ছা টীকা করিতে লাগিলেন। ভাষা ত ব্রজবুলি, তাহার অর্থ করা কি এমন কঠিন?

প্রকৃতপক্ষে, ব্রজভাষা নামে এক প্রকার হিন্দী আছে, তাহার সহিত এই সকল কবিতার কোন সম্পর্ক নাই। বিদ্যাপতি ও গোবিন্দদাস বাঙ্গালী ছিলেন না, বাঙ্গলা তাঁহারা জানিতেন না। তাঁহারা নিজের দেশের ভাষায় কবিতা রচনা করেন,

বাঙ্গালীরা বাঙ্গলা দেশে তাহা লইয়া আসেন। ঐ ভাষা বিশুদ্ধ প্রাচীন মৈথিল ভাষা, যাহা বাঙ্গলাদেশে বিকৃত হইয়াছে, তাহা মিথিলায় অবিকৃত আকারে পাওয়া যায়। এই ভাষা বাঙ্গালী বৈষ্ণব কবিরা অনুকরণ করিয়াছিলেন। তাঁহাদের অনুকরণে বিস্তর অশুদ্ধি আছে।

লিপিকরের প্রমাদে কয়েকটি নূতন শব্দের সৃষ্টি হইয়াছে। যেমন, লেহ অথবা লেহয়। মূল শব্দ স্নেহ, তাহা হইতে নেহ, নেহা সম্পাদিত হয়। প্রাচীন লিপিতে ন ও ল দেখিতে অনেকটা এক রকম, অজ্ঞ লিপিকরেরা অনেকস্থলে ন-য়ের পরিবর্ত্তে ল লিখিতেন। লেহ বা লেহা শব্দ মিথিলার পাঠে কুত্রাপি দেখিতে পাওয়া যায় না। সেইরূপ সো, জো প্রভৃতি শব্দ। বাঙ্গালা ভাষায় যেমন সে যে ব্যবহার হয়, মৈথিল ভাষাতেও তদ্রূপ। বাঙ্গালা দেশের পাঠে হিন্দীর অনুকরণে সো জো ব্যবহৃত হইয়াছে।

মূল পদাবলীর বানান

বিদ্যাপতি সংস্কৃতে অদ্বিতীয় পণ্ডিত, এ কথা যেন কেহ ভুলিয়া না যান। মৈথিল ভাষায় গীত অথবা কবিতা রচনা করিবার সময় তিনি সংস্কৃত বানান-পদ্ধতি অনুসরণ করিতেন না। কবিতাবলীর শব্দের বানান অনেকটা প্রাকৃতের মতন। শব্দের রূপও প্রাকৃতের অনুযায়ী। কীর্ত্তিলতা গ্রন্থে বিদ্যাপতি নিজের নাম বিজ্জাবই লিখিয়াছেন।

বিদ্যাপতির গীতাবলীতে অনেক স্থানে পেখ—দেখা—শব্দ ব্যবহৃত হইয়াছে। পেখন সংস্কৃত প্রেক্ষণ শব্দ। অভিজ্ঞান শকুন্তলায় শকুন্তলা বলিতেছেন—কিং ণু কৃখু ইমং জনং পেক্খিঅ—কেন এই ব্যক্তিকে দেখিয়া—। তালপত্রের পুঁথিতে আমি যেরূপ বানান দেখিয়াছিলাম, তাহাই প্রকৃত শুদ্ধ বানান, কোন রকম পরিবর্ত্তন করলেই অশুদ্ধ হইবে। সংস্কৃত লিখিতে হইলে যেখানে মূর্দ্ধন্য ণ লিখিতে হয়, সেখানে পদাবলীতে অনেক স্থানে দন্ত্য ন পাওয়া যাইবে। তিনটি স'য়ের প্রয়োগ সংস্কৃতের অনুযায়ী নয়। মৃচ্ছকটিক নাটকে রাজ-শ্যালকের অনেক গুণ। তাঁহার নাম শকার, তাহার কারণ, তিনি তালব্য শ ছাড়া আর কোন শয়ের উচ্চারণ করিতে পারিতেন না। বাঙ্গালা-দেশেও প্রায় তদ্রূপ। আমাদের বানান শুদ্ধ, উচ্চারণ অশুদ্ধ। স্থানবিশেষে লিখিবার সময় লিখি দন্ত্য স, উচ্চারণ করি তালব্য শ। বিদ্যাপতির কবিতায় সংস্কৃত বানান কিংবা উচ্চারণ রক্ষিত হয় না। শ্যামের পরিবর্ত্তে সাম, উচ্চারণও দন্ত্য। মূর্দ্ধন্য ষয়ের স্থানে খ লিখিত হয়, ষয়ের ঐরূপ উচ্চারণ মিথিলায়, বিহারে ও অযোধ্যায় শুনিতে পাওয়া যায়। ইকার উকারেরও এইরূপ বিপর্য্যয় ঘটে, দীর্ঘের স্থানে অনেক সময় হ্রস্ব প্রয়োগ হয়। সুন্দরীর পরিবর্ত্তে সুন্দরি, পরিবর্ত্তন করিলেই ভুল হইবে। পদাবলীর সকল শব্দই মাত্রাত্মক, বানান বদলাইলে মাত্রা রক্ষা হইবে না। বানান অশুদ্ধ বিবেচনা করিবার পূর্ব্বে আমাদের দেশের পণ্ডিত-দিগের স্মরণ করা উচিত যে, বিদ্যাপতি তাঁহাদের অপেক্ষা অনেক বড় পণ্ডিত ছিলেন। পদাবলী শুদ্ধ করিবার উপায় পুরাতন বানান বজায় রাখা।

কোমল ও মধুর প্রয়োগ

মিথিলার এই প্রথিতযশা কবির ন্যায় শব্দের কোমল ও মধুর প্রয়োগ কোথায় খুঁজিয়া পাইব? সমগ্র বৈষ্ণব কাব্যে যে অতুলনীয় শব্দলালিত্য রক্ষিত হয়, তাহার সৃষ্টি বিদ্যাপতি হইতে। কি কৌশলে, কোথা হইতে তিনি এই সকল শব্দের অন্তর্নিহিত কোমলতা ও মধুরতা আবিষ্কার করিলেন, তাহা তিনিই জানিতেন। তাঁহার রচিত সকল গীতই এই বিচিত্র ক্ষমতার নিদর্শন। দৃষ্টান্ত দেখাইতে হইলে সমস্ত কবিতাই উদ্ধৃত করিতে হয়। তথাপি কতকগুলি শব্দ মধুর প্রয়োগে কিরূপ রূপান্তরিত হইয়াছে, তাহা দেখান আবশ্যক। বাঙ্গালাদেশে অনেক শব্দ শুদ্ধ করিতে গিয়া অরসিক পণ্ডিতেরা উহাদের কোমলতা বিনষ্ট করিয়াছেন। গীতসমূহ হইতে কতকগুলি মধুর শব্দ উদ্ধৃত করিতেছি। আই—আজি; গুণমতি—গুণবতী; গরুয়—গুরু; তীখ—তীক্ষ্ণ; অনইত—অনায়ত্ত; পচবান—পঞ্চবাণ; পবার—প্রবাল; পহু—প্রভু; গীম—গ্রীবা; চকেবা—চক্রবাক; দিঠি—দৃষ্টি; দুলহ—দুর্লভ; পেম—প্রেম; পসাহন—প্রসাধন; উমত্ত—উন্মত্ত; বিহি—বিধি; ধনি—ধন্য; রেহা—রেখা। এমন আর কত দেখাইব? সর্ব্বত্রই শব্দের কোমলতা ও মধুরতা সংসিদ্ধ হইয়াছে। স্নেহ শব্দ নেহ আকারে প্রথমে বিদ্যাপতির পদাবলীতে দেখিতে পাওয়া যায়।

রচনা-প্রণালী

বিদ্যাপতির রচনা-পদ্ধতি উত্তমরূপে আয়ত্ত করিতে পারিলে আর কোন কবির রচনা তাঁহার

বলিয়া ভ্রম হয় না। ভণিতায় নাম থাকা একমাত্র প্রমাণ নয়। এমন পদ পাওয়া যায়, যাহাতে ভণিতায় বিদ্যাপতির নাম আছে অথচ পদ তাঁহার রচিত হইতেই পারে না। অনেক পদের ভণিতায় কোন নাম নাই। কবি নিজের নাম ছাড়া পদে অনেক রকম অন্য নাম দিতেন। কবিশেখর, কবিরঞ্জন, ভূপতিসিংহ, সমস্তই বিদ্যাপতির উপাধি। রচনার কয়েকটি বিশেষ লক্ষণ আছে। প্রথমতঃ ভাষার ভাব ও ভঙ্গী, এবং শব্দ-নির্ব্বাচন। দ্বিতীয়তঃ ভাষার ও ভাবের ঘনবিন্যাস। কোনখানে ফেনাইবার অথবা শব্দবাহুল্যের চেষ্টা নাই। কোন পদেরই আকার অধিক দীর্ঘ নয়, অধিক সংখ্যক পদই আকৃতিতে ছোট। দুই চারিটি পদে তাঁহার রচনার সহিত গোবিন্দদাস ঝার রচনার সাদৃশ্য আছে, এবং দুই এক স্থানে ভণিতা-বিপর্য্যয় ঘটিয়া থাকিবে। দুই চারিটি পদে বিদ্যাপতি ও গোবিন্দদাসের নাম একত্রে পাওয়া যায়, তাহার তাৎপর্য্য—গোবিন্দদাস ঐ সকল পদ অসম্পূর্ণ আকারে পাইয়া পূর্ণ করিয়াছেন। বিদ্যাপতির রচনা অন্য কোন কবি সম্যক্‌রূপে অনুকরণ করিতে পারেন নাই, আর কাহারও রচনা তাঁহার বলিয়া ভ্রম হইবার সম্ভাবনা নাই।

কবিত্ব-শক্তি

বিদ্যাপতির যশ এবং তাঁহার রচনার অসংখ্য অনুকরণ তাঁহার কবিত্ব-শক্তির যথেষ্ট পরিচয়। তাঁহার কবিতা গীতি-কবিতার আদর্শ, অমৃতময়ী তাঁহার ভাষা, ছন্দের বিচিত্র ঝঙ্কার শ্রুতিমুগ্ধকর। বাঙ্গালাদেশে তাঁহার ভাষা লোকে বিস্মৃত হওয়াতে শব্দমাধুর্য্য গ্রহণ করা কিছু কঠিন হইয়াছে, মৈথিল ভাষাবিৎ হইলে বুঝিতে পারা যায় যে, এরূপ ছন্দোবদ্ধ ও শব্দযোজনা অতি বিরল। উপমা স্থানে স্থানে কালিদাসের উপযুক্ত। একটি প্রসিদ্ধ কবিতা এই :—

জব গোধূলি সময় বেলী
ধনি মন্দির বাহর ভেলী
নব জলধর বিজুরি রেহা
দ্বন্দ্ব পসারিয় গেলি।

মাধব বলিতেছেন, যখন বেলা গোধূলির সময় হইল, রমণী (রাধা) গৃহ হইতে বাহির হইল, নব জলধরে বিদ্যুৎরেখার দ্বন্দ্ব প্রসার করিয়া গেল। দ্বন্দ্ব অর্থে বৈপরীত্য, অন্ধকার ও আলোকের বিরোধ। এই উপমা সিনেমার ছবির মতন চলৎশীল। মেঘ প্রচ্ছদপট, তাহার উপর বিদ্যুন্নিভ রাধার মূর্ত্তি। বিদ্যুৎ একবার স্ফুরিত হইয়া তখনি বিলীন হয়, কিন্তু এই তড়িৎলতা অন্তর্হিত হইল না, ধীরে ধীরে গমন করিতে লাগিল। কালিদাসের উপমা স্মরণ হয়। রঘুবংশে স্বয়ম্বর সভাস্থলে ইন্দুমতী উপস্থিত নরেন্দ্রগণকে একে একে অতিক্রম করিয়া যাইতেছিলেন, কিরূপ? 'সঞ্চারিণী দীপশিখেব রাত্রৌ'। কুমারসম্ভবে পার্ব্বতী যখন বসন্তপুষ্পের আভরণে শোভিতা হইয়া গমন করিতেছিলেন, তখন তাঁহাকে কিরূপ দেখাইতেছিল? 'পর্য্যাপ্তপুষ্পস্তবকানম্রা সঞ্চারিণী পল্লবিনী লতেব'। মন্দির শব্দের মূল অর্থ বাসভবন, দেবালয় নয়। মীরাবাইয়ের গানেও আছে, 'অপন মন্দির মো বইঠ বইঠ কর গীতাভাগবত বাঁচুঙ্গি', নিজের গৃহে বসিয়া গীতা ও ভাগবত পাঠ করিব।

রাধার রূপের বর্ণনা—

পীন পয়োধর দূবরি গতা
মেরু উপজল কনকলতা॥

তন্বী দেহের আকৃতি, পয়োধর পীন, যেন পর্ব্বতে স্বর্ণলতা উৎপন্ন হইল।

আবার,

কনকলতা অরবিন্দা।
দমনা মাঝ উগল জনি চন্দা॥
কেও বোলে সৈবল ছপলা।
কেও বোলে নহি নহি মেঘে ঝপলা॥

কনকলতায় (দেহবল্লীতে) কমলপুষ্প, যেন দ্রোণলতার মধ্যে চন্দ্রোদয় হইল। কেহ বলে, শৈবালাচ্ছন্ন হইয়াছে (কেশের বর্ণনা), কেহ বলে, না, না, মেঘে ঢাকিয়াছে।

সখীতে সখীতে রাধা ও কৃষ্ণের প্রথম সন্দর্শনের আলোচনা হইতেছে। শব্দের বিচিত্র বিন্যাস অতুলনীয়।

সাজনি নাগরি নাগর রঙ্গ।
সঙ্গহি রহিঅ তেসর ন বুঝ
লোচন লোল তরঙ্গ॥
বলিত বদন বাঙ্ক বিলোকন
কপটে গমন মন্দা।
দুই মন মিলন ঠাম অঙ্কুরল
পেম তরুঅর কন্দা॥

সজনি, নাগরী ও নাগরের (এমন) রঙ্গ, সঙ্গে থাকিয়া তৃতীয় ব্যক্তিও লোচনের লোলতরঙ্গ বুঝিতে পারে না। পশ্চাতে মুখ ফিরাইয়া বঙ্কিম দৃষ্টি, কপটে ধীর গমন; দুই মন মিলিত হইয়া সেই স্থানেই প্রেমতরুবরের মূল অঙ্কুরিত হইল। প্রথম প্রণয়সঞ্চারের অপূর্ব্ব চিত্র।

বিদ্যাপতির পদসংখ্যা অপর সকল বৈষ্ণব কবির অপেক্ষা অধিক, রসবৈচিত্র্যও সর্ব্বশ্রেষ্ঠ। অভিসার বর্ষাভিসার তিনি যেমন করিয়া বর্ণনা করিয়াছেন, আর কোন কবি সেরূপ পারেন নাই। বিরহের এরূপ নানাভাব আর কেহ প্রকাশ করিতে পারেন নাই, ভাবসম্মিলনও এমন মধুররূপে অভিব্যক্ত হয় নাই। কবি গোবিন্দদাস যা বিদ্যাপতিকে বন্দনা করিয়া লিখিয়াছেন, 'জাক গীত জগতচিত চোরাওল গোবিন্দগোরী সরস রস গানে', যাঁহার গীত গোবিন্দ ও রূপসী রাধার গানে জগতের চিত্ত হরণ করিল। জগৎ না হউক, বঙ্গদেশ হইতে প্রয়াগ পর্য্যন্ত লোকে এই কবির গানে মুগ্ধ হইয়াছে। বৈষ্ণবযুগেও বৈষ্ণব ভক্ত সম্প্রদায়ের মতে বিদ্যাপতিই সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণব কবি, মহাপ্রভু শ্রীচৈতন্যের কীর্ত্তনে ও হরিবাসরে বিদ্যাপতির গানই সর্ব্বদা গীত হইত, গান শুনিয়া গৌরাঙ্গের ভাবাবেশ হইত।

এই কবি বাঙ্গালী নন, বিদেশী; এ কথা এখন সকলেই জানে। সম্প্রতি সময়ে সময়ে বিদ্যাপতি ও চণ্ডীদাসে তুলনা করা হয় এবং সমালোচকেরা প্রমাণ করেন, চণ্ডীদাস বিদ্যাপতির অপেক্ষা শ্রেষ্ঠ কবি। ইহাতে আত্মপ্রসাদ লাভ হয় ও বাঙ্গালী কবিকে মৈথিল কবির অপেক্ষা বড় করিয়া বাঙ্গালীর গৌরব বৃদ্ধি হয়। বিদ্যাপতির সমস্ত পদ আগাগোড়া মনোযোগ পূর্ব্বক পাঠ করিয়াছেন কয় জন? বিদ্যাপতি ও চণ্ডীদাসে তুলনা করিবার কোন কারণ নাই। কৃত্তিবাস বাঙ্গালায় রামায়ণ লিখিয়াছিলেন, তুলসীদাস হিন্দীতে। এই দুই কবিতে কেহ তুলনা করে? বিদ্যাপতির ন্যায় প্রতিভার বিস্তৃতি আর কোন বৈষ্ণব কবির নাই। তিনি কেবল শব্দকুশলী নহেন, তাঁহার তুল্য ভাবুকতাও আর কোন বৈষ্ণব কবিতে দেখিতে পাওয়া যায় না। দর্শন, মিলন, সম্ভোগ, অভিসার, বিরহ, বিরহের আকুলতায় কল্পিত মিলন, প্রার্থনা, সকল ভাবেরই পরাকাষ্ঠা বিদ্যাপতির কবিতাবলীতে প্রদর্শিত হইয়াছে। বাল্যলীলা সম্বন্ধে তিনি কিছু লেখেন নাই; কয়েকজন বাঙ্গালী কবি বাল্যলীলার উৎকৃষ্ট পদসমূহ রচনা করিয়াছেন, কিন্তু বৃন্দাবনলীলার অপর প্রসঙ্গসমূহে বিদ্যাপতির প্রতিদ্বন্দ্বী নাই।

অভিসারের কবিতায় প্রথমে আশঙ্কা, তাহার পর সাহস, মিলনের অনিবার্য্য আকাঙ্ক্ষা, বর্ষার দুর্য্যোগে সঙ্কেতস্থানে গমন, সর্ব্বশেষে নির্ভয়ে জ্যোৎস্না-অভিসার। এত সংক্ষেপে এরূপ উৎকৃষ্ট বর্ণনা শ্রেষ্ঠ কবি ব্যতিরেকে সম্ভব হয় না।

বাট বিকট ফণিমালা।
চউদিস বরিসএ জলধর জালা॥
হে মাধব বাহু তরিএ নরি ভাগে।
কতএ ভীতি জৌ দৃঢ় অনুরাগে॥

দূতী বলিতেছে, পথে বিকট বিষধর সর্পসমূহ, চারিদিকে মেঘজাল বর্ষণ করিতেছে। হে মাধব, ভাগ্যে বাহু দ্বারা (সন্তরণ করিয়া) নদী উত্তীর্ণ হইল, যদি দৃঢ় অনুরাগ—(তাহা হইলে) ভয় কোথায়?

যেমন যেমন অনুরাগ বাড়িতে লাগিল, রাধার আশঙ্কা, লোকভয়, কুলবতীর লজ্জা, ক্রমে ক্রমে তিরোহিত হইল। সখীকে বলিতেছেন,—

সখি হে আজ জাএব মোহী।
ঘর গুরুজন ডর ন মানব
বচন চুকব নহী॥
চাঁদনে আনি আনি অঙ্গ লেপব
ভূষণ কএ গজমোতি।
অঞ্জন বিহুন লোচন জুগল
ধরত ধবল জোতী॥
ধবল বসনে তনু ঝপাওব
গমন করব মন্দা।
জইও সগর গগনে উগত
সহসে সহসে চন্দা॥

হে সখি, আজ আমি যাইব। ঘরের গুরুজনের ভয় মানিব না, প্রতিশ্রুতিভ্রষ্ট হইব না। চন্দন আনিয়া আনিয়া অঙ্গে লেপন করিব, শুভ্র গজ-মুক্তার ভূষণ করিব। অঞ্জন বিহনে লোচনযুগল ধবল জ্যোতি ধরিবে। শুভ্র বসনে তনু আবরণ করিব, যদিও সমস্ত আকাশ জুড়িয়া সহস্র সহস্র চন্দ্র উদিত হয়, (তথাপি) ধীরে ধীরে গমন করিব।

দূতী আসিয়া রাধাকে বলিতেছে, আজ পূর্ণিমা, আজই তোমার অভিসারের উপযুক্ত রাত্রি। দূতীর এমন বুদ্ধি হইল কেন?

আজ পূর্ণিমা তিথি জানি মোয়ে ঐলিহ
উচিত তোহর অভিসার।

দেহ জোতি সসিকিরণ সমাইতি
কে বিভিনাবয় পার ॥

আজ পূর্ণিমা তিথি জানিয়া আমি আসিলাম, আজ তোর পক্ষে অভিসার উপযুক্ত। দেহজ্যোতি শশি-কিরণে প্রবেশ করিবে, কে বিভিন্ন করিতে (প্রভেদ বুঝিতে) পারিবে ?

সেকালে অথবা তাহার পূর্ব্বে কাব্যে কিছু নিষিদ্ধ ছিল না। আদিরস কাব্যালঙ্কারে প্রথম রস। রতিবর্ণনায় শ্রেষ্ঠ কবিগণ বিরত হইতেন না, কিন্তু এমন স্থলেও বিদ্যাপতির আশ্চর্য্য ক্ষমতা, তাঁহার রচনায় কোন রকম কুৎসিত ভাবের উদয় হয় না। এই যেমন একটি পদের আরম্ভ :—

সুরত সমাপি সুতল বর নাগর
পানি পওধর আপি।
কনক শম্ভু জনি পূজি পূজারে
ধএল সরোরুহে ঝাঁপি ॥

সুরত সমাপন করিয়া পয়োধরে হস্তার্পণ করিয়া নাগরশ্রেষ্ঠ শয়ন করিল। যেন পূজারী স্বর্ণশম্ভু পূজা করিয়া পদ্ম দিয়া ঢাকিয়া রাখিল।

রাসের একটি গান কেবল নৃত্যগীত ও বাদ্যশব্দ। এইরূপ আর একটি পদ খুঁজিয়া পাওয়া কঠিন।

চৌদিগে চারু-অঙ্গনা বেঢ়ি
রঙ্গিনি কত গাউনী।
ক্রুতা তা থৈয়া থৈয়া
থৈয়া বোলনী ॥
মাঝে বিরাজে শ্যাম
সুঘড় শিরোমণী।
কিঙ্কিনি কিনি কিনি রোলনী ॥
তাগরণ ধোঁগ্‌গা ঘেটিতা ঘেটিতা
ঘেটিতা ঘেনে নাঙ্‌।
তিন্ত ঘনিন্ত ঘনাঙ্‌ ॥
গরল ঘেনা তিনিতা খিটিতুঘঙ্‌
তীগর ঝাঙ্‌ ॥

চারিদিকে সুন্দরী রঙ্গিণী রমণীগণ বেষ্টন করিয়াছে, অনেকে গায়িকা, ক্রুতা তা থৈয়া থৈয়া নৃত্যশব্দ হইতেছে। মধ্যস্থলে চতুরশিরোমণি শ্যাম বিরাজ করিতেছেন। নৃত্যকালে কিঙ্কিণীর কিনি কিনি শব্দ হইতেছে। বাদ্যযন্ত্রের শব্দে, গীতের সুরে সঙ্গত পূর্ণ হইতেছে।

বিরহের গীত বিস্তর। বিয়োগবিধুরা রাধার তীব্র বিরহ-বেদন নানাভাবে বর্ণিত হইয়াছে। কৃষ্ণ চলিয়া যাইবার পর রাধা সখীকে বলিতেছেন,—

মধু নিসা বেলী ধনি ভেলি নীন্দ।
পুছিও ন গেলে মোহি নিঠুর গোবিন্দ ॥
জাএ খনে দিতহু আলিঙ্গন গাঢ়।
জনি জুআর পরু পরু সে খেল পাঢ় ॥

সুন্দরী, চৈত্র নিশীথে আমি নিদ্রিতা হইয়াছিলাম, নিষ্ঠুর গোবিন্দ আমাকে জিজ্ঞাসা করিয়াও গেল না। তাহা হইলে যাইবার সময় আমি তাহাকে গাঢ় আলিঙ্গন করিতাম—যেমন জোয়ার তীরে আহত হইয়া হইয়া খেলা করে।

বিরহ নিবারণের কি কোন উপায় আছে ? রাধা বলিতেছেন,—

খেদব মোঞে কোকিল অলিকুল বারব
করকঙ্কন ঝমকাই।
জখনে জলদে ধবলা গিরি বরিসব
তখনুক কওন উপাই ॥

কোকিলকে আমি তাড়াইয়া দিব, ভ্রমরদলকে করকঙ্কণের ঝঙ্কারে নিবারণ করিব, কিন্তু ধবলাগিরি হইতে আসিয়া যখন মেঘ বর্ষণ করিবে, সে সময়কার কি উপায় ?

বর্ষার বিরহ বর্ণনা—সখি হে হমর দুখক নহি ওর রে ইত্যাদি সকলেই জানে ও সর্ব্বত্র গীত হইয়া থাকে। একটি ছোট পদে বিরহের উদাস আলস্য অতি সুন্দর ভাবে অভিব্যক্ত হইয়াছে।

ললিত লতা জনি তরু মিলতী।
তহি পিঅ কণ্ঠ গহএ জুবতী ॥
আজু অপন মন থির ন রহে।
মধুকর মদন সমাদ কহে ॥

যেমন ললিতলতা তরুর সহিত মিলিত হয়, সেইরূপ যুবতী প্রিয়তমের কণ্ঠলগ্ন হইতেছে। আজ আমার মন স্থির থাকিতেছে না, মধুকর মদনের সম্বাদ কহিতেছে।

বিরহের একটি পদ অত্যন্ত গভীরার্থপূর্ণ, অনুধাবন করিয়া গ্রহণ করিতে হয়।

অনুখন মাধব মাধব সুমরইত
সুন্দরি ভেলি মধাই।
ও নিজ ভাব সোভাবহি বিসরল
আপন গুন লুবধাই ॥
মাধব অপরূব তোহর সিনেহ।
অপন বিরহে অপন তনু জর জর
জিবইতে ভেলি সন্দেহ ॥

তোরহি সহচরি কাতর দিঠি হেরি
ছল ছল লোচন-পানি।
অনুখন রাধা রাধা রটতহি
আধা আধা বানি॥
রাধা সঞো জব পুনতহি মাধব
মাধব সঞো জব রাধা।
দারুণ প্রেম তবহি নহি টুটত
বাঢ়ত বিরহক বাধা॥
দুহুঁ দিশ দারুদহনে জইসে দগধয়
আকুল কীট পরান।
ঐসন বল্লভ হেরি সুধামুখী
কবি বিদ্যাপতি ভান॥

অনুক্ষণ মাধব মাধব স্মরণ করিতে করিতে সুন্দরী (রাধা) স্বয়ং মাধব (তদ্ভাবাপন্ন) হইল। আপনার গুণে লুব্ধ হইয়া (আপনার প্রতি আপনি অনুরক্ত হইয়া) নিজের ভাব (এবং) স্বভাব বিস্মৃত হইল। মাধব, তোমার অপূর্ব্ব প্রেম (যাহাতে এরূপ আত্মবিস্মৃতি হয় যে, নিজের স্বতন্ত্রতা ভুলিয়া যায়)। আপনার বিরহে আপনার তনু জর জর (মাধবের ও রাধার উভয়বিধ বিরহ স্বয়ং অনুভব করিতেছে), প্রাণ ধারণে সন্দেহ হইল। বিহ্বল হইয়া কাতরদৃষ্টিতে সহচরীকে দেখিতেছে, অশ্রুজলে চক্ষু ছল ছল করিতেছে। (নিজেকে মাধব মনে করিয়া রাধার বিরহে) অনুক্ষণ রাধা রাধা রটিতেছে, জড়িত, ভগ্ন কণ্ঠ, আধ-আধ কথা। যখন রাধার ভাব, তখন মাধবকে ডাকিতেছে; যখন মাধবের ভাব, তখন রাধাকে ডাকিতেছে। দারুণ প্রেম তথাপি ভঙ্গ হয় না, বিরহের ব্যথা বাড়ে। কাষ্ঠখণ্ডের দুই দিকে অগ্নি লাগিলে (সেই কাষ্ঠখণ্ডমধ্যস্থ) আকুল-প্রাণ কীট যেমন দগ্ধ হয় (দুই দিকের অগ্নি—রাধা ও মাধব উভয়ের বিরহ তুল্য, রাধা একাকিনী সেই দ্বিমুখ অগ্নির মধ্যে দগ্ধ হইতেছে), কবি বিদ্যাপতি কহে, হে বল্লভ (মাধব), সুধামুখীকে এইরূপ দেখিতেছি।

ইহা সমাধির অবস্থা, দ্বৈত ভাবের পরিবর্ত্তে অদ্বৈতভাব, ভেদাভেদজ্ঞানের তিরোভাব। এত উচ্চভাবের কবিতা বৈষ্ণব কাব্যে আর নাই। বিদ্যাপতি তাঁহার পদাবলীতে কোথাও কৃষ্ণনাম ব্যবহার করেন নাই। শ্রীকৃষ্ণের যতগুলি নাম তাঁহার কবিতায় পাওয়া যায়, তাহার মধ্যে মাধব নামে বিশেষত্ব আছে এবং এই নাম বারবার বহু সংখ্যক পদে পাওয়া যায়। সর্ব্বশ্রেষ্ঠ নাম হরি এবং ঐ নাম অনেক স্থলে ব্যবহৃত হইয়াছে। বিদ্যাপতি-কৃত হরি শব্দের একটি হেঁয়ালি পদ আছে। সচ্চিদানন্দ হরি ভক্তি ও প্রার্থনার প্রথম নাম, কিন্তু বিদ্যাপতি প্রার্থনাতেও মাধব শব্দ ব্যবহার করিয়াছেন। এমন মধুর নাম আর নাই। মাধব শব্দের দুই অর্থ হয়, এক, মা অর্থে লক্ষ্মী, ধব অর্থে স্বামী, ষষ্ঠিতৎপুরুষ সমাস করিয়া অর্থ হয় লক্ষ্মীপতি। দ্বিতীয় অর্থ মহাভারতের মতে, মা অর্থে বুদ্ধিবৃত্তি, ধব অর্থে চালক, যিনি বুদ্ধিবৃত্তি চালনা করেন তিনি মাধব। মাধব, মাধব, মাধব নাম স্মরণ করিয়া আমরাও কৃতার্থ হই!

ভাবসম্মিলন

শ্রীকৃষ্ণ মথুরায় গিয়া আর ব্রজধামে ফিরিয়া আসেন নাই, তাঁহার বৃন্দাবনলীলা সমাপ্ত হইল। বিরহের পর যে সকল মিলনের পদ বৈষ্ণবকাব্যে দেখিতে পাওয়া যায়, তাহা পুনর্ম্মিলনের বর্ণনা নয়। মাধবের সহিত রাধার আর সাক্ষাৎকার হয় নাই। বিরহের আতিশয্যে রাধা কল্পনা করিতেন, মাধব আবার আসিয়াছেন, তাঁহাদের উভয়ের মিলন হইয়াছে। ইহাই ভাবসম্মিলন। বিদ্যাপতির এই সকল পদও অতি উচ্চ শ্রেণীর, তাঁহার সমকক্ষ আর কোন কবি নাই। কখন রাধা স্বপ্ন দেখিতেছেন যে, মাধব আসিয়াছেন, কখন মাধব ফিরিলে রাধা কি করিবেন তাহার উল্লেখ করিতেছেন, কখন মোহাবেশে তাঁহাকে সম্বোধন করিতেছেন। প্রকৃত চাক্ষুষ সন্দর্শন আর ঘটে নাই।

সখীকে রাধা স্বপ্নবৃত্তান্ত বলিতেছেন,—

সপনে আএল সখি মঝু পিয়া পাসে।
তখনুক কি কহব হৃদয় হুলাসে॥
ন দেখিঅ ধনুগুন ন দেখি সন্ধানে।
চৌদিশ পরএ কুসুমশর বানে॥
বঙ্ক বিলোকন বিকসিত থোরা।
চাঁদ উগল জনি সমুদ্র হিলোরা॥
উঠলি চেহাই আলিঙ্গন বেরী।
রহলি লজাএ সূন সেজ হেরী॥

সখি, স্বপ্নে প্রিয় আমার নিকট আসিল, সে সময়কার হৃদয়ের উল্লাসের কথা কি কহিব! মদনের ধনুক ও গুণ অথবা সন্ধান কিছুই দেখি না, চারিদিকে তাহার বাণ নিক্ষিপ্ত হইতেছে। বঙ্কিম নয়ন ঈষৎ বিকশিত, যেন সমুদ্রতরঙ্গে চন্দ্র উদয় হইল। আলিঙ্গনের সময় চমকিয়া উঠিলাম, শূন্য শয্যা দেখিয়া লজ্জিত হইয়া রহিলাম।

রসিক মাধব আসিয়া কিরূপে রাধাকে প্রেম-সম্ভাষণ করিবেন, রাধা তাহা কল্পনা করিতেছেন,—

অঙ্গনে আওব জব রসিয়া।
পলটি চলব হম ঈষত হসিয়া॥
আবেশে আঁচরে পিয়া ধরবে।
জাওব হম জতন বহু করবে॥
কঁচুয়া ধরব জব হঠিয়া।
করে কর বাধব কুটিল আধ দিঠিয়া॥
রভস মাঁগব পিয়া জবহিঁ।
মুখ মোড়ি বিহুসি বোলব নহি নহি॥
সহজহি সুপুরুখ ভমরা।
মুখ কমল মধু পিয়ব হমরা।
তৈখনে হরব মোর গেয়ানে।
বিদ্যাপতি কহ ধনি তুয়া ধেয়ানে॥

রসিক (মাধব) যখন আমার অঙ্গনে আসিবে, আমি ঈষৎ হাসিয়া (তাহার নিকটে না গিয়া) ফিরিয়া চলিব। প্রিয় রসাবেশে আমার অঞ্চল ধরিবে, আমি (তাহার নিকটে যাইব), (সে আমাকে অনেক যত্ন (আদর) করিবে। হঠ (মাধব) যখন আমার কাঁচলি ধরিবে, (তখন) কুটিল কটাক্ষ হানিয়া করে কর নিবারণ করিব। প্রিয় যখন কেলি মাগিবে, মুচকিয়া হাসিয়া মুখ ফিরাইয়া না না বলিব। ভ্রমর (মাধব) স্বভাবতঃই সুপুরুষ, আমার মুখকমলমধু পান করিবে। তখন আমি জ্ঞান হারাইব। বিদ্যাপতি কহে, ধন্য তোমার ধ্যান।

চিত্রকরের তুলিতে অঙ্কিত চিত্রের ন্যায় এই চিত্র আমাদের মানস চক্ষুর সম্মুখে প্রতিভাত হয়। এই মিলনের কল্পনাকে কবি ধ্যান বলিয়াছেন। যথার্থই রাধা মাধবের ধ্যানে মগ্ন ছিলেন।

সেই সর্ব্বলোকবিদিত, চিরস্মরণীয়, অনুপমেয়, অসীম অতৃপ্তির পীযূষপূর্ণ মর্ম্মবাণী কে বিস্মৃত হইতে পারে?

সখি কি পুছসি অনুভব মোয়।
সেহো পিরিতি অনুরাগ বখানইত
তিলে তিলে নূতন হোয়॥
জনম অবধি হম রূপ নিহারল
নয়ন ন তিরপিত ভেল।
সেহো মধুর বোল শ্রবণহি শুনল
শ্রুতিপথে পরশ ন গেল॥
কত মধু যামিনি রভসে গমাওল
ন বুঝল কৈসন কেল।
লাখ লাখ যুগ হিয় হিয় রাখল
তইও হিয়া জুড়ল ন গেল॥
কত বিদগধ জন রস অনুমগন
অনুভব কাহু ন পেখ।
বিদ্যাপতি কহ প্রাণ জুড়াইত
লাখে ন মিলল এক॥

অনুভবের প্রতিশব্দ নাই। অনুভব ধারণা করিতে হয়, বুঝাইতে পারা যায় না। এই যে রাধা বলিতেছেন, জন্মাবধি রূপ নিরীক্ষণ করিয়াছেন তথাপি তাঁহার নয়ন তৃপ্ত হয় নাই, মাধবের মধুর বচন শ্রবণ করিয়াছেন, কিন্তু শ্রুতিপথে স্পর্শ লাগিয়া নাই, ইহার অর্থ কি? কত চৈত্র নিশীথিনী রহস্যে যাপন করিয়াছেন, কেলি কিরূপ তাহা বুঝিতে পারেন নাই? লক্ষ লক্ষ যুগ হৃদয়ে হৃদয়ে রাখিয়াছেন, তথাপি হৃদয় জুড়ায় নাই? এই সকল কথা অত্যুক্তি হইলেও কিছু অর্থ ত আছে? রাধা যখন কিশোরী, সেই সময়ে শ্যামের সহিত দেখা। মিলন, অভিসার প্রভৃতি অল্প সময়ের ঘটনা, লক্ষ লক্ষ যুগ কেমন করিয়া হৃদয়ে হৃদয়ে মিলন সম্ভব? রাধার কথায় কালের পরিমাণ নাই, বাসনা অনন্ত, কামনা অসীম। জন্মজন্মান্তরে তিনি এই প্রেমের ভিখারিণী, এই সাধনার অন্ত নাই, এই তৃষার তৃপ্তি নাই। ধন্য এই প্রেম, ধন্য এই ধ্যান, ধন্য এই তন্ময়তা!

পরিশেষে রাধা কায়মনোবাক্যে গোবিন্দের পদারবিন্দে আত্মসমর্পণ করিতেছেন,

সুনু রসিয়া।
আব নই বজাউ বিপিন বসিয়া॥
বার বার চরনারবিন্দ গহি
সদা রহব বনি দসিয়া।
কি ছলহুঁ কি হোয়ব সে কে জানে
বৃথা হোয়ত কুল হসিয়া॥
অনুভব ঐসন মদন ভুঅঙ্গম
হৃদয় হমর গেল ডসিয়া।
নন্দনন্দন তুয় সরন ন ত্যাগব
বনু জনু অহাঁ দুরজসিয়া॥
বিদ্যাপতি কহ সুনু বনিতামনি
তোরে মুখে জীতল সসিয়া।
ধন্য ধন্য তোর ভাগ গোয়ালিনি
হরি ভজু হৃদয় হুলসিয়া॥

শুন রসিক, বিপিনে আর বাঁশী বাজাইও না। বার বার তোমার চরণারবিন্দ গ্রহণ করিয়া নিরন্তর

দাসী হইয়া থাকিব কি ছিলাম, কি হইব, তাহা কে জানে, কুলের উপহাস বৃথা হইবে। এইরূপ অনুভব হয় যে, মদন-ভুজঙ্গম আমার হৃদয়ে দংশন করিয়া গেল। হে নন্দনন্দন, তোমার শরণ ত্যাগ করিব না, আপনার (অহাঁ) যেন অযশ না হয়। বিদ্যাপতি কহিতেছে, শুন বনিতামণি, তোর মুখ শশীকে জয় করিয়াছে। গোয়ালিনি, ধন্য ধন্য তোর ভাগ্য, হৃদয়ের উল্লাসে হরিকে ভজনা কর।

কবির প্রার্থনা

গ্রন্থ-সমাপ্তিতে কবি অতি বিনীতভাবে মাধবের বন্দনা করিয়াছেন। কয়েকটি নূতন পদ ছাড়া সকলগুলিই পরিচিত। এই সকল পদও বিদ্যাপতিরই উপযুক্ত। অধিক উদ্ধৃত করিবার প্রয়োজন নাই, কয়েকটি ছত্রেই এই অসামান্য প্রতিভাশালী কবির রচনা-কৌশল বুঝিতে পারা যায়।

তাতল সৈকত বারিবিন্দু সম
সুতমিত রমণী সমাজে।
তোহে বিসরি মন তাহে সমর্পল
অব মঝু হব কোন কাজে॥

* * * *

কত চতুরানন মরি মরি জাওত
ন তুয় আদি অবসানা।
তোহে জনমি পুন তোহে সমাওত
সাগর লহরি সমানা॥

শেষের এই উপমা চিত্তহারিণী। ব্রহ্মাদির যাহা হইতে উৎপত্তি তাহাতেই লয়। আদি-অন্তহীন কেবল এক জন—যিনি আছেন, অস্মি।

এতকাল বিদ্যাপতি ত যশস্বী ছিলেনই, এখন হইতে তাঁহার যশ স্বদেশে বিদেশে বাড়িতে থাকিবে।

বান্দোরা, বোম্বাই
আষাঢ়—১৩৪২

শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত

বিদ্যাপতির বন্দনা

মৈথিল কবি গোবিন্দদাস ঝা কর্ত্তৃক রচিত

কবিপতি বিদ্যাপতি মতিমানে।
জাক গীত জগতচিত চোরায়ল
গোবিন্দ গোরী সরস রস গানে ॥ ১ ॥
ভুবনে অছয় জত ভারতী বানি।
তাকর সার সার পদ সঞ্চএ
বাঁধল গীত কতহু পরমানি ॥ ২ ॥
জে সুখ সম্পদে সঙ্কর ধনিয়া।
সে সুখসার সকল রসিকহি
কণ্ঠহি কণ্ঠ পহিরাওল বনিয়া ॥ ৩ ॥
আনন্দে নারদ ন ধরএ থেহা।
সে আনন্দরস জগভরি বরিখল
সুখময় বিদ্যাপতি রসমেহা ॥ ৪ ॥

জত জত রসপদ কয়লহি বন্ধে।
কোটিহি কোটি শ্রবণ পয় পাইয়
সুনইত আনন্দ লাগল ধন্ধে ॥ ৫ ॥
সে রস সুনি নাগর বরনারী।
কিয়ে কিয়ে কয় চিত চমকয়
এহন রসময় চম্পু বিথারি ॥ ৬ ॥
গোবিন্দদাস মতিমন্দে।
এক সুখ সম্পদ রহইত আনমন
জেহন বামন ধরবহি চন্দে ॥ ৭ ॥

১। গোরী—সুন্দরী, রাধা।

২। অছয়—আছে।

৩। ধনিয়া—ধন্য। পহিরাওল বনিয়া—রচনা করিয়া পরাইল।

৪। থেহা—স্থৈর্য্য। বরিখল—বর্ষণ করিল। রসমেহা—রসমেঘ। বিদ্যাপতির সুখময় রসমেঘ সেই আনন্দরস জগৎ ভরিয়া বর্ষণ করিল।

৫। বন্ধে—বন্ধন, রচনা। ধন্ধে—ধাঁধা, আশ্চর্য্য।

৬। কিয়ে কিয়ে—কি আশ্চর্য্য, কি আশ্চর্য্য। চম্পু—চম্পূ—গদ্য-পদ্যময় গ্রন্থ। বিদ্যাপতি সংস্কৃত ভাষায় গদ্যে পদ্যে বহুতর গ্রন্থ রচনা করিয়াছিলেন, গোবিন্দদাস তাহা অবগত ছিলেন। এহন—এমন। বিথারি—বিস্তার করিল।

৭। আনমন—অন্য দিকে মন। জেহন—যেমন।

বিদ্যাপতির পদাবলী

বন্দনা

১

নন্দক নন্দন কদম্বেরি তরুতলে
ধীরে ধীরে মুরলি বলাব ॥ ১ ॥
সময় সঙ্কেত নিকেতন বইসল
বেরি বেরি বোলি পঠাব ॥ ২ ॥
সুন্দরি তোরা লাগি
অনুখণে বিকল মুরারি ॥ ৩ ॥
যমুনাক তীর উপবন উদবেগল
ফিরি ফিরি ততহি নিহারি ॥ ৪ ॥
গোরস বিকে অবইতে যাইতে
জনি জনি পুছ বনমারি ॥ ৫ ॥
তোঁহে মতিমান সুমতি মধুসূদন
বচন শুনহ কিছু মোরা ॥ ৬ ॥
ভনই বিদ্যাপতি শুন বরযৌবতি
বন্দহ নন্দকিশোরা ॥ ৭ ॥

১। নন্দক—নন্দের। বলাব—বাজায়।

২। বইসল—বসিল। বেরি বেরি—বার বার। বোলি—আহ্বান। পঠাব—পাঠায়।

৪। উদবেগল—উদ্বিগ্ন হইল।

৫। গোরস—দুগ্ধ। বিকে—বিক্রয়ের জন্য। অবইতে—আসিতে। জনি জনি—জনে জনে, প্রত্যেক রমণীকে। বনমারি—বনমালী।

৬। তোঁহে—তোর প্রতি। মতিমান—অনুরক্ত।

৭। বন্দহ—বন্দনা কর।

২

দেখ দেখ রাধারূপ অপার।
অপরূপ কে বিধি আনি মিলাওল
ক্ষিতিতলে লাবণি সার ॥ ১ ॥
অঙ্গহি অঙ্গ অনঙ্গ মুরছায়ত
হেরএ পড়ই অধীর ॥ ২ ॥
মনমথ কোটি মথন করু যে জন
সে হেরি মহী মাহ গীর ॥ ৩ ॥
কত কত লছমী চরণতল নেউছয়
রঙ্গিণি হেরি বিভোরি ॥ ৪ ॥
করু অভিলাষ মনহি পদপঙ্কজ
অহোনিশ কোর অগোরি ॥ ৫ ॥

২। রাধিকার অঙ্গ-প্রসঙ্গ দেখিয়া অনঙ্গ মূর্চ্ছিত ও অস্থির হইয়া পড়ে।

৩। কোটি মদনমথনকারী মাধবও সে রূপ দেখিয়া ধরণীতে পতিত হয়। মাহ—মাঝে।
গীর—পতিত হয়।

৪-৫। নেউছয়—নির্ম্মঞ্ছন করে। রাধিকাকে দেখিয়া বহুসংখ্যক লক্ষ্মীও যেন বিভোর হইয়া তাঁহার চরণতলে বিহ্বল হইয়া নির্ম্মঞ্ছন রূপে থাকে। মনে অভিলাষ, ঐ পদপঙ্কজ দিবানিশি কোলে লইয়া আগলাইয়া থাকি।

শ্রীরাধার বয়ঃসন্ধি

১

শৈশব যৌবন দুহু মিলি গেল।
শ্রবণক পথ দুহু লোচন লেল॥ ১॥
বচনক চাতুরী লহু লহু হাস।
ধরণীয়ে চাঁদ করল পরগাস॥ ২॥
মুকুর লই অব করত সিঙ্গার।
সখী পুছই কৈসে সুরত বিহার॥ ৩॥
নিরজনে উরজ হেরই কত বেরি।
হসইত অপন পয়োধর হেরি॥ ৪॥
পহিল বদরী সম পুন নবরঙ্গ।
দিনে দিনে অনঙ্গ অগোরল অঙ্গ॥ ৫
মাধব পেখল অপরূব বালা।
শৈশব যৌবন দুহু এক ভেলা॥ ৬॥
বিদ্যাপতি কহ তুহু অগেয়ানি।
দুহু একযোগ ইহকে কহ সয়ানি॥ ৭

২

পহিল বদরী কুচ পুন নবরঙ্গ।
দিনে দিনে বাঢ়য় পীড়য় অনঙ্গ॥ ১॥
সে পুন ভৈ গেল বীজকপোর।
অব কুচ বাঢ়ল শ্রীফল জোর॥ ২॥
মাধব পেখল রমণী সন্ধান।
ঘাটহি ভেটল করত সিনান॥ ৩॥
তনু শুক বসন হিরদয় লাগি।
যে পুরুখ দেখব তকর ভাগি॥ ৪॥
উরহি লোলিত চাঁচর কেশ।
চামরে ঝাঁপল কনক মহেশ॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
সুপুরুখ বিলসয় সে বরনারি॥ ৬॥

৩

দিনে দিনে উন্নত পয়োধর পীন।
বাঢ়ল নিতম্ব মাঝ ভেল খীন॥ ১॥
আবে মদন বঢ়ায়ল দীঠ।
শৈশব সকলি চমকি দেল পীঠ॥ ২॥
শৈশব ছোড়ল শশিমুখি দেহ।
খত দেই ভেজল ত্রিবলি তিন রেহ॥ ৩॥
অব ভেল যৌবন বঙ্কিম দীঠ।
উপজল লাজ হাস ভেল মীঠ॥ ৪॥
দিনে দিনে অনঙ্গ অগোরল অঙ্গ।
দলপতি পরাভবে সৈনক ভঙ্গ॥ ৫॥
তকর আগে তোহর পরসঙ্গ।
বুঝি করব জে নহ কাজ ভঙ্গ॥ ৬॥
সুকবি বিদ্যাপতি কহ পুন ফোয়।
রাধারতন জৈসে তুয় হোয়॥ ৭॥

১। দুহু—দুই। শ্রবণক—কর্ণের। লোচন—দৃষ্টি। লেল—লইল, অবলম্বন করিল অর্থাৎ কটাক্ষ আরম্ভ হইল।

২। লহু—লঘু, মৃদু। পরগাস—প্রকাশ। কিশোরী ধরণীতে চন্দ্রের ন্যায় প্রকাশিত হইল।

৩। সিঙ্গার—শৃঙ্গার, বেশবিন্যাস।

৪। উরজ—কুচযুগল। বেরি—বার।

৫। পহিল—প্রথমে। বদরী—কুল। নবরঙ্গ—নারঙ্গ, লেবুবিশেষ।

৭। অগেয়ানী—অজ্ঞানী। সয়ানি—সেয়ানা, কিশোরী তুহু অগেয়ানী ইত্যাদি—তুই অজ্ঞান (নির্ব্বোধ), দুইয়ের একযোগ (শৈশব ও যৌবনের মিলন), ইহাকে কিশোরী বলে।

২। বীজকপোর—গোড়া লেবু, বীজপুর।

৩। পেখল—দেখিলাম। ঘাটহি—ঘাটে।

৪। শুক—সুকুমার, কোমল। (তাহার) তনু কোমল, হৃদয়ে (বক্ষে) (আর্দ্র) বস্ত্র জড়িত হইয়া রহিয়াছে। যে পুরুষ দেখে, সে ভাগ্যবান্।

৫। উরহি—উরঃস্থলে, বুকে। বক্ষে চাঁচর কেশ পতিত হইয়া যেন স্বর্ণশম্বু (কুচযুগল) চামর দ্বারা আবৃত করিল।

২। আবে—এখন। এখন মদন দৃষ্টি বাড়াইল, সকল শৈশব (শৈশবের লক্ষণ) চমকিয়া পৃষ্ঠ দিল (পলায়ন করিল)।

৩। শৈশব নাকে খত দিয়া ত্রিবলী স্বরূপ তিনটি রেখা রাখিয়া গেল।

৫। অগোরল—আগলাইল। দলপতির পরাভবে সৈন্য পলাইল, অর্থাৎ যদি শৈশব গেল ত শৈশবের সমস্ত লক্ষণ তিরোহিত হইল।

৬। তকর—তাহার। তার কাছে তোর প্রসঙ্গ হয়।

৭। ফোয়—খুলিয়া, স্পষ্ট করিয়া। যাহাতে রাধারত্ন তোর (মাধবের) হয়।

৪

ক্ষণে ক্ষণে নয়ন কোণ অনুসরই।
ক্ষণে ক্ষণে বসনধূলি তনু ভরই ॥ ১ ॥
ক্ষণে ক্ষণে দশনছটাছট হাস।
ক্ষণে ক্ষণে অধর আগে করু বাস ॥ ২ ॥
চৌঙকি চলয়ে ক্ষণে ক্ষণে চলু মন্দ।
মনমথ পাঠ পহিল অনুবন্ধ ॥ ৩ ॥
হৃদয়জ মুকুলি হেরি থোর থোর।
ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর ॥ ৪ ॥
বালা শৈশব তারুণ ভেট।
লখই না পারিয় জেঠ কনেঠ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ শুন বরকান।
তরুণিম শৈশব চিহ্নই ন জান ॥ ৬ ॥

৫

শৈশব যৌবন দরশন ভেল।
দুহু দল বলে দন্দ পরি গেল ॥ ১ ॥
কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি।
কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি ॥ ২ ॥
থির নয়ান অথির কছু ভেল।
উরজ উদয় থল লালিম দেল ॥ ৩ ॥
চঞ্চল চরণ চিত চঞ্চল ভাণ।
জাগল মনসিজ মুদিত নয়ান ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুন বরকান।
ধৈরজ ধরহ মিলায়ব আন ॥ ৫

খেলত ন খেলত লোক দেখি লাজ।
হেরত ন হেরত সহচরী মাঝ ॥ ১ ॥
শুন শুন মাধব তোহি দোহাই।
বড় অপরূপ আজু পেখল রাই ॥ ২ ॥
মুখরুচি মনোহর অধর সুরঙ্গ।
ফুটল বান্ধুলি কমলক সঙ্গ ॥ ৩ ॥
লোচনযুগল ভৃঙ্গ আকার।
মধু মাতল কিয়ে উড়ই ন পার ॥ ৪ ॥
ভাঙক ভঙ্গিম থোরি জনু।
কাজরে সাজল মদন ধনু ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি দোতিক বচনে।
বিকশল অঙ্গ ন যাওত ধরণে ॥ ৬ ॥

৭

ক্ষণভরি নহি রহ গুরুজন মাঝে।
বেকত অঙ্গ ন ঝাঁপয় লাজে ॥ ১ ॥
বালাজন সঙ্গে যব রহই।
তরুণী পাই পরিহাস তঁহি করই ॥ ২ ॥
মাধব তুয় লাগি ভেটল রমণী।
কে কহু বালা কে কহু তরুণী ॥ ৩ ॥
কেলি রভস যব শুনে।
আনত হেরি ততহি দেই কাণে ॥ ৪ ॥
ইথে যদি কোই করয়ে পরচারি।
কাঁদন মাখি হাসি দেই গারি ॥ ৫ ॥

১-২। নয়ন ক্ষণে ক্ষণে কোণ অনুসরণ করে অর্থাৎ মধ্যে মধ্যে কটাক্ষ হয়। কখন ধূল্যবলুণ্ঠিত বস্ত্র দেহকে ধূলিধূসরিত করে; কখন স্মিতহাস্যে দন্ত-পংক্তির শোভা প্রকাশিত হয়, কখনও বা মুখে কাপড় ঢাকা দেয়। দশনছটাছট—দশনছটার (সমূহের) ছটা (দীপ্তি) আছে যাহাতে।

৩। চৌঙকি—চমকি, চকিত হইয়া।

৪। হৃদয়জ—স্তন। হৃদয়জ মুকুল অর্থাৎ ক্ষুদ্রাকৃতি স্তন দেখিয়া কখন বক্ষে বস্ত্র দেয়, কখনও বা দিতে বিস্মৃত হয়।

৫। ভেট—সাক্ষাৎ। জেঠ কনেঠ—জ্যেষ্ঠ কনিষ্ঠ।

১। শৈশব ও যৌবনের পরস্পর সাক্ষাৎ হইল, দুই দলে দ্বন্দ্ব আরম্ভ হইল; কারণ, উভয় প্রতিদ্বন্দ্বী (শৈশব ও যৌবন) কখনই একত্র থাকিতে পারে না।

২। কবহু—কখন। কচ—কেশজাল। বিথারি—বিস্তারিত করে। উঘারি—খুলিয়া রাখে।

৩। উরজ উদয় থল—স্তনের উদ্গমস্থল লালবর্ণ হইল। ৪। মুদিত—আনন্দিত।

১। খেলা করিতেছে, করিতে করিতে আর খেলে না। লোক দেখিলে লজ্জিত হয়। সহচরী-গণের মধ্যে থাকিয়া থাকিয়া চাহিয়া দেখে, আবার তখনই দৃষ্টি নত করে।

৩। সুরঙ্গ—হিঙ্গুল। বান্ধুলি—বন্ধুকপুষ্প।

৫। ভাঙক—ভ্রূর। জনু—যেন।

১। বেকত—ব্যক্ত, অনাবৃত। ঝাঁপয়—আবৃত করে। গুরুজন সমক্ষে লজ্জাবোধ হয় বলিয়া অধিকক্ষণ থাকে না।

২। তঁহি—সেই জন্য। যখন বালিকাদিগের সঙ্গে থাকে, তখন যুবতী দেখিয়া বালিকারা উপহাস করে।

৩। ভেটল—দেখা করিলাম।

৪। রভস—রহস্য। আনত—অন্যত্র। ততহি—তাহাতে।

সুকবি বিদ্যাপতি ভাণে।
বালা চরিত রসিক জন জানে ॥ ৬ ॥

৮

কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল।
চরণ চপল গতি লোচন লেল ॥ ১ ॥
অব সবখণ রহু আঁচরে হাত।
লাজে সখীগণে না পুছয়ে বাত ॥ ২ ॥
কি কহব মাধব বয়স কি সন্ধি।
হেরইতে মনসিজ মন রহু বন্দী ॥ ৩ ॥
তইও কাম হৃদয় অনুপাম।
রোয়ল ঘট উচল কয় ঠাম ॥ ৪ ॥
শুনইব রসকথা থাপয়ে চিত।
যৈসে কুরঙ্গিণী শুনই সঙ্গীত ॥ ৫ ॥
শৈশব যৌবনে উপজল বাদ।
কোই ন মানয় জয় অবসাদ ॥ ৬ ॥
বিদ্যাপতি কৌতুক বলিহারি।
শৈশব সে তনু ছোড় নহি পারি ॥ ৭ ॥

আওল যৌবন শৈশব গেল।
চরণচপলতা লোচন লেল ॥ ১ ॥
করু দুহু লোচন দূতক কাজ।
হাস গোপত ভেল উপজল লাজ ॥ ২ ॥
অব অনুখণ দেই আঁচরে হাত।
সগর বচন কহু নত কয় মাথ ॥ ৩ ॥
কটিক গৌরব পাওল নিতম্ব।
চলইতে সহচরী কর অবলম্ব ॥ ৪ ॥
হম অবধারল শুন বরকান।
শুনই অব তুহুঁ করহ বিধান ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি ইহ রস জানে।
রাজা শিবসিংহ লছিমা পরমাণে ॥ ৬ ॥

১। উতপতি—উৎপত্তি।

৩। হে মাধব, বয়ঃসন্ধির কথা কি আর বলিব? দেখিলে মদনেরও মন বন্দী হয়।

৪। ঠাম—স্থান। তথাপি তাহার অতুল হৃদয়ে কাম উচ্চ স্থান করিয়া ঘট রোপণ করিল (পয়োধর উপজিত হইল)।

১। চরণের চাঞ্চল্য নয়ন গ্রহণ করিল।

৩। সগর—সকল।

৪। চলিতে সহচরীর হস্ত অবলম্বন করে।

৫। অবধারল—অবধারণ করিলাম।

১০

শৈশব যৌবন দরশন ভেল।
দুহু পথ হেরইতে মনসিজ গেল ॥ ১ ॥
মদনক ভাব পহিল পরচার।
ভিন জনে দেল ভিন অধিকার ॥ ২ ॥
কটিক গৌরব পাওল নিতম্ব।
একক ক্ষীণ অওকে অবলম্ব ॥ ৩ ॥
প্রকট হাস অব গোপত ভেল।
উরজ প্রকট অব তহিক লেল ॥ ৪ ॥
চরণ চপল গতি লোচন পাব।
লোচনক ধৈরষ পদতলে যাব ॥ ৫ ॥
নব কবিশেখর কি কহইত পার।
ভিন ভিন রাজ ভিন বেবহার ॥ ৬ ॥

১১

ভৌঁহ ভাঙ্গি লোচন ভেল আড়।
তইঅও ন শৈশব সীমা ছাড় ॥ ১ ॥
আবে হসি হৃদয় চীর লও থোএ।
কুচকঞ্চন অঙ্কুরএ গোএ ॥ ২ ॥
হেরি হল মাধব কএ অবধান।
যৌবন পরশে সমুখী আবে আন ॥ ৩ ॥
সখি পুছইতে আবে দরশএ লাজ।
সীঁচি সুধায়ে অব মোলিয় বাজ ॥ ৪ ॥
এত দিন শৈশবে লাওল সাঠ।
আবে সবে মদনে পঢ়াউলি পাঠ ॥ ৫ ॥

১২

পীন পয়োধর দুবরি গতা।
মেরু উপজল কনকলতা ॥ ১ ॥

১। মনসিজ—মদন। শৈশব ও যৌবন দুই পথ দেখিতে মদন গমন করিল।

২। পহিল—প্রথম প্রচার—প্রচারিত।

৩। কটির গুরুতা নিতম্বে আশ্রয় গ্রহণ করিল এবং নিতম্বের ক্ষীণতা কটিতে সংযুক্ত হইল।

৪। প্রকাশ্য হাস্য এখন গুপ্ত হইল, তাহার পরিবর্ত্তে কুচযুগ বিকশিত হইল।

১। ভৌঁহ ভাঙ্গি—ভ্রূভঙ্গ হইয়া। ২। চীর—বস্ত্র। গোএ—গোপন করিবার জন্য। এখন সুবর্ণবর্ণ কুচাঙ্কুর গোপন করিবার জন্য হাসিয়া বক্ষে কাপড় ঢাকা দেয়। ৪। সীঁচি—সিঞ্চন করিয়া। বাজ—বলে।

১। দুবরি—দুর্ব্বল শব্দ হইতে, তন্বী। গতা—গাত্র।

এ কন্‌হা কন্‌হা তোরি দোহাই।
অতি অপরূপ দেখলি সাই ॥ ২ ॥
মুখ মনোহর অধর রঙ্গে।
ফুললি মধুরি কমল সঙ্গে ॥ ৩ ॥
লোচনযুগল ভৃঙ্গ অকারে।
মধুক মাতল উড়য়ে ন পারে ॥ ৪ ॥
ভঁউ হেরি কথা পুছহ অনু।
মদনে জোড়লি কাজর ধনু ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি দূতী বচনে।
এত শুনি কাহ্ন, করু গমনে ॥৬ ॥

১৩

যেহে অবয়ব পুরুব সময়
নিচয় বিনু বিকার ॥ ১ ॥
সে আবে যাহু তাহু দেখি ঝাপয়
চিহ্নিমি ন বেবহার।
ক'হ্ন, তুরিত শুনসি আয় ॥ ২
রূপ দেখতে নয়ন ভুলল
সরূপ তোরি দোহায় ॥ ৩ ॥
শৈশব বাপু বহীরি ফেদায়ল
যৌবনে গহল পাশ ॥ ৪ ॥
যেও কিছু ধনী বিরুহ বোলয়
সে সেও সুধাসম ভাস ॥ ৫ ॥
যৌবন শৈশব খেদয় লাগল
ছাড়ি দেহে মোর ঠাম ॥ ৬ ॥
এতদিন রস ভোহে বিরসল
অবহু নহি বিরাম ॥ ৭ ॥

১৪

কি আরে নব যৌবন অভিরামা।
যত দেখল তত কহহি ন পারিয়
ছয় অনুপম এক ঠামা ॥ ১ ॥
হরিণ ইন্দু অরবিন্দ করিণী হিম
পিক বুঝ অনুমানি ॥ ২ ॥
নয়ন বয়ন পরিমল গতি তনুরুচি
অও অতি সুললিত বাণী ॥ ৩ ॥
কুচযুগ পর চিকুর ফুজি পসরল
তা অরুঝায়ল হারা ॥ ৪ ॥
জনি সুমেরু উপর মিলি উগল
চাঁদ বিহুন সবে তারা ॥ ৫ ॥
লোল কপোল ললিত মাল কুণ্ডল
অধরবিম্ব অধ যাই ॥ ৬ ॥
ভৌঁহ ভ্রমর-নাসাপুট সুন্দর
সে দেখি কীর লজাই ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি সে বর নাগরী
আন ন পাবএ কই ॥ ৮ ॥
কংসদলন নরায়ণ সুন্দর
তসু রঙ্গিণী পএ হোই ॥ ৯ ॥

১৫

লঘু লঘু সঞ্চর কুটিল কটাখ।
দুওএ নয়ন লহ একহোক লাখ ॥ ১ ॥

হইয়াছে, সুতরাং তুই এখন ইহাকে ছাড়িয়া দে। এতদিন রস ভোগ করিয়াও কি তোর তৃপ্তি হয় নাই?

১। পারিয়—পারি।

৩। অও—আর।

৪-৫। ফুজি—খুলিয়া। পসরল—প্রসারিত হইল। অরুঝায়ল—জড়াইল। কুচযুগলের উপর কেশজাল এলাইয়া পড়িল, তাহাতে হার জড়াইয়া যাওয়ায় যেন বোধ হইতে লাগিল, সুমেরু পর্ব্বতের উপর চন্দ্রবিহীন নক্ষত্ররাজি উদিত হইয়াছে।

৬। অধর বিম্ব অধ যাই—অধরের তুলনায় বিম্বফল হীন হয়।

৭। কীর—শুক পক্ষী।

৮। পাবএ—পায়।

৯। তসু—তাহার। পএ—অব্যয়।

৮-৯। বিদ্যাপতি কহিতেছে, সেই শ্রেষ্ঠ নাগরীকে আর কেহ পায় না, কংসদলন সুন্দর নারায়ণ, তাঁহারই রঙ্গিণী হইবে।

১। লহ—অনুমিত হয়।

২। সাই—তাহাকে। ৩। মধুরি—বাল্গুলী।

৫। ভ্রূ দেখিয়া মনে হইতেছে, মদন যেন ভ্রূরূপ ধনুতে কজ্জলের গুণ সংযোগ করিয়াছে।

১। যেহে—যে। পুরুব সময়—পূর্ব্ব সময়। নিচয়—নিশ্চল।

২। আবে—এখন। যাহু তাহু—যাহাকে তাহাকে। চিহ্নিমি ন বেবহার—এরূপ ব্যবহার বুঝিতে পারি না। তুরিত—ত্বরিত।

৪। বহীরি—বাহিরে। ফেদায়ল—তাড়াইয়া দিল। গহল—গ্রহণ করিল।

৫। যেও—যাহাও। বিরুহ—বিরস, কটু। সুধা সম ভাস—অমৃতের ন্যায় বোধ হয়।

৬-৭। মোর ঠাম—আমার স্থান। বিরসল—রস প্রদান করাইল। যৌবন এই বলিয়া শৈশবকে তাড়াইতেছে যে, এ দেহ এখন আমার অধিকারভুক্ত

নয়ন বয়ন দুই উপমা দেল।
এক কমল দুই খঞ্জন খেল ॥ ২ ॥
কহ্নাই নয়না হলিয় নিবারি।
যে অনুপম উপভোগ ন আবয়
কি ফল তাহি নিহারি ॥ ৩ ॥
গগন বস অও তারাগণ
সুর উগল পরচারি ॥ ৪ ॥
নিচর সুমেরু অধিক কনকাচল
আনব কওনে উপারি ॥ ৫ ॥
যে চুরু কর সায়র শোখল
জিনল সুরাসুর মারি ॥ ৬ ॥
জল থল নাব সমহি সম চালয়ে
সে পাবয়ে এহি নারী ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি জনু হরড়াবহ
নাহ ন হিয়রা লাগ ॥ ৮ ॥
দূতী বচন থির কএ মানব
রাজা শিবসিংহ বড় ভাগ ॥ ৯ ॥

১৬

কনকলতা অরবিন্দা।
দমনা মাঝ উগল জনি চন্দা ॥ ১ ॥
কেও বোলে শৈবল ছপলা।
কেও বোলে নহি নহি মেঘে ঝপলা ॥ ২॥
কেও বোল ভময়ে ভমরা।
কেও বোল নহি নহি চরয়ে চকোরা ॥ ৩ ॥
সংশয় পড়ল সবে দেখি।
কেও বোলয়ে তাহি যুগুতি বিশেখী ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
বড় পুনে গুণমতি পুনমত পাবে ॥ ৫ ॥

১৭

মাধব কি কহব সুন্দরীরূপে।
কতেক যতনে বিধি আনি সমারল
দেখলি নয়ন সরূপে ॥ ১ ॥
পল্লবরাজ চরণযুগ শোভিত
গতি গজরাজক ভানে।
কনককদলী পর সিংহ সমারল
তাপর মেরু সমানে ॥ ২ ॥
মেরু উপর দুই কমল ফুটায়ল
নাল বিনা রুচি পাই।
মণিময় হার ধার বহু সুরসরি
ওঁই নহি কমল শুখাই ॥ ৩ ॥
অধরবিম্ব সম দশন দাড়িম্ববীজ
রবিশশী উগথিক পাশে ॥
রাহু দূরি বস নিয়রো ন আবথি।
ওঁই নহি করথি গরাশে ॥ ৪ ॥
সারঙ্গ (ক) নয়ন বচন পুন সারঙ্গ (খ)
সারঙ্গ (গ) তসু সমধানে।
সারঙ্গ (ঘ) উপর উগল দশ সারঙ্গ (ঙ)
কেলি করথি মধুপানে ॥ ৫ ॥

২। যেন একটি পদ্মের উপর দুইটি খঞ্জন খেলা করিতেছে।

৩। হলিয়—চল। আবয়—আসে। তাহি—তাহাকে।

৪। চন্দ্র এবং তারাগণ গগনে বাস করে, সূর্য্য উদয় হইলে তাহারা কি প্রকাশ পায়?
বস—বাস করে। অও—এবং। সুর—সূর্য্য। উগল—উদিত। পরচারি—প্রকাশ।

৫। সুমেরু নিশ্চল কনকাচল, কে তাহাকে উপাড়িয়া আনিবে? অথিক—হয়। কওনে—কে। উপারি—উপাড়িয়া।

৬। চুরু—অঞ্জলি। শোখল—শুষিল।

৭। নাব—নৌকা।

৬-৭। যে অঞ্জলি করিয়া সাগর শুষ্ক করিল, সুরাসুরকে মারিয়া পরাজয় করিল, জলে স্থলে সমভাবে নৌকা চালনা করে, সেই এই নারীকে পায়।

৮। হরড়াবহ—ব্যস্ত হইও। জনু—না।

৯। মানব—মানিবে। ভাগ—ভাগ্যবান্।

১। দমনা—দ্রোণপুষ্প।

২। শৈবল ছপলা—শৈবালাচ্ছন্ন।

৪। যুগুত—
বিশেখী—বিশেষ করিয়া।

১। সমারল—সাজাইল।

২। পল্লবরাজ—পদ্ম। ভান—অনুমান।

৩। সুরসরি—সুরসরিৎ।
যেন পর্ব্বতের উপর মৃণালবিহীন পদ্মের ন্যায় তাহার দুইটি পয়োধর শোভা পাইতেছে। মণিময় হার গঙ্গার ধারার ন্যায় প্রবাহিত হইতেছে বলিয়া পদ্ম শুষ্ক হয় না।

৪। উগথিক—উদয় হয়। বস—বাস করে। আবথি—আসে। করথি—করে।

৫। সারঙ্গ (ক)—মৃগ। সারঙ্গ (খ)—কোকিল। সারঙ্গ (গ)—মদন। সমধানে—সন্ধানে। সারঙ্গ (ঘ)—পদ্ম। সারঙ্গ (ঙ)—ভ্রমর।
শ্রীরাধার বাক্য কোকিল-কণ্ঠের ন্যায়, তাঁহার লোচনযুগল হরিণীর মত, তাঁহার কটাক্ষে

ভণহি বিদ্যাপতি শুন বর যৌবতি
এহন জগত নহি আনে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেই পতি ভানে ॥ ৬ ॥

১৮

মঞে তো আজ দেখলি কুরঙ্গীনয়নীঞা
শরদক চান্দ বদনীঞা ॥ ১ ॥
কনকলতা জনি কুন্দি বৈসাওল
কুচযুগ রতন কটোরবা লো।
দশন জ্যোতি জনি মোতি বৈসাওল
অধর তনু পবারবা লো ॥ ২ ॥

১৯

যুগল শৈল সীম হিমকর দেখল
এক কমল দুই জোতি রে।
ফুললি মধুরি ফুল সিন্দুর লোটায়ল
পাঁতি বইসলি গজমোতি রে ॥ ১ ॥
আজ দেখল যত কে পতিআয়ত
অপরূপ বিধি নিরমাণ রে ॥ ২ ॥
বিপরীত কনককদলীতরু শোভিত
থলপঙ্কজ কে রূপ রে।
তথহুঁ মনোহর বাজন বাজয়
জনি জগে মনসিজ ভূপ রে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি এহু পুরব পুন তহ
ঐসনি ভজয়ে রসমন্ত রে।
বুঝয় সকল রস নৃপ শিবসিংহ
লখিমা দেইকর কন্ত রে ॥ ৪ ॥

২০

অধর সুশোভিত বদন সুছন্দ।
মধুরী ফুলে পূজু অরবিন্দ ॥ ১ ॥
তহু দুহু সুললিল নয়ন শামরা।
বিমল কমল দল বইসল ভমরা ॥ ২ ॥
বিশেখী ন দেখলি এ নিরমলি রমণী।
সুরপুর সঞো চলি আইলি গজগামিনী ॥ ৩ ॥
গিম সঞো লাবল মুকুতা হারে।
কুচযুগ চকেব চরই গঙ্গাধারে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার।
রস বুঝ শিবসিংহ নৃপ মহোদার ॥ ৫ ॥

২১

চাঁদ সার লয়ে মুখ ঘটনা করু
লোচন চকিত চকোরে।
অমিয় ধোয়ে আঁচরে জনি পোছল
দহ দিশ ভেল উজোরে ॥ ১ ॥
কামিনী কোনে গঢ়লি।
রূপ স্বরূপ মোহি কহইতে অসম্ভব
লোচন লাগি রহলি ॥ ২ ॥
গুরু নিতম্বভরে চলয়ে ন পারয়
মাঝ ক্ষীণিম নিমাই।
ভাঙ্গি যাইতি মনসিজে ধরি রাখলি
ত্রিবলীলতা অরুঝাই ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অদভূত কৌতুক
ই সব বচন স্বরূপে।
রূপনরায়ণ ই রস জানথি
শিবসিংহ মিথিলা ভূপে ॥ ৪ ॥

২২

শুনহ নাগর কান।
রাজকুমারী রাধিকা নাম ॥ ১ ॥
জটিলাক বধু নবীন বালি।
অপন সোভাবে কর খেয়ালি ॥ ২ ॥

মদন বিরাজমান ; তাঁহার ললাটের উপর দশটি চূর্ণ-কুন্তল পড়িয়াছে, তাহাতে বোধ হইতেছে যেন, ভ্রমরসমূহ ক্রীড়াচ্ছলে ললাট-পদ্মের মধু পান করিতেছে।

২। কুন্দি—কুঁদিয়া। জনি—যেন। কটোরবা—কটোরা। পবারবা—প্রবাল।
পতিআয়ত—বিশ্বাস করিবে।
জগে—জগতে।
তহু—হইতে। দেইকর—দেবীর।
সুছন্দ—সুছাঁদ। মধুরী—বান্ধুলী।
তহু—সেখানে। শামরা—শ্যামল।

৩। বিশেখী—বিশেষ। নিরমলি—নির্ম্মিতা। সঞো—হইতে।

৪। গিম—গ্রীবা। চকেব—চক্রবাক। চরই—চরিতেছে।

১। করু—করিল। পোছল—মুছিল।

৩। চলয়ে—চলিতে। ক্ষীণিম—ক্ষীণ। নিমাই—নির্ম্মাণ করিল। অরুঝাই—জড়াইয়া।
পাছে চলিতে গিয়া গুরু নিম্বভরে ক্ষীণ কটি ভাঙ্গিয়া পড়ে, এই জন্য কন্দর্প ত্রিবলীলতা জড়াইয়া দিয়াছে।

২। জটিলাক—জটিলার।

যস ন পরশ তকর অঙ্গ।
কৈসনে হোয়ব তোহর সঙ্গ ॥ ৩ ॥
ভণে বিদ্যাপতি ন শুনে নীত।
সো বিনু কানু কি ধরব চিত ॥ ৪ ॥

২৩

সুধামুখী কে বিধি নিরমিল বালা।
অপরূপ রূপ মনোভবমঙ্গল
ত্রিভুবনবিজয়ী মালা ॥ ১ ॥
সুন্দর বদন চারু অরু লোচন
কাজরে রঞ্জিত ভেলা ॥ ২ ॥
কনককমল মাঝে কাল ভুজঙ্গিনী
শিরিষুত খঞ্জন খেলা ॥ ৩ ॥
নাভিবিবর সঞে লোমলতাবলী
ভুজগী নিশাস পিয়াসা।
নাসা খগপতিচঞ্চু ভরম ভয়ে
কুচগিরিসন্ধি নিবাসা ॥ ৪ ॥
তিন বাণ মদন তেজল তিন ভুবনে
অবধি রহল দুই বাণে।
বিধি বড় দারুণ বধইতে রসিক জন
সোঁপল তোহর নয়ানে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
ইহ রস কেও পয় জানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৬ ॥

৩। যখন তাহার দেহে যৌবন সমাগম (রসস্পর্শ) হয় নাই, তখন কেমন করিয়া তোমার সহিত তাহার মিলন হওয়া সম্ভব?

১। মনোভব—মদন, তাহার মঙ্গল স্বরূপ।
২। অরু—আর।
৩। শিরিষুত—শ্রীযুক্ত।
৪। সঞে—হইতে। ভরম—ভ্রম। গিরিসন্ধি—দুই পর্ব্বতের সন্ধিস্থান।

লোমাবলী রূপ ভুজগী নিশ্বাসবায়ু ভোজনে অভিলাষিণী হইয়া নাভিবিবর হইতে নির্গত হয়, কিন্তু নাসিকাকে গরুড়ের চঞ্চু বলিয়া তাহার ভ্রম হয়, তজ্জন্য যাইতে পারিল না, ভয়ে কুচগিরিদ্বয়ের সন্ধিস্থলে প্রবিষ্ট হয়। সর্পজাতি বায়ুভোজী ও গরুড় সর্পভোজী, ইহা প্রসিদ্ধ।

৫। পঞ্চবাণ কামদেব তিন বাণে ত্রিভুবন জয় করিয়াছেন, আর দুই বাণ এ পর্য্যন্ত ছিল; বিধাতা বড়ই নির্দ্দয়, সেই বাণ দুইটি তোমার নয়নে অর্পণ করিয়াছেন।

২৪

ধনি মুখমণ্ডল চান্দ বিরাজিত
লোচন খঞ্জন ভাঁতি।
মদনচাপ জিনি ভৌঁহ লগ যুগ
দশনহি মোতিম পাঁতি ॥ ১ ॥
সখী হের রমণমোহিনী রাই।
কত কত বিদগধ হেরিত হ মুরছত
মদন পরাভব পাই ॥ ২ ॥
কনক বিরোচি মণিহার বিলম্বিত
অধরহি বিম্ব অকারা।
নব উরজ পর মোতি বিরোচিত
সুমেরু সুরসরি ধারা ॥ ৩ ॥

২৫

যাইতি দেখলি পথ নাগরি সজনি গে
আগরী সুবুধি সেয়ানি ॥ ১ ॥
কনকলতা সনি সুন্দরী সজনি গে
বিহি নিরমাওল আনি ॥ ২ ॥
হস্তী গমন জঁকা চলইতি সজনি গে
দেখইত রাজকুমারী ॥ ৩ ॥
জনিকর এহেনি সোহাগিনী সজনি গে
পাওল পদারথ চারি ॥ ৪ ॥
নীলবসন তনু ঘেরলি সজনি গে
শির দেল চিকুর সমারি ॥ ৫ ॥
তাপর ভমরা পিবয় রস সজনি গে
পইসল পাঁখি পসারি ॥ ৬ ॥
কেশরী সম কটিগুণ অছি সজনি গে
লোচন অম্বুজধারী ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাওল সজনি গে
গুণ পাওল অবধারি ॥ ৮ ॥

১। লগ—অনুমান হয়।
২। রমণমোহিনী—বল্লভমোহিনী।
৩। উরজ—স্তন। যেমন সুমেরুতে গঙ্গার ধারা শোভা পায়, তেমনই নবীন কুচযুগের উপর মুক্তার মালা শোভা পাইতেছে।
১। আগরী—অগ্রগণ্যা। গে—লো।
২। সনি—সদৃশ।
৩। জঁকা—সদৃশ, যেন।
৪। জনিকর—যাহার। পদারথ চারি—চতুর্ব্বর্গ।
৫। সমারি—সাজাইয়া।
৬। পইসল—প্রবেশ করিল। পাঁখি—পক্ষ।
৭। গুণ—ছিলা। কেশরীর তুল্য ক্ষীণ কটি।
৮। অবধারি—অবধারিত।

২৬

পথ গতি নয়নে মিলল রাধা কান।
দুহু মনে মনসিজ পূরল সন্ধান ॥ ১ ॥
দুহু মুখ হেরইতে দুহু ভেল ভোর।
সময় নহি বুঝত অচতুর চোর ॥ ২ ॥
বিদগধি সঙ্গিনী সব রস জান।
কুটিল নয়নে কয়ল সাবধান ॥ ৩ ॥
চলল রাজপথে দুহু উরঝাই।
কহ কবিশেখর দুহু চতুরাই ॥ ৪ ॥

২৭

ভল ভেল দম্পতি শৈশব গেল।
চরণচপলতা লোচনে লেল ॥ ১ ॥
দুহুক নয়ন কর দূতক কাজ।
ভূষণ ভএ পরিণত ভেল লাজ ॥ ২ ॥
আবে অনুখণ দেয় আঁচর হাথ।
বাজ সখী সঞে নত কএ মাথ ॥ ৩ ॥
হমে অবধারল শুন শুন কাহ্ন।
নাগর করথু অপন অবধান ॥ ৪ ॥
ভঁউহ ধনুষিগুণ কাজর রেখ।
মারতি রহত পোখ অবশেখ ॥ ৫ ॥
রসময় বিদ্যাপতি কবি গাব।
রাজা শিবসিংহ বুঝ রস ভাব ॥ ৬ ॥

শ্রীরাধার পূর্ব্বরাগ

১

কি কহব রে সখি কানুক রূপ।
কে পতিয়ায়ব সপন সরূপ ॥ ১ ॥
অভিনব জলধর সুন্দর দেহ।
পীত বসন পরা সৌদামিনী রেহ ॥ ২ ॥

৪। উরঝাই—শুষ্ক, ম্লান হইয়া।

১-২। দম্পতির শৈশবকাল গেল, ইহা ভাল হইল; এখন চরণের চপলতা নয়ন গ্রহণ করিল এবং নয়ন দূতের কাজ করিতে লাগিল। হাস্য লুক্কায়িত হইল, তৎপরিবর্ত্তে লজ্জার উদয় হইল।

৩। আবে—এখন। আঁচর—অঞ্চল। বাজ—কথা কহে।

৪। করথু অপন অবধান—আত্মরক্ষা করুক।

৫। পোখ—বাণের শেষাংশ। অবশেখ—অবশেষ।

১। পতিয়ায়ব—প্রত্যয় করিবে।

সামর ঝামর কুটিলহি কেশ।
কাজরে সাজল মদন সুবেশ ॥ ৩ ॥
জাতকী কেতকী কুসুম সুবাস।
ফুলশর মনমথ তেজল তরাস ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ কি কহব আর।
শূন করল বিহি মদনভণ্ডার ॥ ৫ ॥

২

কানু হেরব ছল মনে বড় সাধ।
কানু হেরইতে ভেল পরমাদ ॥ ১ ॥
তবধরি অবোধী মুগধ হম নারী।
কি কহি কি সুনি কছু বুঝই ন পারি ॥ ২ ॥
সাঙন ঘনসম ঝরু দুনয়ান।
অবিরত ধস ধস করয় পরাণ ॥ ৩ ॥
কাঁ লাগি সজনি দরশন ভেল।
রভসে অপন জীউ পর হাথে দেল ॥ ৪ ॥
ন জানিয় কিয় করু মোহন চোর।
হেরইতে প্রাণ হরি লই গেল মোর ॥ ৫ ॥
এত সব আদর গেল দরশাই।
যত বিসরিয় তত বিসর ন যাই ॥ ৬ ॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
ধৈরষ ধর চিতে মিলব মুরারি ॥ ৭ ॥

৩

এ সখি কি পেখল এক অপরূপ।
শুনইতে মানবি সপন সরূপ ॥ ১ ॥
কমলযুগল পর চাঁদক মাল।
তাপর উপজল তরুণ তমাল ॥ ২ ॥
তাপর বেঢ়ল বিজুরি লতা।
কালিন্দীতীর ধীর চলি যাতা ॥ ৩ ॥
শাখাশিখর সুধাকর পাঁতি।
তাহি নবপল্লব অরুণক ভাঁতি ॥ ৪ ॥
বিমল বিম্বফল যুগল বিকাশ।
তাপর কীর থির করু বাস ॥ ৫ ॥

৩। সামর—কৃষ্ণবর্ণ। কুটিলহি—কোঁকড়ান।

২। তবধরি—সেই অবধি। ৩। সাঙন—শ্রাবণ।

৪। রভসে—কৌতুকে।

৬। বিসরিয়—বিস্মৃত হই।

৩। শ্রীকৃষ্ণের দেহ তরুণতমাল ও পীতধড়া বিদ্যুল্লতা বলিয়া উপমিত হইয়াছে।

৫। বিম্বফলযুগলবৎ ওষ্ঠাধর বিকশিত হইয়াছে; তাহার উপর শুকচঞ্চুর ন্যায় নাসিকা স্থির ভাবে রহিয়াছে।

তাপর চঞ্চল খঞ্জন যোড়।
তাপর সাপিনী ঝাঁপল মোড়॥ ৬॥
এ সখি রঙ্গিনী কহল নিসান।
পুন হেরইতে হমে হরল গেয়ান॥ ৭॥
ভণই বিদ্যাপতি ইহ রস ভাণ।
সুপুরুখ মরম তুহু ভল জান॥ ৮॥

৪

কি কহব হে সখি ইহ দুখ ওর।
বাঁশী নিশ্বাস গরল তনু ভোর॥ ১॥
হঠসঞে পৈসয় শ্রবণক মাঝ।
তৈখনে বিগলিত তনু মন লাজ॥ ২॥
বিপুল পুলকে পরিপূরয় দেহ।
নয়নে ন হেরি হেরয় জনু কেহ॥ ৩॥
গুরুজন সমুখহি ভাবতরঙ্গ।
যতনহি বসনে ঝাঁপি সব অঙ্গ॥ ৪॥
লহু লহু চরণে চলিয় গৃহ মাঝ।
দৈবে বিহি আজু রাখল লাজ॥ ৫॥
তনু মন বিবশ খসয় নীবিবন্ধ।
কি কহিব বিদ্যাপতি রহু ধন্দ॥ ৬॥

৫

একদিন হেরি হেরি হসি হসি যায়।
অরু দিন নাম ধয় মুরলী বজায়॥ ১॥
আজু অতি নিয়রে করল পরিহাস।
ন জানিয় গোকুল ককর বিলাস॥ ২॥
সাজনি ও নাগর সামরাজ।
মূল বিনু পর ধনে মাগ বেয়াজ॥ ৩॥

৬। ঝাঁপল—বেষ্টন করিল। মোড়—মোর, মস্তক।

তাহার উপর চঞ্চল খঞ্জনের ন্যায় দুইটি চক্ষু শোভা পাইতেছে এবং সাপিনীর ন্যায় বেণী মস্তক বেষ্টন করিল।

৭। নিসান চিহ্ন। হে সখি, তোমাকে এই চিহ্ন সকল বলিলাম, পুনর্ব্বার তাহাকে দেখিয়া জ্ঞান হারাইলাম।

১। ওর—সীমা।

২। হঠসঞে—হঠাৎ, বলপূর্ব্বক। পৈসয়—প্রবেশ করে।

৩। জনু—না।

৫। লহু লহু চরণে—লঘু লঘু, মৃদু মৃদু গতিতে।

২। নিয়রে—নিকটে। ককর—কাহার।

৩। মূল—মূল্য। বেয়াজ—ব্যাজ, সুদ।

পরিচয় নহি দেখি আন কাজ।
ন করয় সম্ভ্রম ন করয় লাজ॥ ৪॥
অপনা নিহরি নিহরি তনু মোর।
দেই আলিঙ্গন ভএ বিভোর॥ ৫॥
ক্ষণে ক্ষণে বৈদগধি কলা অনুপাম।
অধিক উদার দেখিয় পরিণাম॥ ৬॥
বিদ্যাপতি কহ আরতি ওর।
বুঝ না বুঝ ইহ রস ভোর॥ ৭॥

আজ কহাই এঁ বাটে আওব
বুঝয় ন পারলি বেলা॥ ১॥
বিধিক ঘটনে ভেল অকামিক
লোচনে লোচনে মেলা॥ ২॥
নব কলেবর নিজ পরাভব
থস্ত ভেল বিনু কাজে॥ ৩॥
দরশন রস রভস লীলা
লোভে গরাসলি লাজে॥ ৪॥
সুন্দরি রে মন্দির বাহর ভেলী॥ ৫॥
বিজুয় রেহ জলধর নাঞী
পুনু কইসে লুকি গেলি॥ ৬॥

সাএ সাএ কাঁ লাগি কৌতুক দেখল
নিমিষ লোচন আধে॥ ১॥
মোর মনমৃগ মরম বেধল
বিষম বাণ বেয়াধে॥ ২॥
গোরস বিরস বাসি বিশেষল
ছিকেহু ছাড়ল গেহা॥ ৩॥

বৈদগধি কলা—রসিকতাসূচক হাবভাব।
অকামিক—আকস্মিক।
থস্ত—স্তম্ভিত।
গরাসলি—গ্রাস করিল।

৬ নাঞী—ন্যায়।

১ সাএ—সখি। কাঁ লাগি—কিসের লাগিয়া।

১-২। সখি সখি, কিসের জন্য মাধব নিমেষ-মাত্র কৌতুকভরে অর্দ্ধ কটাক্ষে আমাকে দেখিল? ইহাতে ব্যাধরূপ মদনের বিষম বাণে আমার মনো-মৃগের মর্ম্ম বিদ্ধ হইল।

৩। বিশেষল—নির্দ্দোষ মনে হইল। ছিকেহু—শুনিয়াও।

মুরলীধুনি শুনি মন মোহল
বিকেহু ভেল সন্দেহা ॥ ৪ ॥
তীর তরঙ্গিণী কদম্ব কানন
নিকট যমুনা ঘাটে ॥ ৫ ॥
উলটি হেরইত উলটি পরল
চরণ চীরল কাঁটে ॥ ৬ ॥
সুকৃতি সুফল শুনহ সুন্দরি
বিদ্যাপতি বচন সারে ॥ ৭ ॥
কংসদলন নরায়ণ সুন্দর
মিলন নন্দকুমারে ॥ ৮ ॥

৮

সখি আজ মধুরিপু ভেটল হটিয়াঁ।
লোচন যুগল জুড়ায়ল বটিয়াঁ ॥ ১ ॥
দরশন লোভে পসার দেল হমে
সখি মুখে মুখে শুনি বড়রসী ॥ ২ ॥
তখনে উপেজু রস ভেলিহু মোঞে পরবশ
বিসরলি দুধহু কলসী ॥ ৩ ॥
মধুরিপু সম নহি দেখিয় সোহাওন
যে দিঅ তত্থিক উপাম রে ॥ ৪ ॥
শরদ সুধানিধি জসু মুখ নেঞোছন
পঙ্কজ কী লেব নাম রে ॥ ৫ ॥
অধরাঞে লোচনে যখনে নিহারলহি
বাঙ্ক কইয়ে ভঁউহ ভঙ্গা রে ॥ ৬ ॥
তখনুক অবসর জাগল পচশর
থানে থানে গেল অঙ্গা রে ॥ ৭ ॥
দান কলপতরু মেদিনী অবতরু
নৃপতি হিন্দু সুরতান রে ॥ ৮ ॥
মেধা দেবীপতি রূপনরায়ণ
সুকবি ভনথি কণ্ঠহার রে ॥ ৯ ॥

৯

হমে হসি হেরলা থোরা রে।
সফল ভেল সখি কৌতুক মোরা রে ॥ ১ ॥
হেরিতহি হরি ভেল আনে রে।
জনি মনমথে মন বেধল বাণে রে ॥ ২ ॥
লখল ললিত তসু গাতে রে।
মন ভেল পরসিয় সরসিজ পাতে রে ॥ ৩ ॥
তনু পসরল বিন্দু রে।
নেউছি নড়াওল সনখত ইন্দু রে ॥ ৪ ॥
কাঁপল পরম রসালে রে।
জনি মনসিজ গরই জপেলু তমালে রে ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি ভাণে রে।
করত কমলমুখী হরি সাবধানে রে ॥ ৬ ॥

১০

সামর সুন্দর এঁ বাটে আয়ল
তেঁ মোরি লাগলি আঁখি।
আরতি আঁচর সাজি ন ভেলে
সবে সখী জন সাথী ॥ ১ ॥
কহহি মো সখি কহহি মো
কতয়ে তাহেরি বাসা।
দূরহু দুগুণ এড়ি মঞে আবও
পুনু দরশন আশা ॥ ২ ॥
কি মোর জীবনে কি মোর যৌবনে
কি মোর চতুরপণে।
মদনবাণে মুরুছলি অছঞো
সহঞো জীব অপনে ॥ ৩ ॥
আধ পদে যো ধরতে মোর দেখল
নাগর জন সমাজে।
কঠিন হৃদয় ভেদি ন ভেলে
যাও রসাতল লাজে ॥ ৪ ॥

৪। ধুনি—ধ্বনি। বিকেহু—বিক্রয় করিতেও!
৬। চীরল—চিরিয়া গেল।
১। হটিয়াঁ—হাটে। বটিয়াঁ—পথে।
২। বড়রসী—কথাবার্ত্তা।
৩। উপজু—উপজিল। বিসরলি—ভুলিলাম।
৪। সোহাওন—শোভন।
৫। জসু—যাহার। নেঞোছন—নির্ম্মঞ্ছন।
৬। অধরাঞে—অর্দ্ধ। ভঁউহ ভঙ্গা—ভ্রূভঙ্গ।
৮। সুরতান—সম্রাট।
৯। মেধা—শিবসিংহের অপরা স্ত্রী।

২। আন—অন্যমনা। বেধল—বিদ্ধ করিল।
৩। তসু—তাহার। গাতে—গাত্র। পাতে—পত্র।
৪। নেউছি--নির্ম্মঞ্ছন করিয়া। সনখত—সনক্ষত্র।
৫। গরই—গলিতেছে। জপেলু—জপ করিল।
১। সাথী—সাক্ষী।

শ্যামল সুন্দর এই পথে আসিতেছিল, তাই আমি তাহাকে দেখিতে পাইলাম, দেখিয়া অনুরাগের প্রাবল্যবশতঃ অঙ্গে অঞ্চল দিতে ভুলিয়া গেলাম, সখীগণ ইহার সাক্ষী আছে।

৩। মুরুছলি—মূর্চ্ছিত হইলাম।

সুরপতি পায়ে লোচন মাগঞো
গরুড় মাগঞো পাখী।
নন্দেরি নন্দন মঞে দেখি আবঞো
মন মনোহর রাখি ॥ ৫ ॥

১১

যমুনক তীরে তীরে সাঁকড়ি বাটি।
উবটি ন ভেলিহু সঙ্গ পরিপাটী ॥ ১ ॥
তরুতর ভেটল তরুণ কহ্নাই।
নয়নতরঙ্গে জনি গেলিহু সনাই ॥ ২ ॥
কে পতিয়ায়ত নগর ভরলা।
দেখইতে শুনইতে মোর হৃদয় হরলা ॥ ৩ ॥
পলটি ন হেরল গুরুজন লাজে।
বচন মোঞে চুকলিহু সখীহু সমাজে ॥ ৪
এতদিন অছলিহু অপনে গেয়ানে।
আবে মোরা মরম লাগল পচবাণে ॥ ৫ ॥
নিঠুর সখী বিশবাস ন দেই।
পরক বেদন পর বাটি ন লেই ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভাণে।
রায় শিবসিংহ লখিমা দেই রমাণে ॥ ৭ ॥

১২

অবনত আনন কয় হমে রহলিহু
বারল লোচন চোর।
পিয়া মুখরুচি পিবয় ধাওল
জনি সে চাঁদ চকোর ॥ ১ ॥
ততহু সঞো হঠে হটি মোঞে আনল
ধয়ল চরণ রাখি।
মধুক মাতল উড়য় ন পারয়
তইঅও পসারয় পাঁখী ॥ ২ ॥

মাধবে বোললি মধুর বাণী
সে শুনি মুদু মোঞে কান
তাহি অবসর ঠাম বাম ভেল
ধরি ধনু পচবাণ ॥ ৩ ॥
ঘনু পসেবে পসাহনি ভাসলি
তইসন পুলক জাগু।
চুনি চুনি ভয়ে কাঁচুঅ ফাটলি
বাহু বলয়া ভাগু ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি কম্পিত কর হো
বোলল বোল না যায়।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সামসুন্দর কায় ॥ ৫ ॥

১৩

সে অবইতে হম রমণী সমাজ।
দিঠি ভরি ন পেখল দারুণ লাজ ॥ ১ ॥
শুনি চিত উমত দেখি আঁখি ভোর।
চাঁদ উদয় বন্দী রহল চকোর ॥ ২ ॥
মিলল পুরুষবর ন পূরল কাম।
কিএ বিধি দাহিন কিএ বিধি বাম ॥ ৩ ॥

১৪

বিকে গেলিহুঁ মাধুর মধুরিপু
ভেটল সাধে ॥ ১ ॥
তহিখণে পঞ্চশর লাগল বিধিবশে
কে করু বাধে। ২ ॥
হার ভার ভেল তহিখণে
চীর চাঁদন ভেল আগি ॥ ৩ ॥
দখিণেঞো পবন দুসহ ভেল মোহি
পাপিনী বধ লাগি ॥ ৪ ॥

৫। আমি সহস্রলোচনের কাছে লোচন ভিক্ষা করি, গরুড়ের নিকট পাখা ভিক্ষা করি এবং মনকে মনোরথ রাখিয়া আমি নন্দের নন্দনকে দেখিয়া আসি।

১। সাঁকড়ি—সঙ্কীর্ণ। বাটি—পথ। উবটি—ফিরিয়া।

২। সনাই—স্নান করাইয়া।

৩। পতিয়ায়ত—প্রতীতি করিবে।

৪। চুকলিহু—ভুল হইল।

৫। অছলিহু—ছিলাম।

৬। বাটি—ভাগ করিয়া।

১। রহলিহু—রহিলাম।

২। ততহু—সেইস্থান। সঞো—হইতে। হঠ—বলবান্। হটি—নিবারণ করিয়া।

৩। তাহি—সেই। ঠাম—ঠাঁই।

৪। পসেবে—প্রস্বেদ। পসাহনি—প্রসাধনী। পুলক জাগু—পুলক জাগিল, রোমাঞ্চ হইল। ভাগু—ভাঙ্গিল।

৫। হো—হয়।

১। অবইতে—আসিতে। দিঠি—দৃষ্টি।

২। উমত—উন্মত।

৩। দাহিন—প্রসন্ন। বাম—বিমুখ।

১। মাথুর—মথুরায়।

২। তহিখণে—সেইক্ষণে।

৩। চাঁদন—চন্দন।

৪। আমি মথুরায় দুগ্ধ বিক্রয় করিতে গিয়াছিলাম, সেখানে ইচ্ছা করিয়াই যখন মাধবকে

কতনে যতনে ঘর অএলাহু
কেকর যতনে দধি দুধ কাজে ॥ ৫॥
মনহু ন মধুরিপু বিসরিয়
তেজল গুরুজন লাজে ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সুবদনি দুই দিঠে
হোএত সমাজে ॥ ৭ ॥
মনক মনোরথ পূরত মধুরিপু
আওব আজে ॥ ৮ ॥

১৫

কত ন বেদন মোহি দেসি মদনা।
হর নহি বলা মোহি যুবতি জনা ॥ ১ ॥
বিভূতিভূষণ নহি চান্দনক রেণু।
বাঘছাল নহি মোরা নেতক বসনু ॥ ২ ॥
নহি মোরা জটাভার চিকুরক বেণী
সুরসরি নহি মোরা কুসুমক শেণী ॥ ৩ ॥
চান্দনক বিন্দু মোরা নহি ইন্দু গোটা।
ললাট পাবক নহি সিন্দুরক ফোঁটা ॥ ৪ ॥

নহে কণ্ঠে কালকূট মৃগমদ চারু।
ফণিপতি নহি মোরা মুকুতা হারু ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন দেব কামা।
এক পএ দূষণ অছ ওহি নামক বামা ॥ ৬ ॥

১৬

মনমথ তোহে কি কহব অনেক।
দিঠি অপরাধে পরাণ পয় পীড়সি
ই তুয় কোন বিবেক ॥ ১ ॥
দাহিণ নয়ন পিশুনগণ বারণ
পরিজন বামহি আধ ॥ ২ ॥
আধ নয়ন কোণে যব হরি পেখল
তাহি ভেল এত পরমাদ ॥ ৩ ॥
পুর বাহির পথ করত গতাগত
কে নহি হেরত কান ॥ ৪ ॥
তোহর কুসুমশর কতহুঁ ন সঞ্চর
হমর হৃদয় পাঁচবাণ ॥ ৫ ॥

১৭

আধ নয়ন কয় তহুকর আধ।
কতবে সহব মনসিজ অপরাধ ॥ ১ ॥
কা লাগি সুন্দরী দরশন ভেল।
যেও ছল জীবন সেও দূর গেল ॥ ২ ॥
হরি হরি কঞোন করল হমে পাশ।
যে সবে সুখদ তাহি তহ তাপ ॥ ৩ ॥

দেখিলাম, তখনই বিধিবশে পঞ্চশর লাগিল, কে বাধা দিবে? তখন গলার হার ভার বোধ হইল, লেপিত চন্দন যেন আগুন বলিয়া প্রতীত হইল; পাপিনী আমাকে বধ করিবার জন্যই যেন স্নিগ্ধ দক্ষিণবায়ু দুঃসহ হইয়া উঠিল।

৫। অএলাহ—আইলাম।

৭। হোএত—হইবে।

৭-৮ বিদ্যাপতি কহিতেছে, সুন্দরি, এই দুই চক্ষে মিলন হইবে, মধুসূদন আজ আসিবেন, তোমার মনোরথ পূর্ণ করিবেন।

'কত ন বেদন' ইত্যাদি কবিতাটির তাৎপর্য্য :—

হে মদন, কেন আমাকে এত কষ্ট দিতেছ? আমাকে হর বলে না, আমি যুবতী। এ বিভূতি নয়, চন্দনের গুঁড়া; এ বাঘছাল নয়, গরদের কাপড়; এ জটাভার নয়, নিবিড় কেশদাম; এ গঙ্গা নয়, ফুলের মালা; কপালে চন্দ্র নয়, চন্দনের তিলক; ললাটে অগ্নি নয়, সিন্দুরের ফোঁটা; কণ্ঠে কালকুট বিষ নহে, কস্তুরী; এ ফণী নয়, মুক্তার হার। বিদ্যাপতি বলিতেছে, হে দেব মদন, একটা দোষ আছে, ইনি বামা, (মহাদেবের অন্যতম নাম বামদেব)।

১। দেসি—দিতেছিস্।

২। নেতক—অংশুকের, গরদের।

৩। শেণী—শ্রেণী।

৬। দূষণ অহ—দোষ আছে।

১। দিঠি অপরাধে—দৃষ্টির অপরাধে।

হে মন্মথ, তোমাকে আর অধিক কি বলিব। আমি মাধবকে দেখিয়াছি, শুধু এই অপরাধে আমার প্রাণ পীড়ন করিতেছ, এ তোমার কিরূপ বিচার?

২। দাহিণ—দক্ষিণ। পিশুনগণ—দুষ্টগণ।

২-৩। দক্ষিণ নয়নে খল ব্যক্তিগণের নিষেধ, বামলোচনের অর্দ্ধেক পরিজনের বারণ, অর্দ্ধ নয়নের কোণে (কটাক্ষে) হরিকে দেখিলাম, ইহাতেই এত প্রমাদ হইল?

৪-৫। বাটীর বাহির হইয়া পথে যাইতে কে না কানাইকে দেখে? তোমার একটিও কুসুম-শর আর কোথাও যায় না, আমারই হৃদয়ে পাঁচটি বাণ প্রবেশ করিল?

১। তহুকর—তাহার। কতবে—কতই বা।

২। কা লাগি—কিসের জন্য।

৩। কঞোন—কোন। তাহি তহ—তাহা হইতে।

সব দিশ কামিনী দরশন যায়।
তইঅও বেয়াধি বিরহ অধিকায় ॥ ৪ ॥
কঞোনক কহব মেদিনী সে থোল।
শিব শিব এহি জনম ভেল ওল ॥ ৫ ॥

১৮

এহি বাটে মাধব গেল রে।
মোহি কিছু পুছিও ন ভেল রে ॥ ১ ॥
মাথুর যাইত যমুনা তীর রে।
আন্তর ভেটল অহীর রে ॥ ২ ॥
নয়নহু নয়ন জুঝাএ রে।
হৃদয় ন ভেল বুঝায় রে ॥ ৩ ॥
মোহি ছল হোয়ত রতিরঙ্গ রে।
মধুর মধুরপতি সঙ্গে রে ॥ ৪ ॥
চিকুর ন ভেল সঁভারি রে।
বুঝলিহু কাহ্নে গোয়ারী রে ॥ ৫ ॥

১৯

প্রথমহি হৃদয় বুঝওলহ মোহি।
বড়ে পুণে বড়ে তাপে পৌলিসি তোহি ॥ ১
কামকলা রস দৈব অধীন।
মঞে বিকায়ব তঞে বচনহু কীন ॥ ২ ॥
দূতি দয়াবতি কহহি বিশেখি।
পুনু বেরা এক কইসে হোয়ত দেখি ॥ ৩ ॥
দূর দূরে দেখলি যাইতে আজ।
মন ছল মদনে সাহি দেব কাজ ॥ ৪ ॥
তাহি লয়ে গেল বিধাতা বাম।
পলটলি দিঠি শূন ভেল ঠাম ॥ ৫ ॥

২০

যখনে তুহুক দিঠি বিছুড়লি
তুহু মনে দুখ লাগু।
তুহুক আশা দীপ মিঝায়ল
মদন আঁকুর ভাঁগু ॥ ১ ॥
বিরহদহন দুহু সঁতাবয়
দুহু সমীহয় মেলি।
একক হৃদয় অওকে ন পাওল
তেঁ নহি কাউলি কেলি ॥ ২ ॥
বাম নয়না জঞো ভেল দূতে
ও দাহিণ রহু লজাই।
চেতন চেতন গুপুতি পিরীতি
পর কহহু ন যাই ॥ ৩ ॥
জই নব চন্দ পুরন্দর অন্তর
চন্দ ন তাসু সমানে।
দশম দশা পথ অঁগিরঞো
ন করঞো তেসর কানে ॥ ৪ ॥
মোহন শর মনোভবে সাজল
তনু পসাহল আগি।
বিনু অবসরে কি সখি বোলতি
পুনু দরশন লাগি ॥ ৫ ॥
শীতলি উকুতি যেহো যুগুতি
সমদল ছল আনে।
অব সয়াঁনা জানি কহুাই
মানি হল ধনী ধানে ॥ ৬ ॥
দগ্গন মুখ প্রতিবিম্ব নাঞী
বেকত ভেল বিকারে।
পুনুক আশা কাম পুরাবও
ভণে কবিকণ্ঠহারে ॥ ৭ ॥
হরি সরীসে জগত জানিয়
রূপনরায়ণ রন্তা।
রাজা শিবসিংহ সুচিরে জীবও
লখিমা দেবী সুকন্তা ॥ ৮ ॥

২১

আইলি নিকট বাটে ছুইলি মদন সাটে
দৃঢ় বান্ধে দরশিল কেশ ॥ ১ ॥

৪। তইঅও—তথাপি। অধিকায়—অধিক হয়।
২। মাথুর—মথুরা।
৫। সঁভারি—সংযত করা। গোয়ারী—মূঢ়া গ্রামকন্যা।
১। পৌলিসি—পাইলি।
২। মঞে—আমি। তঞে—তুই। কীন—ক্রয় করা।
৩। বিশেখি—বিশেষ করিয়া।
৫। পলটলি দিঠি—দৃষ্টি ফিরাইয়া। ঠাম—স্থান।
১। বিছুড়লি—ছাড়াছাড়ি হইল। মিঝায়ল—নিভিল। আঁকুর—অঙ্কুর।
২। সঁতাবয়—সন্তাপিত করে। সমীহয়—অভিলাষ করে।
৪। পুরন্দর—শিব। অঁগিরঞো—অঙ্গীকার করিবে। তেসর—তৃতীয় ব্যক্তি।
৬। শীতলি—শীতল। সমদল—কহিয়াছিল। সয়াঁনা—সেয়ানা। হল—যাও। ধানে—সন্নিধানে।
৭। নাঞী—ন্যায়। পুরাবও—পুরাইবে।
৮। সরীসে—সদৃশ। রন্তা—রাজা। জীবও—জীবিত থাকুন।
১। সাট—কষা।

রমণ ভবন বেরি পলটি পাছু হেরি
আলি দিঠি দয় গেলি সন্দেশ ॥ ২ ॥
আওর কি করতি সখি পরিণত শশিমুখি
কাহ্নু যদি ন বুঝ বিশেষ ॥ ৩ ॥
আচর ধরইতে করে লউলি লাজ ভরে
নমইতে মুখেরি উপাম ৪ ৪ ॥
ন জানঞো কমন জঞো কমল নাল সঞো
কমল মমোলল কাম ॥ ৫ ॥
কবি ভণে বিদ্যাপতি অভিনব রতিপতি
সকল কলারস জান ॥ ৬ ॥
রাজবল্লভ জীবও মতি শিরি মহেশ্বর
রেণুক দেবী রমাণ ॥ ৭ ॥

২২

যুবতি চরিত বড় বিপরীত
বুঝয় কে দহু পার ॥ ১ ॥
বুঝয় চেতন গুণ নিকেতন
ভুলল রহ গমার ॥ ২ ॥
সাজনি নাগরী নাগর রঙ্গ
সঙহি রহিয় তেসর ন বুঝ
লোচন লোল তরঙ্গ ॥ ৩ ॥
বলিত বদন বাঙ্কবিলোকন
কপটে গমন মন্দা ॥ ৪ ॥
দুই মন মিলল ঠাম অঙ্কুরল
পেম তরুঅর কন্দা ॥ ৫ ॥

২৩

কর কিশলয় শয়ন রচিত
গমন মঙল পেখি ॥ ১ ॥
অনি সরোরুহ অরুণ শুতল
বিনু বিরোধে উপেখি ॥ ২ ॥

২। রমণ—বল্লভ। আলি—বক্র, আড়।

৪। লউলি—নমিত হইল। ৫। কমন জঞো কেমন করিয়া। মমোলল—মুচড়াইল। ৭। মতি—মন্ত্রী।

১। দহু—কি।

২। চেতন—চতুর। গমার—গ্রামবাসী মূর্খ।

৪। বলিত—বলয়িত।

৫। কন্দা—কন্দ, মূল।

১। শয়ন—শয্যা।

২। শুতল—শয়ন করিল।

তুমি কিশলয়ের ন্যায় হস্ত দ্বারা শয্যা রচনা করিয়াছ এবং গগনমণ্ডল দেখিতেছ, অর্থাৎ গালে

নব ঘন জঞো নীর বরিষয়
নয়ন উজ্জল তোরা ॥ ৩ ॥
জনি সুধাকর করে কবলিত
অমিয় বম চকোরা ॥ ৪ ॥
কহ কমলবদনি।
কমনে পুরুষে হর আরাধিয়
জসু কারণে তোঞে ক্ষীণী ॥ ৫ ॥
উত্তঙ্গ পীন পয়োধর উপর
লখিয় অধরছায়া ॥ ৬ ॥
কনক গিরি পবার উপজল
বাপু মনোভব মায়া ॥ ৭ ॥
তৌ পুনু সে নারী বিরহে ঝামরি
পলটি পরলি বেণী ॥ ৮ ॥
শাস সমীরণ পিবয় ধাউলি
জনি সে কারি নাগিনী ৯ ॥
ভণ বিদ্যাপতি শুনহ জউবতি
সরূপ মোর বচনা ॥ ১০ ॥
অপন মনা থির পয় চাহিয়
পরে বিবচনে কোনা ॥ ১১ ॥

হাত দিয়া আকাশের দিকে চাহিয়া আছ। তাহাতে বোধ হইতেছে, যেন মুখপদ্ম অরুণবর্ণ করতলে শয়ন করিয়া আছে।

৩। জঞো—যেমন। বরিষয়—বর্ষণ করে।

৪। করে—কর দ্বারা। বম—উদ্গিরণ।

৩-৪। তোমার উজ্জ্বল নয়ন নূতন মেঘের মত বারি বর্ষণ করিতেছে; তাহাতে বোধ হইতেছে, চকোর চন্দ্রকিরণে কবলিত হইয়া সুধা বমন করিতেছে।

৫। কমনে—কোন। পুরুষে—পুরুষের জন্য। তোঞে—তুই।

বল কমলমুখি, মহাদেবের আরাধনা করিয়া তোমার শরীর যে এত ক্ষীণ করিয়াছ, তাহা কোন্ পুরুষের জন্য?

৬। লখিয়—দেখিতেছি। ৭। বাপু—শ্রেষ্ঠ।

৬ ৭। তোমার উত্তুঙ্গ পয়োধরের উপর অধরের ছায়াপাত দেখিয়া মনে হইতেছে, যেন মদনের ইন্দ্রজালপ্রভাবে সুবর্ণ-গিরির উপর প্রবাল উৎপন্ন হইয়াছে।

৮। তৌ পুনু—তাহাতে আবার। ঝামরি—মলিন।

৯। কারি—কালো।

১১। মনা—মন। পয়—মধ্যে। কোনা—কোন।

Uttarpara Jaikrishna Public Library
Gift No...1388 ....Date...1.1.2002

২৪

সপনেহু ন পুরল মনক সাধে।
নয়নে দেখল হরি এত অপরাধে ॥ ১ ॥
মন্দ মনোভব মন জর আগি।
দুলভ পেম ভেল পরাভব লাগি ॥ ২ ॥
চাঁদবদনী ধনী চকোরনয়নী।
দিবসে দিবসে ভেলি চউগুণ মলিনী ॥ ৩ ॥
কি করতি চাঁদনে কী অরবিন্দে।
বিরহ বিসর জক্রো শুতিয় নিন্দে ॥ ৪ ॥
অবুঝ সখীজন ন বুঝায় আধি।
আন ঔষধ কর আন বেয়াধি ॥ ৫ ॥
মনসিজ মনকে মন্দি বেবথা।
ছাড়ি কলেবর মানস বেথা ॥ ৬ ॥
চিন্ত'য়ে বিকল হৃদয় নহি থিরে।
বদন নিহারি নয়ন বহ নীরে ॥ ৭ ॥

শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ

১

গেলি কামিনী গজহুগামিনী
বিহসি পলটি নিহারি।
ইন্দ্রজাসক কুসুমসায়ক
কুহকি ভেলি বরনারী ॥ ১ ॥
জোরি ভুজযুগ মোরি বেঢ়ল
ততহি বয়ন সুছন্দ।
দাম চম্পকে কাম পূজল
যৈসে শারদ চন্দ ॥ ২ ॥
উরহি অঞ্চল ঝাঁপি চঞ্চল
আধ পয়োধর হেরু।
পবন পরাভবে শরদ ঘন জনি
বেকত কয়ল সুমেরু ॥ ৩ ॥

পুনহি দরশনে জীবন জুড়ায়ব
টুটব বিরহক ওর।
চরণে যাবক হৃদয় পাবক
দহই সব অঙ্গ মোর ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন যদুপতি
চিত থির নহি হোয়।
সে যে রমণী পরম গুণমণি
পুন কি মিলিব তোয় ॥ ৫ ॥

২

কবরী ভয়ে চামরী গিরি কন্দর
মুখ ভয়ে চাঁদ অকাশে।
হরিণী নয়ন ভয় স্বর ভয় কোকিল
গতি ভয় গজ বনবাসে ॥ ১ ॥
সুন্দরি কিএ মোহি সন্তাসি ন যাসি।
তুয় ডরে ইহ সব দূরহি পলায়ল
তুহুঁ পুন কাহি ডরাসি ॥ ২ ॥
কুচভয়ে কমল কোরক জলে মুদি রহু
ঘট পরবেশ হুতাসে।
দাড়িম সিরিফল গগনে বাস করু
শম্ভু গরল করু গ্রাসে ॥ ৩ ॥
ভুজভয়ে পঙ্কে মৃণাল লুকাএল
করভয় কিসলয় কাঁপে।
বিদ্যাপতি ভন কত কত ঐসন
কহব মদনপরতাপে ॥ ৪ ॥

৩

কিয় মঝু দিঠি পড়লি শশিবয়না।
নিমিখ নিবারি রহল দুহু নয়না ॥ ১ ॥
দারুণ বঙ্ক বিলোকন থোরা।
কাল হোই কিয়ে উপজল মোরা ॥ ২ ॥
মানস রহল পয়োধর লাগি।
অন্তরে রহল মনোভব জাগি ॥ ৩ ॥

২। জর—জ্বালায়।

৪। জক্রো—যদি। শুতিয়—শয়ন করে।

৬। বেবথা—ব্যবস্থা।

১। গজহুগামিনী—গজগামিনী। বিহসি—হাসিয়া। পলটি—ফিরিয়া। কুসুম-সায়ক—মদন। কুহকি—মুগ্ধকর। মদন নিজে ঐন্দ্রজালিক হইলেও নারীশ্রেষ্ঠা শ্রীরাধার কুহকে অভিভূত হইল।

২। জোরি—জুড়িয়া। মোরি—মুড়িয়া, ঘুরাইয়া। ততহি—তাহাতে, সেই স্থানে। বৈসে—যেমন।

৩। উরহি—বক্ষঃস্থলে। কয়ল—করিল। চঞ্চল অঞ্চলে বক্ষঃস্থল ঢাকিতে যাইয়া পয়োধরের অর্দ্ধাংশ দেখা গেল, তাহাতে বোধ হইল, যেন বায়ু-সঞ্চালনে শরতের মেঘ অপসৃত হইয়া সুমেরু প্রকাশিত করিল।

৪। ওর—সীমা। যাবক—আলতা।

১। সুন্দরীর কবরী দেখিয়া ভয়ে চমরী গিরি-কন্দরে পলাইল; মুখ দেখিয়া চাঁদ আকাশে উঠিল; নয়নের ভয়ে হরিণ, সুস্বরের ভয়ে কোকিল এবং গমনের ভঙ্গী দেখিয়া হরিণী বনে গমন করিল।

২। তুয়—তোমার। তুহুঁ—তুমি। কাহি—কাহাকে।

৩। রহু—থাকে। হুতাসে—অগ্নিতে। কুচ-ভয়ে পদ্মকলি জলমধ্যে মুদিত থাকে, ঘট অগ্নিতে

শ্রবণ রহল অছ শুনইতে রাব।
চলইতে চাহি চরণ নহি যাব ॥ ৪ ॥
আশা পাশ ন তেজই সঙ্গ।
অনায়ত করল হমর সব অঙ্গ ॥ ৫ ॥

রামা অধিক চঙ্গিম ভেল।
কত নে যতনে কত অদভুত
বিহি বিহি তোহে দেল ॥ ১ ॥
সুন্দর বদন সিন্দুর বিন্দু
সামর চিকুর ভার।
জনি রবি শশী সঙ্গহি উগল
পাছু কএ অন্ধকার ॥ ২ ॥
চঞ্চল লোচন বাঙ্কে নিহারয়
অঞ্জন শোভা পায়।
জনি ইন্দীবর পবনে পেলল
অলি ভরে উলটায় ॥ ৩ ॥
উনঙ্গ উরজ চীরে ঝপাবএ
পুনু পুনু দরশায়।
জইঅও যতনে গোপয় চাহয়
হিমিগিরি ন লুকায় ॥ ৪ ॥
এহনি সুন্দরি গুনক আগরি
পুনে পুনমত পাব।
ই রস বিন্দক রূপনরায়ন
কবি বিদ্যাপতি গাব ॥ ৫ ॥

নলুঞা বদনী ধনী বচন কহসি হসি।
অমিয় বরিখে জনি শরদ পূর্নিমশশী ॥ ১ ॥
অপরুব রূপ রমণী মণি।
যাইতে পেখল গজরাজগমনী ধনী ॥ ২ ॥

সিংহ জিনি মাঝা খীনি
তনু অতি কোমলিনী।
কুচ সিরিফল ভরে ভাঙ্গি পড়য় জনি ॥ ৩ ॥
কাজরে রঞ্জিত ধবল নয়ন বর।
ভ্রমর ভুলল জনি বিমল কমল পর ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি সে বর নাগর।
রাইরূপ হেরি গর গর অন্তর ॥ ৫ ॥

সজনি ভল কয় পেখল ন ভেলি।
মেঘমাল সঞে তড়িত লতা জনি
হৃদয়ে শেল দই গেলি ॥ ১ ॥
আধ আঁচর খসি আধ বদনে হসি
আধহি নয়ান তরঙ্গ।
আধ উরজ হেরি আধ আঁচর ভরি
তবধরি দগধে অনঙ্গ ॥ ২ ॥
একে তনু গোরা কনক কটোরা
অতনু কাঁচলা উপাম।
হারে হরল মন জনি বুঝি ঐসন
ফাঁস পশারল কাম ॥ ৩ ॥
দশন মুকুতা পাঁতি অধর মিলায়ত
মৃদু মৃদু কহতহি ভাষা।
বিদ্যাপতি কহ অতয়ে সে দুখ রহ
হেরি হেরি ন পূরল আশা ॥ ৪ ॥

যাইত পেখল নাহাইলি গোরী।
কতি সঞে রূপ ধনি আনলি চোরি ॥ ১ ॥

প্রবেশ করে, দাড়িম্ব ও শ্রীফল গগনে বাস করে এবং শম্ভু গরল গ্রাস করেন। ৩। মনোভব—মদন।

৪। রাব—রব, কথা।

৫। তেজই—ত্যাগ করে।

১। বিহি—বিধান। বিহি—বিধাতা।

৪। উনত উরজ—উন্নত পয়োধর, কুচকলি। চীর—বস্ত্র। ঝপাবএ—ঢাকা দেয়।

১। নলুঞাবদনী—ক্ষুদ্র, কোমলমুখী। কহসি—কহে। হসি—হাসি, হাসিয়া। বরিখে—বরিষে, বর্ষণ করে। পূর্নিম—পূর্ণিমা।

৩। সিরিফল—শ্রীফল। জনি—যেন, পাছে। ধনীর কটিদেশ ক্ষীণ দেখিয়া আমার মনে হইল, শ্রীফলতুল্য কুচভারে তাহা ভাঙ্গিয়া যাইবে।

১। পেখল—দেখা। সঞে—হইতে। মেঘমালা (নীল বসন) হইতে বিদ্যুল্লতা (রাধার রূপ) যেন হৃদয়ে শেল দিয়া গেল (ভাল করিয়া দেখিতে পাইলাম না, কেবল যাতনা রহিল)।

৩। কটোরা—বাটি। কাঁচলা উপাম—কাঁচুলির মত।

৪। মিলায়ত—মিলাইয়া যায়। কহতহি—কহে। অতয়ে—অতএব।

১। নহাইলি—স্নাতা। গোরী—সুন্দরী কতি সঞে—কোথা হইতে। আনলি—আনিল।

কেশ নিঙারইত বহু জলধারা।
চামরে গলয় জনি মোতিমহারা ॥ ২ ॥
অলকহি তিতল তহিঁ অতি শোভা।
অলিকুল কমলে বেঢ়ল মধুলোভা ॥ ৩ ॥
নীরে নিরঞ্জন লোচন রাতা।
সিন্দুরে মণ্ডিত জনি পঙ্কজ পাতা ॥ ৪ ॥
সজল চীর রহ পয়োধর সীমা।
কনক বেল জনু পড়ি গেল হিমা ॥ ৫ ॥
ও মুকি করতহি চাহে কিয় দেহা।
অবহি ছোড়বি মোহি তেজব নেহা ॥ ৬ ॥
ঐসন রস নহি পাওব আরা।
ইথে লাগি রোই গলয় জলধারা ॥ ৭ ॥
বিদ্যাপতি কহ শুনহ মুরারি।
বসন লাগল ভাব রূপ নেহারি ॥ ৮ ॥

কামিনী করয় সনানে।
হেরিতহি হৃদয় হনয় পচবানে ॥ ১ ॥
চিকুর গলয় জলধারা।
জনি মুখশশী ডরে রোয় অন্ধারা ॥ ২ ॥
তিতল বসন তনু লাগু।
মুনিহুক মানস মনমথ জাগু ॥ ৩ ॥
কুচযুগ চারু চকেবা।
নিজকুল মিলত আনি কোনে দেবা ॥ ৪ ॥
তেঁ শঙ্কাঞে ভুজপাশে।
বাঁন্ধি ধয়ল উড়ি জাএত অকাশে ॥ ৫ ॥
ভনই বিদ্যাপতি গাবে।
গুণমতী ধনি পুনমত জনি পাবে ॥ ৬ ॥

আজু মঝু শুভ দিন ভেলা।
কামিনী পেখল সনানক বেলা ॥ ১ ॥

২। গলয়—ঝরিতেছে। মোতিম—মুক্তা।
৪। নিরঞ্জন—কজ্জলশূন্য। রাতা—রক্তবর্ণ, লোহিত।
৬। অবহি—এখনই। ছোড়বি—ছাড়বে। নেহা—স্নেহ।
৭। রোই—কাঁদিয়া। গলয়—ঝরিতেছে।
১। সনান—স্নান।
৩। মুনিহুক—মুনিরও।
৪। চকেবা—চক্রবাক।

চিকুর গলয় জলধারা
মেহ বরিস জনি মোতিমহারা ॥ ২ ॥
বদন পোছল পরচুরে।
মাজি ধয়ল জনু কনক মুকুরে ॥ ৩ ॥
তেঞি উদসল কুচজোরা।
পলটি বৈসাওল কনক কটোরা ॥ ৪ ॥
নীবিবন্ধ করল উদেশ।
বিদ্যাপতি কহ মনোরথ শেষ ॥ ৫ ॥

১০

নহাই উঠল তীরে রাই কমলমুখী
সমুখে হেরল বরকান।
গুরুজন সঙ্গে লাজে ধনী নতমুখী
কৈসনে হেরব বয়ান ॥ ১ ॥
সখি হে অপরূব চাতুরী গোরি।
সব জন তেজি অগুসরি সঞ্চরি
আড় বদন ওঁহি ফেরি ॥ ২ ॥
ওঁহি পুন মোতি হার টুটি ফেকল
কহত হার টুটি গেল।
সব জন এক এক চুনি চুনি সঞ্চরু
শ্যাম দরশ ধনী লেল ॥ ৩ ॥
নয়ন চকোর কানু মুখ শশিবর
কয়ল অমিয় রসপান।
দুহু দুহু দরশনে রসহু পসারল
কবি বিদ্যাপতি ভান ॥ ৪ ॥

১১

অলখিতে হমে হেরি বিহসলি থোর।
জনি রজনী ভেল চাঁদ উজোর ॥ ১ ॥
কুটিলকটাখ লাট পড়ি গেল।
মধুকর ডম্বরে অম্বর দেল ॥ ২ ॥

২। মেহ—মেঘ। বরিস—বর্ষে। মোতিম-হারা—মুক্তাহার।
৩। পরচুর—প্রচুর। ধয়ল—ধরল, ধরিল।
৪। তেঁঞি—তেঁহ, তাহাতে। উদসল—অনাবৃত হইল।
৫। নীবিবন্ধ—কটীবন্ধ। করল উদেস—অনাবৃত করিল।
৩। টুটি—ছিঁড়ি। চুনি—চুননা, (হিন্দী), কুড়াইয়া, সঞ্চরু—সঞ্চরণ করিতে লাগিল।
৪। রসহু পসারল—রস বিস্তার করিল।
১। বিহসলি—মুচকিয়া হাসিল। চাঁদ উজোরি—চন্দ্রালোকে উজ্জ্বল।
২। লাট—ছটা।

কাহিক রমণী কে তাহি জান।
আকুল কয় গেলি হমর পরাণ ॥ ৩ ॥
নীলকমলে ভমর ধক্ক বারি।
চমকি চললি গোরি চকিত নিহারি ॥ ৪ ॥
তেঁ ভেল বেকত পয়োধর শোভ।
কনক কমল হেরি কাহি লোভ ॥ ৫ ॥
আধ মুকায়লি আধ উদাস।
কুচকুম্ভে কহি গেল অপনক আশ ॥ ৬ ॥
সে সবে অমিল নিধি দয় গেলি সন্দেশ।
কিছু নহি রখলহি রস পরিসেস ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি দুহু মন জাগু।
বিসম কুসুমসর কাহু জনু লাগু ॥ ৮ ॥

১২

কণ্টক মাঝ কুসুম পরগাস।
ভমর বিকল নহি পাবয় পাস ॥ ১ ॥
ভমরা ভেল ঘুরও সব ঠাম।
তোহ বিনু মালতি নহি বিসরাম ॥ ২ ॥
রসমতী মালতী পুন পুন দেখি।
পিবয় চাহে মধু জীয় উপেখি ॥ ৩ ॥
ও মধুজীবী তোঞে মধু রাসি।
সাঁচি ধরসি মধু মনে ন লজাসি ॥ ৪ ॥
অপনেহু মনে গুনি বুঝ অবগাহি।
তসু দূষন বধ লাগত কাহি ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি তৌ পয় জীব।
অধর সুধারস জৌঁ পয় পীব ॥ ৬ ॥

১৩

যঁহা যঁহা পদযুগ ধরই।
তঁহি তঁহি সরোরুহ ভরই ॥ ১ ॥
যঁহা যঁহা ঝলকত অঙ্গ।
তঁহি তঁহি বিজুরি তরঙ্গ ॥ ২ ॥
কি হেরল অপরুব গোরি।
পইসল হিয় মাহা মোরি ॥ ৩ ॥
যঁহা যঁহা নয়ন বিকাশ।
তঁহি তঁহি কমল পরকাশ ॥ ৪ ॥

যঁহা লহু হাস সঞ্চার।
তঁহি তঁহি অমিয় বিকার ॥ ৫ ॥
যঁহা যঁহা কুটিল কটাখ।
তঁহি তঁহি মদন শর লাখ ॥ ৬ ॥
হেরইতে সে ধনী থোর।
অব তিন ভুবন অগোর ॥ ৭ ॥
পুন কিয়ে দরশন পাব।
অব মোহে ইহ দুখ যাব ॥ ৮ ॥
বিদ্যাপতি কহ জানি।
তুয় গুণে দেয়ব আনি ॥ ৯ ॥

১৪

কুঞ্জলি কবরী অবনত আনন
কুচ পরশয় পরচারি।
কামে কমল লয়ে কনক শম্ভু জনি
পুজল চামর ঢারি ॥ ১ ॥
পলটি হেরি হল পেয়সী বয়না
মদন শপথ তোহি রে।
সামর লোমলতা কালিন্দী
হারা সুরসরি ধারা।
মজ্জন কয় মাধবে বর মাগল
পুনু দরশন এক বেরা ॥ ২ ॥

১৫

চিকুর নিকর তম সম
পুনু আনন পূর্ণিম শশী।
নয়নপঙ্কজ কে পতিয়ায়ব
এক ঠাম রহু বসি ॥ ১ ॥
আজ মোঞে দেখলি বারা।
লুবধ মানস চালক মদন
কর কি পরকারা ॥ ২ ॥
সহজ সুন্দর গোর কলেবর
পীন পয়োধর শিরী।
কনকলতা অতি বিপরীত
ফলল যুগল গিরি ॥ ৩ ॥
ভণ বিদ্যাপতি বিহিক ঘটন
কে ন অদভুদ জানে।
রাজা শিব সিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৪। বারি—বারই, নিবারণ করিয়া।
২। ঠাম—ঠাঁই, স্থান। বিসরাম—বিশ্রাম।
৩। পিবয়—পান করিতে। জীয় উপেখি—জীবন উপেক্ষা করিয়া। সাঁচি—সঞ্চয় করিয়া।
৪। লজাসি—লজ্জা পাস্।
৫। বুঝহ অবগাহি—স্থির করিয়া বুঝ।

৫। অমিয় বিকার—অমৃত বিকিরণ।
২। বারা—বালা। পরকারা—প্রকার।
৪। অদভুদ—অদ্ভুত।

১৬

অমিয়ক লহরী বম অরবিন্দ।
বিদ্রুম পল্লব ফুলল কুন্দ ॥ ১ ॥
নিরবি নিরবি মোঞে পুনু পুনু হেরু।
দমন লতা পর দেখল সুমেরু ॥ ২ ॥
সাঁচ কহঞো .মাঞে সাথী অনঙ্গ।
চান্দক মণ্ডল যমুনা তরঙ্গ ॥ ৩ ॥
কোমল কনককেয়া মূতি পাত।
মসি লয়ে মদনে লিখল নিজ বাত ॥ ৪ ॥
পঢ়হি ন পারিয় আখর পাতি।
হেরইতে পুলকিত হো তনু কাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কহঞো বুঝায়।
অরথ অসম্ভব কে পতিয়ায় ॥ ৬ ॥

১৭

সসন পরশ খসু অম্বর রে
দেখল ধনী দেহ।
নব জলধর তরে সঞ্চর রে
জনি বীজুরি রেহ ॥ ১ ॥
আজ দেখলি ধনি যাইত রে
মোহি উপজল রঙ্গ।
কনকলতা জনি সঞ্চর রে
মহি নিরঅবলম্ব ॥ ২ ॥
তা পুন অপরূব দেখল রে
কুচযুগ অরবিন্দ।
বিকসিত নহি কিছু কারণ রে
সোঝা মুখ চন্দ ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
রস বুঝ রসমন্ত।
দেবসিংহ নৃপ নাগর রে
হাসিনী দেবী কন্ত ॥ ৪ ॥

১৮

যাইতে মিললি কলাবতী রামা।
সে নহি দেখল যে দিয় উপামা ॥ ১ ॥

১। বম—উদ্গিরণ করে। বিদ্রুম—প্রবাল।
২। নিরবি—নির্ণয় করিয়া। দমন—দ্রোণলতা।
৩। সাঁচ—সত্য।
৪। মূতি—মূর্ত্তি।
৫। কাতি—কান্তি।
১। সসন—স্বসন, বায়ু। খসু—খসিল।
২। মোহি—আমার।
৩। সোঝা—সোজা, সম্মুখে।

ধৈরযে বুঝল চাতুরী নারী।
অনুভব কয় গেল কুটিল নিহারি ॥ ২ ॥
সৌরভে জানল পদুমিনী জাতি।
অন্তরে লাগি রহল দিন রাতি ॥ ৩ ॥

১৯

অপরূব পেখল সোই।
কনকলতাঞে উয়ল কিএ হিমকর
ঐসন লাগল মোই ॥ ১ ॥
কুটিল কেশ চঞ্চল অতি লোচন
নাসা আঁতর ভিন ॥ ২ ॥
রাগ অধর দশন মণি ভেটল
দুহু কুচ দুহু কঠিন ॥ ৩ ॥
ত্রিবলিক মাঝে তনু নিবি বান্ধল
নাভিসরোবর গোই ॥ ৪ ॥
ভারি জঘন সম্বল রহু দুবরি
পরদুখে দুখী নই কোই ॥ ৫ ॥

২০

সজনি অপরূপ পেখল রামা।
কনকলতা অবলম্বন উয়ল
হরিণহীন হিমধামা ॥ ১ ॥
নয়ন নলিনী দউ অঞ্জনে রঞ্জই
ভৌঁহ বিভঙ্গ বিলাসা।
চকিত চকোর জোর বিধি বান্ধল
কেবল কাজর পাশা ॥ ২ ॥
গিরিবর গরুয় পয়োধর পরশিত
গীমে গজমোতিম হারা।
কাম কম্বু ভরি কনক শম্ভুপরি
ঢারত সুরধুনী ধারা ॥ ৩ ॥

১। সোই—তাহাকে।
২। আঁতর—অন্তর।
৩। গোই—গোপন করিয়া।
৪। দুবরি—তন্বী।
১। পেখল—দেখিলাম। উয়ল—উদিত হইল। হিমধামা—চন্দ্র। হরিণহীন হিমধামা—চন্দ্রের অঙ্কে যে হরিণের চিহ্ন থাকে, তাহাকেই কলঙ্ক বলে, এখানে চন্দ্র (রাধার মুখ) হরিণহীন অর্থাৎ নিষ্কলঙ্ক।
২। দউ—দুই। ভৌঁহ—ভ্রূ। জোর—জোড়া। পাশা—রজ্জু।
৩। গরুয়—গুরু। গীম—গ্রীবা। কম্বু—শঙ্খ। ঢারত—ঢালিতেছে।
কণ্ঠস্থিত গজমুক্তার মালা পর্ব্বতের ন্যায় কঠিন

পয়াস পয়াগে যাগ শত যাগই
সোই পায় বহুভাগী।
বিদ্যাপতি কহ গোকুল নায়ক
গোপীজন অনুরাগী॥ ৪॥

২১

নাহি উঠল তীরে সে ধনী রাহি।
মঝু মুখ সুন্দরী অবনত চাহি॥ ১॥
এ সখি পেখল অপরূপ গোরি।
বল করি চিত চোরায়ল মোরি॥ ২॥
একলি চললি ধনী হোই অগুয়ান।
উমগি কহই সখি করহ পয়াণ॥ ৩॥
কিয়ে ধনী রাগি বিরাগিনী হোয়।
আশ নিরাশ দগধ তনু মোয়॥ ৪॥
কৈসে মিলব হমে সে ধনী অবলা।
চিত নয়ন মঝু দুহু তাহে রহলা॥ ৫॥
বিদ্যাপতি কহ শুনহ মুরারি।
ধৈরষ ধয় রহ মিলব বর নারী॥ ৬॥

২২

মুখ দরশনে সুখ পওলা
রস বিলসি ন ভেলা॥ ১॥
শরদ চান্দ সোহাঞোনা
উগিতহি অথ গেলা॥ ২॥
যদি হরি বিহি বিঘটাওলি
গজগামিনী বালা॥ ৩॥
গুণ অনুভবে মন মোহলা
অবসাদল দেহা॥ ৪॥
দুলভ লোভে ফল পওলা
আবে প্রাণ সন্দেহা॥ ৫॥
মেনকা দেবীপতি ভূপতি
রস পরিণতি জানে॥ ৬॥
নরনারায়ণ নাগরা কবি
ধীরে সরস ভাণে॥ ৭॥

২৩

জব গোধূলি সময় বেলি
ধনি মন্দির বাহর ভেলি।
নব জলধর বিজুরি রেহা
দন্দ পসারিয় গেলি॥ ১॥
ধনী অলপ বয়সি বালা
জনি গাঁথলি পুহপ মালা।
থোরি দরশনে আশ ন পূরল
রহল মদন জ্বালা॥ ২॥
গোরী কলেবর নুনা
জনি কাঞ্চরে উজোর সোনা।
কেশরী জিনি মাঝ ক্ষিনি
দুলহ লোচন কোণা॥ ৩॥
ঈষত হসনি সঞে
মুঝে হনল নয়নবাণে।
চিরে জীব রহু রূপনরায়ণ
কবি বিদ্যাপতি ভাণে॥ ৪॥

২৪

অপরুব পেখল আই।
কনক গিরি আউধ মুখে
চাঁদহু গরাসে যাই॥ ১॥
আওর পেখল কুচযুগ মাঝে
লোলিত মোতিমহারে॥ ২॥
কনক মহেশ কামহু পূজল
জনি সুরনদী ধারে॥ ৩॥

গুরু পয়োধর স্পর্শ করিতেছে, তাহাতে যেন বোধ হইতেছে, কাম কম্বু ভরিয়া গঙ্গার জলধারা কনক-শম্ভুর (সুবর্ণবর্ণ পয়োধরের) উপর ঢালিতেছে।

১। নাহি—নাহিয়া, স্নান করিয়া। রাহি—রাই।

৩। উমগি—ফিরিয়া।

২। সোহাঞোনা—শোভন। উগিতহি—উদিত হইতেই। শরতের চন্দ্র উদিত হইতেই অস্তাচলে গমন করিল।

৩। বিঘটাওলি—মন্দ ঘটাইল।

৪। অবসাদল—অবসাদিত করিল।

১। গোধূলি সময়ে বালা মন্দিরের (গৃহের) বাহির হইল। তাহাতে বোধ হইল যেন নব জলধর ও বিদ্যুৎ-রেখার দ্বন্দ্ব প্রসার করিয়া গেল। দ্বন্দ্ব শব্দ পরস্পর বিরোধভাবসূচক, মেঘেতে বিদ্যুদ্বিকাশ হইলে সেইরূপ বিপরীতভাব হইয়া থাকে, এখানে বালা (বিদ্যুৎ) গোধূলি (মেঘ), সুতরাং বালা যতই যাইতে লাগিল, ততই সে দ্বন্দ্ব দীর্ঘতর হইতে লাগিল।

৩। কাজরে—কৃষ্ণবর্ণ, নীল বস্ত্রে। উজোর—উজ্জ্বল।

১। আই—আজি। আউধ মুখে—অধোমুখে।

২। আওর—আর।

৩। কুচযুগলমধ্যে দোদুল্যমান মুক্তাহার দেখিয়া বোধ হইল, যেন মদন গঙ্গাতীরে কনক-মহেশ পূজা করিতেছে।

হেরি হসি উর অম্বরে ঝাঁপল
বঙ্কিম নয়ানে সেহ ॥ ৪ ॥
সে বিনু মোর চিত বেয়াকুল
বৈরষ নহি ধর দেহ ॥ ৫ ॥

২৫

আধ বদন হেরি লোচন আধ।
দেখব কিয়ে অরু পুন ভেল সাধ ॥ ১ ॥
পুন নহি দিঠি ভরি পেখল ভেলা।
মেঘ বিজুরি জইসে উগি লুকি গেলা ॥ ২ ॥
যাইতে পেখল নাগরী নারী।
হৃদয় বুঝায়ল পলটি নিহারি ॥ ৩ ॥
মন্থর গমনে বুঝল অনুরাগি।
তিল এক দেখল অবহু মন জাগি ॥ ৪ ॥
রূপ ভুলল আঁখি গেলই গেল।
তবধরি জগ ভরি ফুলশর ভেল ॥ ৫ ॥

২৬

লোচন চপল বদন সানন্দ।
নীল নলিনীদলে পূজল চন্দ ॥ ১ ॥
পীন পয়োধর রুচি উজরী।
শিরিফলে ফললি কনকমঞ্জরী ॥ ২ ॥
গুণমতি রমনি গজরাজ গতি।
দেখলি মোঞে যাইতে বর যুবতী ॥ ৩ ॥
গরুঅ নিতম্ব উপর কুচভার।
ভাঁগিবাকে চাহয়ে থেঘিবা কে পার ॥ ৪ ॥
তনু রোমাবলী দেখিয়ে ন ভেলি।
নিজ ধনু মনমথে থেঘ ন দেলি ॥ ৫ ॥
সম্ভ্রম সকল সখীজন বারি।
পেম বুঝওলক পলটি নিহারি ॥ ৬ ॥
আওর চতুরপণ কহহি ন যায়।
নয়নে নয়ন মিলি রহলি লুকায় ॥ ৭ ॥

তখন সঞো চাঁদ চন্দন ন সোহাব।
অবোধ নয়ন পুনু তঠমাহি ধাব ॥ ৮ ॥

২৭

দেখল কমলমুখী বরণি ন যাই।
মন মোর হরলক মদন জগাই ॥ ১ ॥
তনু সুকুমার পয়োধর গোরা।
কনকলতা জনি শিরিফল জোরা ॥ ২ ॥
কুঞ্জরগমনী অমিয় রস বোলে।
শ্রবণে সোহঞ্জম কুণ্ডল দোলে ॥ ৩ ॥
ভৌঁহ কমান ধএল তনু আগু।
তীখ কটাখ মদনশর লাগু ॥ ৪ ॥
সব সহ শুনিয় ঐসন বেবহারা।
মারিয় নাগর উবর গমারা ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি বৌতুক গাব।
বড় পুণে রসবতী রসিক রিঝাব ॥ ৬ ॥

২৮

অম্বর বিঘটু অকামিক কামিনী
করে কুচ ঝাঁপু সুছন্দা।
কনকশম্ভু সম অনুপম সুন্দর
দুই পঙ্কজ দশ চন্দা ॥ ১ ॥
কত রূপ কহব বুঝাই।
মন মোর চঞ্চল লোচন বিকলে
ও ও অনইতে যাই ॥ ২ ॥
আড় বদন কএ মধুর হাস দএ
সুন্দরী রহু সির লাই।
অওঁধা কমল কান্তি নহি পুরএ
হেরইত যুগ বহি যাই ॥ ৩ ॥

৮। সোহাব—শোভন বলিয়া বোধ হয়।
তঠমাহি—সেই স্থানে।
বরণি—বর্ণন করা।
সোহঞ্জম—সুন্দর।
কমান—ধনু।
উবর—মুক্ত হয়। গমারা—গোঁয়ার, গ্রাম-বাসী নির্ব্বোধ।
রিঝাব—প্রসন্ন করে।
বিঘটু—স্থানান্তরিত। অকামিক—অকস্মাৎ। সুঝন্দা—সুছাঁদে।
অকস্মাৎ বস্ত্র সরিয়া যাওয়াতে কামিনী হস্ত দ্বারা সুন্দর ভঙ্গীতে কনক-শম্ভুর ন্যায় নিজ কুচযুগল আচ্ছাদিত করিল।

১। আরু—আবার।
২। দিঠি—দৃষ্টি। উগি—উদিত হইল। লুকি—লুক্কায়িত হইল।
৪। তাহার মন্থর গমন দেখিয়া সে যে অনুরাগিণী, তাহা বুঝিলাম।
৫। আমার চক্ষু রূপে ভুলিয়া তাহার সহিত গেল, তদবধি জগৎময় কেবল ফুলশরই দেখিতেছি, অর্থাৎ আমি মদন-শরে আচ্ছন্ন হইয়াছি।
৪। ভাঁগিবাকে—ভাঙ্গিতে। থেঘিবা—বলম্বন দিতে।
২। ও ও—ঐ ঐ। অনইতে—অনায়ত্ত।
৩। লাই—নমিয়া। দএ—দিয়া। অওঁধা—নতমুখ।

ণই বিদ্যাপতি শুন বর যৌবতি
পুহবি নব পঞ্চবাণে
াজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

২৯

সহজহি আনন সুন্দর রে
ভঁউহ সুরেখলি আঁখি।
পঙ্কজ মধু পিবি মধুকর
উড়য় পসারয় পাখী ॥ ১ ॥
ততহি ধাওল দুহু লোচন রে
যতহি গেলি বরনারী।
আশা লুবুধল ন তেজয়ে রে
কৃপণক পাছু ভিখারী ॥ ২ ॥
ইঙ্গিত নয়ন তরঙ্গিত দেখল
বাম ভঁউহ ভেল ভঙ্গ।
তখনে ন জানল তেসরে
গুপুত মনোভব রঙ্গ ॥ ৩ ॥
চন্দনে চরচু পয়োধর গৃধ
গজ মুকুতা হার।
ভসমে ভরল জনি শঙ্কর
শির সুরসরি জলধার ॥ ৪ ॥
বাম চরণ অগুসারল দাহিণ
তেজইতে লাজ।
তখন মদন শরে পূরল
গভি গজ্জয়ে গজরাজ ॥ ৫ ॥
আজ যাইতে পথে দেখলি রে
রূপে রহল মন লাগি।
তেহি ক্ষণ সঞো গুণগৌরব রে
ধৈরয গেল ভাগি ॥ ৬ ॥
রূপ লাগি মন ধাওল রে
কুচকাঞ্চন গিরি সাঁধি।
তেঁ অপরাধে মনোভব রে
ততহি ধএল জনি বাঁধি ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
রস বুঝ রসমন্তা।
রূপনরায়ণ নাগর রে
লখিমা দেবীক সুকন্তা ॥ ৮ ॥

৪। পুহবি—পৃথিবী।
১। সহজহি—স্বভাবতঃ।
৩। তেসরে—তৃতীয় ব্যক্তি।

৩০

পথগতি পেখল মো রাধা।
তখনুক ভাব পরাণ পৈ পীড়লি
রহল কুমুদনিধি সাধা ॥ ১ ॥
নহুয়া নয়নী নলিনী জনি অনুপম
বক্ষ নিহারই থোরা।
জনি শৃঙ্খল মে খগবর বাঁধল
দিঠিহু লুকায়ল মোরা ॥ ২ ॥
আধ বদনশশী বিহসি দেখাউলি
আধ পিহলি নিজ বাহু।
কিছু এক ভাগ বলাহকে ঝাঁপল
কিছু এক গরাসল রাহু ॥ ৩ ॥
করযুগ পিহিত পয়োধর অঞ্চল
চঞ্চল দেখি চিত ভেলা।
হেম অমলিনী জনি অরুণিত চঞ্চল
মিহির তর নিন্দ গেলা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মধুরপতি
ইহ রস কে পয় বাধা।
হাস দরশ রসে সবহু বুঝায়ল
নাল কমল দুই আধা ॥ ৫ ॥

৩১

দয় গেলি সুন্দরি দয় গেলী রে
দয় গেলি দুই দিঠে মেরা।
পুনু মন কর ততহি যাইয়
দেখিয় দোসরি বেরা ॥ ১ ॥
সার চুনি চুনি হার যে গাঁথল
কেবল তারা জ্যোতি।
অধর রূপ অনুপম সুন্দর
চান্দে পরীহলি মোতি ॥ ২ ॥
ভমর মধু পিবি পিবি মাতল
শিশিরে ভিজল পাখী।
অলপে কাজল নয়ন আঁজল
নহুমি দেখিয় আঁখি ॥ ৩ ॥

১। পথগতি—পথে যাইতে। পৈ—মধ্যে।
২। নহুয়া—সুন্দর, কোমল।
৩। পিহলি—ঢাকিল। বলাহক—মেঘ।
৪। পিহিত—আবৃত।
১। মেরা—মিলন। দোসরি—দ্বিতীয়। বেরা—বার।
২। চুনি চুনি—বাছিয়া বাছিয়া।
৩। পাখী—পাখা। আঁজল—অঞ্জন করিল। নহুমি—কোমল।

কতে যতনে দূতী পঠাওল
আনয় গুয়া পান।
সগরে রজনী বইসি গমাওল
হৃদয় তনু পখান ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুনহ নাগর
ও নহি ও রস জান।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৫ ॥

দূতী-সংবাদ

১

ধনি ধনি রমণি জনম ধনি তোর।
সব জন কানু কানু করি ঝুরয়
সে তুয় ভাবে বিভোর ॥ ১ ॥
চাতক চাহি তিয়াসদ অম্বুদ
চকোর চাহি রহু চন্দা।
তরুলতিকা অবলম্বনকারী
মঝু মনে লাগল ধন্দা ॥ ২ ॥
কেশ পসারি যব তুহু অছলি
উরপর অম্বর আধা।
সে সব হেরি কানু ভেল আকুল
কহ ধনি ইথে কি সমাধা ॥ ৩ ॥
হসইতে কব তুহু দশন দেখায়লি
করে করে জোরহি মোর।
অলখিতে দিঠি কব হৃদয় পসারলি
পুন হেরি সখি করি কোর ॥ ৪ ॥
এতহু নিদেশ কহল তোঁহে সুন্দরি
জানি তুহু করহ বিধান।
হৃদয়পুতলি তুহু সে শূন কলেবর
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

২

জীবন চাহি যৌবন বড় রঙ্গ।
তব যৌবন যব সুপুরুখ সঙ্গ ॥ ১ ॥
সুপুরুখ প্রেম কবহু নহি ছাড়।
দিনে দিনে চান্দকলা সম বাঢ় ॥ ২ ॥
তুহু সে নাগরী কানু রসকন্দ।
বড় পুণে রসবতি মিলে রসবন্ত ॥ ৩ ॥

৪। সগরে—সমস্ত। পখান—পাষাণ।
৫। জান—জানে।
১। ধনি—ধন্য। ঝুরয়—অশ্রু মোচন করে।
৪। জোরহি—যুক্ত করিয়া।

তুহু যদি কহসি করিয় অনুসঙ্গ।
চোরি পিরীতি হোয় লাখগুণ রঙ্গ ॥ ৪ ॥
সুপুরুখ ঐসন নহি জগমাঝ।
অতে তাহে অনুরত বরজ সমাজ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ইথে নহি লাজ।
রূপগুণবতীক ইহ বড় কাজ ॥ ৬ ॥

৩

শুন শুন গুণবতী রাধে।
মাধব বধি কি সাধবি সাধে ॥ ১ ॥
চান্দ দিনহি দিন হীনা।
সে পুন পলটি খণে খণে খীণা ॥ ২ ॥
অঙ্গুরী বলয়া পুন ফেরি।
ভাঙ্গি গঢ়ায়ব বুঝি কত বেরি ॥ ৩ ॥
তোহর চরিত নহি জানি।
বিদ্যাপতি পুন শিরে কর হানি ॥ ৪ ॥

৪

এ ধনি কর অবধান।
তো বিনু উনমত কান ॥ ১ ॥
কারণ বিনু ক্ষণে হাস।
কি কহয় গদ গদ ভাষ ॥ ২ ॥
আকুল অতি উতরোল।
হা ধিক হা ধিক বোল ॥ ৩ ॥
কাঁপয়ে দুরবল দেহ।
ধরই ন পারই কেহ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ভাখী।
রূপনরায়ণ সাখী ॥ ৫ ॥

৫

শুন শুন সুন্দরি হিত উপদেশ।
হম শিখায়ব বচন বিশেষ ॥ ১ ॥
পহিলহি বৈঠবি শয়নক সীম।
আধ নিহারবি বঙ্কিম গীম ॥ ২ ॥
যব পিয় পরশব ঠেলবি পানি।
মৌন ধরবি কিছু ন কহবি বাণী ॥ ৩ ॥
যব পিয় ধরি বলে লেব নিজপাশ।
নহি নহি বোলবি গদ গদ ভাষ ॥ ৪ ॥

৪। অনুসঙ্গ—প্রসঙ্গ, এক কার্য্য করিতে গিয়া তাহার সঙ্গে অপর কার্য্যের সিদ্ধি।
৫। ভাখী—ভাষা, বাণী।
২। শয়নক সীম—শয্যার প্রান্তে। বঙ্কিম গীম—গ্রীবা বাঁকাইয়া। প্রথমে শয্যার প্রান্তে বসিবি, পরে গ্রীবা বাঁকাইয়া অর্থাৎ আড় চোখে চাহিবি।

প্রিয় পরিরম্ভণে মোড়বি অঙ্গ।
রভস সময় পুন দেয়বি ভঙ্গ ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি কি বোলব হাম।
আপহি গুরু হোই শিখায়ব কাম ॥ ৬ ॥

৬

এ ধনি কমলিনি শুন হিতবাণী।
প্রেম করবি যব সুপুরুখ জানি ॥ ১ ॥
সুজনক প্রেম হেম সমতুল।
দহইতে কনক দ্বিগুণ হোয় মূল ॥ ২ ॥
টুটইতে নহি টুট প্রেম অদভুত।
যৈসনে বাঢ়ত মৃণালক সূত ॥ ৩ ॥
সবহু মতঙ্গজে মোতি নহি মানি।
সকল কণ্ঠে নহি কোকিল বাণী ॥ ৪ ॥
সকল সময় নহ ঋতু বসন্ত।
সকল পুরুষ নারী নহ গুণবন্ত ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
প্রেমক রীত অব বুঝহ বিচারি ॥ ৬ ॥

৭

শুন শুন মুগধিনি মঝু উপদেশ।
হম শিখায়ব চরিত বিশেষ ॥ ১ ॥
পহিলহি অলকা তিলক কয় সাজ।
বঙ্কিম লোচনে কাজর রাজ ॥ ২ ॥
ঝাঁওবি বসনে ঝাঁপি সব অঙ্গ।
দূরে রহবি জনি বাত বিভঙ্গ ॥ ৩ ॥
সজনি পহিলহি নিয়রে যাব।
কুটিল নয়নে ধয় মদন জগাব ॥ ৪ ॥
ঝাঁপবি কুচ দরশাওবি কন্ধ।
দৃঢ় করি বান্ধবি নীবিহুক বন্ধ ॥ ৫ ॥
মান করবি কছু রাখবি ভাব।
রাখবি রস জনি পুনু পুনু আব ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি প্রথমক ভাব।
যে গুণবন্ত সোই ফল পাব ॥ ৭ ॥

৮

ন জানিয় পেমরস নহি রতিরঙ্গ।
কৈসে মিলব হম সুপুরুখ সঙ্গ ॥ ১ ॥
তোহর বচনে যব করব পিরীতি।
হম শিশুমতি অতি অপযশভীতি ॥ ২ ॥
সখি হে হম অব কি বোলব তোয়।
তা সঞে রভস কবহু নহি হোয় ॥ ৩ ॥
সে বর নাগর নব অনুরাগ।
পাঁচ শরে মদন মনোরথ জাগ ॥ ৪ ॥
দরশে আলিঙ্গন করব সোই।
জীউ নিকসব যব রাখব কোই ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ মিছাই তরাস।
শুনহ ঐসে নহ তকর বিলাস ॥ ৬ ॥

৯

পরিহর এ সখি তোহে পরণাম।
হম নহি যাএব সে পিয়া ঠাম ॥ ১ ॥
বচন চাতুরী হম কছু নাহি জান।
ইঙ্গিত ন বুঝিয় ন জানিয় মান ॥ ২ ॥
সহচরী মেলি বনায়ত বেশ।
বাঁধয় ন জানিয় অপন কেশ ॥ ৩ ॥
কভু নহি শুনিয়ে সুরতক বাত।
কৈসনে মিলব মাধব সাথ ॥ ৪ ॥
সে বর নাগর রসিক সুজান।
হম অবলা অতি অলপ গেয়ান ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ কি বলব তোয়।
আজুক মিলন সমুচিত হোয় ॥ ৬ ॥

১০

এ সখি এ সখি ন বোলহ আন।
তুয় গুণে লুবুধল সুন্দর কান ॥ ১ ॥
নিতি নিতি নিয়র আব বিনু কাজ।
বেকতয় হৃদয় মুকাবয় লাজ ॥ ২ ॥
অনতহি গমনে এতহি নিহার।
লুবুধল নয়ন হটএ কে পার ॥ ৩ ॥

৫। পরিরম্ভণ—আলিঙ্গন। মোড়বি—ফিরাইবি। রভস সময়ে—বিহারকালে।

৩। পদ্মের সুতা যেমন যতই টানা যায় ততই বাড়ে, তেমনি প্রেমও অদ্ভুত জিনিষ, যতই টান, ততই বাড়িতে থাকে, ভাঙ্গিয়াও ভাঙ্গে না।

৪। মতঙ্গজে—হস্তীতে।

১। মুগধিনি—মুগ্ধে। মঝু—আমার।

৪। নিয়রে—নিকটে।

৫। নীবিহুক—নীবীর। বন্ধ—বাঁধন।

৬। আব—আসে।

রভস—কেলি।
নিকসব—বাহির হইবে।
বনায়ত—বানায়, বিন্যাস করে।
আন—অন্য। লুবুধল—লুব্ধ।
নিতি—নিত্যই। বেকতয়—ব্যক্ত করে।
অনতহি—অন্যত্রও। এতহি—এই দিকেই।

সে অতি নাগর তোঞে তনু তুল।
এক নলে গাঁথ দুই জনি ফুল ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি কবিকণ্ঠহার।
একসর মনমথ দুই জীব মার ॥ ৫ ॥

১২

জহি ক্ষণে গমন হোয় মোর।
তহি ক্ষণে কানু কুশল পুছ তোর ॥ ১ ॥
মন দয় বুঝল তোহর অনুরাগ।
পুণফলে গুণমতি পিয়া মন জাগ ॥ ২ ॥
পুনু পুছ পুনু পুছ মোর মুখ হেরি।
কহিলিও কহিনী কবি কত বেরি ॥ ৩ ॥
আন বেরি অবসর চাল আন।
অপনে রভস কর কহিনী কান ॥ ৪ ॥
লুবধল ভমরা কি দেখ উপাম।
বাধল হরিণ না ছাড়য়ে ঠাম ॥ ৫ ॥

১৩

শুন শুন এ সখি কহন ন হোই।
রাই রাই কয় তনু মন খোই ॥ ১ ॥
করইতে নাম পেমে ভই ভোর।
পুলক কম্প তনু ঘরমহি নোর ॥ ২ ॥
গদ গদ ভাষা কহই বর কান।
রাহি দরশ বিনু নিকশে পরাণ ॥ ৩ ॥
যব নহি হেরব তকর সে মুখ।
তব জীউ ভার ধরব কোন সুখ ॥ ৪ ॥
তুহু বিনু আন নহি ইথে কোই।
বিসরয় চাহ বিসর নহি হোই ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নহি বিবাদ।
পূরহ তোহর সব মনসাধ ॥ ১ ॥

১৪

অপনা কাজ কওন নহি বন্ধ।
কে ন করয় নিজ পতি অনুবন্ধ ॥ ১ ॥
অপন অপন হিত সব কেও চাহ।
সে সুপুরুষ যে কর নিরবাহ ॥ ২ ॥
সজনি তাক জীবন থিক সার।
যে মন দয় কর পর উপকার ॥ ৩ ॥
আরতি অরতল আবয় পাস।
অছইতে বস্তু নহি করিয় উদাস ॥ ৪ ॥
সে পুনু অনতহু গেলে পাব।
অপনা মন পএ রহ পতাব ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি দৈন ন ভাখ।
বড় অনুরোধ বড়ে পএ রাখ ॥ ৬ ॥

১৫

মুদিত নয়নে হিয় ভুজযুগ চাপি।
শুতি রহল তঁহি কিছু ন অলাপি ॥ ১ ॥
পরসঙ্গে করলহি নামহি তোরি।
তবহি মিলিয় আঁখি চাহে মুখ মোরি ॥ ২ ॥
শুন ধনি ইথে নহি কহি আন ছন্দ।
তোহে অনুরত ভেল শামর চন্দ ॥ ৩ ॥
যোই নয়নভঙ্গি ন সহ অনঙ্গ।
সোই নয়নে অব নোর তরঙ্গ ॥ ৪ ॥
যোই অধর সদা মধুরিম হাস।
যোই নীরস ভেল দীর্ঘ নিশাস ॥ ৫ ॥
বিদ্যাপতি ভণ মিথ নহ ভাখি।
গোবিন্দদাস কহ তুহু তহি সাখী ॥ ৬ ॥

৪। তোঞে তনু তুল—তুমি তাহার সমান।

৫। একসর—একেশ্বর, একা।

১। যখনই আমি কানুর নিকট গমন করি, তখনই সে তোর কুশল জিজ্ঞাসা করে।

৩। কহিলিও কহিনী—কহা কথা।

৫। বাধল—বাঁধা। ঠাম—স্থান।

১। কহন ন হোই—কহা যায় না। খোই—খোয়ায়, নষ্ট করে।

২। ঘরমহি—ঘর্ম্ম। নোর—অশ্রু।

৫। তুমি ব্যতীত মাধবের আর কেহ ভালবাসার পাত্র নাই, তোমাকে ভুলিতে চেষ্টা করে কিন্তু পারে না।

১। কওন—কে। বন্ধ—বদ্ধ, লিপ্ত। অনুবন্ধ—চেষ্টা।

২। নিরবাহ—নির্ব্বাহ। সকলেই নিজের মঙ্গল কামনা করে; যে তাহা নির্ব্বাহ করিতে পারে, সেই সুপুরুষ।

৩। থিক—হয়।

১। সে মুদিত নয়নে বক্ষঃস্থল দুই হাতে চাপিয়া ধরিয়া শয়ন করিয়া রহিল, কিছুমাত্র আলাপ করিল না।

২। পরসঙ্গে—প্রসঙ্গ ক্রমে। মোরি—ফিরাইয়া। যখন প্রসঙ্গক্রমে তোর নাম করিলাম, তখন সে মুখ ফিরাইয়া নয়ন উন্মীলন করিল।

৩। আন ছন্দ—অন্য রূপ। অনুরত—অনুরক্ত। শামর চন্দ—শ্যামচন্দ্র।

৪। নোর তরঙ্গ—অশ্রুপ্রবাহ।

৬। গোবিন্দদাস—মৈথিল কবি গোবিন্দদাস ঝা, বিদ্যাপতির অসম্পূর্ণ পদ পূরণ করিয়াছেন।

১৬

কত অছ যুবতী কলাবতী আনে।
তোহি মানয়ে জনি দোসরি পরাণে ॥ ১ ॥
তুয় দরশন বিনু তিলাও ন জীবই।
দারুণ মদন বেদন কত সহই ॥ ২ ॥
শুন শুন গুণমতী পুণমতী রমণি।
ন কর বিড়ম্ব ছোটি মধু রজনী ॥ ৩ ॥
শামর অম্বর তনুক রঙ্গা।
তিমির মিলও শশী তুলিত তরঙ্গা ॥ ৪ ॥
সপুণ সুধাকর আনন তোরা।
পিউত অমিয় হসি চান্দ চকোরা ॥ ৫ ॥

১৭

আজু হম পেখল কালিন্দী কূলে।
তুয় বিনু মাধব বিলুঠয় ধূলে ॥ ১ ॥
কত শত রমণী মনহি নহি আনে।
কিয় বিষদহ সময় জল দানে ॥ ২ ॥
মদন ভুজঙ্গমে দংশল কান।
বিনহি অমিয় রস কি করব আন ৩ ॥
কুলবতী ধরম কাচ সমতুল।
মদন দলাল ভেল অনুকূল ॥ ৪ ॥
আনল বেচি নীলমণি হার।
সে তুহু পহিরবি করি অভিসার ॥ ৫ ॥
নীল নিচোলে ঝাপবি নিজ দেহ।
জনি ঘন ভিতরে দামিনী রেহ ॥ ৬ ॥
চৌদিগে চতুর সখী চলু সঙ্গে।
আজু নিকুঞ্জে করহ রস রঙ্গে ॥ ৭ ॥
বল্লভ উজ্জ্বল নিকষ সমান।
নিজ তনু পরিখ হেম দশবান ॥ ৮ ॥

১। আনে—অন্য। দোসরি পরাণে—দোসর স্বরূপ।

৩। মধু রজনী—চৈত্র মাসের রাত্রি।

৪। মিলও—মিলিত। তুলিত তরঙ্গা—তুল্য, উপমা। নীলবস্ত্রে ও দেহের বর্ণে তিমিরাচ্ছন্ন শশীর উপমা হইবে।

১। বিলুঠয়—লুণ্ঠিত হয়।

২। অন্য শত শত রমণী আছে কিন্তু সে কাহারও কথা মনে আনে না; যখন বিষের জ্বালা আরম্ভ হয়, তখন জলদান করিয়া কি হইবে?

৫। পহিরবি—পরিধান করিবি।

১৮

আজ পেখল নন্দকিশোর।
কেলি বিলাস সহজ অব তেজল
অহ নিশি রহত বিভোর ॥ ১ ॥
যবধরি চকিত বিলোকি বিপিন তটে
পলটি আওলি মুখ মোরি।
তবধরি মদনমোহন তরু কাননে
লুটই ধীরজ পুন ছোরি ॥ ২ ॥
পুন ফিরি সোই নয়নে যদি হেরবি
পাওব চেতন নাহ।
ভুজঙ্গিনী দংশি পুনহি যদি দংশয়
তবহি সময় বিষ যাহ ॥ ৩ ॥
অব শুভখণ ধনি মণিময় ভূষণ
ভূষিত তনু অনুপাম।
অভিসরু বল্লভ হৃদয় বিরাজহ
জনি মণি কাঞ্চনদাম ॥ ৪ ॥

১৯

প্রথম শিরীফল গরবে গমওলহ
জৌঁ গুণ গাহক আবে।
গেল যৌবন পুনু পলটি ন আবয়
কেবল রহ পচতাবে ॥ ১ ॥
সুন্দরি বচনে করহ সমধানে।
তোহ সনি নারী দিবস দশ অছলিহু
ঐসন উপজু মোহি ভানে ॥ ২ ॥

২। যবধরি—যদবধি। মোরি—ফিরাইয়া। তদধরি—তদবধি। ছোরি—ছাড়িয়া।

৩। নাহ—নাথ। যাহ—যায়।

৪। এখন শুভক্ষণ উপস্থিত, এইবার তুমি মণিময় ভূষণে সুন্দর তনু বিভূষিত করিয়া অভিসারে গমন কর। সুবর্ণের মালায় যেমন মণি শোভা পায়, তুমিও তদ্রূপ বল্লভের হৃদয়ে বিরাজ কর।

১। গমওলহ—কাটাইলে। জৌঁ—যখন। গাহক—গ্রাহক। আবয়—আসে। রহ—রহে। পচতাব—পশ্চাত্তাপ।

প্রথমে শ্রীফল-(পয়োধর) গরবে অর্থাৎ যৌবন-গর্ব্বে গুণগ্রাহককে দান না করিয়া সময় কাটাইয়া দিলে, সে যৌবন আর ফিরিয়া আইসে না। পশ্চাত্তাপ মাত্র রহিয়া যায়।

২। সমধানে—সমাধান। সনি—সম। অছলিহু—ছিলাম। ঐসন—এমন। উপজু—উপজিতেছে। মোহি—আমার। ভানে—ভাব, অনুমান।

যৌবন রূপ তাবে ধরি সাজত
যাবে মদন অধিকারী।
দিন দশ গেলে সেহও পলায়ত
সকল জগত পরচারী॥ ৩॥
বিদ্যাপতি ভন যুবতি লাখে লহ
পড়ল পয়োধর তুলে।
দিনে দিনে অগে সখি ঐসনি হোয়বহ
ঘোষিণী ঘোরক মূলে॥ ৪॥

২০

সে অতি নাগর তোঞে সব সার।
পসরও মল্লী পেম পসার॥ ১॥
যৌবন নগরী বেসাহব রূপ।
ততে মূল হোইহ যতে স্বরূপ॥ ২॥
সাজনি রে হরি রস বণিজার।
গোপ ভরমে জনু বোলহ গমার॥ ৩॥
বিধিবশে অধিক কর জনু মান।
সোরহ সহস গোপীপতি কান॥ ৪॥
তোহ হুনি উচিত রহত নহি ভেদ।
মনমথ মধথে করব পরিছেদ॥ ৫॥

৩। তাবে ধরি—তাবৎ কাল। সেহও—সেও। পরচারী—প্রচার হইয়াছে। যৌবনের রূপ তত দিন সাজে, যত দিন মদন তাহার অধিকারী থাকে, দশ (কিছু) দিন গেলে মদন চলিয়া যায়, ইহা সকলেই জানে।

৪। লহ—অনুমান হয়। তুলে—তুলাযন্ত্র। হোয়বহ—হইবে। ঘোষিণী—গোয়ালিনী। ঘোরক—ঘোলের। বিদ্যাপতি কহিতেছে, ওগো সখি, গোয়ালিনীর ঘোলের মূল্য যেমন দিন দিন কমিয়া যায়, যৌবনও দিন দিন সেইরূপ কমিয়া যায়; কেন না, পয়োধর-রূপ তুলাযন্ত্রে যৌবন নির্ণীত হইয়া থাকে।

১। নাগর—রসিক। তোঞে সব সার—তুমি সকলের সার। পসরও—প্রসারিত কর। মল্লী—মল্লিকা, রাধিকার সম্বোধন। পসার—দোকান।

২। বেসাহব—বিক্রয় করিবে। যৌবনরূপ নগরীতে বিক্রয় করিবে, তাহা হইলেই স্বরূপ মূল্য হইবে।

৩। বণিজার—বণিক্। গমার—গোঁয়ার, মূর্খ।

৪। হুনি—সে। মধথে—মধ্যস্থ। পরিছেদ—পরিচ্ছেদ।

২১

সে অতি নাগর গোকুল কান।
নগরহু নাগরী তোহি সবে জান॥ ১॥
কত বেরি সাজনি কি কহব বুঝায়।
কয়লে ধন্ধে ধরম দূর যায়॥ ২॥
সুন্দরি রূপ গুণহু সঞো সার।
আদি অন্ত নহি মহঘ পসার॥ ৩॥
স্বরূপ নিরূপি বুঝউলিলি তোহি।
জনু পরতারি পঠাবসি মোহি॥ ৪॥
বিদ্যাপতি কহ বুঝ রসমন্ত।
শিরি শিবসিংহ লখিমা দেবী কন্ত॥ ৫॥

২২

মাসে পক্ষে উগয় কলানিধি
লইয়ে সকল নিজ সাজ।
তনু মুখ সম নহি দেখিয়
তেঁ খিণ মনে গুণি লাজ॥ ১॥
কওন পুরুষ ধনি
যাহি করবহ অনুরাগ।
কে অছ এহি মহীতল
যে অরজল হেন ভাগ॥ ২॥
শামর চামর নিন্দয়
কোমল কেশ কলাপ।
ভৌঁহ মনোহর কি কহব
কামে তেজল শর চাপ।
পবন চলিত নব পল্লব
কুচ কোরক ডরে কাঁপ॥ ৩॥

১। গোকুল নগরীতে কানাই অতি নাগর, আর তুমিও নগরী মধ্যে প্রধানা নাগরী, তাহাও সকলে বিদিত আছে।

২। ধন্ধ—সংশয়।

৩। মহঘ—মহার্ঘ। পসার—বিক্রয়ের সামগ্রী।

৪। বুঝউলিসি—বুঝাইলাম। পরতারি—প্রতারণা করিয়া।

১। উগয়—উদিত হয়। তেঁ—সেইজন্য। খিণ—ক্ষীণ।

২। যাহি—যাহাকে। অছ—আছে। —অর্জ্জন করিল।

৩। শামর—কৃষ্ণবর্ণ।

।

বেগে ধাওল নহি পাওল
আশা লুবুধল লোভ।
এহনি রমণী নৃপ সিংহ কহ
হরিহি নিকট পৈঁ শোভ ॥ ৪ ॥

২৩

কত ন জাতকী কত ন কেতকী
কুসুম বন বিকাশ।
তই অও ভমর তোহি সুমর
ন লেয় কতহু বাস ॥ ১ ॥
মালতি বধও জাএত লাগি।
ভমর বাপুর বিরহে আকুল
তুয় দরশন লাগি ॥ ২ ॥
যথনে যতয় বন উপবন
ততহি তোহি নিহার।
লিখি মহীতল তোহি পরেখয়
তোহর জীবন সার ॥ ৩ ॥
সময় গেলে নেহ বঢ়ওবহ
কুসুম হোয়ত শাল।
ভমর জনু অচেতন বুঝহ
ছুইতে কর নিমাল ॥ ৪ ॥

২৪

লাখে তরুবর কোটিহি লতা
যুবতী কত ন লেখ।
সব ফুলমধু মধুর নহি
ফুলহু ফুল বিশেখ ॥ ১ ॥
যে ফুল ভমর নিন্দহু সুমর
বাসি বিসরয় ন পার।
যাহি মধুকর উড়ি উড়ি পর
সে হে সংসারক সার ॥ ২ ॥

সুন্দরি অবহু বচন শুন।
সবে পরিহরি তোহি ইছ হরি
আপু সরাহরি পুন ॥ ৩ ॥
তোরিএ চিন্তা তোরিএ কথা
শেজহু তোরিএ চাঞো।
স্বপনহু হরি পুনু পুনু করি
লয় উঠ তোরিএ নাঞো ॥ ৪ ॥
আলিঙ্গন দয় পাছু নিহারয়
তোহি বিনু শূন কোর।
অকথ কথা আপু অবথা
নয়নে তেজয়ে নোর ॥ ৫ ॥
রাহি রাহি যাহি মুহ শুনি
ততহি অপএ কান।
শিরি শিবসিংহ ই রস জানয়
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৬ ॥

২৫

স্বরূপ কথা কামিনী শুনু।
পরেরি আগে কহহি জনু ॥ ১ ॥
তঞে অতি নিঠুরী ও অনুরাগী।
সগরি নিশি গমাবএ জাগি ॥ ২ ॥
এ রে রাধে জানি ন জান।
তোরে বিরহে বিমুখ কান ॥ ৩ ॥
তোরিএ চিন্তা তোরিএ নাম।
তোরি কহিনী কহয়ে সব ঠাম ॥ ৪ ॥
আওর কি কহব সিনেহ তোর।
সুমরি সুমরি নয়ন নোর ॥ ৫ ॥
নিতে সে আবয়ে নিতে সে জাএ।
হেরইতে হসইতে সে ন লজাএ ॥ ৬ ॥
ন পিন্ধ কুসুম ন বান্ধ কেশ।
সবহি শুনাব তোর উপদেশ ॥ ৭ ॥

৪। লুবুধল—লুব্ধ। পৈঁ—পায়। শোভ—শোভা।

১। জাতকী কেতকী—কুসুমবিশেষ। তইঅও—তথাপি। সুমর—স্মরণ করে।

২। বাপুর—বেচারা। মালতি—রাধার সম্বোধন।

৩। যতয়—যেখানে। লিখি—চিত্রিত করিয়া। পরেখয়—পরীক্ষা করে।

৪। বঢ়ওবহ—বাড়াইবে। শাল—শেল। অচেতন—অচতুর। নিমাল—নির্ম্মাল্য।

১। লেখ—সংখ্যা।

২। নিন্দহু—নিদ্রাতেও। সুমর—স্মরণ করে। বাসি—গন্ধ। বিসরয়—বিস্মৃত হইতে।

৩। ইহ—ইচ্ছা করে। আপু—আপনি। সরাহরি—প্রশংসা করে।

৪। শেজহু—শয্যাতেও। চাঞো—চায়। নাঞো—নাম।

৫। কোর—ক্রোড়। নোর—অশ্রু।

৬। রাহি—রাই। যাহি—যাহার। অপএ—অর্পণ করে, দেয়।

১। কহহি জনু—যেন কহিও না।

২। তঞে—তুই। নিঠুরী—নিষ্ঠুরা। সগরি—সমস্ত। গমাবএ—কাটায়।

৫। সুমরি—স্মরণ করিয়া। নোর—অশ্রু।

৭। পিন্ধ—পরিধান করে। শুনাব—শোনায়।

২৬

হেরিতহি দিঠি চিহ্নসি হরি গোরী।
চান্দ কিরণ যইসে লুবুধি চকোরী ॥ ১ ॥
হরি বড় চেতন তোরি বড়ি কলা।
তেসর ন জানয় দুই মন মেলা ॥ ২ ॥
মোঞে তঞো ভাব লাগি ভল দুজনা।
মনসিজ শর সন্ধান তরুণা ॥ ৩ ॥
জীবন মাহ যৌবন দিন চারি।
তথিহি সকল রস অনুভব নারী ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি বুঝ রসমন্ত।
রাজা অরজুন কমলা দেবী কন্ত ॥ ৫ ॥

২৭

আজ পেখল ধনি তোহর বড়াই।
তুয় সম রমণী ভুবনে অরু নাই ॥ ১ ॥
কত কত রমণী কানুক সঙ্গ।
অনুখণ করই তোহর পরসঙ্গ ॥ ২ ॥
হম কহল কিছু তোহর সম্বাদ।
চৌদিশে নাহেরি তোহর মুখ সাধ ॥ ৩ ॥
তুয় গুণ কহই রমণীগণ আগে।
বুঝলম নিচয় তোহর অনুরাগে ॥ ৪ ॥
ছল ছল নয়ন হরি ভেল আন।
ভাবে ভরল রহু তোহর ধেয়ান ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহি বিচার।
আবে উচিত ধনি হরি অভিসার ॥ ৬ ॥

২৮

যদি অবকাশ কইএ নহি তোহি।
কাঁ লাগি ততয় পঠওলয় মোহি ॥ ১ ॥
তোহরা হৃদয় বচন নহি থির।
নলনী পাত যইসন বহ নীর ॥ ২ ॥
আবে কি কহব সখি কহইতে অকাজ
অথিরক মধথ ভেল সম কাজ ॥ ৩ ॥
আশা লাগি সহত কত সাঠ।
গরুঅ ন হো অমড়াকাঁ কাঠ ॥ ৪ ॥
তোঁহে নাগরী গুণ রূপক গেহ।
অনুদিনে বুঝল কঠিন তুয় নেহ ॥ ৫ ॥
তহ্নিকা সতত তোহর পরথাব।
জনি নিরধন মন কতয় ন ধাব ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাব।
মগলে কানট কে নহি পাব ॥ ৭ ॥

২৯

সুন্দর মন্দিরে থির ন থাকয়
বচনে ন দয় কান।
চীর চিকুর এক ন সম্বর
কত ন বুঝাওব আন ॥ ১ ॥
রামা সবহু তোহর উদেশ।
বিরহে আকুল কহাই ফিরয়
দেশ বিদেশ ॥ ২ ॥
স্বপন কারণ শয়ন বরই
তুয় পরশন লাগি।
নয়ন মুদয় মদন ন দেই
হৃদয় উঠয় আগি ॥ ৩ ॥

৩০

তোহে কুলমতি রতি কুলবতী নারী।
বাঁকে দরশনে ভুলল মুরারি ॥ ১ ॥
উচিতহু বোলইতে আবে অবধান।
সংশয় মেললহু তহ্নিক পরাণ ॥ ২ ॥

১। হেরিতহি—দেখিতেই। চিহ্নসি—চিনিতে পারিস।

২। চেতন—চতুর। তেসর—তৃতীয় ব্যক্তি।

৩। মোঞে—আমি। তঞো—সেই কারণে। তরুণা—তরুণ।

৪। মাহ—মধ্যে।

জীবনের মধ্যে চার দিন (অল্প দিন) মাত্র যৌবন থাকে, তাহার মধ্যে নারী সকল রস অনুভব করিয়া থাকে।

১। বড়াই—গৌরব।

২। পরসঙ্গ—প্রসঙ্গ।

৩। নাহেরি—নাথের, মাধবের।

১। কইএ—কখনও। কাঁ—কিসের। ততয়—সেখানে। পঠওলয়—পাঠাইলে।

২। পাত—পত্র।

৩। আবে—এখন। অথিরক—অস্থির ব্যক্তির। মধথ—মধ্যস্থ।

৪। সাঠ—শান্তি। গরুঅ—ভারি।

৬। তহ্নিকা—তাঁহার। পরথাব—প্রস্তাব।

৭। মগলে—চাহিলে। কানট—জীর্ণ বস্ত্রখণ্ড।

১। চীর—বস্ত্র।

২। উদেশ—উদ্দেশ।

৩। স্বপন—নিদ্রা। আগি—অগ্নি।

১। বাঁকে দরশনে—বক্র দৃষ্টিতে, কটাক্ষে।

২। মেললহু—নিক্ষিপ্ত হইল। তহ্নিক—তাঁহার।

সুন্দরি কি কহব কহইতে লাজ।
ভোর ভেলা সে পরহু সঞো বাজ ॥ ৩ ॥
থাবর জঙ্গম মনহি অনুমান।
সবহিক বিষয় তোহর হোয় ভাণ ॥ ৪ ॥
আওর কহি কি বুঝওবিসি তোহি।
জনি উধমতি উমতাবয় মোহি ॥ ৫ ॥

৩১

আসাঞে মন্দির নিশি গমাবয়
সুখে ন শুত শঞান।
যখনে যতএ যাহি নিহারয়ে
তাহি তাহি তোহি ভাণ ॥ ১ ॥
মালতি সফল জীবন তোর।
তোরে বিরহে ভুবন ভময়ে
ভেল মধুকর ভোর ॥ ২ ॥
জাতকী কেতকী কত ন অছএ
সবহি রস সমান।
স্বপনেহু নহি তাহি নিহারয়
মধু কি করত পান ॥ ৩ ॥
বন উপবন কুঞ্জ কুটীরহি
সবহি তোহি নিরূপ।
তোহি বিনু পুনু পুনু মুরুছয়ে
অইসন পেম স্বরূপ ॥ ৪ ॥
সাহর নবহ সৌরভ ন সহ
গুজরি গীত ন গাব।
চেতন পাপ চিন্তাঞে আকুল
হরখে সভে শোহাব ॥ ৫ ॥

৩। ভোর—বিহ্বল। পরহু—পর। সঞো—সহিত। বাজ—কথা কহিতে।

৫। আওর—আর। বুঝওবিসি—বুঝাইব। উধমতি—উন্মত্ত। উমতাবয়—উন্মত্ত করে।

১। আসাঞে—আশাতে। গমাবয়—কাটায়। শুত—শয়ন করে। শঞান—শয্যা।

২। মালতি—রাধার সম্বোধন।

গৃহে আশাতে নিশা যাপন করে, শয্যায় সুখে শয়ন করে না। যেখানে যা কিছু যখন দেখে, তাহাতেই তোর অনুমান হয়।

৩। জাতকী কেতকী—পুষ্পবিশেষ বা অপরা রমণী।

৫। সাহর—সহকার। নবহ—নব। চেতন—চতুর। শোহাব—শোভা পায়।

যকর হৃদয় যতহি রতল
সে ধসি ততহি যাএ।
যইঅও যতনে বাঁধি নিরোধিয়
নিমন নীর থিরাএ ॥ ৬ ॥
ই রস রাজা শিবসিংহ জানয়
কবি বিদ্যাপতি ভাণ।
রাণী লখিমা দেবীবল্লভ
সকল গুণনিধান ॥ ৭ ॥

৩২

আনহু তোরহি নামে বজাব।
তোরি কহিনী দিন গমাব ॥ ১ ॥
স্বপনেহু তোর সঙ্গম পাএ।
কখনে কি নহি কি বিসুনাএ ॥ ২ ॥
কি সখি পুছসি তাহেরি কথা।
তাহি তহ ভঙ্গি তোরি অবথা ॥ ৩ ॥
যাহি যাহি তুয় সঙ্গ মেরি।
চকিত লোচন চউদিশ হেরি ॥ ৪ ॥
উঠি আলিঙ্গয়ে অপন ছায়া।
এতেহু পাপিনি তোহি ন দায়া ॥ ৫ ॥*

৩৩

কি কহব মাধব পুণফল তোর।
তোহর মুরলী রবে রাহি বিভোর ॥ ১ ॥
তাহি পুন শুনল নাম তোহার।
সে সব ভাব হম কহহি ন পার ॥ ২ ॥
অঙ্গ অবশ ভেল কাঁপি অগেয়ান।
মুরছিত ভেল ধনী কিছু নহি জান ॥ ৩ ॥
বুঝই ন পারিয় কৈসন রীত।
কিএ ভেল কিছু নহ পরতীত ॥ ৪ ॥
আবএ সে অব কাল পয় আজ।
বিদ্যাপতি কহ অবইতে কাজ ॥ ৫ ॥

৬। রতল—অনুরক্ত। ধসি—বেগে। নিরোধিয়—রোধ কর। নিমন—নিম্ন স্থান। থিরাএ—স্থির হয়।

১। আনহু—অপরকেও। বজাব—বলে, ডাকে। গমাব—কাটায়।

২। বিসুনাএ—বিস্মৃত হয়।

৩। তাহেরি—তাহার। তাহি—তাহার। তহ—হইতে। অবথা—অবস্থা।

* এই পর্য্যন্ত মাধবের দূতীর উক্তি। অতঃপর শ্রীরাধার দূতীর কথা আরম্ভ হইল।

৪। কৈসন—কেমন। পরতীত—প্রতীতি।

৩৪

তুহু মনমোহন কি কহব তোয়।
মুগুধিনী রমণী তুয় লাগি রোয়॥ ১॥
নিশি দিশি জাগি জপয় তুয় নাম।
থর থর কাঁপি পড়য় সোই ঠাম॥ ২॥
যামিনী আধ অধিক যব হোয়।
বিগলিত লাজ উঠয় তব রোয়॥ ৩॥
সখীগণ যত পরবোধয় তায়।
তাপিনী তাপে ততহি নহি ভায়॥ ৪॥
কহ কবিশেখর তাক উপায়।
রচইতে তবহি রজনী বহি যায়॥ ৫॥

৩৫

এ হরি এ হরি কর অবধান।
দরশ দান দয় রাখ পরাণ॥ ১॥
খণে খণ বর তনু ঝামর ভেল।
সরস বিলাস হাস সব দূর গেল॥ ২॥
ঢরকি ঢরকি বহ লোচন নোর।
অধর সুখায়ল নহি নিকসই বোল॥ ৩॥
দূরে গেল বসন দূর গেল লাজ।
তোহর সিনেহ ভেল এতেক অকাজ॥ ৪॥
উঠই ধরণী ধরি তেজই নিশাস।
জীবন অছয় পুন তুয় প্রতি আশ॥ ৫॥

৩৬

মাধব কি কহব সে বিপরীতে।
তনু ভেল জর জর ভাবিনী অন্তর
চিত রহল তনু ভীতে॥ ১॥
নীরস কমলমুখ করে অবলম্বই
সখী মাঝে বৈসলি গোই।
নয়নক নীর থির নহি বান্ধই
পঙ্ক কয়ল মহী রোই॥ ২॥

মরমক বোল বয়নে নহি বোলত
তনু ভেল কুহু শশীখীণা।
অবনী উপর ধনী উঠয় ন পারই
ধয়লি ভুজা ধরি দীনা॥ ৩॥
তপত কনয়া জনি কাজর ভেল তনু
অতি ভেল বিরহ হুতাশে।
কবি বিদ্যাপতি মনে অভিলাষত
কাহু চলহ তনু পাশে॥ ৪॥

৩৭

লোটই ধরণী ধরণী ধরি শোই।
খণে খণ শ্বাস খণে খণ রোই॥ ১॥
খণে খণ মুরছই কণ্ঠ পরাণ।
ইথি পর কি গতি দৈবে সে জান॥ ২॥
এ হরি পেখলো সে বর নারী।
ন জীবই বিনু কর পরশ তোহারি॥ ৩॥
কেহো কেহো জপয় বেদ দিঠি জানি।
কেহো নবগ্রহ পুছ জোতিঅ আনি॥ ৪॥
কেহো কেহো ধরি ধাতু বিচারি।
বিরহ বিখিন কোই লখই ন পারি॥ ৫॥

৩৮

নয়নক নীর চরণতল গেল।
থলহুক কমল অম্ভোরুহ ভেল॥ ১॥
অধর অরুণ নিমিষ নহি হোয়।
কিশলয় শিশিরে ছাড়ি হলু ধোয়॥ ২॥
শশিমুখী নোরে ওল নহি হোয়।
তুয় অনুরাগে শিথিল সব কোয়॥ ৩॥

১। মুগুধিনী—মুগ্ধা।
মনোমোহন তুমি, তোমায় আর কি বলিব। মুগ্ধা রমণী (রাধা) কেবল তোমার নিমিত্ত রোদন করে।
৩। যামিনী অর্দ্ধেকের অধিকও যখন অতীত হইয়া যায়, তখন লজ্জা ত্যাগ করতঃ তোমার জন্য রোদন করিতে থাকে।
৪। সে কিছুতেই সান্ত্বনা লাভ করিতে পারে না।
৩। নিকসাই—বাহির হয়। রহিয়া রহিয়া নয়নের জল পড়িতেছে, অধর শুষ্ক হইয়া গিয়াছে, মুখ দিয়া কথা বাহির হইতেছে না।
২। নীরস কমলমুখ হস্ত দ্বারা অবলম্বন করিয়া সখীগণের মধ্যে লুকাইয়া বসিয়া রহিল। নয়নের জল স্থির অর্থাৎ বন্ধ হয় না, তাহাতে মাটী ভিজিয়া কাদা হইল।
৩। কুহু—অমাবস্যা।
৪। তপত কনয়া—তপ্ত কাঞ্চন।
১। লোটই—লোটায়। শোই—শয়ন করে।
৪। বেদ—মন্ত্র। দিঠি—নজর। জোতিঅ—জ্যোতিষী।
৫। ধাতু—নাড়ী। বিখিন—খিন্ন।
১। থলহুককমল—স্থলপদ্ম। অম্ভোরুহ—জলপদ্ম।
চরণ এতক্ষণ শুধু মাটীতে থাকিয়া স্থলপদ্মের ন্যায় প্রতিভাত হইতেছিল, এখন নয়নের জল তাহাতে পড়িয়া জলপদ্মের ন্যায় বোধ হইতে লাগিল।
২। নিমিষ—নিমিষের তরে। ছাড়ি হলু—ছাড়িয়াছে। ধোয়—ধুইয়া।
৩। নোরে—অশ্রু। ওল—সীমা। সব কোয়—সকলে।

৩৯

সন্দর্শন

অবিরল নয়ন গরয় জলধার।
নব জলবিন্দু সহএ কে পার ॥ ১ ॥
কি কহব সাজনি তাহেরি কহিনী।
কহহি ন পারিয় দেখলি যহিনী ॥ ২ ॥
কুচযুগ উপর আনন হেরু।
চান্দ রাহু ডরে চড়ল সুমেরু ॥ ৩ ॥
অনিল অনল বম মলয়জ বিখ।
যেও ছুল শীতল সেও ভেল তীখ ॥ ৪ ॥
চান্দ সতাবএ সবিতাহু জিনি।
নহি জীবন একমত ভেল তিনি ॥ ৫ ॥
কিছু উপচার মান নহি আন।
তাহি বেয়াধি ভেষজ পচবাণ ॥ ৬ ॥
তুয় দরশন বিনু তিলাও ন জীব।
যইঅও কলাবতী পীউষ পীব ॥ ৭ ॥

৪০

রাহিক নবীন প্রেম শুনি দূতীমুখে
মনহি উলসিত কান।
মনোরথ কতহি হৃদয়ে পরিপূরল
আনন্দে হরল গেয়ান ॥ ১ ॥
সজনি বিহি কি পুরায়ব সাধা।
কত কত জনমক পুণফলে মিলব
সেহে গুণবতী রাধা ॥ ২ ॥
এত কহি মাধব তোরিত গমন করু
পথ বিপথ নহি মান।
সুন্দরী মন করি দূতী বদন হেরি
মনমথে জর জর প্রাণ ॥ ৩ ॥
ঐসন কুঞ্জে মিলল নব নাগর
সখিগণ সঞে জঁহা রাই।
দুহু দুহু বদন হেরি দুহু আকুল
বিদ্যাপতি কবি গাই ॥ ৪ ॥

সহজ প্রসন মুখ দরশ হৃদয় সুখ
লোচন তরল তরঙ্গ।
অকাশ পাতাল বস সেও কইসে ভেল অস
চাঁদ সরোরুহ সঙ্গ ॥ ১ ॥
বিধি নিরমলি রামা দোসরি লাছি সমা
ভল তুলায়ল নিরমাণ ॥ ২ ॥
কুচমণ্ডল শিরি হেরি কনক গিরি
লাজে দিগন্তর গেল।
কেও অইসন কহ সেও ন যুকতি সহ
অচল সচল কইসে ভেল ॥ ৩ ॥
মাঝ খীণ তনু ভরে ভাঁগি জায় জনু
বিধি অনুশয় ভেল সাজি।
নীল পটোর আনি অতি সে সুদৃঢ় জানি
যতনে সিরিজু রোমরাজি ॥ ৪ ॥
ভণ কবি বিদ্যাপতি কামে রমণী রতি
কৌতুক বুঝ রসমন্ত।
শিরি শিবসিংহ রাউ পূরব সুকৃতি পাউ
লখিমা দেবী রাণী কন্ত ॥ ৫ ॥

যকর নয়ন যতহি লাগল
ততহি শিথিল গেলা।
তকর রূপ স্বরূপ নিরূপয়
কাহু দেখি নহি ভেলা ॥ ১ ॥

৩। কুচযুগলের উপর মুখ দেখিয়াছি, তাহাতে মনে হইতেছে যেন রাহুর ভয়ে চন্দ্র সুমেরু পর্ব্বতের উপর উঠিয়াছে।

৪। বিখ—বিষ। তীখ—তীক্ষ্ণ।

৫-৬। সতাবএ—সন্তাপিত করে। তিনি—তিন। কিছুতেই কিছু হইতেছে না, এ রোগের ঔষধ একমাত্র পঞ্চবাণ।

৭। তিলাও—তিলমাত্র। পীব—পান করে।

১। রাহিক—রাইয়ের।

১। অস—অছ, হইয়াছে।

২। নিরমলি—নির্ম্মাণ করিল। দোসরি—দ্বিতীয়। লাছি—লক্ষ্মী।

৩। শিরি—শ্রী। সেও—তাহাও। কনক-গিরি কুচমণ্ডলের শ্রী দেখিয়া লজ্জায় দিগন্তরে গমন করিল। কেহ এমনও বলে যে, ইহাও যুক্তিযুক্ত নহে; কেন না, অচল কেমন করিয়া সচল হইতে পারে?

৪। ভাঁগি—ভাঙ্গিয়া। অনুশয়—অনুতপ্ত। সাজি—নির্ম্মাণ করিয়া। পটোর—পট্টসূত্র, রেশম। বিধাতা তাহার ক্ষীণকটি নির্ম্মাণ করিয়া অনুতপ্ত হইলেন; পাছে তাহা ভাঙ্গিয়া যায়, সেই জন্য অতিশয় সুদৃঢ় জ্ঞানে রেশমসূত্র আনিয়া তাহার রোমরাজি সৃজন করিলেন।

১। শিথিল—নিশ্চেষ্ট। কাহু—কাহাকেও।

কমলবদনী রাহী জগত তকর
পুন সরাহিয় সুন্দরি মিনতি যাহীরে ॥ ২ ॥
পীন পয়োধর চিবুক চুম্বয়ে
কিয়ে পটতর দেলা।
বদন চান্দ তরাসে লুকায়ল
পলটি হের চকোরা ॥ ৩ ॥

৩

রামা অধিক চন্দ্রিম ভেল।
কতনে যতনে কত অদভূত
বিহি বিহি তোহি দেল ॥ ১ ॥
সুন্দর বদন সিন্দুরবিন্দু
শামর চিকুরভার।
জনি রবি শশী সঙ্গহি উগল
পাছু কয় অন্ধকার ॥ ২ ॥
চঞ্চল লোচন বাঙ্কে নিহারয়
অঞ্জন শোভা পায়।
জনি ইন্দীবর পবনে পেলল
অলি ভরে উলটায় ॥ ৩ ॥
উন্নত উরজ চীরে ঝপাবএ
পুনু পুনু দরশাএ।
যইঅও যতনে গোঅএ চাহএ
হিমগিরি ন লুকাএ ॥ ৪ ॥
এহনি সুন্দরী গুণক আগরী
পুণে পুণমত পাব।
ই রস বিন্দক রূপনরায়ণ
কবি বিদ্যাপতি গাব ॥ ৫ ॥

৪

জনি হুতবহে হবি আনি মেরাওল
তা সম ভেল বিকার।
তুঅও নয়ন তোর বিষম মদন শর
শালয় হৃদয় হমার ॥ ১ ॥

হরি হরি কাঁ লাগি সুমুখি বিহসি হসি
হেরব জীবন পরল সন্দেহ ॥ ২ ॥
পীন পয়োধর অপরূপ সুন্দর
উপর মোতিম হার।
জনি কনকাচল উপর বিমল জল
দুহু বহ সুরসরি ধার ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর নাগর
সবহু হোয়ত পরকাশ।
রাজা শিবসিংহ রূপনরায়ন
লখিমা কন্ত উদার ॥ ৪ ॥

৫

সুন্দরি গরুঅ তোর বিবেক ॥
বিনু পরিচয়ে পেমক আঁকুর
পল্লব মেল অনেক ॥ ১ ॥
কখনে হোয়ত সুফল দিবস
বদন দেখব তোর।
বহুল দিবস ভুখল ভমর
পিউত চাঁদ চকোর ॥ ২ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণনিধান।
চীর জীবে জীবও রায় দামোদর
দশ শত অবধান ॥ ৩ ॥

৬

ভৌঁহলতা বড় দেখিয় কঠোর।
অঞ্জনে আঁজি হাসি গুণ জোর ॥ ১ ॥
সায়ক তীর কটাখ অতি চোখ।
ব্যাধ মদন বধই বড় দোখ ॥ ২ ॥
সুন্দরি শুনহ বচন মন লায়ে।
মদন হাত মোহি লেহ ছড়ায়ে ॥ ৩ ॥

ঘৃত। বিকার—যাতনা। শালয়—শেল বিদ্ধ করে। প্রজ্জলিত হুতাশনে হবি নিক্ষেপ করিলে যেরূপ তাহা দ্বিগুণতর বেগে জ্বলিয়া উঠে, সেইরূপ মদন-শররূপ তোমার দুই চক্ষু আমার হৃদয়ে শেল বিদ্ধ করিতেছে।

২। বিহসি হসি—স্মিত হাস্য করিয়া।

১। পেমক—প্রেমের। মেল—বিকাশ।

২। ভুখল—ক্ষুধিত। পিউত—পান করিবে। চাঁদ—চন্দ্রের সুধা।

১। আঁজি—রঞ্জিত করিয়া। জোর—জুড়িয়াছে।

২। চোখ—তীক্ষ্ণ। দোখ—দোষ।

৩। লায়ে—লাগাইয়া।

২। সরাহিয়—প্রশংসা করি।

৩। পটতর—উপমা।

২। সঙ্গহি—সঙ্গেই, একত্রে।

৩। বাঙ্কে—বক্রভাবে। পেলল—আন্দোলিত।

৪। চীরে—বস্ত্রে। ঝপাবএ—ঢাকে। দরশাএ—দেখাইয়া। পুনঃ পুনঃ উন্নত পয়োধর দেখাইয়া, বস্ত্র দ্বারা তাহা যত্নের সহিত ঢাকিতে চেষ্টা করে, কিন্তু হিমালয়কে কি কখন লুকান যায়?

৫। গুণক—গুণের। আগরি—অগ্রগণ্যা। পাব—পায়। ই—এই। বিন্দক—জ্ঞাতা। গাব—গায়।

১। হুতবহে—প্রজ্জলিত অগ্নিতে। হবি—

সহএ কে পার কাম পরহার।
কত পরাভব হো কি পরকার ॥ ৪ ॥
এহি জগ তিনিহু বিমল যশ লেহ।
কুচযুগ শম্ভু শরণ মোহি দেহ ॥ ৫ ॥

৭

তোড়এ মোঞে গেলহু ফুল।
মোতি মাণিকে তুল ॥ ১ ॥
সাজনি সাজি অছোরসি মোরি।
গরুবি গরুবি আরতি তোরি।
দিঠি দেখইতে দিবস চোরি ॥ ২ ॥
এত কহ্নাই পরধনে লোভ।
যে নহি লুবধ সেহে পএ শোভ ॥ ৩ ॥
নিকুঞ্জকের সমাজ।
ইথি নহি মুখলাজ ॥ ৪ ॥
ঢাকি রহে ন অপযশ রাশি।
সে করয়ে কাহ্ন যেন লজাসি।
যখনে নাগর নগর যাসি ॥ ৫ ॥
পীন পয়োধরভার।
মদন রায় ভণ্ডার ॥ ৬ ॥
রতনে জড়িত তাহেরি মাথ।
মলিন হোয়ত ন দেহে হাথ ॥ ৭ ॥
ভণ কবি কণ্ঠহার।
বস এতয় কে পার ॥ ৮ ॥
শিরি শিবসিংহ জানে তন্ত।
রতন সম লখীমা কন্ত।
সকল কলারস যে গুণমন্ত ॥ ৯ ॥

৮

কুঞ্জভবন সঞো নিকসলি রে
রোকল গিরিধারী।
একহি নগর বস মাধব হে
জনু কর বটবারী ॥ ১ ॥

ছাড়ু কহ্নইয়া মোর আঁচর রে
ফাটত নব সারী।
অপযশ হোয়ত জগত ভরি হে
জনু করিঅ উঘারী ॥ ২ ॥
সঙ্গক সখি অগুআইলি হে
হম একসরি নারী।
দামিনী আএ তুলায়ল হে
এক রাতি অঁধারী ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি গাওল রে
শুনু গুণমতি নারী।
হরিক সঙ্গ কিছু ডর নহি হে
তোঁহ পরম গমারী ॥ ৪ ॥

৯

কর ধয় করু মোহে পারে।
দেব মেঁ অপরূপ হারে কহ্নইয়া ॥ ১ ॥
সখি সব তেজি চলি গেলী।
ন জানু কোন পথ ভেলি কহ্নইয়া ॥ ২ ॥
হম ন যায়ব তুয় পাশে।
যায়ব ঔঘটঘাটে কহ্নাইয়া ॥ ৩ ॥
বিদ্যাপতি এহো ভাণে।
গুরুরি ভজু ভগবানে কহ্নইয়া ॥ ৪ ॥

১০

তুয় গুণ গৌরব শীল সোভাব।
সেহে লএ চঢ়লিহু তোহরি নাব ॥ ১ ॥

৪। সহএ—সহিতে। পরহার—প্রহার। পরকার—প্রকার, উপায়।

৫। তিনিহু—তিনই।

১। তোড়এ—ভাঙ্গিতে।

২। অছোরসি—কাড়িয়া লয়। গরুবি—গুরু। তোরি—ভাঙ্গে। দিঠি দেখইতে—চক্ষের উপর।

৫। যেন—যাহাতে।

১। সঞো—হইতে। নিকসলি—বাহির হইল। বস—বাস কর। বটবারী—বাটপাড়ি।

রাধা যখন কুঞ্জভবন হইতে বাহির হইল, তখন গিরিধারী তাহার পথরোধ করিয়া দাঁড়াইল। রাধা কহিল, মাধব, আমরা একই নগরে বাস করি, এরূপ বাটপাড়ি করিও না।

২। ফাটত—ছিঁড়িয়া যাইবে। সারী—সাড়ী। উঘারা—বিবস্ত্রা।

কানাই, আমার আঁচল ছাড়িয়া দাও, আমার নূতন কাপড় ছিঁড়িয়া যাইবে যে। আমাকে বিবস্ত্রা করিলে জগৎ জুড়িয়া তোমার অপযশ হইবে।

৩। সঙ্গক—সঙ্গের। অগুআইলি—অগ্রসর হইল। একসরি—একাকিনী। আএ—আসিয়া। তুলায়ল—ব্যক্ত হইল।

১। মেঁ—আমি।

২। জানু—জানি। পথ ভেলি—পথে গমন করিল।

৩। ঔঘটঘাটে—আঘাটায়, যে পথে লোক-চলাচল হয় না।

১। সেহে লএ—সেই লাগিয়া। চড়লিহ—চড়িয়াছি।

হঠ ন করিয় কহু কয় মোহি পার।
সব তহ বড় থিক পর উপকার ॥ ২ ॥
আইলি সখী সবে সাথে হমার।
সে সবে ভেলি নিকহি বিধি পার ॥ ৩ ॥
হমরা ভেলি কাহু তোহরেও আশ।
যে অঁগিরিয় তা ন হোইঅ উদাস ॥ ৪ ॥
ভল মন্দ জানি করিয় পরিণাম।
যশ অপযশ দুই রহ গয়ে ঠাম ॥ ৫ ॥
হমে অবলা কত কহব অনেক।
আইতি পড়লে বুঝিয় বিবেক ॥ ৬ ॥
তোহেঁ পর নাগর হমে পরনারী।
কাঁপে হৃদয় তুঅ প্রকৃতি বিচারী ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ ই রস
সকল সে পাবে ॥ ৮ ॥

১১

নাব ডোলায় অহীরে
জীবইতে ন পাওব তীরে
খর নীরে লো।
খেব ন লেয়এ মোলে
হসি হসি কি দহু বোলে
জীব ডোলে লো ॥ ১ ॥

ককে বিকে ঐলিহু আপে
বেঢ়লিহু মোহি বড়ে সাপে
মোরে পাপে লো।
করিতহুঁ পর উপহাসে
পড়িলিঁ তহ্নি বিধি ফাঁসে
নহি আশে লো ॥ ২ ॥
ন বুঝসি অবুঝ গোয়ারী
ভজি রহু দেব মুরারি
নহি গারি লো।
কবি বিদ্যাপতি ভাণে
নৃপ শিবসিংহ রস জানে
নরকাছে লো ॥ ৩ ॥

১২

কুচে নখ লাগত সখিজন দেখ।
গিরি কইসে লুকায়ত নবশশি রেখ ॥ ১ ॥
আরতি অধিক ন করিয় লোভ।
সবে রাখয় পহিলহি মুখশোভ ॥ ২ ॥
ন হর ন হর হরি হৃদয় হার।
দুহু কুল অপযশ পহিল পসার ॥ ৩ ॥
খর করি খেব লেহে নিজ দান।
রসিক পএ রাখ গোপীজন মান ॥ ৪ ॥

২। থিক—হয়।
৩। নিকহি—উত্তম।
৪। অঁগিরিয়—অঙ্গীকার করা হয়।
৬। আইতি—আয়ত্ত।

তাৎপর্য্য :—কানাই, তোমার গুণ, গৌরব, স্বভাব ও শীলতা আছে, সেই জন্য তোমার নৌকায় চড়িয়াছি; তুমি জিদ করিও না, আমাকে পার করিয়া দাও। আমার সখীরা ভাল ভাবেই পার হইয়া গিয়াছে, কিন্তু কানাই, আমি তোমারই ভরসা করি, তুমি যাহা অঙ্গীকার করিয়াছ, তাহা প্রতিপালনে উদাসীন থাকিও না। এ জগতে যশ ও অপযশ এই দুই থাকে, সুতরাং পরিণাম চিন্তা করিয়া ভাল কিংবা মন্দ কার্য্য কর। বেশী কি আর বলিব, আমি অবলা, তোমার আয়ত্তে পড়িয়াছি, ইহা বিচার করিয়া দেখ। তুমি পরপুরুষ, আমি পরস্ত্রী, তোমার প্রকৃতি বিচার করিয়া আমার হৃদয় কাঁপিতেছে।

১। নাব—নৌকা। অহীরে—গোপ। জীবইতে—জীবিত থাকিতে। খেব—খেয়া। লেয়এ—লয়। মোলে—মূল্য। জীব—জীবন। দহু—পাদপূরণে।

২। ককে—কেন। বিকে—(দুগ্ধ) বিক্রয় করিতে। ঐলিহু—আসিলাম। আপে—আপনি, নিজে। পড়িলিহুঁ—পড়িলাম।
৩। গোয়ারী—গোয়ালিনী। গারি—গালি।

তাৎপর্য্য :—গোপ অর্থাৎ মাধব রঙ্গ করিয়া নৌকা দোলাইতেছেন, রাধা ডুবিয়া যাইবার ভয়ে বলিতেছেন, নদীর খরস্রোতে পড়িয়া গেলে, জীবন থাকিতে তীরে উঠিতে পারিব না। এ কেমন পাটুনী, পারাণীর পয়সা লয় না, অথচ হাসিয়া হাসিয়া কি যে বলে। ভয়ে প্রাণ কাঁপিতেছে। কেন আমি দুগ্ধ বিক্রয় করিতে আসিলাম, বৃহৎ সর্প আমাকে বেড়িয়াছে। আমি অপরকে যেমন উপহাস করিতাম, তেমনই এখন বিধির ফাঁসে পড়িয়াছি। বিদ্যাপতি বলিতেছে, ওলো, অবুঝ গোয়ালিনি! মুরারিকে ভজনা কর, তাহাতে নিন্দার কোন কথা নাই।

১। লাগত—লাগিবে। দেখ—দেখিবে।

কুচে নখ লাগিবে, সখীরা দেখিবে; গিরি নবশশিরেখা কেমন করিয়া লুকাইবে?

৪। খর—সমুচিত। খেব—খেয়া। দান—পারাণী—শুল্ক।

তোহেঁ যদুকুল হমে কুলীন গোয়ালী।
অনুচিত বাট ন কর বনমালী॥ ৫॥
ভণই বিদ্যাপতি অরে রে গোয়ারী।
বড়ে পুণে সম্ভব আদর মুরারি॥ ৬॥
রাজা রূপনরায়ণ জান।
রাজা শিবসিংহ সুখমা দেবী রমাণ॥ ৭॥*

সখী-শিক্ষা

১

শুনু শুনু বিনোদিনি রাই।
তোহে পুনু কহওঁ বুঝাই॥ ১॥
কানুক ভাব যোঁ হোই।
হিয় মাহ রাখব গোই॥ ২॥
কেহো জনু লখইতে পার।
বেকত করবি কুলাচার॥ ৩॥
কানু উয়ব হিয় মাহ।
আন ছলে বিসরবি তাহ॥ ৪॥
গুরু দুরুজন তুয় পাপ।
দেখলে দেয়ব বহু তাপ॥ ৫॥
থির করবি সদা চিত।
যৈসন সে কুলবতী রীত॥ ৬॥
পুনু জনু ভাবহ আন।
ইহ কবিশেখর ভাণ॥ ৭॥

প্রথমহি সুন্দরী কুটিল কটাখ।
জীব জোখে নাগর দে দশ লাখ॥ ১॥

কেও দে হাস সুধা সম নীক।
যইসন পঢ়ঞোক তইসন বিক॥ ২॥
শুনু সুন্দরী হে নব মদন পসার।
তনু গোপহ আওব বণিজার॥ ৩॥
রোষ দরশি রস রাখব গোএ।
ধয়লে রতনে অধিক মুল হোএ॥ ৪॥
ভলহি ন হৃদয় বুঝাওব নাহ।
আরতি গাহক মহগ বেসাহ॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুনহ সয়ানি।
সুহিত বচন রাখব হিয় আনি॥ ৬॥

৩

প্রথমহি অলক তিলক লেব সাজি।
চঞ্চল লোচন কাজরে আঁজি॥ ১॥
জাএব বসনে অঙ্গ লেব গোএ।
দূরহি রহব তেঁ অরথিত হোএ॥ ২॥
মোরে বোলে সজনি রহব লজাএ।
কুটিল নয়নে দেব মদন জগাএ॥ ৩॥

৫। হে বনমালী, তোমার যদুকুলে জন্ম, আমিও কুলীন বংশের গোপী; আমার প্রতি তোমার অনুচিত ব্যবহার কর্ত্তব্য নয়।

* অতঃপর সখী রাধাকে উপদেশ দিতেছে।

১। কহওঁ—কহি।

২। মাহ—মধ্যে। গোই—গোপন করিয়া।

৩। কুলাচার অর্থাৎ স্ত্রীকুলের যে ভাব, তাহা ব্যক্ত করিবে, কেহ যেন মনোভাব লক্ষ্য করিতে না পারে।

৫। তোর দুর্জ্জন গুরুজনই পাপ হইয়াছে, সুতরাং তাহারা যদি দেখিতে পায়, তাহা হইলে তোকে কষ্ট দিবে।

১। জীব—জীবন। জোখে—ওজন করতঃ।

২। নীক—ভাল। পঢ়ঞোক—বউনি। বিক—বিক্রয়।

৩। পসার—দোকান। গোপহ—গোপন করিও। বণিজার—বণিক্। হে সুন্দরি, শুন, ইহা মদনের নূতন দোকান, যদি কোন বণিক্ আইসে, তাহা হইলে গোপন করিও না।

৪। গোএ—গোপন করিয়া। ধয়লে—রাখিলে। অনুরাগ দেখাইবে, অথচ রস অর্থাৎ অভিলাষ গোপন রাখিবে। রত্ন ধরিয়া রাখিলে তবে মূল্য অধিক হইয়া থাকে।

৫। ভলহি—ভাল করিয়া। নাহ—নাথ। আরতি—অনুরক্ত, আগ্রহপূর্ণ। মহগ—মহার্ঘ। বেসাহ—বিক্রয়। নাথকে (নায়ককে) কখনও ভাল করিয়া হৃদয়ের ভাব বুঝিতে দিবে না। যদি আগ্রহপূর্ণ গ্রাহক আইসে, তবেই অধিক মূল্যে রত্ন বিক্রয় হইয়া থাকে।

১। আঁজি—অঞ্জন করিয়া। প্রথমে তিলক দিয়া অলকা সাজাইবে, পরে চঞ্চল লোচন কজ্জলের দ্বারা রঞ্জিত করিবে।

২। গোএ—গোপন করিয়া। অরথিত—প্রার্থিত।

৩। বোলে—কথায়। লজাএ—লজ্জায় মৌন হইয়া। সজনি, আমার কথা শুন, তুমি লজ্জায় অবনতমুখী হইয়া থাকিবে অথচ কুটিলনয়নে কটাক্ষপাত করিয়া মাধবের মনে মদন জাগাইয়া দিবে।

ঝাঁপব কুচ দরশাওব আধ।
ক্ষণে ক্ষণে সুদৃঢ় করব নিবিবাঁধ ॥ ৪
মান কইয়ে কিছু দরশব ভাব।
রস রাখব তেঁ পুনু পুনু আব ॥ ৫ ॥
হমে কি শিখাউবি হে অওর সে রঙ্গ।
অপনহি গুরু ভএ কহত অনঙ্গ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাব।
নাগরী কামিনী ভাব বুঝাব ॥ ৭ ॥

অপনহি নাগরী অপনহি দূত।
সে অভিসার ন জান বহুত ॥ ১ ॥
কি ফল তেসর কান জনাএ।
আনব নাগর নয়নে বঝাএ ॥ ২ ॥
এ সখি রাখহিসি অপনুক লাজ।
পরক দুয়ারে করহ জনু কাজ ॥ ৩ ॥
পরক দুয়ারে করিয় জঞো কাজ।
অনুদিন অনুখনে পাইয় লাজ ॥ ৪ ॥
দুহু দিক এক সঞো হোইক বিরোধ
তকরা বজইতে কতএ নিরোধ ॥ ৫ ॥

তোহর সাজনি পহিল পসার।
হমরে বচনে করিয় বেবহার ॥ ১ ॥
অমিয়ক সাগর অধরক পাশ।
পওলে নাগর করব গরাস ॥ ২ ॥

লহু লহু কহিনী কহব বুঝাএ।
পিয়ত কুগয়াঁ গোমুখ লাএ ॥ ৩ ॥
পহিল পঢ়ঞোক ভলাকে হাত।
তে উপহাস নহি গোপী সাথ ॥ ৪ ॥
মন্দা কাজ মন্দে কর রোষ।
ভল পওলেহী অলপহি কর তোষ ॥ ৫ ॥

৬

কাহে ডরসি সখি চলু হম সঙ্গ।
মাধব নহি পরশব তুয় অঙ্গ ॥ ১ ॥
ইহ রজনী ফুল কানন মাঝ।
কে এক ফিরত সাজি বহু সাজ ॥ ২ ॥
কুসুমক ঘোর ধনুক ধরি পানি।
মারত শর বালাজন জানি ॥ ৩ ॥
অতএব চলহ সখি ভিতর কুঞ্জ।
যঁহা রহ হরি মহাবলপুঞ্জ ॥ ৪ ॥
এত কহি আনল ধনী হরি পাশ।
পূরল বল্লভ সুখ অভিলাষ ॥ ৫ ॥

৭

শয়ন সীম রহি আবে।
দূর কর সে সব সকল স্বভাবে ॥ ১ ॥
মুখ অবনত তেজ লাজে।
কত মহী লিখসি চরণ বেয়াজে ॥ ২ ॥

৪। নিবিবাঁধ—নীবিবন্ধন। ঢাকিবার ছলে কুচের অর্দ্ধাংশ দেখাইবে, মাঝে মাঝে সুদৃঢ় করিয়া নীবিবন্ধন করিবে।

৫। আব—আসিবে। তুমি মান করিয়া কিছু ভাব দেখাইবে এবং রস রাখিবে, তাহা হইলে সে পুনঃ পুনঃ আসিবে।

৬। অওর—আর। ভএ—হইয়া। সে রস আমি আর কি শিখাইব, মদন নিজেই গুরু হইয়া তোমাকে সব শিখাইবে।

২। বঝাএ—পাশ বদ্ধ করিয়া।

৩। রাখহিসি—রাখ, রক্ষা কর। দুয়ারে—দ্বারা।

৫। তকরা—তাহার। বজইতে—বলিতে।

২। তোমার অধরের পাশে অমৃতের সাগর, নিকটে পাইলে গ্রাস করিবে।

৩। পিয়ত—পান করে। কুগয়াঁ—কুগ্রামবাসী। লাএ—দিয়া। লঘু অর্থাৎ মৃদু কথায় তাহাকে বুঝাইয়া বলিবে, কুগ্রামবাসী লোক গরুর ন্যায় মুখ দিয়া পান করিয়া থাকে।

৪। পঢ়ঞোক—বউনি। ভলাকে—ভাল লোকের। তোমার এখন নূতন দোকান, ভাল লোকের হাতে যদি বউনি হয়, তাহা হইলে গোপী-সমাজে তোমাকে উপহাসাস্পদ হইতে হইবে না।

৫। তোষ—তুষ্ট।

১। তাৎপর্য্য—সখি, আমি যখন তোর সঙ্গে যাইতেছি, তখন তোর ভয় কি? বহুবিধ সজ্জায় সজ্জিত কে একজন কুসুমের ঘোর ধনু হস্তে করিয়া ফিরিতেছে, যুবতী দেখিলেই তাহাকে শরাঘাত করিবে; অতএব সখি, চল, আমরা কুঞ্জের ভিতর যাই, সেখানে মহাবলবান্ হরি আছেন। এই বলিয়া ধনী হরির নিকট শ্রীমতীকে আনিয়া উপস্থিত করিল। বল্লভ মাধবের অভিলাষ পূর্ণ হইল।

১। রহি—রহিয়া। আবে—এখন।

২। বেয়াজে—ছলনা।

রামা রহ পিয়া পাশে।
অভিনব সঙ্গম তেজহ তরাসে ॥ ৩ ॥
পিয়া সঞো পহিলুকি মেলি।
হোউ কমলকে অলি কেলি ॥ ৪ ॥
তরতম তঞে কর দূরে।
রসিক ইছহি ছোড়হ মোর চীরে ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি ভাষা।
অভিনব সঙ্গম তেজহ তরাসা ॥ ৬ ॥ *

৮

হমে দরশইতে কতহুঁ বেশ করু
হমে হেরইতে তনু কাঁপ।
সুরত শিক্ষারে আজু ধনী আওলি
পরশইত থর থর কাঁপ ॥ ১ ॥
শুন হে কাহ্নু কহিয় অবধারি।
সকল কাজ হম বুঝল বুঝায়ল
ন বুঝল অন্তর নারী ॥ ২ ॥
অভিনব কাম নাম পুন শুনইতে
রোখত গুণ দরশাই।
অরি সম গঞ্জয়ে মন পুন রঞ্জয়ে
অপন মনোরথ সাই ॥ ৩ ॥
অন্তরে জীউ অধিক করি মানয়ে
বাহর না গণয়ে তরাসে।
কহ কবিশেখর সহজ বিষয়রত
বিদগধ কেলি বিলাসে ॥ ৪ ॥

যাবে ন মালতী কর পরকাশ।
তাবে ন তাহি মধুকর বিহাস ॥ ১ ॥
লোভ পরিহরি শূনহি রাঁক।
ধকে কি কেও কূপ ডুব বিপাক ॥ ২ ॥
তেজ মধুকর এহন অনুবন্ধ।
কোমল কমল লীন মকরন্দ ॥ ৩ ॥
এখনে ইছসি এহন সঙ্গ।
ও অতি শৈশব ন বুঝ রঙ্গ ॥ ৪ ॥
কর মধুকর তোঁহে দৃঢ় গেয়ান।
অপনে আরতি ন মিল আন ॥ ৫ ॥

১০

বারি বিলাসিনী যতনে আনলি
রমণ করব রাখি।
জৈসে মধুকর কুসুম ন তোল
মধু পিব মুখ মাখি ॥ ১ ॥
মাধব করব তৈসনি মেরা।
বিনু হকারে তুয় নিকেতন আবয়
দোসরি বেরা ॥ ২ ॥

৪। পহিলুকি—প্রথম। মেলি—মিলন।

৫। তরতম—তারতম্য, সংশয়। তঞে—তুই। ইছহি—ইচ্ছা করে অর্থাৎ চায়।

তাৎপর্য্য :—ওলো সখি, তুই এখন শয্যার পাশে আসিয়াছিস, সুতরাং পূর্ব্বস্বভাব অর্থাৎ লজ্জা পরিত্যাগ কর। ছলনা করিয়া পা দিয়া মাটীতে কি লিখিতেছ? হে রমা, তুমি প্রিয়তমের পাশে থাক, এ অভিনব মিলন, অতএব ত্রাস ত্যাগ কর। কমলের সহিত অলির কেলি হোক—প্রিয়তমের সহিত তোমার প্রথম মিলন হোক। তুমি সংশয় ত্যাগ কর, রসিক মাধব তোকে চায়—আমার কাপড় ধরছিস কেন, ছেড়ে দে।

* অতঃপর দূতী মাধবকে উপদেশ দিতেছে।

২। কহিয় অবধারি—নিশ্চয় করিয়া কহিতেছি।

৩। সাই—সে। অভিনব অর্থাৎ প্রথম কামের নাম শুনিলেই গুণ দেখাইয়া রোষ প্রকাশ করে, শত্রুর ন্যায় গঞ্জনা দেয়; পরে আপনার ইচ্ছায় মনোরঞ্জন করে।

১। যাবে—যাবৎ। পরকাশ—প্রকাশ, বিকশিত। তাবে—তাবৎ।

২। শূনহি—শূন্য। রাঁক—দরিদ্র। ধকে—বেগে, সহসা।

৩। মধুকর—মাধবের সম্বোধন।

৪। এখন তুমি এরূপ সঙ্গ কেন ইচ্ছা করিতেছ? ও (রাধা) এখনও বালিকা; রঙ্গ বুঝিতে পারে না।

৫। আরতি—আর্ত্তি।

১। বারি—বালা। রাখি—রক্ষা করিয়া। তোল—তোড়, ভাঙ্গে। বিলাসিনী বালাকে যত্ন করিয়া আনিয়াছি। মধুকর যেমন কুসুম না ভাঙ্গিয়াও মুখে মধু মাখিয়া মধু পান করে, তুমিও তদ্রূপ ইহাকে রক্ষা করিয়া উপভোগ করিবে।

২। মেরা—মিলন। হকারে—হাঁকা, আহ্বান। মাধব, তুমি ইহার সহিত এরূপ ভাবে মিলিত হইবে যে, তুমি না আহ্বান করিলেও সে পুনরায় তোমার নিকেতনে আইসে।

শিরীষ কুসুম কোমল ও ধনী
তোহহু কোমল কান।
ইঙ্গিত উপর কেলি যে করব
যে ন পরাভব জান ॥ ৩ ॥
দিনে দিনে দুন প্রেম বঢ়ায়ব
জৈসে বাঢ়সি সুশশী।
কৌতুকহু কিছু বাম ন বোলব
নিয়র যাউবি হসি ॥ ৪ ॥

১১

বুঝব ছয়লপণ আজ।
রাহি মণি রতনে আনল অতি যতনে
বঞ্চি সব রমণী সমাজ ॥ ১ ।
শিরীষ কুসুম তনি অতি সুকুমার ধনী
আলিঙ্গব দৃঢ় অনুরাগে।
নির্ভয়ে করব কেলি কেহো নহি বুঝ মেলি
ভমরা ভরে মাজরী ন ভাঁগে ॥ ২ ॥
পিরীতিক বোলে নিয়রে বইসাওবি
নখ হানি আনব কোল।
নহি নহি করি ধনী কপটে ভুলবি জনি
যদি কহ কাতর বোল ॥ ৩ ॥

১২

কোমল তনু পরাভব পাওব
তেজি ন হলবি তেঁহু।
ভমর ভরে কি মাজরী ভাঁগয়ে
দেখল কতহু কেহু ॥ ১ ॥
মাধব বচন ধরব মোর।
নহি নহি কয় ন পতিয়াএব
অপদ লাগত ভোর ॥ ২ ॥
অধর নিরসি ধূসর করব
ভাব উপজত ভলা।
ক্ষণে ক্ষণে রতি রভস অধিক
দিনে দিনে শশিকলা ॥ ৩ ॥

১৩

সহজহি তনু খিনি মাঝ বেবি সনি
শিরীষ কুসুম সম কায়া।
তোহে মধুরিপুপতি কৈসে কএ ধরতি রতি
অপুরুব মনমথ মায়া ॥ ১ ॥
মাধব পরিহর দৃঢ় পরিরম্ভা।
ভাঁগি যায়েত মন জীব সঞে মদন
বিটপী আরম্ভা। ২ ॥

৩। সেই ধনী শিরীষ-কুসুমের মতন কোমল, হে কানাই, তুমিও কোমল, সুতরাং ইঙ্গিতের উপর কেলি করিবে, সে যেন পরাভব জানিতে না পারে।

৪। বঢ়ায়ব—বাড়াইবে। বাম—মন্দ। শশী যেমন দিন দিন বর্দ্ধিত হয়, তদ্রূপ প্রেমও ক্রমে বাড়াইবে। কৌতুক করিয়াও কিছু মন্দ বলিবে না এবং হাসিয়া নিকটে যাইবে।

১। ছয়লপণ—চতুরতা।

২। তনি—তনু। মাজরী—মঞ্জরী। ভাঁগে—ভাঙ্গে।

অর্থ :—আজ তোমার চতুরপণা বুঝা যাইবে। মণিরত্ন রাইকে সকল রমণীদিগের নিকট হইতে প্রতারিত করিয়া আনিয়াছি। ধনীর শিরীষ-কুসুম-তুল্য শরীর, গাঢ় অনুরাগের সহিত আলিঙ্গন করিবে। নির্ভয়ে কেলি করিবে, কেহ তোমাদের মিলন বুঝিতে পারিবে না; ভ্রমরার ভরে মঞ্জরী কখন ভাঙ্গে না। প্রীতির কথায় নিকটে বসাইবে, নখাঘাত করিয়া কোলে টানিয়া লইবে; যদি ধনী কপটতা করিয়া কাতরস্বরে না না বলে, তাহা হইলে ভুলিবে না।

১। হলবি—যাইবি। তেঁহু—তাহাতে। ভাঁগয়ে—ভাঙ্গে। কতহু—কোথাও।

২। অপদ—অস্থানে। ভোর—ভ্রম।

অর্থ :—তাহার কোমল দেহের পরাভবের আশঙ্কায় তাহাকে ত্যাগ করিবে না। ভ্রমরের ভরে মঞ্জরী ভাঙ্গিয়া যায়, ইহা কি কখন কেহ দেখিয়াছে? মাধব, আমার কথা শুন, সে না না বলিলেও বিশ্বাস করিবে না, তোমার ভ্রম হইবে। অধর নীরস করিয়া ধূসর করিবে, তাহা হইলে ভাল ভাব উপস্থিত হইবে। শশিকলা যেমন দিন দিন বর্দ্ধিত হয়, রতির আনন্দও তেমনই ক্ষণে ক্ষণে বর্দ্ধিত হইবে।

১। বেবি—দুই। সনি—তুল্য। শিরীষ-কুসুম তুল্য স্বভাবতঃ ক্ষীণ তাহার কটি যেন ভাঙ্গিয়া দুইখানি হইয়া গিয়াছে। অতএব হে মধুরিপুপতি তুমি বল, সে কেমন করিয়া তোমার রতি ধারণ করিবে। মন্মথের মায়া অপূর্ব্ব।

২। মাধব, তুমি দৃঢ় আলিঙ্গন পরিহার করিও। কারণ, আমার মনে হয়, তাহাতে মদন-বিটপীর মূল আরম্ভকালেই ভাঙ্গিয়া যাইবে ও তাহার প্রাণনাশ হইবে।

শৈশব অছল সে ডরে পলায়ল
যৌবন নূতন বাসী।
কামিনী কোমল পাহুন পচশর
ভএ জনু যাহ উদাসী ॥ ৩ ॥
তোহর চতুর পণ যখনে ধরতি মন
রস বুঝতি অবশেখি।
এখনে অলপ বুধি ন বুঝ অধিক সুধী
কেলি করব জীব রাখি ॥ ৪ ॥
তোহে যে নাগর মানও ধনী জীব সনি
কোমল কাচ শরীরা।
তে পর করব কেলি যে পুনু হোয় মেলি
মূল রাখ বণিজারা ॥ ৫ ॥
হমরি অইসনি মতি মন দয় শুন দূতি
দূর কর সবে অনুতাপে।
কমল অতি কোমল তৈয়ও ন ঢরি পল
কবহু ভমর ভরে কাপে ॥ ৬ ॥

১৪

প্রথম সমাগম ভুখল অনঙ্গ।
ধনী বল জানি করব রতিরঙ্গ ১ ॥

হঠ নহি করবে আইতি পাএ।
বড়েও ভুখল নহি দুহু কওরে খাএ ॥ ২ ॥
চেতন কান তোঁহহি যদি আথি।
কে নহি জান মহতে নব হাথী ॥ ৩ ॥
তুয় গুণ গন কহি কত অনুবোধি।
পহিলহি সবহি হললি পরবোধি ॥ ৪ ॥
হঠ নহি করবে রতি পরিপাটি।
কোমল কামিনী বিঘটতি সাটি ॥ ৫ ॥
যাবে রভস সহ তাবে বিলাস।
বিমতি বুঝিঅ জঞো ন যাএব পাশ ॥ ৬
ধসি পরিহরি নহি ধরবিয়ে বাহু।
উগিলল চন্দ গিলয় জনি রাহু ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি কোমল কাঁতি।
কৌশল শিরীষ সুম অলি ভাঁতি ॥ ৮ ॥

৩। পাহুন—অতিথি। পচশর—মদন। শৈশব ছিল কিন্তু সে ত ভয়ে পলাইয়াছে। এখন যৌবন তাহার দেহে নূতন বাস করিয়াছে, পঞ্চশর মদন তাহার অতিথি, উদাস হইয়া যেন চলিয়া না যায়।

৪। অবশেখি—সম্পূর্ণরূপে। বুধি—বুদ্ধি। সুধী—জ্ঞান। তোমার চতুরপণা যখন তাহার মনে ধরিবে, তখন সে সম্পূর্ণরূপে রস বুঝিবে। এখন সে অল্পবুদ্ধি, রস বুঝিবার মত অধিক জ্ঞান তাহার নাই। জীবন রাখিয়া তবে কেলি করিবে।

৫। মানও—মানিবে। তে পর—সেইরূপে। মূল—মূল ধন। বণিজারা—সদাগর। হে নাগর, তুমি ধনীর জীবনের ন্যায় তাহার শরীরও যে কোমল ও কাঁচা, তাহা মানিয়া চলিবে। তুমি সেইরূপে কেলি করিবে, যাহাতে পুনরায় মিলন হয়। সদাগর তাহার মূল ধন রক্ষা করিয়া থাকে।

৬। কবি বলিতেছে, হে দূতি, মন দিয়া আমার কথা শুন; তুমি সব অনুতাপ দূর কর। কমল যদিও অত্যন্ত কোমল, তথাপি ভ্রমরের ভরে তাহা কাঁপিয়া চলিয়া পড়ে না।

১। ভুখল—ক্ষুধিত। প্রথম মিলনকালে অনঙ্গ ক্ষুধিত অর্থাৎ প্রবল থাকে, সুতরাং ধনীর বল বুঝিয়া তবে রতিরঙ্গ করিবে।

২। আইতি—আয়ত্ত। তাহাকে আয়ত্তে পাইয়াছ বলিয়া বল প্রকাশ করিও না; কারণ, অত্যন্ত ক্ষুধার্ত্ত ব্যক্তিও দুই গ্রাসে খায় না।

৩। চেতন—চতুর। আথি—অস্তি, হও। মাহুতের নিকট হস্তী নম্র হয়, এ কথা কে না জানে? অতএব হে কানাই, তুমি যদি চতুর হও, তাহা হইলে নিশ্চয়ই তুমি তাহাকে বশ করিতে পারিবে।

৫। সাটি—শাস্তি। যদি বল প্রকাশ কর, তাহা হইলে পরিপাটি রতি হইবে না। কোমলা কামিনীর শাস্তি মাত্র সার হইবে।

৬। যাবে—যাবৎ। রভস—কেলি। সহ—সহ্য। তাবে—তাবৎ। বিমতি—অসম্মতি। যাবৎ বেগ সহ্য করিতে পারিবে, তাবৎ বিলাস করিবে। যদি অসম্মতি বুঝিতে পার, তাহা হইলে নিকটে যাইও না।

৭। ধসি—বেগে। চন্দ্র যেমন রাহুকে উদ্গীর্ণ করিয়া আবার গ্রাস করে না, সেইরূপ তুমি তাহাকে ছাড়িয়া দিয়া পুনরায় বেগে তাহার বাহু ধরিবে না।

৮। কাঁতি—কান্তি। সুম—সুমনস, পুষ্প। বিদ্যাপতি বলিতেছে, কোমলকান্তি শিরীষ-কুসুমকে অলি যেমন কৌশলে উপভোগ করে, তদ্রূপ নায়কও নায়িকাকে কৌশলে উপভোগ করিবে।

অভিসার

সুন্দরী চললিহ প্রভু ঘর না।
চহুদিশ সখী সব কর ধর না॥ ১॥
যাইতহুঁ লাগু পরেম ডর না।
যইসে শশী কাঁপ রাহু ডর না॥ ২॥
যাইতেহি হার টুটিএ গেল না।
ভূষণ বসন মলিন ভেল না॥ ৩॥
রোয়ে রোয়ে কজলি বহায় দেল না।
অতঙ্কহি সিন্দুর মেটায় গেল না॥ ৪
ভণই বিদ্যাপতি গাওল না।
দুখ সহি সহি সুখ পাওল না॥ ৫॥

জিনি করিবর রাজহংস গতিগামিনী
চললিহ সঙ্কেত গেহা।
অমল তড়িতদণ্ড হেম মঞ্জরী
জিনি অতি সুন্দরদেহা॥ ১॥
জলধর তিমির চামর জিনি কুন্তল
অলকা ভৃঙ্গ শৈবালে।
ভৌঁহ মদন ধনু ভ্রমরভুজঙ্গিনী জিনি
আধ বিধুবর ভালে॥ ২॥
নলিনী চকোর সফরি সব মধুকর
মৃগী খঞ্জন জিনি আঁখি।
নাসা তিলফুল গরুড় চঞ্চু জিনি
গিধিণী শ্রবণে বিশেখি॥ ৩॥
কনকমুকুর শশী কমল জিনিয় মুখ
জিনি বিম্ব অধর পবারে।
দশন মুকুতা পাঁতি কুন্দ করগবীজ
জিনি কম্বু কণ্ঠ অকারে॥ ৪॥

বেল তালযুগ হেমকলস গিরি
কটোরি জিনিয় কুচ সাজা।
বাহু মৃণাল পাশ বল্লরী জিনি
ডমরু সিংহ জিনি মাঝা॥ ৫॥
লোমলতাবলী শৈবাল কজ্জল
ত্রিবলী তরঙ্গিণী রঙ্গা।
নাভি সরোবর সরোরুহদল জিনি
নিতম্ব জিনিয় গজকুম্ভা॥ ৬॥
উরুযুগ কদলী করিবরকর জিনি
থলপঙ্কজ পদপাণি।
নখ দাড়িমবীজ ইন্দুরতন জিনি
পিক অমিয়া জিনি বাণী॥ ৭॥
ভণই বিদ্যাপতি অপরূপ মুরতি
রাধারূপ অপারা।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
একাদশ অবতারা॥ ৮॥

নব অনুরাগিণী রাধা।
কিছু নহি মানয় বাধা॥ ১॥
একলি কয়ল পয়াণ।
পথ বিপথ নহি মান॥ ২॥

১। চহুদিশ—চারিদিক্। প্রতি পদের শেষে 'না' শব্দের বিশেষ কোন অর্থ নাই। ছন্দের মাত্রা মাত্র।

২। লাগু—লাগিল। পরেম—প্রেম। ডর—আতঙ্ক। কাঁপ—কাঁপে।

৪। রোয়ে—কাঁদিয়া। কজলি—কজ্জল।

২। ভৌঁহ—ভ্রূ। আধ—অর্দ্ধ। বিধুবর—সুন্দর চন্দ্র।

৩। গিধিণী—গৃধ্র হইতে।

৪। পবার—প্রবাল। করগবীজ—করকবীজ, দাড়িমবীজ।

৫। কটোরি—কটরা, বাটি।

৬। তরঙ্গিণী রঙ্গা—তটিনীর তরঙ্গলীলা।

৭। ইন্দুরতন—চন্দ্র ও রত্ন।

তাৎপর্য্য :—করিবর-রাজহংস-গতিগামিনী রাধা সঙ্কেত-গৃহে গমন করিতেছেন। রাধার দেহ—তড়িতদণ্ড ও হেমমঞ্জরী; কুন্তল—জলধর, তিমির ও চামর; অলকা—ভৃঙ্গ ও শৈবাল; ভ্রূলতা—ধনু, ভ্রমর ও ভুজঙ্গিনী; ভাল—আধবিধু; আঁখি—নলিনী, চকোর, সফরী, ভ্রমর, মৃগী ও খঞ্জন; নাসা—তিলফুল ও গরুড়চঞ্চু; শ্রবণ—গৃধিণী; মুখ—কনক-মুকুর, শশী ও কমল; অধর—বিম্ব ও প্রবাল; দশন—কুন্দ ও করকবীজ; কণ্ঠ—কম্বু; কুচ—বেল, তাল, হেমকলস, গিরি ও কটোরা; বাহু—মৃণালপাশ ও বল্লরী; মধ্যদেশ—ডমরু ও সিংহ; লোমলতাবলী—শৈবাল ও কজ্জল; ত্রিবলী—তরঙ্গিণীরঙ্গ; নাভি—সরোবর ও সরোরুহদল; নিতম্ব—গজকুম্ভ; উরু—কদলী ও করিবর-কর অর্থাৎ হস্তীর শুণ্ড; পদ ও করতল—স্থলপদ্ম; নখ—দাড়িম্ববীজ, চন্দ্র, রত্ন এবং বাণী—পিক অপেক্ষাও উৎকৃষ্ট।

তেজল মণিময় হার।
উচ কুচ মানয় ভার ॥ ৩ ॥
কর সঞে কঙ্কণ মুদরি।
পহুহি তেজল সগরি ॥ ৪ ॥
মণিময় মঞ্জীর পায়।
দূরহি তেজি চলি যায় ॥ ৫ ॥
যামিনী ঘন অঁধিয়ার।
মনমথ হিয় উজিয়ার ॥ ৬ ॥
বিঘিনি বিথারল বাট।
প্রেমক আয়ুধে কাট ॥ ৭ ॥
বিদ্যাপতি মতি জান।
ঐসে ন হেরি আন ॥ ৮ ॥

৪

রয়নী ছোটি অতি ভীরু রমণী।
কতি ক্ষণে আওব কুঞ্জর গমনী ॥ ১ ॥
ভীমভুজঙ্গম সরণা।
কত সঙ্কট তাহে কোমল চরণা ॥ ২ ॥
বিধি পায়ে কর পরিহার।
অবিঘিনে সুন্দরী করু অভিসার ॥ ৩ ॥
গগন সঘন মহী পঙ্কা।
বিঘিনি বিথারত উপজয় শঙ্কা ॥ ৪ ॥
দশ দিশ ঘন অন্ধিয়ারা।
চলইতে খলই লখই নহি পারা ॥ ৫ ॥
সবজনি পলটি ভুললি।
আওত মানবী ভাণত লোলী ॥ ৬ ॥
বিদ্যাপতি কবি কহই।
প্রেমহি কুলবতি পরাভব সহই ॥ ৭ ॥

ঘরে ঘরে পহরী গেল অছ জোহি।
অবহি দুখন লাগত তোহি ॥ ২ ॥
কত এ লুকাএব চাঁদক চোর।
জতহি লুকাওব ততহি উজোর ॥ ৩ ॥
বণিকে ধনিকে ধন বোলব মোর।
হাস সুধারসে ন কর উজোর ॥ ৪ ॥
অধরক সীম দশন কক্ষ জ্যোতি।
সিঁদুরক সীম বেসাউলি মোতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি হোহ নিসঙ্ক।
চাঁদহু কাঁ থী ভেদ কলঙ্ক ॥ ৬ ॥

অবহুঁ রাজপথে পুরজন জাগি।
চাঁদকিরণ জগমণ্ডল লাগি ॥ ১ ॥
সহএ ন পারয় নব নব নেহ।
হেরি হেরি সুন্দরী পড়লি সন্দেহ ॥ ২ ॥
কামিনী কয়ল কতহু পরকার।
পুরুষক বেশ কয়ল অভিসার ॥ ৩ ॥
ধম্মিল লোল ঝুট করি বন্ধ।
পহিরল বসন আন করি ছন্দ ॥ ৪ ॥
অম্বরে কুচ নহি সম্বরু ভেল।
বাজনযন্ত্র হৃদয়ে করি লেল ॥ ৫ ॥
ঐসন মিলল কুঞ্জক মাঝ।
হেরি ন চিহ্নই নাগররাজ ॥ ৬ ॥
হেরইতে মাধব পড়লহি ধন্দ।
পরশিতে ভাঙ্গল হৃদয়ক দন্দ ॥ ৭ ॥
বিদ্যাপতি কহ কিয়ে ভেলি।
উপজল কত কত মনমথ কেলি ॥ ৮ ॥

অম্বরে বদন ঝপাবহ গোরি।
রাজ শুনইছিয় চাঁদক চোরি ॥ ১ ॥

একে ধনী পদুমিনী সহজহি ছোটি।
করে ধরইতে কর করুণা কোটি ॥ ১ ॥
হঠ পরিরম্ভণে নহি নহি বোল।
হরি ডরে হরিণী হরি হিয়ে ডোল ॥ ২ ॥

৪। মুদরি—অঙ্গুরী। সগরি—সকল।
৬। উজিয়ার—উজ্জ্বল।
৭। বিঘিনি—বিঘ্ন। বিথারল—বিস্তারিত। বাট—পথ।
১। রয়নী—রজনী।
২। সরণা,—সরণি, পথ।
৬। পলটি—ফিরিয়া দেখিয়া, চাহিয়া। সবজনি—সর্প পিশাচাদি সর্ব্বপ্রাণী। মানবী ভাণত—মানবীর ভাণ করিয়া, রূপ ধরিয়া। লোলী—লোলা, লক্ষ্মী।
১। আচরে বদন ঢাকা দাও, রাজ্যে শুনিতেছি, চাঁদ চুরী হইয়াছে।
৬। হোহ—হও। নিসঙ্ক—নিঃশঙ্ক, শঙ্কাশূন্য
২। নেহ—স্নেহ, প্রণয়।
৪। ধম্মিল—খোঁপা।
৬। নচিহ্নই—চিনিতে পারিল না।
৭। ধন্দ—ধাঁধা, সন্দেহ।
১। পদুমিনী—পদ্মিনী।
২। হঠ—বলপ্রকাশ। পরিরম্ভণ—আলিঙ্গন ডোল—দোলে, কম্পিত হয়।

বারি বিলাসিনী আকুল কান।
মদন কৌতুকীয়া হটল ন মান ॥ ৩ ॥
নয়নক অঞ্চল চঞ্চল ভান।
জাগল মনমথ মুদিত নয়ান ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ঐসন রঙ্গ।
রাধা মাধব পহিলহি সঙ্গ ॥ ৫ ॥

৮

অহে সখি অহে সখি লই জনু যাহে।
হম অতি বালিক আকুল নাহে ॥ ১ ॥
গোট গোট সখী সব গেলি বহরায়।
বস্তর কবাট পহু দেলহি লগায় ॥ ২ ॥
তেহি অবসর পহু জাগল কন্তে।
চীর সম্ভারলি জাউ ভেল অন্তে ॥ ৩ ॥
নহি নহি করে নয়ন ঢর নোরে।
কাঁচ কমল ভমরা ঝিক ঝোরে ॥ ৪ ॥
জইসে ডগমগ নলনীক নীরে।
তইসে ডগমগ ধনিক শরীরে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনু কবিরাজে।
আগি জারি পুনু আগিক কাজে ॥ ৬ ॥

৯

পসরইতে শরীর হোয় অবসান।
কহইতে ন লয় অব বুঝহ অবধান ॥ ১ ॥
কহয় ন পারিয় সহন ন যায়।
বচহ সজনি অব কি কর উপায় ॥ ২ ॥
কোন বিহি নিরমিল ইহ পুন নেহ।
কাহে কুলবতী করি গড়ল মঝু দেহ ॥ ৩ ॥

৩। বারি—বালিকা। হটল—নিষেধ।

৪। অঞ্চল—প্রান্ত।

১। লই—লইয়া। যাহে—যাইও। আকুল কামাকুল অর্থাৎ কামাসক্ত। নাহে—নাথ।

২। গোট গোট—গুটি গুটি। বহরায়—বাহির হইয়া। বস্তর—বস্ত্র। দেলহি—দিলেন। লগায়—লাগাইয়া।

৩। তেহি—সেই। কন্তে—কান্ত। সম্ভারিল—সামলাইতে। সেই অবসরে প্রভু কান্ত জাগিল অর্থাৎ কামযুক্ত হইল, সুতরাং কাপড় সামলাইতে আমার প্রাণান্ত হইল।

৪। ঢর—বহে। ঝিক ঝোরে—টানাটানি। না না বলিতে বলিতে আমার চক্ষু দিয়া জল পড়িতে লাগিল, তথাপি ভ্রমর কাঁচা কমল লইয়া টানাটানি আরম্ভ করিল।

কাম করে ধরিয় সে করয় বহার।
রাখয় মন্দিরে ই কুল আচার ॥ ৪ ॥
সহই ন পারিয় চলই ন পারি।
ঘন ফিরি যৈসে পিঞ্জর মাহা সারী ॥ ৫ ॥
এতহুঁ বিপদে কিয় জীবয় দেহ।
ভণয় বিদ্যাপতি বিষম ই নেহ ॥ ৬ ॥

১০

অথিক নবোঢ়া সহজহি ভীতি।
আইলি মোর বচনে পরতীতি ॥ ১ ॥
চরণ ন চলএ নিকট পহু পাশ।
রহলি ধরণী ধরি মান তরাস ॥ ২ ॥
অবনত আনন লোচন বারি।
নিজ তনু গিলি রহলি বরনারী ॥ ৩ ॥

১১

কত অনুনয়ে অনুগত অনুবোধি।
পতিগৃহে সখিহি শোয়াউলি বোধি ॥ ১ ॥
বিমুখী শুতলি ধনী সুমুখী ন হোয়।
ভাগল দল বহুলাবএ কোয় ॥ ২ ॥
বল্লভ বেসনি বিলাসিনী ছোটি।
মেলি ন মিলএ দেহুঁ হেম কোটি ॥ ৩ ॥
বসন ঝপাএ বদন ধর গোএ।
বাদর তর শশী বেকত ন হোএ ॥ ৪ ॥
ভুজযুগ চাপ জীব ভ্রোঁ সাঁচ।
কুচ কঞ্চন কোরী ফল কাঁচ ॥ ৫ ॥

৫। সারী যেমন পিঞ্জরমধ্যে অবিরত ঘুরিয়া বেড়ায়, বাহির হইতে পারে না, আমিও তদ্রূপ হইয়াছি।

১। অথিক—হয়।

২। মান—মানে, অনুভব করে।

১। অনুরোধি—বুঝাইয়া। শোয়াউলি—শয়ন করাইল। বোধি—প্রবোধ দিয়া।

২। বিমুখী—মুখ ফিরাইয়া। সুমুখী—সম্মুখীন। ভাগল—পলায়িত। দল—সৈন্য। বহুলাবএ—ফিরায়। কোয়—কেহ।

৩। বেসনি—তরুণ। হেম—স্বর্ণ।

৪। ঝপাএ—ঢাকিয়া। ধর—রাখে। গোএ—গোপন করিয়া। বাদর—মেঘ।

৫। চাপ—চাপিয়া রাখে। জীব—জীবন। সাঁচ—সঞ্চয়। কোরী—কোরা, নবীন। কাঁচ—কাঁচা।

লগ নহি সরয় করয় কসি কোর।
করে কর বাঁধি করহি কর জোর॥ ৬॥
এত দিন শৈশব লাওল সাঠ।
অব গএ মদন পঢ়াওব পাঠ॥ ৭॥
গুরুজন পরিজন দুঅও নিবার।
মোহরে মুদল আছে মদন ভণ্ডার॥ ৮॥
ভণই বিদ্যাপতি এহো রস ভাণ।
রাজা শিবসিংহ লখিমা বিরমান॥ ৯॥

১২

ধনী বেয়াকুল কোমল কন্ত।
কোন পরবোধব সখি পরযন্ত॥ ১॥
সখী পরবোধি শেষ যব দেল।
পিয়া হরষি উঠি কর ধয় লেল॥ ২॥
নহি নহি করয় নয়ন ঢরু নোর।
শুতি রহিল ধনী শেষক ওর॥ ৩॥
ভণই বিদ্যাপতি হে যুবরাজ।
সব সঞো বড় থিক আঁখিক লাজ॥ ৪॥

মিলন

১

পহিল চললি ধনী পিয়াক পাশে।
হৃদয় আকুল ভেল লাজ তরাসে॥ ১॥

ঠাঢ়ি রহল রাই নহি অগুসারে।
হেম মুরতি জনি ন চল পিছারে॥ ২॥
কর দুহু ধরি পহু নিয়রে বৈসায়।
কোপ সরমে ধনী বদন লুকায়॥ ৩॥
খোলি বয়ান যব চুম্বই মুখে।
সরমহি লুকাওল মাধববুকে॥ ৪॥
বিদ্যাপতি কবি কৌতুক গীত।
রাজা শিবসিংহ শুনি হরখিত॥ ৫॥

সখী পরবোধি শয়নতলে আনি।
পিয়া হিয় হরখি ধয়ল নিজপাণি॥ ১॥
ছুঁইতে বালি মলিন ভৈ গেলি।
বিধু কোরে কুমুদিনী মলিন ভেলি॥ ২॥
নহি নহি কহ নয়ন ঝর নোর।
শুতি রহল রাই শয়নক ওর॥ ৩॥
আলিঙ্গয় নীবিবন্ধ বিনিখোরি।
করে কুচ পরশে সেহ ভেল থোরি॥ ৪॥
আঁচল লেই বদন পর ঝাঁপে।
থির নাহি হোয়ত থরথর কাঁপে॥ ৫॥
ভণই বিদ্যাপতি ধৈরয সার।
দিনে দিনে মদনক হোয় অধিকার॥ ৬॥

বালা রমণী রমণে নহি সুখ।
অন্তরে মদন দ্বিগুণ দেই দুখ॥ ১॥
সব সখী মেলি শুতায়ল পাশ।
চমকি চমকি ধনী ছাড়য়ে নিশ্বাস॥ ২॥
করইতে কোরে মোড়ই সব অঙ্গ।
মন্ত্র ন শুনয়ে জনু বাল ভুজঙ্গ॥ ৩॥
বেরি এক কর ধনী মুদিত নয়ান।
রোগী করয়ে জনি ঔষদ পান॥ ৪॥
তিল আধ দুখ জনম ভরি সুখ।
ইথে কাহে ধনি তুহু মোড়লি মুখ॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
তুহু রস সাগর মুগুধিনী নারী॥ ৬॥

৬। লগ—নিকটে। কসি—কসিয়া, বলপূর্ব্বক। কোর—ক্রোড়। করহি—করে। জোর—জোড়া।

৭। সাঠ—সাথ, সঙ্গে। পঢ়াওর—পঢ়াইবে।

৮। দুঅও—দুই। নিবার—নিবারণ। মোহরে—মোহর দিয়া। মুদল—বন্ধ।

৯। ভাণ—জ্ঞান। বিরমান—রমণ, বল্লভ।

১। বেয়াকুল—ব্যাকুল। কন্ত—কান্তি। পরবোধব—প্রবোধ দিয়া। পরযন্ত—শেষ পর্য্যন্ত।

২। সখীরা যখন প্রবোধ দিয়া রাধাকে শয্যায় শয়ন করাইয়া দিল,—তখন প্রিয় অর্থাৎ মাধব উঠিয়া সানন্দে রাধার হাত ধরিয়া নিকটে লইল।

৩। ঢরু—প্রবাহিত হইল। শেষক—শয্যায়। ওর—সীমা, প্রান্ত। না না বলিতে বলিতে রাধার নয়নে অশ্রুধারা প্রবাহিত হইতে লাগিল। ধনী শয্যার প্রান্তে শয়ন করিয়া রহিল।

৪। বিদ্যাপতি বলিতেছে, হে যুবরাজ অর্থাৎ মাধব, জগতে চক্ষুলজ্জাই সকলের অপেক্ষা বড়।

১। পহিল—প্রথমে। পিয়াক—প্রিয়তমের।

২। ঠাঢ়ি—দাঁড়াইয়া।

৪। বিনিখোরি—না খুলিয়া। থোরি—অল্প।

২। শুতায়ল—শোয়াইল, শয়ন করাইল।

৩। মোড়ই—ফিরায়। কোলে করিতেই সমস্ত অঙ্গ ফিরাইয়া লয়।

৪। বেরি এক—একবার।

কহ কথি সামরি ঝামরি দেহা।
কওন পুরুখ সঞে লয়লি নেহা॥ ১॥
অধর সুরঙ্গ জনি নীরস পবার।
কোন লুটল তুয় অমিয় ভাণ্ডার॥ ২॥
রঙ্গ পয়োধর অতি ভেল গোর।
মাজি ধয়ল জনি কনয় কটোর॥ ৩॥
ন যাইহ সে পিয়া তহ্নি এক গুণে।
ফিরি আওলি তুহু পূরবক পুণে॥ ৪॥
কবি বিদ্যাপতি ইহ রস ভানে।
রাজা শিবসিংহ লছিমা রমাণে॥ ৫॥

৫

কি কহব হে সখি রজনীক বাত।
বড় দুখে গমাওল মাধব সাথ॥ ১॥
করে কুচ ঝাঁপয় অধরমধু পান।
বদনে বদন দয় বধয় পরাণ॥ ২॥
নবযৌবন তাহে রস পরচার।
রতিরস ন জানয় কানু সে গমার॥ ৩॥
মদনে বিভোর কিছুও ন জান।
কতয়ে বিনতি কর তৈও নহি মান॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
তুহু মূগুধিনী সোই লুবুধ মুরারি॥ ৫॥

৬

করে কর ধরি যে কিছু কহল
বদন বিহসি থোর।
যৈসে হিমকর মৃগ পরিহরি
কুমুদ কয়ল কোর॥ ১॥
রামা হে শপথ করহুঁ তোর।
সোই গুণবতী গুণ গণি গণি
ন জানি কিয় গতি মোর॥ ২॥
গলিত বসন লুলিত ভূষণ
ফুয়ল কবরী ভার।
আহা উহু করি যে কিছু কহল
সে কিয় বিসরি পার॥ ৩॥

১। সামরি—সুন্দরী, শ্যামা। ঝামরি—মলিনা। লয়লি—ঘটাইলি।
২। সুরঙ্গ—হিঙ্গুল, সুন্দর। পবার—প্রবাল।
৩। রঙ্গ—রমণীয়। গোর—গৌর, রক্তবর্ণ। ধয়ল—রাখিল।
১। গমাওল—যাপন করিলাম।
৩। বিসরি পার—বিস্মৃত হইতে পারে।

নিভৃত কেতন হরল চেতন
হৃদয়ে রহল বাধা।
ভণে বিদ্যাপতি ভল সে উমতি
বিপতি পড়ল রাধা॥ ৪॥

কি কহব হে সখি কহইতে লাজ।
যেহো করল সোই নাগর রাজ॥ ১॥
পহিল বয়স মঝু নহি রতিরঙ্গ।
দূতী মিলায়ল কানুক সঙ্গ॥ ২॥
হেরইতে দেহ মঝু থরথর কাঁপ।
সোই লুবুধমতি তাহে করু ঝাঁপ॥ ৩॥
চেতন হরল আলিঙ্গন বেলি।
কি কহব কিয়ে করল রসকেলি॥ ৪॥
হঠ করি নাহ করল যত কাজ।
সে কি কহব ইহ সখিনী সমাজ॥ ৫॥
জানসি তব কাহে করসি পুছারি।
সে ধনি যে থির তাহি নিহারি॥ ৬॥
বিদ্যাপতি কহ ন কর তরাস।
ঐসন হোয়ত পহিল বিলাস॥ ৭॥

পুছমো এ সখি পুছমো তোয়।
কেলিকলা রস কহবি মোয়॥ ১॥
বেশ ভূষণ তোর সব ছিল পুর।
অলকা তিলক মিটি গেলহু দূর॥ ২॥

৪। নিভৃত কেতন—নির্জ্জন কুঞ্জে।
২। মঝু—আমার। পহিল—প্রথম, নূতন।
৩। তাহাকে দেখিয়া আমার দেহ থরথর করিয়া কাঁপিতে লাগিল। সে লুব্ধমতি তাহাতে অর্থাৎ আমার দেহে ঝাঁপাইয়া পড়িল।
৪। বেলি—বেলায়, সময়ে।
৫। নাহ—নাথ।
৬। ধনি—ধন্য।
৫-৬। নাথ আমার সহিত যে সমস্ত কাজ করিল, তাহা আর তোদের বলব কি। যদি জানিস্, তবে জিজ্ঞাসা করছিস কেন? সেই ধন্য, যে তাহাকে দেখিয়া স্থির থাকিতে পারে।
৭। বিদ্যাপতি বলিতেছে, তুমি ভয় করিও না, প্রথম বিলাস (মিলন) এইরূপই হইয়া থাকে।
২। মিটি—মুছিয়া।

কুসুমকুল সব ভেল ভিন ভিন।
অধরহি লাগল দশনক চিন ॥ ৩ ॥
কোন অবুঝ কুচে নখ খত দেল।
হা হা শম্ভু ভগন ভৈ গেল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
সব রস লেল রসিক মুরারি ॥ ৫ ॥

ন কর ন কর সখি মোহে অনুরোধে।
কি করব হমহু তকর পরবোধে ॥ ১ ॥
অলপ বয়স হম কানুসে তরুণা।
অতিহু লাজ ডর অতিহু করুণা ॥ ২ ॥
লোভে নিঠুর হরি কয়লহি কেলি।
কি কহব যামিনী যত দুখ দেলি ॥ ৩ ॥
হঠ ভেল রস হম হরল গেয়ান।
নীবিবন্ধ তোড়ল কখন কে জান ॥ ৪ ॥
দেল আলিঙ্গন ভুয়যুগ চাপি।
তহিখনে হৃদয় মঝু উঠল কাঁপি ॥ ৫ ॥
নয়নে বারি দরশাওল রোই।
তবহু কানু উপশম নহি হোই ॥ ৬ ॥
অধর নীরস মঝু করলনি মন্দা।
রাহু গরাসি নিশি তেজল চন্দা ॥ ৭ ॥
কুচযুগে দেল নখ পরহারে।
কেশরী জনি গজকুম্ভ বিদারে ॥ ৮ ॥

ভণই বিদ্যাপতি রসবতি নারি।
তুহু সে চতনী লুবুধ মুরারি ॥ ৯

হম অতি ভীতা রহল তনু গোই।
সে রসসাগর থির নহি হোই ॥ ১ ॥
রস নহি হোয়ল কয়ল যে শান্তি।
দমনলতা জনি দমসল হাতী ॥ ২ ॥
পুনু কত কাকু কয়ল অনুকুল।
তবহু পাপ হিয়ে মঝু নহি ভুল ॥ ৩ ॥
হমর অছল কত পুরবক ভাগি।
ফিরি আওল হাম সে ফল লাগি ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ন করহ খেদ।
ঐসন হোয়ল পহিল সম্ভেদ ॥ ৫ ॥

১১

সুবল সঞো বইসি সাম।
কহয় রজনী বিলাস কাম ॥ ১ ॥
সে যে সুবদনী সুন্দরী রাই।
আবেশে হিয়াক মাঝ লাই ॥ ২ ॥
চুম্বন করল কতহুঁ ছন্দ।
রভসে বিহসি মন্দ মন্দ ॥ ৩ ॥
বহুবিধ কেলি কয়ল সোই।
সে সব সপন ভেল মোই ॥ ৪ ॥
কিয় সে বচন অমিয় মিঠ।
ভঁউহু ভঙ্গিম কুটিল দিঠ ॥ ৫ ॥
সে ধনী হিয়াক মাঝ জাগে।
বিদ্যাপতি কহ নবীন রাগে ॥ ৬ ॥

১২

দৃঢ় পরিরম্ভনে পিড়লি মদনে।
উবরি অয়লাহুঁ সখি পুরুব পুনে ॥ ১ ॥

৩। ভিন ভিন—ভিন্ন ভিন্ন।

৪। কোন্ অবুঝ এরূপ কুচে নখাঘাত করিল! হায় হায়, শম্ভু ভাঙ্গিয়া গেল!

১। তকর পরবোধে—তাহার প্রবোধে, তাহার আশ্বাসবাক্যে।

২। করুণা—করুণ মিনতি।

৩। নিষ্ঠুর হরি লোভপরবশ হইয়া যামিনীতে কেলি করিয়া যে দুঃখ দিল, তাহা আর তোকে কি বলিব।

৪। বলপ্রকাশের ফলে আমি অজ্ঞান হইয়া পড়িলাম, সুতরাং কখন নীবিবন্ধ খুলিয়া ফেলিল, তাহা কেমন করিয়া জানিব?

৬। কাঁদিয়া নয়নের বারি দেখাইলাম, তথাপি কানাই নিবৃত্ত হইল না।

৭। রাহু রাত্রিতে যেমন চন্দ্রকে গ্রাস করিয়া ত্যাগ করে, সেইরূপ মাধব আমার অধর নীরস করিয়া ত্যাগ করিল।

৯। বিদ্যাপতি বলিতেছে, হে রসবতি নারি, তুমি চতুরা আর মুরারিও লুব্ধ।

১। গোই—গোপন করিয়া।

২। শান্তি—শান্তি। দমনলতা—দ্রোণপুষ্প। দমসল—পদতলে দলিত করিল।

৫। সম্ভেদ—মিলন।

৩। ছন্দ—প্রকার। রভসে—আনন্দে।

৫। ভঁউহু ভঙ্গিম—ভ্রূভঙ্গী। দিঠ—দৃষ্টি।

১। উবরি—মুক্ত হইয়া।

টুটি ছিড়িয়ায়ল মোতিম হারে !
সিন্দুরে লুটায়ল সুরঙ্গ পবারে ॥ ২ ॥
সুন্দর কুচযুগ নখখত ভরি।
জনি গজকুম্ভ বিদারল হরি ॥ ৩ ॥
অধরে দশন দেখি জিব মোর কাপে ॥ ৪ ॥
সমুদ্র ঐসনি ন পাবিয় উরে।
কখন উগত সোর হিত ভএ সূরে ॥ ৫ ॥
মোঞে নহি জাএব তহ্নি পিয়া ঠামে।
বরু জিব মারি নড়াবথু কামে ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি তেজ ভয় লাজে।
আগি জাড়িয় পুনু আগিহিক কাজে ॥ ৭ ॥

১৩

এ সখি এ সখি লই তনু যাহে।
মুঞি অতি বালী সে আরত নাহে ॥ ১ ॥
পাশ যাইতে জীউ মোর কাঁপে।
কাচ কমলে ভ্রমর করু ঝাঁপে ॥ ২ ॥

২। ছিড়িয়ায়ল—ছড়াইয়া পড়িল। পবার—প্রবাল।

৩। হরি—সিংহ।

৫। উরে—সীমা, ওর, শেষ।

৬। নড়াবথু—ফেলিয়া দিব। বরং কামকে প্রাণে মারিয়া ফেলিয়া দিব।

৭। আগুনের কাজে আবার আগুন জ্বালিতে হয়।

সখি, মদনের দ্বারা অর্থাৎ মদনাতুর মাধব কর্ত্তৃক আমি দৃঢ় আলিঙ্গনে পীড়িত হইয়া পূর্ব্বপুণ্যফলে ফিরিয়া আসিয়াছি। মুক্তাহার ছিঁড়িয়া চারিদিকে ছড়াইয়া পড়িল, সুন্দর প্রবাল সদৃশ অধরে সিন্দুর মাখাইয়া দিল, অর্থাৎ অধরে দশনক্ষত প্রকটিত হইয়াছে। সুন্দর কুচযুগল নখক্ষতে পূর্ণ; সিংহ যেন গজকুম্ভ বিদীর্ণ করিয়াছে। অধরে দশনক্ষত দেখিয়া আমার প্রাণ কম্পিত হইতেছে, রাহু যেন চন্দ্রমণ্ডলকে আক্রমণ করিয়াছে। রাত্রি অপার সমুদ্রতুল্য, যেন শেষ হয় না। সূর্য্য আমার হিতৈষিরূপে কখন উদিত হইবেন? সখি, বরং আমি কামকে মারিয়া ফেলিব, তথাপি সেই প্রিয়তমের (মাধবের) নিকট আর যাইব না। বিদ্যাপতি বলিতেছে, সজ্জা, ভয় ত্যাগ কর, আগুনের কাজেই আগুন জ্বালিতে হয়।

১। বালী—বালিকা। আরত—কামার্ত্ত। নাহে—নাথ।

২। ঝাঁপ—আক্রমণ।

দুরবল দেহ মোর ঝাঁপল চীর।
জনু ডগমগ করে নলিনীক নীর ॥ ৩ ॥
মাইহে কে সহত জীবক শাতি।
কোন বিহি সিরজিল পাপিনী রাতি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি তখনক ভান।
কোন ন দেখত সখি হোত বিহান ॥ ৫ ॥

১৪

থরথর কাঁপল লহু লহু ভাস।
লাজে ন বচন করয়ে পরকাশ ॥ ১ ॥
আজ ধনী পেখল বড় বিপরীত।
ক্ষণে অনুমতি ক্ষণে মানই ভীত ॥ ২ ॥
সুরতক নামে মুদই দুই আঁখি।
পাওল মদন মহোদধি সাখী ॥ ৩ ॥
চুম্বন বেরি করয়ে মুখ বঙ্কা।
মিলল চাঁদ সরোরুহ অঙ্কা ॥ ৪ ॥
নীবিবন্ধ পরশে চমকি উঠে গোরী।
জানল মদন ভণ্ডারয় চোরি ॥ ৫ ॥
ফুয়ল বসন হিয়া ভুজে রহু সাঁঠি।
বাহর রতন আঁচরে দেই গাঁঠি ॥ ৬ ॥
বিদ্যাপতি কি বুঝাব বল হেরি।
তেজি তলপ পরিরম্ভণ বেরি ॥ ৭ ॥

৩। ঝাঁপল—ঢাকিলাম। চীর—বস্ত্র।

৪। মাইহে—মা গো। মা গো! জীবনের শান্তি কে সহিবে। ৫। ভান—ভাব।

এই পদ মিথিলায় স্বতন্ত্র আকারে পাওয়া যায়।

৩। সুরতের নামে দুই চক্ষু মুদিত করিল। মদন মহাসাগরের দেখা পাইল।

৪। বঙ্কা—বক্র।

চুম্বনের সময় মুখ ফিরাইয়া লয়। চাঁদ পদ্মকে যেন নিজ ক্রোড়ে পাইল। অর্থাৎ চন্দ্রোদয় হইলে পদ্ম যেমন সঙ্কুচিত হইয়া থাকে, রাধাও সেইরূপ মাধব-সমাগমে সঙ্কুচিত হইল।

৫। নীবিবন্ধ স্পর্শে গোরী (রাধা) চমকিয়া উঠিল। বুঝিতে পারিল, মদন-ভাণ্ডার চুরি যাইবে।

৬। ফুয়ল—উন্মুক্ত। সাঁঠি—সাটিয়া, দৃঢ় করিয়া। বসন উন্মুক্ত হইয়া গিয়াছে কিন্তু বক্ষ অর্থাৎ কুচযুগল হাত দিয়া চাপিয়া ধরিয়াছে। রত্ন বাহিরে পড়িয়া রহিল অথচ অঞ্চলে গাঁট দিতেছে।

৭। তলপ—তল্প, শয্যা। পরিরম্ভণ বেরি—আলিঙ্গনসময়ে।

১৫

নীবিবন্ধন হরি কিয়ে কর দূর।
এহো পয় তোহর মনোরথ পূর ॥ ১ ॥
হেরনে কওন সুখ ন বুঝ বিচারি।
বড় তুহু ঢীঠ বুঝল বনমারী ॥ ২ ॥
হমর শপথ যদি হেরহ মুরারি।
লহু লহু তব হম পারব গারি ॥ ৩ ॥
বিহর সে রহসি হেরনে কওন কাম।
সে নহি সহবহি হমর পরাণ ॥ ৪ ॥
কঁহা নহি শুনিয় এহন পরকার।
করয় বিলাস দীপ লই জার ॥ ৫ ॥
পরিজন শুনি শুনি তেজব নিশ্বাস।
লহু লহু রমহ পরিজন পাশ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহো রস জান।
নৃপ শিবসিংহ লখিমা বিরমাণ ॥ ৭ ॥

১৬

রতি সুবিশারদ তুহু রাখ মান।
বাঢ়লে যৌবন তোহে দেব দান ॥ ১ ॥
এবে সে অলপ রসে ন পূরব আশ।
থোরি সলিলে তুয় ন যাব পিয়াস ॥ ২ ॥
অলপে অলপে যদি চাহ নিতি।
প্রতিপদ চান্দ কলা সম রীতি ॥ ৩ ॥
থোরি পয়োধরে ন পূরব পাণি।
ন দিহ নখরেহ হরি রস জানি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি কৈসন রীত।
কাঁচা দাড়িম প্রনি ঐসন প্রীত ॥ ৫ ॥

১৭

গরবে ন কর হঠ লুব্ধ মুরারি।
তুয় অনুরাগে ন জীবয় বরনারী ॥ ১ ॥
তুহু নাগর গুরু হম অগেয়ান।
কেলিকলা সব তুহু ভল জান ॥ ২ ॥
ফুয়ল কবরী মোর টুটল হার।
হম অবুঝ নারী তুহু ত গমার ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ কর অবধান।
রোগী করয় যৈসে ঔখদ পান ॥ ৪ ॥

১৮

চাণুর মরদন তুঁহু বনমারী।
শিরীষ কুসুম হম কমলিনী নারী ॥ ১ ॥
দূতী বড় দারুণ সাধল বাদ।
করি করে সোপল মালতী মাদ ॥ ২ ॥
নয়নক অঞ্জন নিরঞ্জন ভেল।
মৃগমদ চন্দন ঘামে ভিগি গেল ॥ ৩ ॥
বিদগধ মাধব তোহে পরণাম।
অবলা বলি দয় ন পূজহ কাম ॥ ৪ ॥
এ হরি এ হরি কর অবধান।
আন দিন লাগি রাখহ পরাণ ॥ ৫ ॥

১। এহো পয়—এই ভাবে।

২। ঢীঠ—শঠ। ৬। লহু—ধীরে।

তাৎপর্য্য :—হে হরি, নীবিবন্ধন কেন মোচন করিতেছ? এরূপ ভাবেই অর্থাৎ নীবিবন্ধন মুক্ত না করিয়াই তোমার মনোরথ পূর্ণ কর। দেখিয়া যে কি সুখ, তাহা বুঝি না। হে বনমালী, আমি বুঝিতেছি, তুমি অত্যন্ত শঠ। আমার শপথ তুমি দেখিও না, দেখিলে আমি লঘু স্বরে গালি দিব। গোপনে বিহার কর, দেখিয়া কি কাজ? তাহা আমার প্রাণে সহ্য হইবে না। কোথাও এমন শুনি নাই যে প্রদীপ জ্বালিয়া বিলাস করে। পরিজন-দিগের সাড়াশব্দ শুনিয়া সাবধানে নিশ্বাস ত্যাগ করিবে। পাশেই তাঁহারা রহিয়াছেন, অতএব ধীরে ধীরে রমণ (বিহার) কর।

১। হে রতি-সুবিশারদ, তুমি আমার মান রাখ। যখন যৌবন বাড়িবে, তখন তোমাকে দিব। এখন অল্প রস, অতএব আশা মিটিবে না, অল্প জলে তোমার পিপাসা যাইবে না। প্রতিপদ হইতে চন্দ্র-কলা যেমন বৃদ্ধি পায়, সেইরূপ অল্প অল্প রতি যদি চাও, তাহা হইলে নিত্য হইতে পারে। অল্প পয়োধরে তোমার হাত পূরিবে না। হে হরি, রস জানিয়া পয়োধরে নখরেখা দিও না। বিদ্যাপতি কহিতেছে, কাঁচা দাড়িম্বের প্রতি এরূপ প্রীতি, এ তোমার কিরূপ রীত?

৩। ফুয়ল—এলাইল, খুলিয়া গেল। টুটল—ছিঁড়িল।

১। চাণুর মরদন—চাণুর দৈত্যকে যিনি দমন করিয়াছেন। হে বনমালি, তুমি চাণুরদৈত্যদমন-কারী, আর আমি শিরীষ কুসুম তুল্য পদ্মিনী নারী।

৩। নিরঞ্জন—অঞ্জনশূন্য। ভিগি—ভিজিয়া।

৪। হে মাধব, অবলাকে বলি দিয়া কামের পূজা করিও না।

৫। আন—অন্য।

হে হরি, হে হরি, শুন, অন্য দিবসের জন্য প্রাণ রাখ।

রসবতী নাগরী রস মরিযাদ।
বিদ্যাপতি কহ পূরব সাধ ॥ ৬ ॥

১৯

পরিহর মনে কছু ন কর তরাস।
সাধস নহি কর চল পিয়পাশ ॥ ১ ॥
দূর কর দুরমতি কহলম তোয়।
বিনি দুখে সুখ কবহু নহি হোয় ॥ ২ ॥
তিল আধ দুখ জনম ভরি সুখ।
ইথে লাগি ধনি কি হোইঅ বিমুখ ॥ ৩ ॥
তিল এক মুদি রহু দুনয়ান।
রোগী করয়ে জনি ঔষদ পান ॥ ৪ ॥
চল চল সুন্দরি করহ সিঙ্গার।
বিদ্যাপতি কহ এহিসে বিচার ॥ ৫ ॥

২০

মাধব :—

এ ধনি এক নিবেদন তোয়।
কনক শম্ভু এক ভেখ বিলোকন
দোসর দেখায়বি মোয় ॥ ১ ॥
করপল্লবে হম ইহ হর পূজব
খোলহ নীল নীচোল।
পাণিকতলে হাম কপোল বজায়ব
করতালি তুহুঁ কর বোল ॥ ২ ॥

রাধা :—

শুন ব্রজবল্লভ ইথে কিয়ে সম্ভব
সহজহি জাতি অহীর।
আদি বিশ্বেশ্বর দেব পুরন্দর
কৈছে পরশবি উহ শির ॥ ৩ ॥

৬। মরিযাদ—মর্যাদা।
১। তরাস—ত্রাস।
২। কহলম—কহিলাম।
৩। ইথে লাগি—ইহার জন্য, ইহাতে।
৩-৪। ক্ষণমাত্র দুঃখ কিন্তু পরে জীবন ভরিয়া সুখ; হে ধনি, ইহাতে কেন বিমুখ হইবি? মুহূর্তমাত্র চক্ষু মুদিয়া থাক, রোগী যেমন ঔষধ পান করে।
৫। সিঙ্গার—শৃঙ্গার।
১। ভেখ—সজ্জা। দোসর—দ্বিতীয়, আবার।
২। নীচোল—উত্তরীয় বস্ত্র।

মাধব :—

দেব বিশ্বেশ্বর আদি পুরুষবর
আকুল জন নহি জান।
নিবেদন পুন পুন কহ কবিরঞ্জন
দেহ আলিঙ্গন দান ॥ ৪ ॥

২১

এ হরি বলে যদি পরশবি মোয়।
তিরিবধ পাতক লাগয় তোয় ॥ ১ ॥
তুহু রস আগর নাগর ঢীঠ।
হম ন বুঝিয় রস তীত কি মীঠ ॥ ২ ॥
রস পরসঙ্গে উঠয় মঝু কাঁপ।
বাণে হরিণী জনি কয়লহি ঝাঁপ ॥ ৩ ॥
অসময় আশ ন পূরয় কাম।
ভলজন ন কর বিরস পরিণাম ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ বুঝহু সাঁচ।
ফলহু ন মিঠ হোয়ত কাঁচ ॥ ৫ ॥

২২

তরল নয়ন শর অথির সন্ধান।
নবীন শিখায়ল গুরু পাঁচবাণ ॥ ১ ॥
অগেয়ানে কওন করয় বেভার।
বলে নহি লেওত জীবন হমার ॥ ২ ॥
আরতি ন কর কানু ন ধর চীর।
হম অবলা অতি রতিরণভীর ॥ ৩ ॥
প্রথম বয়স লেশ ন পূরব আশ।
ন পুরে অলপ ধনে দারিদ পিয়াস ॥ ৪ ॥
মাধবী মুকুলিত মালতী ফুল।
তাহে নহি ভুখল ভমর অনুকূল ॥ ৫ ॥
অনুচিত কাজে ভল নহ পরিণাম।
সাহস ন করিয় সংশয় ঠাম ॥ ৬ ॥
ভনই বিদ্যাপতি নাগর কান।
মাতল করী নহি অঙ্কুশ মান ॥ ৭ ॥

১। তিরিবধ—স্ত্রীবধ। ২। রস আগর—রসে অগ্রগণ্য, রসিক। ঢীঠ—শঠ।
৩। আরতি—আগ্রহ প্রকাশ। চীর—বস্ত্র। রতিরণভীর—রতিসমরভয়ে কাতর।
৫। ভুখল—ক্ষুধিত।
৬। সংশয় ঠাম—সংশয়স্থলে।

২৩

সবহু সখী পরবোধি কামিনী
আনি দেলি পিয়াপাশ।
জনি বাঁধি ব্যাধা বিপিনসঞো মৃগী
তেজ তীখনিশাস ॥ ১ ॥
বৈসলি শয়ন সমীপ সুবদনী
যতনে সমুখ ন হোয়।
ভেল মানস বুলও দহোদিশ
দেল মনোমথে ফোয় ॥ ২ ॥
সকল গাত দুকুল দৃঢ় অতি
কতহু নহি অবকাশ।
পানি পরশ পরাণ পরিহর
পূরতি কি রতি আশ ॥ ৩ ॥
কঠিন কাম কঠোর কামিনী
মান নহি পরবোধ।
নিবিড় নীবিবন্ধ কঠিন কঞ্চুক
অধরে অধিক নিবোধ ॥ ৪ ॥
করব কী পরকার আবে হমে
কিছু ন পর অবধারি।
কোপে কৌসলে করএ চাহিঅ
হঠহি হল হিয় হারি ॥ ৫ ॥
দিবস চারি গমাএ মাধব
করব রতি সমধান।
বড়াহিকা বড় হোয় ধৈরজ
সিংহ ভূপতি ভান ॥ ৬ ॥

২৪

যতনে আইলি ধনী শয়নক সীম।
পাঙ্গুর লিখি ক্ষিতি নত রহু গীম ॥ ১ ॥
সখী হে পিয়া পাশে বৈঠলি রাহি।
কুটিল ভৌঁহ করি হেরইছি কাহি ॥ ২ ॥
নবি বর নারী পহিল পিয়া মেলি।
অনুনয় করইতে যামিনী আধ গেলি ॥ ৩ ॥
করে ধরি বল্লভ বৈসাওস কোর।
এক পয় কহ ধনী নহি নহি বোল ॥ ৪ ॥

১। তীখ—তীক্ষ্ণ।

৫। হঠহি হল হিয় হারি—বল প্রকাশ করিতে ইচ্ছা হয় না। ৬। ভূপতি সিংহ কহিতেছে, মহৎ ব্যক্তির ধৈর্য্যও বড় হয়।

১। প্যাঙ্গুর—পদাঙ্গুলি। গীম—গ্রীবা।

৪। কোর—ক্রোড়।

কোরে করইতে মোড়ই সব অঙ্গ।
পরবোধ ন মানে জনি বাল ভুজঙ্গ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নাগরী রামা।
অন্তরে দাহিন বাহিরে বামা ॥ ৬ ॥

২৫

অধর মগইতে অক্রোধ কর মাথ।
সহএ ন পার পয়োধর হাথ ॥ ১ ॥
বিঘটল নীবী করে ধরি জাঁতি।
অঙ্কুরল মদন ধরএ কত ভাঁতি ॥ ২ ॥
কোমল কামিনী নাগর নাহ।
কঞোনে পরি হোয়ত কেলি নিরবাহ ॥ ৩ ॥
কুচ কোরক তবে কর গহি লেল।
কাঁচ বদর অরুণ রুচি ভেল ॥ ৪ ॥
লাবএ চাহিঅ নখর বিশেখ।
ভৌঁহ ন আবএ চান্দক রেখ ॥ ৫ ॥
তসু মুখ সোঁ লোভে রহু হেরি।
চান্দ ঝপাব বসন কত বেরি ॥ ৬ ॥

২৬

পরশইতে চমকি চলয় পদ আর।
অনুমতি ন দয় ন কর রসবাধ ॥ ১ ॥
অভিনব নাগর সুনাগরী মেলি।
রসবৈদগধি অবধি ভই গেলি ॥ ২ ॥
হঠ পরিরম্ভ আরম্ভন বেলি।
ধনী মুখ মোড়ি রহল কর ঠেলি ॥ ৩ ॥
আন কহইতে আন কহে তঙ্কে।
মরম কহইতে বিহসি মুখ বঙ্কে ॥ ৪ ॥

৬। দাহিন—প্রসন্ন। বামা—বিমুখ।

১। মগইতে—চাহিতে। অক্রোধ—অবনত।

২। বিঘটল নীবী—মুক্ত নীবী। জাঁতি—চাপিয়া রাখে। ভাঁতি—রূপ, আকার।

৩। কঞোনে পরি—কেমন করিয়া।

৪। গহি—গ্রহণ করিয়া। কাঁচ—কাঁচা। বদর—বদরি, কুলফল। রুচি—বর্ণ।

৫। লাবএ—ঘটাইতে। বিশেখ—বিশেষ, সুন্দর। আবএ—আসে।

৬। তসু—তাহার। ঝপাব—ঢাকিবে।

১। চলয় পদ আধ—অর্দ্ধপদ চলিয়া যায়। রসবাধ—রসে বাধা।

২। মেলি—মিলন। রসবৈদগধি—বৈদগ্ধ রস। অবধি—সীমা।

৩। আরম্ভন বেলি—আরম্ভের সময়।

৪। তঙ্ক—আতঙ্ক।

রতিরণ রঙ্গহি ভঙ্গ ন দেল।
ন জানি কাম কেহন যশ লেল ॥ ৫ ॥

২৭

বামা বয়ন নয়ন বহ নোর।
কাঁপ কুরঙ্গিনী কেশরী কোর ॥ ১ ॥
একে গহ চিকুর দোসরে গহ গীম।
তেসরে চিবুক চউঠে কুচ সীম ॥ ২ ॥
নিবিবন্ধ ফোয়েক নহি অবকাশ।
পানি পঞ্চমকে বাঢ়লি আশ ॥ ৩ ॥
রাধা মাধব প্রথমক মেলি।
ন পূরল কাম মনোরথ কেলি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি প্রথমক রীতি।
দিনে দিনে বালা বুঝভি পিরীতি ॥ ৫ ॥

২৮

বারি বিলাসিনী আকুল কান।
মদন কৌতুকিয়া হটল ন মান ॥ ১ ॥
একে ধনী পদ্মিনী সহজহি ছোটি।
করে ধরইতে করুণা কর কোটি ॥ ২ ॥
হঠ পরিরম্ভণে নহি নহি বোল।
হরি ডরে হরিণী হরি হিয়ে ডোল ॥ ৩ ॥
নয়নক অঞ্জন চঞ্চল ভান।
জাগল মনমথ মুদিত নয়ান ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ঐসন রঙ্গ।
রাধামাধব পহিলহি সঙ্গ ॥ ৫ ॥

২৯

একে অবলা অওকে সহজক ছোটী।
কর ধরইতে করুণা কর কোটি ॥ ১ ॥

৩। ফোয়েক—খুলিবার।

তাৎপর্য্য :—রাধার চক্ষুতে এবং মুখে অশ্রুধারা বহিতেছে, যেন কুরঙ্গিণী কেশরীর ক্রোড়ে কাঁপিতেছে। মাধব (মাধবকে এখানে চতুর্ভুজ কল্পনা করা হইতেছে, এরূপ পদ আর পাওয়া যায় না) এক হাতে চিকুর গ্রহণ করিয়াছেন, দ্বিতীয় হাতে গ্রীবা, তৃতীয় হাতে চিবুক আর চতুর্থ হাত দিয়াছেন কুচ-সীমায়, সুতরাং নীবিবন্ধ খুলিবার অবকাশ নাই। অতএব মাধবের পঞ্চম হাতের ইচ্ছা হইল।

১। বারি—বালা। বিলাসিনী—নায়িকা। আকুল—কামাকুল। কৌতুকিয়া—কুতূহলী, উদ্রিক্ত। হটল—নিষেধ।

১। করুণা—মিনতি।

আলিঙ্গন নামে রহয় হিয় হারি।
জনি করিবরতল খসলি পঞ্চোনারি ॥ ২ ॥
নয়ন নীর ভরি নহি নহি বোল।
হরি ডরে হরিণ জইসে জীব ডোল ॥ ৩ ॥
কৌশলে কুচ কোরক করে লেল।
মুখ দেখি নারীবধ সংশয় ভেল ॥ ৪ ॥
বালা বিলাসিনী তরুণ কান।
মদন কৌতুকিয়া হটল ন মান ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
অতি রতি হঠে নহি জীবয় নারী ॥ ৬ ॥

পহিলহি রাধা মাধব ভেট।
চকিতহি চাহি বয়ন করু হেট ॥ ১ ॥
অনুনয় কাকু করতহি কান।
নবীন রমণী ধনী রস নহি জান ॥ ২ ॥
হেরি হরি নাগর পুলক ভেল।
কাঁপ উঠু তনু স্বেদ বহি গেল ॥ ৩ ॥
অথির মাধব ধরু রাহিক হাথ।
করে কর বাধি ধর ধনী মাথ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নহি মন আন।
রাজা শিবসিংহ লখিমা রমাণ ॥ ৫ ॥

৩১

হৃদয় আরতি বহু ভয় তনু কাঁপ।
নূতন হরিণী জনি হরিণ করু ঝাঁপ ॥ ১ ॥
ভূখল চকোর জনি পিবইতে আশ।
ঐসন সময় মেঘ নহি পরকাশ ॥ ২ ॥
পহিল সমাগম রস নহি জান।
কত কত কাকু করতহি কান ॥ ৩ ॥
পরিরম্ভণ বেরি উঠই তরাস।
লাজে বচন নহি কর পরকাশ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ইহ নহি ভায়।
যে রসবন্ত সেহো রস পায় ॥ ৫ ॥

২। হিয় হারি—হৃদয় হারিয়া, ভয় পাইয়া। পঞ্চোনারি—পদ্মনাল, মৃণাল।

৩। হরি—সিংহ। জীব—জীবন। ডোল—দোলে, কাঁপে।

হটল—নিষেধ।
কাকু—কাকুতি।
রাহিক—রাধার।
করু—করিল।
পিবইতে—পান করিতে।

৩২

যখনে লেল হরি কঞ্চুয় অছোরি।
কতে পরযুকুতি কয়ল অঙ্গ মোরি॥ ১॥
তখনুকি কহিনী কহহি ন যাএ।
লাজে সুমুখী ধনী রহলি লজাএ॥ ২॥
করে না নিভায় দূর জল দীপ।
লাজে ন মরয় নারী কঠজীব॥ ৩॥
কঠিন আলিঙ্গন সহএ কে পার।
কোমল হৃদয় উখড়ি গেল হার॥ ৪॥
ভণই বিদ্যাপতি তখনুক ভান।
কওনে কহল সখি হোয়ত বিহান॥ ৫॥

৩৩

মাধব এ বেরি দূরহু দূর সেবা।
দিন দশ ধৈরয কর যদুনন্দন
হমে তপ বরি বরু দেবা॥ ১॥
কোরি কুসুম মধু বেকত ন রহতে
হঠ জনু করিয় মুরারি।
তুয় ইহ দাপ সহএ কে পারত
হম কোমল তনু নারী॥ ২॥
আইতি হঠ যঞো করবহ মাধব
তঞো আইতি নহি মোরি।
কাঁচি বদরী উপভোগে ন আওত
উহে কি ফল তোরি॥ ৩॥
এতিখণে অমিয় বচন উপভোগহ
আরতি অনদিনে দেবা।
লখিমীনাথ ভণ শুন যদুনন্দন
কলি যুগে নিতে মোরি সেবা॥ ৪॥

১। অছোরি—ছিনাইয়া, কাড়িয়া। পরযুকুতি—প্রযুক্তি। মোরি—মোড়া দিয়া, ফিরাইয়া।

৩। কঠজীব—কঠিন প্রাণ। দূরে দীপ জ্বলিতেছে, হাত দিয়া নিবাইতে পারা যায় না, কঠিন প্রাণ নারী লজ্জায় মরিয়াও যায় না।

৪। উখড়ি—ফুটিয়া, চিহ্ন হওয়া।

১। এ বেরি—এবার। সেবা—নমস্কার। বরু—বরং। দেবা—দিবে।

২। কোরি—কলিকা। রহতে—রহে।

৩। আইতি—আয়ত্ত। তঞো—তবে। আইতি—আগমন। কাঁচি—কাঁচা। বদরী—কুল।

৪। এতিখণে—এক্ষণে। অনদিনে—অন্যদিন। নিতে—নিত্য।

৩৪

অবলা অংশুক বল্লভ লেলা।
পানিপল্লব ধনী অন্তর দেলা॥ ১॥
হঠ ন করিহ কান ন পূরত কাম।
প্রথমক রভস বিচারক ঠাম॥ ২॥
মদন ভণ্ডার সুরত রস আনি।
মোহরে মুন্দল অছ অসময় জানি॥ ৩॥
মুকুলিত লোচন নহি পরকাশে।
কাঁপ কলেবর হৃদয় তরাসে॥ ৪॥
আবে নব যৌবন সময় নিহারি।
অপনহি বেকত হোয়ত পরচারি॥ ৫॥
ভণই বিদ্যাপতি নব অনুরাগী;
সহিয় পরাভব পিয় হিত লাগি॥ ৬॥

৩৫

হমে অবলা তোহে বলমত নাহ।
জীবক বদলে পেম নিরবাহ॥ ১॥
পঠি মনসিজ মন্ত্র দরশহ ভাব।
কৌতুকে করিবর করিণী খেলাব॥ ২॥
পরিহর কন্ত দেহে জীব দান।
আজ ন হোয়তে নিশি অবসান॥ ৩॥
দৈন দয়া নহি দারুণ তোহি।
নহি তিরি বধ ডর হৃদয় ন মোহি॥ ৪॥

১। অংশুক—বস্ত্র। অন্তর—অন্তরাল।

অবলার বস্ত্র বল্লভ গ্রহণ করিলেন। ধনী পানিপল্লব দ্বারা অন্তরাল করিলেন অর্থাৎ ঢাকা দিলেন।

২। হঠ—বল প্রকাশ। পূরত—পূরিবে। রভস—কেলি। বিচারক—বিচারের। ঠাম—ঠাঁই, স্থান।

৩। আনি—আনিয়াছে। মোহরে—মোহর দ্বারা। মুন্দল—মুদ্রিত, বন্ধ।

মদন নিজ ভাণ্ডার হইতে সুরত-রস আনিয়াছে। কিন্তু অসময় জানিয়া তাহা মোহরাঙ্কিত করিয়া বন্ধ রাখিয়াছে।

৪। তরাসে—ত্রাসে।

৫। আবে—এখন। পরচারি—প্রকাশ।

৬। অনুরাগী—অনুরাগিণী। সহিয়—সহ্য করিও। পিয়—প্রিয়।

১। বলমত—বলবন্ত, বলবান্। নাহ—নাথ। জীবক—জীবনের। নিরবাহ—নির্ব্বাহ।

২। পঠি—পাঠ করিয়া। খেলাব—খেলা করে।

৩। জীবদান—প্রাণদান।

৪। তিরিবধ—স্ত্রীবধ। মোহি—মোহিত।

রমণ সুখ জঞো রমণী জীব।
মধুকর কুসুম রাখি মধু পীব ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পহু রসমন্ত।
রতিরস রভস হোয়ত নহি অন্ত ॥ ৬ ॥

৩৬

শুনহ নাগর নীবিবন্ধ ছোর।
গাঁঠিতে নহি সুরত ধন মোর ॥ ১ ॥
সুরতক নাম শুনল হম আজ।
ন জানি সুরত করয় কোন কাজ ॥ ২ ॥
সুরতক খোজ করব জঁহা পাঁও।
ঘরে কি অছয় নহি সখীরে সুধাঁও ॥ ৩ ॥
বেরি এক মাধব শুন মঝু বাণী।
সখী সঞো খোজি মাগি দেব আনি ॥ ৪ ॥
বিনতি করয় ধনী মাগে পরিহার।
নাগরী চাতুরি ভণ কবিকণ্ঠহার ॥ ৫ ॥

৩৭

বুঝল মোহে হরি বহুত অকার।
হিয়া মোর ধস ধস তুহু সে গোয়ার ॥ ১ ॥
ধীরে ধীরে রমহ টুটয় জনু হার।
চোরি রভস নহি কর পরচার ॥ ২ ॥
ন দিহ কুচে নখরেখাঘাত।
কইসে লুকায়ব কালি পরভাত ॥ ৩ ॥
ন কর বিঘাতন অধরহি দশনে।
লাজ ভয় দুহু নহি তুয় থানে ॥ ৪ ॥
ন ধর কেশ ন কর ঢিঠপণ।
অলপে অলপে করহ নিধুবন ॥ ৫ ॥
তোহে সোঁপল তনু জনমক মত।
অলপে সমধান আজু অভিমত ॥ ৬ ॥
নাগরি শুন কহে কবিকণ্ঠহার।
বিদ্ধল কুসুমশরে নহি সে বিচার ॥ ৭ ॥

৩৮

একি আ অনলহু ন আবয় পাশে।
কোরহু করইতে কাঁপ তরাসে ॥ ১ ॥
নহি নহি নহি পএ ভাখে।
যইঅও যতন করিয় পএ লাখে ॥ ২ ॥
সুমুখী বিমুখী রহ শোই।
পয় পরলহু নহি পরসনি হোই ॥ ৩ ॥
শেজ চকিত রহ জাগী।
ছট পট কর জনি পরশলি আগি ॥ ৪ ॥

৩৯

আবে ন লহতি আইতি মোরি।
পরে পরতখ লখবি চোরি ॥ ১ ॥
বেরা এক জীব রাখ কহ্নাই।
পয়ক পেয়সী দেহ পঠাই ॥ ২ ॥
চুম্বনে লেপি কাজর ধার।
অধর নীরসি যে তোড়লহ হার ॥ ৩ ॥
নখেরি ক্ষত কুচযুগ লাগু।
সে কইসে হোইতি গুরুজন আগু ॥ ৪ ॥
ভণে বিদ্যাপতি রস শিঙ্গার।
সঙ্কেত আইলি তেজএ কে পার ॥ ৫ ॥

৪০

হৃদয় তোহর জানি ন ভেলা।
পরক রতন আনি মোঞে দেলা ॥ ১ ॥
কএল মাধব হমে অকাজ।
হাতী মিলায়লি সিংহসমাজ ॥ ২ ॥
রাখহ মাধব মোরি বিনতি।
দেহ পরিহরি পরযুবতী ॥ ৩ ॥
চুম্বনে নয়ন কাজর গেলা।
দশনে অধর খণ্ডিত ভেলা ॥ ৪ ॥
পীন পয়োধর নখর মন্দা।
জনি মহেশ্বরশিখর চন্দা ॥ ৫ ॥

৫। জঞো—যদি। রমণী যদি বাঁচিয়া থাকে, তবেই রমণে সুখ।

১। ছোর—ছাড়। গাঁঠিতে—অঞ্চলে।

৩। অছয়—আছে।

১। অকার—প্রকার।

২। পরচার—প্রচার, প্রকাশ।

৫। ঢিঠপণ—ঢিঠপণা, বল প্রকাশ।

১। অনলহু—আনিলেও। কোরহু—ক্রোড়ে।

২। লাখে—লক্ষ।

৩। শোই—শয়ন করিয়া. পরলহু—পড়িলেও। পরসনি—প্রসন্ন।

৪। পরশলি—স্পর্শ করিল। আগি—অগ্নি।

১। এখন আমার আয়ত্ত থাকিবে না, পরে চুরী প্রত্যক্ষ লক্ষ্য করিবে।

২। বেরা—বার। পেয়সী—প্রেয়সী।

৩। লেপি—লিপ্ত হইয়াছে। তোড়লহ—ছিঁড়িয়াছ।

৪। তেজএ—ত্যাগ করিতে।

১। মোঞে—আমি।

২। কএল—করিলাম। হমে—আমি। মিলাউলি—মিলাইলাম। সমাজ—সম্মুখে, নিকটে।

৩। বিনতি—মিনতি।

ন মুখ বচন ন চিত থিরে।
কাঁপি ঘন হন সব শরীরে ॥ ৬ ॥
ঘর গুরুজন দুরজন শঙ্কা।
ন গুণহ মাধব মোহি কলঙ্কা ॥ ৭ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
আনক বেদন নই বুঝ আন ॥ ৮ ॥

৪১

সাজনি অকথ কহি ন যাএ।
অবল অরুণ শশিক মণ্ডল
ভিতর রহ লুকাএ ॥ ১ ॥
কদলী উপর কেশরী দেখল
কেশরী মেরু চঢ়লা।
তাহি উপর নিশাকর দেখল
কীর তা উপর বইসলা ॥ ২ ॥
কীর উপর কুরঙ্গিনী দেখল
চকিত ভ্রময় জনি।
কীর কুরঙ্গিনী উপর দেখল
ভ্রমর উপর ফণী ॥ ৩ ॥
এক অসম্ভব আওর দেখল
জল বিনা অরবিন্দা।
দুহু সরোরুহ উপর দেখল
ঘইসন দুতিঅ চন্দা ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি অকথ কথা
ই রস কেও কেও জান।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৫ ॥

৪২

প্রথম দরশ রস রভস ন জানএ
কি করতি পহু সঞো কেলি।
নব নলিনী জনি কুঞ্জরে গঞ্জলি
দমনে দমন তনু ভেলী ॥ ১ ॥

কি আরে দেখিয় অনুপে।
মধুলোভে মুকুল কুসুমদল কলপএ
আরতি ভুখল মধুপে ॥ ২ ॥

৪৩

কুচ কোরী ফল নখক্ষত রেহ।
নব শশী ছন্দে অঙ্কুরল নব নেহ ॥ ১ ॥
জীব জঞো জনি নিরধনে নিধি পাএ।
খণে হেরএ খণে রাখ ঝপাএ ॥ ২ ॥
নব অভিসারিণী প্রথমক সঙ্গ।
পুলকিত হোএ সুমরি রতিরঙ্গ ॥ ৩ ॥
গুরুজন পরিজন নয়ন নিবারি।
হাথ রতন ধরি বদন নিহারি ॥ ৪ ॥
অবনত মুখ কর পরজন দেখি।
অধর দশনক্ষত নিরবি নিরেখি ॥ ৫ ॥

৪৪

আজ দেখলিসি কালি দেখলিসি
আজি কালি কত ভেদ।
শৈশব বাপুরে সীমা ছাড়ল
যৌবনে বাঁধল ফেদ ॥ ১ ॥
সুন্দরি কনককেআ মূতি গোরী।
দিনে দিনে চান্দকলা সঞো বাঢ়লি
যৌবন শোভা তোরি ॥ ২ ॥
বাল পয়োধর বদন সহোদর
অনুমাপিয় অনুরাগে।
কওনে পুরুষ করে পরশএ পাওল
যে তনু জিনল পরাগে ॥ ৩ ॥

৬। থির—স্থির। হন—আঘাত করে।

৭। গুণহ—গণনা কর, বিবেচনা কর। মোহি—আমার।

১। অকথ—অকথ্য, অবর্ণনীয়। কহি—কহ। অবল অরুণ—কোমল অরুণ। শশিক মণ্ডল—শশীর মণ্ডল। লুকাএ—লুকাইয়া।

২। চঢ়লা—আরোহণ করিয়াছে। তাহি—তাহার। কীর—শুকপক্ষী। বইসলা—বসিল।

৪। আওর—আরও।

১। রভস—হর্ষ, রহস্য। দমনে—দলিত। দমন—দ্রোণপুষ্প।

২। আরে—আহা। অনুপে—অনুপম। কলপএ—কল্প, তুল্য বিবেচনা করে। ভুখল—ক্ষুধিত।

১। কোরী—কোরা, নূতন।

২। জীব—জীবন। পাএ—পাইয়া।

৩। সুমরি—স্মরণ করিয়া।

৪। হাথ রতন—হস্তস্থিত রত্ন, ক্ষুদ্র মুকুর।

৫। নিরবি—নির্ণয় করিয়া।

১। দেখলিসি—দেখিলে। ফেদ—তাড়া করিয়া।

২। কনককেআ—কনকীয়া। মূতি—মূর্ত্তি।

৩। অনুমাপিয়—অনুমান হয়। অনুমান হয়, বাল পয়োধর ও বদন উভয়ে অনুরাগে সহোদর সদৃশ হইয়াছে অর্থাৎ উভয়েই লোহিতবর্ণ ধারণ করিয়াছে। কোন্ পুরুষের কর স্পর্শ পাইয়া তনু পরাগকে পরাজয় করিল?

মন্দ হাসে বঙ্কিম করি দরশএ
চঙ্গিম ভঁউই বিভঙ্গে।
লাজে বেয়াকুলি সাম্মু ন হেরএ
আকুল নয়ন তরঙ্গে ॥ ৪ ॥
বিদ্যাপতি কবিবর এহু গাবএ
নব যৌবন নব কন্তা।
শিবসিংহ রাজা এহো রস জানএ
মধুমতী দেবী সুকন্তা ॥ ৫ ॥

৪৫

আজু বিপরীত ধনি দেখিয় তোয়।
বুঝই ন পারিয় সংশয় মোয় ॥ ১ ॥
তুয় মুখমণ্ডল পুণিমক চাঁদ।
কাঁ লাগি ভেল ঐসন ছাঁদ ॥ ২ ॥
নয়নযুগল ভেল কজর বিথার।
অধর নিরস করু কওন গমার ॥ ৩ ॥
পীন পয়োধরে নখরেখ দেল।
কনক কুম্ভ জনি ভগনহু ভেল ॥ ৪ ॥
অঙ্গ বিলেপন কুঙ্কুম ভার।
পিতাম্বর ধরু ইথে কি বিচার ॥ ৫ ॥
সুজন রমণি তুহু কুলবতীবাদ।
কা সঞে ভুঞ্জলি মরমক সাধ ॥ ৬ ॥
কামিনি কহিনী কহ সম্বাদ।
কহ কবিশেখর নহ পরমাদ ॥ ৭ ॥

৪৬

এ ধনি ঐসন কহবি মোয়।
আজু যে কৈসন খেখিয় তোয় ॥ ১ ॥
নয়ন বয়ন আনহি ভাঁতি।
কহইতে কহিনী ভুলসি পাঁতি ॥ ২ ॥
সুরঙ্গ অধর বিরঙ্গ ভেলি।
কা সঞো কামিনী কয়লি কেলি ॥ ৩ ॥
বেকত ভই গেল গুপুত কাজ।
অতএ ককর করহ লাজ ॥ ৪ ॥
সঘন জঘন কাঁপয় তোর।
মদন মথন কয়ল জোর ॥ ৫ ॥

৪। সাম্মু—সম্মুখ।
১। দেখিয়—দেখিতেছি।
২। কাঁ লাগি—কিসের জন্য।
৩। গমার—অজ্ঞ, গোঁয়ার। বিথার—বিস্তার।
৬। কুলবতীবাদ—কুলবতীর বিপরীত।

গোর পয়োধর রাতুল গাত।
নখক আঁচর ঝাপসি হাত ॥ ৬ ॥
অমিয় সাগর তুহু সে রাহি।
মুকুন্দ মাতঙ্গ বিহরে তাহি ॥ ৭ ॥
তেঁ বুঝিয় মন বিতথ দেখি।
বেকত কয় ন কহ দেখি ॥ ৮ ॥
কহ কবিশেখর কি কর লাজে।
কহ ন কহিনী সখিনী সমাজে ॥ ৯ ॥

৪৭

শুন শুন সুন্দরী নারি।
মদন ভণ্ডার কে লেল কারি ॥ ১ ॥
কুন্তল কুসুম অতীতে।
হার তোড়ল কোন রীতে ॥ ২ ॥
হেরইতে নখর বিধানে।
বুঝি মঝু ন টুটে পিন্ধানে ॥ ৩ ॥
অলক তিলক মিটি গেল।
সিন্দুর বিন্দুহি বিগলিত ভেল ॥ ৪ ॥
বিদ্যাপতি রস গাব।
প্রথম সমাগম পুণমতি পাব ॥ ৫ ॥

৪৮

শামরি হে ঝামর তোর দেহ।
কি কহ কইসে লাবলি নেহ ॥ ১ ॥
নিন্দে ভরল অছ লোচন তোর।
অমিয় ভরমে জনি লুবুধ চকোর ॥ ২ ॥
নিরসি ধুসর করু অধর পবার।
কোনে কুবুধি লুটু মদন ভণ্ডার ॥ ৩ ॥

৬। অঁচর—আঁচড়।
৮। বিতথ—মিথ্যা, বিফল। কয়—করিয়া।
১। কারি—কাড়িয়া।
২। কুন্তলের কুসুম অতীত হইয়াছে অর্থাৎ কুন্তলে কুসুম নাই।
৩। নখরের বিধান (চিহ্ন) দেখিয়া আমার বস্ত্র স্খলিত হইবার উপক্রম হইতেছে।
৫। গাব—গায়। পাব—পাইয়াছে।
১। শামরি—শ্যামা, সুন্দরী। ঝামর—মলিনা। লাবলি—ঘটিল। নেহ—স্নেহ।
২। নিন্দে—নিদ্রায়। ভরল—ভরা। ভরমে—ভ্রমে। লুবুধ—লুব্ধ।
৩। নিরসি—রসহীন করিয়া। করু—করিল। পবার—প্রবাল। কুবুধি—কুবুদ্ধি।

কোনে কুমতি কুচে নখক্ষত দেল।
হা হা শম্ভু ভগন ভই গেল ॥ ৪ ॥
দমনলতা সম তনু সুকুমার।
ফুটল বলয় ফুটল গ্রীম হার ॥ ৫ ॥
কেশ কুসুম তোর শিরক সিন্দুর।
অলক তিলক হে সেহও গেল দূর ॥
ভণই বিদ্যাপতি রতি অবসান।
রাজা শিবসিংহ ই রস জান ॥ ৭ ॥

৪৯

তুয় অঙ্গে পীতহু চীরে।
কুচ যুগ দংশল কীরে ॥ ১ ॥
অধর বিম্বফল তোরি।
কে রস লেল নিচোরি ॥ ২ ॥
বচন কহসি আন ভাঁতি।
কা সঞে বঞ্চলি রাতি ॥ ৩ ॥
হৃদয় নয়ন গতি রীত।
হেরইতে পাওল ভীত ॥ ৪ ॥
ইহ রস কহিনী কহই।
জরতিক উচিত বচন তহিঁ রচই ॥ ৫ ॥
কবিশেখর অনুমানে।
রাহিক অমিয় সিনানে ॥ ৬ ॥

৫০

কহ কহ এ সখি মরমক বাত।
সে তোহে কি করল শামর গাত ॥ ১ ॥
মনমথ কোটি মথন তনু রেহ।
কইসে উবরি তুহু আওলি গেহ ॥ ২ ॥
কূলবতী কোটি হোয় যহি অন্ধ।
পাওলি কিছু কিয়ে সে মুখ ধন্ধ ॥ ৩ ॥
যকর মুরলি শ্রবণে যদি লাগে।
খসতহি বসন শাশুপতি আগে ॥ ৪ ॥
অব নীর ঢারসি কওন বিচার।
বল্লভ সে রসসাগর সার ॥ ৫ ॥

৫ । ফুটল—ভাঙ্গিল। গ্রীম—গ্রীবা।
৬ । শিরক—মস্তকের।
১ । পীতহু—পীত। কীরে—শুকপক্ষী।
২ । নিচোরি—নিঙড়াইয়া। ৫ । জরতিক—জটিলার। ৬ । রাহিক—রাধার।
১ । মরমক—মর্ম্মের। বাত—কথা। শামর গাত—শ্যামগাত্র অর্থাৎ মাধব।
২ । রেহ—রেখা। উবরি—মুক্ত হইয়া।
৪ । যকর—যাহার। শাশুপতি—শ্বশ্রূ ও পতি।

৫১

সখী ।—আজ দেখিয় সখি বড় অনমন সনি
বদন মলিন সন তোরা।
মন্দ বচন তোহি কে না কহল অছি
সে ন কহিয় কিছু মোরা ॥ ১ ॥
রাধা ।—আজুক রজনী সখি কঠিন বিতল অছি
কান রভস কর মন্দা।
গুণ অবগুণ পহু একও ন বুঝলনি
রাহু গরাসল চন্দা ॥ ২ ॥
সখী ।—অধর শুখায়ল কেশ ওরঝায়ল
ঘাম তিলক বহি গেলা।
বারি বিলাসিনী কেলি ন জানথি
ভাল অরুণ উড়ি গেলা ॥ ৩ ॥
প্রথম প্রেম হরি যত বোলল
আধও ন তেজল।
বোলল জনম ভরি যে রহত
দিনে দিনে দূর গেল ॥ ১ ॥
কি দহু মোঅ অবিনয় পরল
কি মোর দীঘর মান।
কি পর পেয়সী পিশুন বচন
তথি পিয়াঞে দেল কান ॥ ২ ॥
সাজনি মাধব নহি গমার।
পেমে পরাভব বহুত পাওল
করম দোষ হমার ॥ ৩ ॥
কত বোলি হরি যতনে সেবল
সুরতরু সম জানি।
অনুভবে ভেল কপট মন্দির
আবে কি করব আনি ॥ ৪ ॥
সুপহুক বচন বজর সম মো হিয়
রেখ লেল ভান।
অপন ভাষা বোলি বিসরয়ে
ইথি কি বোলত আন ॥ ৫ ॥

৪। ডোল—নড়া।
৫। যোগিয়াক—যোগিনীর। উদেশ—উদ্দেশ।
১। নিয়র—নিকটে।
২। তনু—তাহার। মিঝাএ—নিবাইয়া।
৩। অবলেপ—গর্ব্ব। সহি—সহিয়া।
৪। ভাব—চেষ্টা।
৫। লাএ—সাগাইয়া, দিয়া।
১। কয়ল—করিলাম। গমাওল—হারাইলাম। অরজল—অর্জ্জন করিলাম।
২। হরল—হারাইল। বহল—বহিয়া গেল। রাঙ্ক—দরিদ্র।
৩। দুষণ—দুর্ষণ।
৪। শয়ন—শয্যা। বসাওল—নির্ব্বাণ করিল।

২। আধে—অর্দ্ধেক। পছিলাহু—পশ্চাতে। বাধে—বাধা।
৫। সুরতরু—কল্পতরু। তনু দূখণ নহি—তাহার দোষ নাই।
২। পরল—পড়িল। দীঘর—দীর্ঘ।
৪। কপট মন্দির—কপটধাম, কপটী। আনি—অন্য।
৫। লেল—লইল, হইল। ভান—অনুমান।

১৫৯

করঞো বিনয় যত যত মন লাই।
পিয়া পরথাব পচতাবকে যাই ॥ ১ ॥
ধনধৈরষ পরিহরি পথ সাচে।
করম দোষে কনকেও ভেল কাচে ॥ ২ ॥
নিঠুর বল্লভ সঞো লাওল সিনেহ।
ন পূর মনোরথ ন ছাড়ু সন্দেহ ॥ ৩ ॥
সুপুরুষ ভানে মান ধন গেল।
হৃদয় মলিন মনোরথ ভেল ॥ ৪ ॥
যদি দূষণ গুণ পহু ন বিচার।
বড় ভএ পসরও পিশুন পসার ॥ ৫ ॥
পরিজন চিত নহি হিত পরথাব।
ধরষণে জীব কতয় নহি ধাব ॥ ৬ ॥
হম অবধারি হলল পরকার।
বিরহ সিন্ধু জীব দএ বরু পার ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয কএ রহ ভেটত মুরারি ॥ ৮ ॥

১৬০

কত ন জীবন সঙ্কট পড়য়
কত ন মিলয়ে নিধি।
উত্তম তৈঅও সত ন ছাড়য়
ভল মন্দ কর বিধি ॥ ১ ॥
সাজনী গএ বুঝাবহ কাহু।
উচিত বোলইতে যে হোয় সেহে
দৈন ভাখহ জনু ॥ ২ ॥
যৈসনি সম্পতি তৈসনি আসতি
পুরুষ অইসন ছলা।
প্রাণ মান দুহু মাহা প্রাণ যে রাখিয়
তা তেঁ মরণ ভলা ॥ ৩ ॥

১৬১

দুরজন বচন ন লহ সব ঠাম।
বুঝয় ন রহয় যাবে পরিণাম ॥ ১ ॥
ততহি দূর যা যতহি বিচার।
দীপ দেলে ঘর ন রহ আঁধার ॥ ২ ॥
হমরি বিনতি সখি কহবি মুরারি।
সুপহু রোষ কর দোষ বিচারি ॥ ৩ ॥
সে নাগরী তোহে গুণক নিধান।
অলপহি মানে বহুত অভিমান ॥ ৪ ॥
কাহে বিসরলহি হে পুরুব পরিপাটি।
লালিতা লতিকা কি ফল কাটি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জান।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৬ ॥

১৬২

মধু রজনী সঙ্গহি খেপবি
কত কতি ছলি আশ।
বিহি বিপরীতে সবে বিঘটল
বহু রিপুজন হাস ॥ ১ ॥
হে সুন্দরি কন্ত ন বুঝ বিশেখ।
পিশুন বচনে উচিত বিসরি
অপদহো নিরপেখ ॥ ২ ॥
কত গুরুজন কত পরিজন
কত পহরী জাগ।
এতহু সাহসে মঞে চলি অইলিহু
এহন ছল অনুরাগ ॥ ৩ ॥

১৬৩

জাতকী কেতকী কুন্দ সহার।
গরুয় তাহেরি পুন যাহি নিহার ॥ ১ ॥
সব ফুল পরিমল সব মকরন্দ।
অনুভবে বিনু ন বুঝিয় ভল মন্দ ॥ ২ ॥

১। বিনয়—মিনতি। লাই—লাগাইয়া। পরথাব—প্রস্তাব, কথা। পচতাব—পশ্চাত্তাপ। সাচে—সত্য।
৩ লাওল—ঘটাইলাম।
৫ পসরও—প্রসারিত করে, বাড়ায়
৬ ধরষণে—ধর্ষণে।
৭ হলল—করিলাম পরকার—প্রকার, উপায়
ভেটত—মিলিবে।
দৈন—দৈন্য। ভাখহ—ভাষিও, বলিও।
৩ সম্পতি—সম্পত্তি। আসতি—আস্থা, আদর। ছলা—ছিল।

৩। তা তেঁ—তাহা হইতে।
১। বুঝয়—বুঝিতে।
৫। বিসরলহি—ভুলিলে। পরিপাটি—পূর্ব্বাপর ঘটনা।
১। মধু—চৈত্র। বিঘটল—ব্যাঘাত হইল।
২। বিশেখ—বিশেষ, প্রভেদ। অপদহো—অস্থানেও। নিরপেখ—অবিদ্যমান।
১। সহার—সহকার। গরুয়—গুরু, গৌরব।

তুয় সখি বচন অমিয় অবগাহ।
ভমর বেয়াজে বুঝওব নাহ ॥ ৩ ॥
এতবা বিনতি অনাইতি মোরি।
নীরস কুসুম নহি রহিয় অগোরি ॥ ৪ ॥
বৈভব গেলে ভলাহু মন্দ ভাষ।
অপন পরাভব পর উপহাস ॥ ৫ ॥

১৬৪

দুই মন মেলি সিনেহ অঙ্কুর
দোপত তেপত ভেলা।
শাখা পল্লব ফুলে বেয়াপল
সৌরভ দশ দিশ গেলা ॥ ১ ॥
সখি হে আবে কি আওত কহ্নাই।
পেম মনোরথ হঠে বিঘটওলহি
কপটহি কে পতিয়াই ॥ ২ ॥
জানি সুপহু তোহে আনি মেরাওল
সোনা গাথলি মোতি।
কৈতব কঞ্চন অন্ধ বিধাতা
ছায়াহু ছাড়লি সোতী ॥ ৩ ॥

১৬৫

পহুক বচন ছল পাথর রেখ।
হৃদয় ধয়ল নহি হোয়ত বিশেখ ॥ ১ ॥
নাগর ভমর দুহু এক রীতি।
রস লয়ে নীরসি করয়ে ফিরি তিতি ॥ ২ ॥
ও পহিলহি বোল তোহেহি পরাণ।
পথ পরিচয় নহি রাখ নিদান ॥ ৩ ॥
যৌবন অবধি রাখ অনুবন্ধ।
আগিলা বিষয় অধিক পরবন্ধ ॥ ৪ ॥
ও বৈসইতে কত কর অবধান।
অতি সানন্দ ভই কর মধুপান ॥ ৫ ॥

উড়ইতে ভর দে ন কর সম্ভাষ।
আগিলা কুসুম অধিক অভিলাষ ॥ ৬ ॥
কি কহব মাই হে বুঝত অনেক।
নাগর ভ্রমর দুঅও অবিবেক ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
পেমক রসে বশ হোয় মুরারি ॥ ৮ ॥

১৬৬

কি হমে সাঁঝক একশরি তারা
ভাদব চৌঠিক শশী।
ইথি দুহু মাঝ কওন মোর আনন
যে পহু হসি ন হেরসি ॥ ১ ॥
সাএ সাএ কহহ কহহ কহ্নু কপট করহ জনু
কি মোর পরল অপরাধে ॥ ২ ॥
ন মোঞে কবহু তুয় অনুগতি চুকলিহু
বচন ন বোলল মন্দা।
স্বামিসমাজ পেমে অনুরঞ্জিয়
কুমুদিনী সন্নিধি চন্দা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনু বর যৌবতি
মেদিনী মদন সমানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখীমা দেবী রমাণে ॥ ৪ ॥

১৬৭

বোলিতহু শ্যাম শ্যাম পএ বোলিতহ
নহি শেষে তেঁ বিশবাসে।
অইসন পেম মোর বিহি বিঘটাওল
দুনা রহলি দুরাশে ॥ ১ ॥
সখি হে কি কহব কহই ন যাই।
মন্দ দিবস ফল গণহি ন পারিয়
অপদহি কুপুত কানাই ॥ ২ ॥

৩। অবগাহ—নিমজ্জিত। বেয়াজে—ছলে।
৪। অনাইতি—অনায়ত্ত।
১। দোপত—দ্বিপত্র। তেপত—ত্রিপত্র। বেয়াপল—ব্যাপ্ত হইল।
২। বিঘটওলহি—ব্যাঘাত করিলেন। পতিয়াই—প্রত্যয় করিবে।
৩। সোতী—সতীন।
১। ধয়ল—ধরিলাম। বিশেখ—বিশেষ, প্রভেদ।
২। নীরসি—নীরস করিয়া। তিতি—তিক্ত।
৩। তোহেহি—তুমিই।
৪। অনুবন্ধ—সম্বন্ধ। আগিলা—আগের, সম্মুখের।
৭। মাই হে—মা গো।
১। একশরি—একেশ্বরী। ভাদব—ভাদ্র। চৌঠিক—চতুর্থীর।
আমি কি একটি মাত্র সান্ধ্য তারা, না ভাদ্র-চতুর্থীর চন্দ্র (নষ্টচন্দ্র) যে, প্রভু হাসিয়া আমার মুখ দেখেন না?
২। সাএ—সই। চুকলিহু—চুকিলাম, ভুল করিলাম। ৩। সমাজ—নিকটে।
১। তেঁ—তাহাকে। দুনা—দ্বিগুণ।
২। কহই—বলা।

যে পহু কথন জঞো ভরমহু বোলিতহুঁ
জল থল থপিতহু বেদে।
অনুপম পিরীতি পরাইতি পরলে
রহত জনম ধরি খেদে ॥ ৩ ॥
অইসনা যে করিয় সে নহি করবে
কবি রুদ্রধর এহু ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

১৬৮

যইঅও জলদ রুচি ধয়ল কলানিধি
তইঅও কুমুদ মুদ দেই।
সুপুরুষ বচন কবহু নহি বিচলয়
যও বিহি বামেও হোই ॥ ১ ॥
মালতি কাহে তোঞে হোসি মলানী।
আন কুসুমমধু পান বিরত কএ
ভমর দেব মোঞে আনি ॥ ২ ॥
দিন দুই চারি আনে অনুরঞ্জব
সুমরত সৌরভ তোরা।
আনক বচন অনাইতি পড়লা হে
সে নহি সহজক ভোরা ॥ ৩ ॥

১৬৯

যতি যতি ধমিয় অনল
অধিক বিমল হেম।
রভস কোপ কএকহু নাগর
অধিক করয় পেম ॥ ১ ॥
সাজনি মনে না করিয় রোষ।
আরতি যে কিছু বোলয় বালভু
তেঁ নহি তহ্নিক দোষ ॥ ২ ॥

৩। ভরমহু—ভ্রমেও। থপিতহু—স্থাপন। পরাইতি—পরায়ত্ত।

১। যইঅও—যদিও। ধয়ল—ধরিল। তইঅও—তথাপি। মুদ—মোদ, আনন্দ। যও—যদি।

২। মালতি—রাধার সম্বোধন। হোসি—হইও। মলানী—ম্লান। মোঞে—আমি।

৩। আনে—অপরকে। অনুরঞ্জব—অনুরঞ্জন করিয়া। সুমরত—স্মরণ করিবে। অনাইতি—অনায়ত্ত। সহজক—স্বভাবতঃ। ভোরা—ভোলা।

১। যতি—যত। ধমিয়—জ্বলিবে। কএকহু—করিয়া।

২। আরতি—আর্ত্ত।

কত ন তুয় অনাইতি দরশি
কত কএ নহি দীব।
ও নহি অনঙ্গ অধিক ভুজঙ্গ
পবন পীবি যে জীব ॥ ৩ ॥
সরস কবি বিদ্যাপতি গাওল
রস নহি অবসান।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৪ ॥

১৭০

দিবস মন্দ ভল ন রহয় সব খণ
বিহি ন দাহিন ন বাম লো।
সেহে পুরুষবর যেহে ধৈরষ কর
সম্পদ বিপদক ঠাম লো ॥ ১ ॥
মাধব বুঝল সবে
অবধারি লো।
যশ অপযশ দুঅও চিরে থাকয়
আওর দিন দুই চারি লো ॥ ২ ॥
অপন করম অপনহি ভুঁজিয়
বিহিক চরিত নাহি বাধ লো।
কাতর পুরুষ হৃদয় হারি মর
সুপুরুষ সহ অবসাদ লো ॥ ৩ ॥
তিন ভুবন মাহ অইসন দোসর নহি
বিদ্যাপতি কবি ভাণ লো।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ লো ॥ ৪ ॥

১৭১

সে ভল যে বরু বসয় বিদেশে।
পুছিয় পথিক জন তাক উদেশে ॥ ১ ॥
পিয়া নিকটহি বস পুছিও ন পুছই।
এহন বিরহ দুখ কে দহু সহই ॥ ২ ॥

৩। অনাইতি—অনায়ত্ত। দীব—দিব্য, শপথ। পীবি—পান করিয়া।

১। দাহিন—প্রসন্ন।

৩। ভুঁজিয়—ভুঞ্জি, ভোগ করি। চরিত—কার্য্য। বাধ—বোধ। হৃদয় হারি—হৃদয় হারিয়া।

৪। মাহ—মধ্যে।

১। বরু—বরং। বসয়—বাস করে। পুছিয়—জিজ্ঞাসা করা যায়। তাক—তাহার। উদেশে—উদ্দেশে।

২। পুছিও ন পুছই—জিজ্ঞাসাও করে না। কে দহু—কেহ কি।

ধনি ধৈরষ কর পিয়া তোর রসিয়া।
অবশউ দিন এক দেত বিহুসিয়া ॥ ৩ ॥
মধুরিও বচন শুন নহি কানে।
আব অবশেও হমে তেজব পরাণে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

১৭২

করতল কমল নয়ন ঢর নীর।
ন চেতয় সভরণ কুন্তল চীর ॥ ১ ॥
তুয় পথ হেরি হেরি চিত নহি থির।
সুমরি পুরুব নেহা দগধ শরীর ॥ ২ ॥
কতে পরি মাধব সাধব মান।
বিরহী যুবতী মাঁগ দরশন দান ॥ ৩ ॥
জল মধে কমল গগন মধে সুর।
আঁতর চাঁদ কুমুদ কত দূর ॥ ৪ ॥
গগন গরজ মেঘা শিখর ময়ূর।
কত জন জানসি নেহ কত দূর ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি বিপরীত মান।
রাধা বচন লজায়ল কান ॥ ৬ ॥

১৭৩

ধন যৌবন রস রঙ্গে।
দিন দশ দেখিয় তলিত তরঙ্গে ॥ ১ ॥
সুঘটেও বিহি বিঘটাবে।
বাঙ্ক বিধাতা কি ন করাবে ॥ ২ ॥
মাধব ই তুয় ভল নহি রীতি।
হঠে ন করিয় দূর পুরুব পিরীতি ॥ ৩ ॥
সকচিত হেরয় আশা।
সুমরি সমাগম সুপহুক পাশা ॥ ৪ ॥

নয়ন তেজয় জলধারা।
ন চেতয়ে চীর ন পরিহয়ে হারা ॥ ৫ ॥
লখ যোজন বস চন্দা।
তইঅও কুমুদিনী করয়ে অনন্দা ॥ ৬ ॥
যকরা যা সঞো রীতি।
দূরহুক দূর গেলে দো গুণ পিরীতি ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাহে।
বোলল বোল সুপহু নিরবাহে ॥ ৮ ॥
রূপনরায়ণ জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৯ ॥

১৭৪

বড় জন জঞো কর পিরীতি রে।
কোপহু ন তেজয় রীতি রে ॥ ১ ॥
কাক কোকিল এক জাতি রে।
ভেম ভমর এক ভাতি রে ॥ ২ ॥
হেম হলদি কত বীচ রে।
গুণহি বুঝিয় উচ নীচ রে ॥ ৩ ॥
মণি কাদব লপটায় রে।
তঁই কি তনিক গুণ যায় রে ॥ ৪ ॥
বিদ্যাপতি অবধান রে।
সুপুরুষ ন কর নিদান রে ॥ ৫ ॥

১৭৫

প্রথম তোহর পেম গৌরবে
গরবে বাউরি ভেলি।
অধিক আদর লোভে লুবুধলি
চুকলি তেঁ রতিকেলি ॥ ১ ॥

৩। রসিয়া—রসিক। অবশউ—অবশ্যই। দেত—দিবে। বিহুসিয়া—স্মিত হাস্য করিয়া।

১। ঢর—বহে। চেতয়—চেতনা করে, সামলায়।

৩। কতে পরি—কেমন করিয়া। বিরহী—বিরহিণী।

৪। মধে—মধ্যে। সুর—সূর্য্য। আঁতর—অন্তর।

৫। নেহ—স্নেহ, প্রেম।

৬। লজায়ল—লজ্জিত হইল।

১। তলিত—বিদ্যুৎ, তড়িৎ।

২। সুঘটেও—সুঘটনা। বিঘটাবে—নষ্ট করে। বাঙ্ক—বাম।

৪। সুমরি—স্মরণ করিয়া।

৫। চেতয়ে—মনোযোগ, সাবধান করে। পরিহয়ে—পরিধান করে।

৬। লখ—লক্ষ।

৭। যা সঞো—যাহার সঙ্গে। রীতি—ব্যবহার। দূরহুক—দূরেরও। দো—দুই।

৮। বোলল বোল—কহা কথা। নিরবাহে—নির্ব্বাহ করে।

১। কোপহু—কোপবশতঃ।

২। ভেম—ভীমরুল। ভাতি—শোভা।

৩। হলদি—হলুদ। বীচ—প্রভেদ।

৪। কাদব—কর্দ্দম। লপটায়—জড়ায়, মাখে।

১। গরবে—গর্ব্বে। বাউরি—বাতুল। লুবুধলি—লুব্ধ হইল। চুকলি—বঞ্চিত করিল।

খেমহ এক অপরাধ মাধব
পলটি হেরহ তাহি।
তোহ বিনা যদি অমিয় পীউতি
তইঅও ন জীউতি রাহি ॥ ২ ॥
কালি পরশু মধুর যে ছলি
আজ সে ভেলি তিতি!
আনহু বোলব পুরুষ নিরদয়
হঠহি তেজ পিরীতি ॥ ৩ ॥
তুহুঁ জৌঁ অব তাহি তেজব
ই অতি কওন বড়াই।
তোঁহ বিনু যব জীবন তেজব
সে বধ লাগব কাঁই ॥ ৪ ॥
বৈরিহু এক অপরাধ খেমিয়
রাজপণ্ডিত ভাণ।
রমণী রাধা রসিক যদুপতি
সিংহ ভূপতি জান ॥ ৫ ॥

১৭৬

কতয়ে গুঞ্জা কতয়ে ফুল।
কতয়ে গুঞ্জা রতন তুল ॥ ১ ॥
যে পুনু জানয় মরম সাচ।
রতন তেজি ন কিনয় কাচ ॥ ২ ॥
অরে রে সুন্দর উতর দেহ।
কঞোন কঞোন গুণ পরেখি নেহ ॥ ৩ ॥
অনেকে দিবসে কয়ল মান।
মধু ছাড়ি আন ন মাগয় দান ॥ ৪ ॥
ঐসন মুগুধ থিক মুরারি।
গবউ ভথয় অমিয় ছারি ॥ ৫ ॥

১৭৭

তুয় বিশবাসে কুসুমে ভরু শেষ।
বসন্তক রজনী চাঁদক তেজ ॥ ১ ॥
মন উতকণ্ঠিত কতয় ন ধাব।
দশ দিশ শূন নয়ন ভমি আব ॥ ২ ॥
হরি হরি হরি তুয় দরশন লাগি।
নাগরী রয়নী গমাউলি জাগি ॥ ৩ ॥
সুপুরুষ ভই নহি করিঅএ রোষ।
বড় ভউ কপটী ই বড় দোষ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি গরুবি বোল।
যে কুল রাখয় সেহে অমোল ॥ ৫ ॥

১৭৮

রসিকক সরবস নাগরী বাণী।
ভল পরিহর ন আদরি আনি ॥ ১ ॥
হৃদয়ক কপটী বচনে পিয়ার।
অপনে রসে উকট কুসিয়ার ॥ ২ ॥
আবে কি বোলব সখি বিসরল যেও।
তুয় রূপে লুবুধ মহী নহি কেও ॥ ৩ ॥
পএর পখাল রোষে নহি খাএ।
অন্ধরা হাথ ভেটল দূর যাএ ॥ ৪ ॥
তঞে যে কলাবতী ও অবিবেক।
ন পিব সরোজ অমিয় রস ভেক ॥ ৫ ॥
অকুলীন সঞো যদি কএ সদভাব।
তত করি কতয় চতুরপণ ফাব ॥ ৬ ॥
তোহরা হৃদয় ন রহলে খাগি।
কতয়ে শুনল অছ জুড়ি হো আগি ॥ ৭ ॥

২। খেমহ—ক্ষমা কর। তাহি—তাহাকে। পীউতি—পান করে। জীউতি—বাঁচিবে।

৩। তিতি—তিক্ত। আনহু—অপর লোক। হঠহি—জিদ করিয়া।

৪। জৌঁ—যদি। কাঁই—কাহাকে।

৫। রাজপণ্ডিত—বিদ্যাপতি।

২। মরম—মর্ম্ম। সাচ—সত্য।

৩। উতর—উত্তর। কঞোন—কোন্। পরেখি—পরীক্ষা করে। নেহ—স্নেহ।

৪। আন—অন্য। মাগয়—চাহে।

৫। গবউ—গব্য। ভথয়—ভক্ষণ করে।

২। উতকণ্ঠিত—উৎকণ্ঠিত। কতয়—কোথায়। ধাব—ধাবিত হয়। ভমি—ভ্রমণ করিয়া। আব—আসে।

৪। করিঅএ—করে। ই—এই।

৫। গরুবি—গুর্ব্বী, গুরু। বোল—কথা। রাখয়—রাখে। সেহে—সেই। অমোল—অমূল্য।

১। রসিকক—রসিকের।

২। পিয়ার—প্রিয়। উকট—ফাটিয়া যায়। কুসিয়ার—ইক্ষু।

৩। যেও—যে। বিসরল—বিস্মৃত হইল।

৪। পএর—পা। পখাল—ধুইয়া। অন্ধরা—অন্ধ। ভেটল—মিলিত হইল।

৬। অকুলীন—নীচ বংশোদ্ভব। তত করি—সেরূপ করিয়া। ফাব—সাজে।

৭। খাগি—অভাব। শুনল অছ—শুনিয়াছ। জল। আগি—অগ্নি।

ভণই বিদ্যাপতি সহ কত শাতি।
সে নহি বিচল যকরি যে জাতি ॥ ৮ ॥

১৭৯

জনু মুখ সেবক পূণিমক চন্দা।
নয়নক নেঞোছন নব অরবিন্দা ॥ ১ ॥
অধর নিমাল মধুরি ফুল থাকা।
তোঁহে কাহে পাউলি অমিয় শলাকা ॥ ২ ॥
আইলি কলাবতি তুয় রতিসাধে।
তোহে পরিহরলি কঞোন অপরাধে ॥ ৩ ॥
ভঞ্জুহক অনুচর মনমথ চাপে।
পিক পঞ্চম পরিপন্থি অলাপে ॥ ৪ ॥
যা সঞো বিহুসি দরশ অনুরাগে।
অনলঝাঁপতে কয়ল পয়াগে ॥ ৫ ॥
অনুভবি ভঙ্গুর ভাব তোহারে।
সংশয় ন তেজয় হৃদয় হমারে ॥ ৬ ॥
কি সে অনাগরী কি তোঁহেঁ অকামী।
সহজ তোহর বা পরষন্তগামী ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি ন বোল সন্দেহা।
সুপুরুষ বচন পষাণক রেহা ॥ ৮ ॥
নৃপ শিবসিংহ দেব এহু রস জানে।
সৌভাগে আগরি লখিমা দেবী রমাণে ॥ ৯ ॥

১৮০

প্রমথহি কত যতন উপজওল হে
তেঁ আনলি পর রামা।
বোললহু আন আন পরিণতি ভেলি
আবে পরষন্তক ঠামা ॥ ১ ॥

মাধব আবে বুঝলি তুয় রীতি।
এ বেরি বলে চেতন ভেলিহু
পুনু ন করব পরতীতি ॥ ২ ॥
বাট হেরি বর নাগরী রহলি
শূন সঙ্কেত নিশি জাগি।
যে নহি ফলে নিরবাহয় পারিয়
সে হেঁ করিয় কাঁ লাগি ॥ ৩ ॥

১৮১

তাকে নিবেদিয় যে মতিমান।
জলহি গুণফল কে নহি জান ॥ ১ ॥
তোর বচনে কয়ল পরিছেদ।
কাক মুখ ন ভণিয়য় বেদ ॥ ২ ॥
তোহে বহুবল্লভ হমহি অজ্ঞানী।
তকরাহুঁ কুলক ধরম ভেলি হানি ॥ ৩ ॥
কয়ল গতাগত তোহরা লাগি।
সহজহি রয়নী গমাউলি জাগি ॥ ৪ ॥
ধন্ধ বন্ধ সকল ভেল কাজ।
মোহি আবে তহ্নি কি কহিনী লাজ ॥ ৫ ॥
দূতী বচন সবহি ভেল সার।
বিদ্যাপতি কহ কবিকণ্ঠহার ॥ ৬ ॥

১৮২

তোঁহ হুনি লাগল উচিত সিনেহ।
হম অপমানি পঠওলহ গেহ ॥ ১ ॥
হমরিও মতি অপথে চলি গেলি।
দুধক মাছি দূতী ভেলি ॥ ২ ॥
মাধব কি কহব ই ভল তেলা।
হমর গতাগত ই দূর গেলা ॥ ৩ ॥
পহিলহি বোললহ মধুরিম বাণী।
তোহহি সুচেতন তোহহি সয়ানী ॥ ৪ ॥

৮। সহু—সহ্য কর। শাতি—শান্তি নহি বিচল—বিচলিত হয় না। জাতি—স্বভাব।

১। নেঞোছন—নির্ম্মঞ্ছন।

২। নিমাল—নির্ম্মাল্য। মধুরি—বান্ধুলি পুষ্প। থাকা—থোকা, স্তবক।

৪। ভঞ্জুহক—ভ্রূর। পরিপন্থি—শত্রু।

৫। কয়ল পয়াগে—প্রয়াগ তীর্থ করিল অর্থাৎ প্রবাসী হইল।

৭। অনাগরী—অরসিকা। পরষন্তগামী—অবসানশীল।

১। উপজওল—প্রকাশ করিলে। আন—এক প্রকার। আন—অন্য প্রকার। পরষন্তক—অবসানের।

২। চেতন—চৈতন্য। পরতীতি—প্রতীতি।

৩। বাট—পথ। নিরবাহয়—নির্ব্বাহ করে।

১। জলহি—জলের।

২। পরিছেদ—পরিচ্ছেদ, সীমা। ভণিয়য়—বলে।

৩। তকরাহুঁ—তাহারও।

৪। গতাগত—যাতায়াত।

৫। ধন্দ—ধাঁধা, সংশয়।

১। হুনি—উঁহাতে, মাধবে। অপমানি—অপমানিত। ৪। তোহহি—তুমিই।

ভেলা কাজ বুঝালও রোষে।
কহি কি বুঝাওবহ অপনুক দোষে ॥ ৫ ॥

১৮৩

বচন রচন দএ আনলি রাহি।
অবসর জানি বিসরলহ তাহি ॥ ১ ॥
তোঁহে বড় নাগর ও বড়ি ভোরী।
অমিয় পিয়ওলহ বিষ সোঁ ঘোরী ॥ ২ ॥
চল চল মাধব ভল তুয় কাজে।
যত বোললহ তত সকল বেয়াজে ॥ ৩ ॥
সুপুরুখ জানি কয়ল বিশবাসে।
কে পতিয়ায়ত ফুলল অকাশে ॥ ৪ ॥
পুরুখ নিঠুর হিয় পরিচয় ভেল।
পর ধন লাগি নিজও দূর গেল ॥ ৫ ॥
নিজ মনে ন গুণল ন পুছল কেও।
অপনা চরণ অপনে দেল ছেও ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জান।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৭

১৮৪

আদরি আনলি পরেরি নারী।
কত কঠিন দুতর তারি ॥ ১ ॥
গেলে সম্ভব তোহহু তঁহা।
এখনে পলটি যায়ব কঁহা ॥ ২ ॥
ন কর মাধব হেনি উকুতি।
পুন্থ পঠাবয় চাহিয় দূতী ॥ ৩ ॥

৫। ভেলা—হইয়া গেলে।

১। বচন রচন—কথার ছলে। বিসরলহ—ভুলিলে

২। তোঁহে—তুমি। ভোরী—মুগ্ধা। পিয়ওলহ—পান করাইয়াছ। সোঁ—সহিত। ঘোরী—মিশাইয়া।

৩। চল চল—যাও যাও। বোললহ—বল। তত—তাহা। বেয়াজে—ব্যাজ, ছলনা।

৪। পতিয়ায়ত—বিশ্বাস করিবে। ফুলল—ফুল ফুটিল।

৬। গুণল—গণনা করিল। পুছল—জিজ্ঞাসা করিল। কেও—কাহাকেও। দেল—দিল। ছেও ছেদ, কোপ।

১। আদরি—আদর করিয়া। দুতর—দুস্তর। তারি—উত্তীর্ণ হইয়া।

৩। উকুতি—উক্তি।

আনি বিসরিয় ভাবক ভোরা।
গরুঅ নিলজ মানস তোরা ॥ ৪ ॥
হাথক রতন তেজহ কোহে।
কে বোল নগর নাগর তোহে ॥ ৫ ॥

১৮৫

ওতএ ছলি ধনী নিজ পিয় পাশ।
এতএ আইলি ধনী তুয় বিশবাস ॥ ১ ॥
এতএ ন ওতএ একও নহি ভেলি।
মদনে আনি আহুতি কএ দেলি ॥ ২ ॥
শুন শুন মাধব বচন হমার।
পাউলি নিধি পরিহরয় গমার ॥ ৩ ॥
তুয় গুণগণ কহি কত অনুরোধি।
নিজ পিয় লগসোঁ আনলি বোধি ॥ ৪ ॥
এহনা শিথিল বুঝলি তুয় নেহ।
আবো অনিতহু মোহি হোইতি সন্দেহ ॥
এ বেরি যদি পরিহরবহ আনি।
আনহু তেজবি অভিসারক বাণী ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
ধনী পরিতেজিয় দোষ বিচারি ॥ ৭ ॥

১৮৬

মাধব সুমুখী মনোরথ পূর।
তুয় গুণে লুবুধি আইলি এতি দূর ॥ ১ ॥
যে ঘর বাহর হোইতে ফেদাএ।
সাহস তকর কহয় নহি যাএ ॥ ২ ॥
পথ পিছর এক রয়নী অন্ধার।
কুচযুগ কলসে যমুনা ভেলি পার ॥ ৩ ॥
বারিদ বরিষ সকল মহী পূল।
সহসহ চৌদিশ বিষধর বুল ॥ ৪ ॥

৪। ভাবক ভোরা—ভাবের ভোলা।

৫। কোহে—কেহ।

১। ওতএ—সেখানে। এতএ—এখানে।

৩। পাউলি—পাইয়া। পরিহরয়—পরিহার করে।

৪। লগসোঁ—নিকট হইতে। ৫। এহনা—এমন। অনিতহু—আনিতে। মোহি—আমার।

৬। পরিহরবহ—পরিহার করিবে।

১। পূর—পূর্ণ কর। আইলি—আসিয়াছে।

২। ফেদাএ—পালায়।

৩। পিছর—পিচ্ছিল।

৪। পূল—পূর, পূর্ণ। সহসহ—সহস্র। বুল—বুলে, বেড়াইতেছে।

ন গুণলি এহনি ভয়াউনি রাতি।
জীবহু চাহি অধিক কি শাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি দুহু মন বোধ।
কমল ন বিকস ভমর অনুরোধ ॥ ৬ ॥

১৮৭

মাধব করিয় সুমুখি সমধানে।
তুয় অভিসার কয়ল যত সুন্দরী
কামিনী করয় কে আনে ॥ ১ ॥
বরিষ পয়োধর ধরণী বারি ভর
রয়নী মহা ভয় ভীমা।
তই অও চললি ধনী তুয় গুণ মনে গুণি
তনু সাহস নহি সীমা ॥ ২ ॥
দেখি ভবন ভিতি লিখল ভুজগপতি
জনু মনে পরম তরাসে।
সে সুবদনী করে ঝপইতে ফণিমণি
বিহুসি আইলি তুয় পাশে ॥ ৩ ॥
নিজ পহু পরিহরি সঁতরি বিখম নরি
অঁগিরি মহাকুল গারি।
তুয় অনুরাগ মধুর মদে মাতলি
কিছু ন গুণল বরনারী ॥ ৪ ॥
ই রস রসিক বিনোদক বিন্দক
সুকবি বিদ্যাপতি গাবে।
কাম পেম দুহু এক মত ভই রহু
কখনে কি ন করাবে ॥ ৫ ॥

১৮৮

নিশি নিশিচর তম ভীম ভুজঙ্গম
গগনে গরজ ঘন মেহ।
দুতর যমুন নরি সে আইলি বাহু তরি
এতবা তোহর নেহ ॥ ১ ॥
হেরি হল হসি সমূহ উগও শশী
বরিষও অমিয়ক ধার ॥ ২ ॥
কত নহি দুরজন কত যামিক জন
পরিপন্থিয় অনুরাগে।
কিছু ন কাহুক ডর গুণল যুবতীবর
এহি পরকিও অভাগে ॥ ৩ ॥

১৮৯

অগর উগারি গারি মৃদমদ রস
কয় অনুলেপন দেহ।
চললি তিমির মিলি নিমিখে অলখ ভেলি
কাচক সনি মসি রেহ ॥ ১ ॥
হে মাধর হেরহ হরখি ধনী চাঁদ উগল জনি
মহীতল মেটি কলঙ্ক।
ঘর গুরুজন হেরি পলটতি কত বেরি
শশিমুখী পরম সশঙ্ক ॥ ২ ॥
তুয় গুণগণ কহি আনল অশক সাহি
দইএ সুমুখী বিশবাস।
তেঁ পরি পঠাইয় যে পরি পাবিয়
পর ধন বিনু পরয়াস ॥ ৩ ॥
জপল জনম শত, মদন মহামত
বিহি সফলিত করু আজ।
বিদ্যাপতি ভণ কংসনরায়ণ
সুরমা দেবী সমাজ ॥ ৪ ॥

মানান্তে মিলন

১

শুন শুন গুণবতি রাধে।
পরিচয় পরিহর কোন অপরাধে ॥ ১ ॥

৫। ভয়াউনি—ভয়ানক। শাতি—শান্তি।
৬ ন বিকস—বিকশিত হয় না।
১। আনে—অন্য।
৩। ভিতি—ভিত্তি। লিখল—লিখিত, চিত্রিত। ভুজগপতি—বাসুকি। তরাসে—ত্রাসে। ঝপইতে—ঢাকিতে।
৪। সঁতরি—সন্তরণ করিয়া। বিখম—বিষম। নরি—নদী। অঁগিরি—অঙ্গীকার করিয়া। গারি—গালি, নিন্দা।
৫। বিনোদক—কুতুহল। বিন্দক—জ্ঞাতা।
৩। কত নহি—কত না। যামিক জন—প্রহরী। পরিপন্থিয়—শত্রু।
১। অগর—অগুরু। উগারি—অঙ্গলেপন। গারি—গুলিয়া।
২। মেটি—মিটাইয়া, নাশ করিয়া।
৩। অশক—অশক্য, অসাধ্য। সাহি—সাধন করিয়া। পরয়াস—প্রয়াস।
৪। মহামত—মহামতি।
১। পরিচয় পরিহর—পরিচয় পরিত্যাগ কর অর্থাৎ কথা কহিতেছ না।

গগনে উদয় কত তারা।
চান্দ আন নহি অবতারা ॥ ২ ॥
আন কি কহব বিশেখি।
লাখ লখিমীচয় ন লেখি ॥ ৩ ॥
শুনি ধনী মনোহৃদি ঝুর।
তবহি মনহি মনহি মনপূর ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ মিলন ভেল।
শুনইতে ধন্ধ সবহি তৈ গেল ॥ ৫ ।

২

তুহু যদি মাধব চাহসি নেহ।
মদন সাখী কয় খত লিখি দেহ ॥ ১ ॥
ছোড়ব কেলিকদম্ব বিলাস।
দূর করব নিজ গুরুজন আশ ॥ ২ ॥
হম বিনু স্বপনে ন হেরব আন।
হমর বচনে করব জলপান ॥ ৩ ॥
রজনী দিবস গুণ গাওব মোর।
আন যুবতী কভু ন করব কোর ॥ ৪ ॥
ঐসন করজ করব যব হাত।
তবহু তুয় সঞে মরমক বাত ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরকান।
মান রহু পুনু জাউ পরাণ ॥ ৬ ॥

কুলকামিনী ভএ কুলটা ভেলিহু
কিছু নহি গুণলে আগু।
সবে পরিহরি তুয় অধীনী ভেলিহু
আবে আইতি লাগু ॥ ১ ॥
মাধব অনু হোয় পেম পুরানে।
নব অনুরাগ ওর ধরি রাখব
যে ন বিঘট মোর মানে ॥ ২ ॥

সুমুখী বচন শুনি মাধব মনে গুণি
অঙ্গিরল করি অপরাধে।
সুপুরুষ সঞো নেহ কবি বিদ্যাপতি কহ
ওর ধরি হো নিরবাধে ॥ ৩ ॥

৪

মাধব জগত কে নহি জান।
আরতি আকুল জঞো কেও আবয়
বড় কর সমাধান ॥ ১ ॥
হমে যে ভাবিনী ভাদর যামিনী
অএলাহু জানি সুঠাম।
তোহে সুনাগর গুণক আগর
পুরত সকল কাম ॥ ২ ॥
কত ন মন মনোরথ অছল
সবে নিবেদব তোহি।
পুরুব পুণে পরিণতি পওলাহে
পুছি ন পুছহ মোহি ॥ ৩ ॥
হমে হেরি মুখ বিমুখ কএলহ
মন বেয়াকুল ভেল।
তোহে জঞো পরে হিত উদাসীন
যুগ পলটি ন গেল ॥ ৪ ॥
এত শুনি হরি হসি হেরু ধনী
কয়লহি সোর সদান।
তখনে সুন্দরি পুলকে পুরলি
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

মাধব আয়ে কবাট উবেরলি
যাহি মন্দির বস রাধা।
চীর উঘারি আধ মুখ হেরলহি
চান্দ উগল জনি আধা ॥ ১ ॥

৩। লাখ লখিমীচয়—লক্ষ লক্ষ্মীকেও। লেখি—গণ্য।

৪। ঝুর—আকুল। মনহি মনহি মনপুর—মনে মনে পূর্ণ হইল অর্থাৎ মিলন হইল।

১। সাখী কয়—সাক্ষী করিয়া।

৪। আন—অন্য। কোর—ক্রোড়।

৫। করজ—হাতে লেখা খত।

১। গুণলে—গণনা করিয়াছিলাম। আগু—আগের, ভবিষ্যতের। আইতি—আয়ত্ত।

২। পুরানে—পুরাতন। বিঘট—নষ্ট।

৩। অঙ্গিরল—অঙ্গীকার করিল। নিরবাধে—নির্বাধ, বাধাশূন্য।

আরতি—আর্ত্তি। বড়—মহৎ ব্যক্তি।

ভাদব—ভাদ্র মাস।

পরিণতি—পরিণাম, ফল।

পলটি—উল্টাইয়া।

সোর সদান—আহ্বান করিলেন।

উবেরলি—মুক্ত করিল। যাহি—যে। বস—বাস করে। চীর—বস্ত্র। উঘারি—খুলিয়া।

মাধব বিলছি বচন বোল রাহি।
যৌবন রূপ কলাগুণে আগরি
কে নাগরী হম চাহি ॥ ২ ॥
চির কপুর পাত হমে সাজল
পায়স অও পকমামে।
সকল রজনী হমে জাগি গমাওল
খণ্ডিত ভেল মোর মানে ॥ ৩ ॥
তুয় চঞ্চল চিত নহি থপলাথিত
মহিমা ভার গভীরে।
কুটিল কটাখ মন্দ হসি হেরল
ভিতরহু শ্যাম শরীরে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বরযৌবতি
চিতে জনু মানহ আনে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৬

মুখ যব মাজল রসিক মুরারি।
সুন্দরী রহলি করহি কর বারি ॥ ১ ॥
প্রেম সবহু গুণ দুহু কয় লেল।
মদন নয়ন যুগল কর দেল ॥ ২ ॥
করে কর বারইত উপজল হাস।
দুহু পুলকাইত গদ গদ ভাষ ॥ ৩ ॥
গরুয় কোপ তিরোহিত ভেল।
নাগর তবহু কোর পর লেল ॥ ৪ ॥

৭

দূরে গেল মানিনী মান।
অমিয়া সরোবর ডুবল কান ॥ ১ ॥
মাগয় তব পরিরম্ভ।
প্রেমভরে সুবদনী তনু জনু স্তম্ভ ॥ ২ ॥
নাগর মধুরিম ভাষ।
সুন্দরী গদ গদ দীঘনিশাস ॥ ৩ ॥
কোরে অগোরল নাহ।
করই সঙ্কীরণ রস নিরবাহ ॥ ৪ ॥
লহু লহু চুম্বই বয়ান।
সরস বিরস হৃদি সজল নয়ান ॥ ৫ ॥
সাহসে উরে কর দেল।
মনহি মনোভব তব নহি ভেল ॥ ৬ ॥
তোড়ল যব নীবিবন্ধ।
হরি সুখে তবহি মনোভব মন্দ ॥ ৭ ॥
তব কছু নাহক সুখ।
ভণ বিদ্যাপতি সুখ কি দুখ ॥ ৮ ॥

৮

অপরূপ রাধামাধব রঙ্গ।
দুর্জ্জয় মানিনী মান ভেল ভঙ্গ ॥ ১ ॥
চুম্বই মাধব রাহি বয়ান।
হেরই মুখশশী সজল নয়ান ॥ ২ ॥
সখীগণ আনন্দে নিমগন ভেল।
দুহু জন মন মাহা মনসিজ গেল ॥ ৩ ॥
দুহুজন আকুল দুহু করু কোর।
দুহু দরশনে বিদ্যাপতি ভোর ॥ ৪ ॥

৯

বড়হি চতুর মোর কান।
সাধন বিনহি ভাজল মঝু মান ॥ ১ ॥
যোগিবেশ ধএ আওল আজ।
কে ইহ সমুঝব অপরূব কাজ ॥ ২ ॥
শাশ বচনে হম ভিখ লই গেল।
মঝু মুখ হেরইতে গদ গদ ভেল ॥ ৩ ॥
কহ তব মান রতন দেহ মোয়।
সমুঝল তব হম সুকপট সোয় ॥ ৪ ॥
যে কিছু কহল তব কহইত লাজ।
কোই ন জানল নাগররাজ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুন্দরি রাই।
কিয়ে তুহু সমুঝবি সে চতুরাই ॥ ৬ ॥

১০

গোকুলে দেব দেয়াসিনি আওল
নগরহি ঐসে পুকারি।
অরুণ বসন পরিহি জটিল বেশ ধরি
কাহু দ্বার মাহা ঠারি ॥ ১ ॥

বিলছি—লক্ষ্য করিয়া।
চির—চিরিয়া। পকমান—মিষ্টান্ন।
থপলাথিত—স্থির।
মাজল—মুছিল, করস্পর্শ করিল। করহি কর বারি—হস্ত দ্বারা হস্ত নিবারণ করিয়া।
৪। কোর—ক্রোড়।
২। পরিরম্ভ—আলিঙ্গন।
৪। অগোরল—আগুলাইল। সঙ্কীরণ—সঙ্কীর্ণ।
৬। উরে—বক্ষে, পয়োধরে। মনোভব—মদন।
৭। তোড়ল—খুলিল। ৮। নাহক—নাথের।
৩। মাহা—মধ্যে। ৪। ভোর—বিহ্বল।
২। অপরূপ—অপূর্ব্ব।
৩। শাশ—শাশুড়ী। ৪। সোয়—সেই।
১। দেয়াসিনি—বেদেনী, যাহারা মন্ত্র তন্ত্র জানে। ঠারি—দাঁড়াইয়া।

শুনি ধনী জটিলা তোরিতে চলি আওল
হেরইতে চমকিত ভেল।
হমর বধুক রীতি দেখি জনি আনমতি
কহি নিজ মন্দিরে লেল ॥ ২ ॥
দেব দেয়াসিনি কান।
জটিলা বচনে সুধামুখী নিয়রহি
এক দিঠি হেরই বয়ান ॥ ৩ ॥
কহ তবে অতনু দেব ইথে পাওল
হৃদি মাহা পৈসল কাল।
নিরজনে সোই মন্ত্র যব ঝাড়িয়
তব ইহ হোয়ব ভাল ॥ ৪ ॥
এত শুনি জটিলা ঘরহু দোঁহে লেয়ল
নিরজনে দুহু এক ঠাম।
সব জন নিকসল বাহর বৈসল
পূরল কানু মনকাম ॥ ৫ ॥
বহুক্ষণ অতনু মন্ত্র পঢ়ি ঝাড়ল
ভাগল তব সেহো দেবা।
দেব দেয়াসিনি ঘর সঞে নিকসল
চাতুরি বুঝব কেবা ॥ ৬ ॥
জটিলা বহুত ভকতি করি হরখিত
কতহু ভিখ আনি দেল।
কহ কবিশেখর ভিখ লয় তব
সেহো দেয়াসিনি গেল ॥ ৭ ॥

১১

জটিলা শাশ ফুকরি তাঁহি বোলত
বহুরি বেরি কাহে ঠাঢ়ি।
ললিতা কহত অমঙ্গল শুনল
সতি পতিভয় অবগাঢ়ি ॥ ১ ॥
শুনি কহ জটিলা ঘটল কি অকুশল
ঘরে সঞে বাহির হোয়।
বহুরিক পাণি ধরি হেরহ যোগী
কিয়ে অকুশল কহ মোয় ॥ ২ ॥
যোগেশ্বর ফেরি বহুরিক পাণি ধরি
কুশল করব বনদেব।
ইহ এক অঙ্ক বঙ্ক বিশঙ্কউ
বনহু পশুপতি সেব ॥ ৩ ॥
পূজনক মন্ত্র তন্ত্র বহু অছয়
সে ইহ কিছু নহি জান।
জটিলা কহে আন দেব কাঁহা পাওব
তুহুঁ বীজ কর ইহ দান ॥ ৪ ॥
এত কহি দুহু জন মন্দিরে পরিবেশল
দুহু জন ভেল এক ঠাম।
মনমথ মন্ত্র পড়াওল দুহু জনে
পূরল দুহু মনকাম ॥ ৫ ॥
পুন দুহুজন মন্দির সঞে নিকসল
জটিলা সনে কহে ভাখী।
যব ইহ গৌরী অরাধনে যাওব
বিধবা জনে ঘর রাখি ॥ ৬ ॥
এত কহি সবহু চলল নিজ মন্দিরে
যোগী চরণে পরণাম।
বিদ্যাপতি কহ নটবর শেখর
সাধি চলল মনকাম ॥ ৭ ॥

১২

অছলোঁ হম অতি মানিনী হোই।
ভাঙ্গল নাগর নাগরী হোই ॥ ১ ॥
কি কহব হে সখি আজুক রঙ্গ।
কানু আওল তহিঁ দূতিক সঙ্গ ॥ ২ ॥
বেণী বনাই চাঁচর কেশে।
নাগরশেখর নাগরীবেশে ॥ ৩ ॥
পহিলহি হার উরজ করি উরে।
চরণহি লেল রতননূপুরে ॥ ৪ ॥
পহিলহি চলইতে বামপদঘাত।
নাচত রতিপতি ফুলধনু হাত ॥ ৫ ॥

২। লেল—লইয়া গেল।
৩। নিয়রহি—নিকটে। এক দিঠি—এক দৃষ্টে।
৪। অতনু—মদন, পক্ষান্তরে—প্রেতযোনি।
৫। মনকাম—মনস্কাম।
১। শাশ—শাশুড়ী। ফুকরি—চীৎকার করিয়া। বোলত—বলে। বহুরি—বধূ। বেরি—বেলা, বিলম্ব। ঠাঢ়ি—দাঁড়াইয়া। অবগাঢ়ি—নিশ্চিত

৩। ফেরি—ফিরিয়া। অঙ্ক—রেখা। বঙ্ক—বক্র, বাঁকা। বিশঙ্কউ—শঙ্কা দূর করিবেন। সেব—সেবা করুক, পূজা করুক।
৪। আন—অন্য। দেব—দেবতা, গুরু। কাঁহা—কোথায়। বীজ—বীজমন্ত্র। ইহ—ইহাকে।
৬। সঞে—হইতে। গৌরী—পার্ব্বতী।
২। তঁহি—তখন।
৪। বক্ষঃস্থলে পয়োধর গড়িয়া হার পরিল।

হেরি হম সচকিত আদর কেল।
অবনত হেরি কোর পর লেল ॥ ৬ ॥
সে তনু সরস পরশ যব ভেল।
মানক গরব রসাতল গেল ॥ ৭ ॥
নাসা পরশি রহল হম ধন্দ।
বিদ্যাপতি কহ ভাঙ্গল দন্দ ॥ ৮ ॥

১৩

বরনাগর সাজই নাগরী বেশা।
মুকুট উতারি সীঁতি সমারল
বেণী বিরচিত কেশা ॥ ১ ॥
চন্দন ধোই সিন্দুর ভালে রঞ্জই
লোচনে অঞ্জন অঙ্কা।
কুণ্ডল খোলি কর্ণফুল পহিরল
ভরি তনু কেশর পঙ্কা ॥ ২ ॥
বেশর খচিত শতেশ্বরী পহিরল
চুরি কনক করকঞ্জে।
চরণকমল পাশে যাবকরঞ্জন
তাপর মঞ্জীর গঞ্জে ॥ ৩ ॥
কাঁচলী মাঝে কদম্বকুসুম ভরি
আরম্ভন কুচ আভা।
অরুণাম্বর বর শাটি পহিরল
বক্র বিলোকন শোভা ॥ ৪ ॥
ধরি পরিবাদিনী শ্যাম সমিলনে
শুভ অনুকূল পয়াণে।
পহিলহি বামচরণ তুলি মোহন
স্ত্রিয়াগতি লচ্ছণ ভানে ॥ ৫ ॥
ঐসন চরিতে মিলল যঁহা সুন্দরী
দূরহি একলি ঠারি।
করে ধরি যন্ত্র তন্ত্র সমারত
কে ইহ লখই ন পারি ॥ ৬ ॥

৬। কেল—করিল।
১। সমারল—সাজাইল।
২। অঙ্কা—অঙ্ক, রেখা। পহিরল—পরিল। পঙ্কা—চন্দন।
৩। চুরি—চুড়ী। করকঞ্জে—করপদ্মে। যাবক—অলক্তক। গঞ্জে—বাজে।
৪। আরম্ভন কুচ—নবোদ্গত পয়োধর।
৫। পরিবাদিনী—বীণা। লচ্ছণ—লক্ষণ।
৬। ঐসন চরিতে—এইরূপে। মিলল—উপস্থিত হইল। ঠারি—দাঁড়াইয়া আছে। সমারত—সাজাইতে লাগিল। লখই—লক্ষ্য করিতে।

রাইক নিকটে বজাওত সুন্দরী
শুনইতে ভই গেল সাধা।
ই নব যৌবনী নবীন বিদেশিনী
আও পুকারই রাধা ॥ ৭ ॥
শুনইতে শ্যাম হরখ চিতে আওল
উঠি ধনী আদর কেল।
বাহু পকড়ি নিজ আসনে বৈসাওল
কত কত হরষিত ভেল ॥ ৮ ॥
তহি বজাওত বীণা সুমাধুরী
রিঝি দেয়ল মণিমাল।
ঐসে বজাওত হমারি যন্ত্রিয়া
মোহন যন্ত্র রসাল ॥ ৯ ॥
সুর অপসরী কিয়ে নাগকুমারী তুহু
স্বরূপ কহবি তুহু মোয়।
আজুক দিবস সফল করি মানল
দুলভ দরশন তোয় ॥ ১০ ॥
নাম গাম কহ কুল অবলম্বন
ব্রজে আগমন কিয়ে কাজা।
সুখময়ী নাম মথুরাপুর যদুকুল
গুণিজনে পীড়ই রাজা ॥ ১১ ॥
ধনী কহে তুয় গুণে রিঝি প্রসন্ন ভেল
মাগহ মানস মোয়।
মনোরথ করম যাচলি যদি সুন্দরি
মান রতন দেহ মোয় ॥ ১২ ॥
হসি মুখ মোড়ি পীঠ দএ বৈসল
কানু কয়ল ধনী কোর।
টুটল মান বাঢ়ল কত কৌতুক
ভূপতি কে করু ওর ॥ ১৩ ॥

১৪

সজনি কি কহব কৌতুক ওর।
অলখিতে হাথ লাথ মোর সরবস
মান রতন গেও চোর ॥ ১ ॥

৭। বজাওত—বাজায়। সাধা—সাধ।
৮। পকড়ি—ধরিয়া।
৯। রিঝি—হৃষ্ট হইয়া। যন্ত্রিয়া—যন্ত্রবাদন-কুশল।
১১। কিয়ে কাজা—কি কাজে।
১২। যাচলি—জিজ্ঞাসা করিলি।
১। ওর—সীমা। অলখিতে—অলক্ষ্যে। গেও—গেল। চোর—চুরী।

অবনত বয়নে যবহুঁ হম বইসল
বিগলিত কুন্তলভার।
উর অম্বর সসরি সুত চরণ ধরি
গাঁথিয় মোতিম হার ॥ ২ ॥
লহু লহু পদ করি নূপুর পরিহরি
কৈসে আওল সেহ ঢীঠ।
শির শপথি দই সখীগণে নিষেধই
মুকি রহল মঝু পীঠ ॥ ৩ ॥
মৃগমদচন্দনে মন ভেল চঞ্চল
হেরইতে বঙ্কিম গীম।
চিবুক চিকুরে ধরি মুখ সমুখে করি
চুম্বয় বয়নক সীম ॥ ৪ ॥
ঘন ঘন চুম্বন দৃঢ় পরিরম্ভণ
রহয় হিয়ে হিয়ে লাগি।
কবিশেখর কহ মদন শুতি রহ
চমকি উঠয় জনু জাগি ॥ ৫ ॥

১৫

সবহুঁ অপন ভবন গেল।
সুবদনী চিত চমক ভেল ॥ ১ ॥
নাসা পরশি রহল ধন্দ।
ঈষত হসয় বয়ন চন্দ ॥ ২ ॥
সখি হে অপরুব বর কান।
কঁহা গেল মঝু সেহন মান ॥ ৩ ॥
যে কিছু কহল রসিকরাজ।
কহইতে অবহু বাসিয় লাজ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ঐসন কান।
দাস গোবিন্দ রস ভাণ ॥ ৫ ॥

১৬

ধিক রমণী কর যে প্রিয়পর কোপ।
কুলকামিনী জন প্রেমক লোপ ॥ ১ ॥
ভল জল মহ হো অপযশ খ্যাত।
প্রিয়তম মন সৌঁ হোয়ব কাত ॥ ২ ॥
একশরি তারা কেও ন দেখ।
চঢ়লি আকাশ অমঙ্গল লেখ ॥ ৩ ॥
অপন সুখ হরি করি জনু মান।
কবিবর বিদ্যাপতি এহ ভাণ ॥ ৪ ॥

প্রেম-বৈচিত্র্য

এ সখি এ সখি কি কহব হাম।
পিয়া মোর বিদগধ বিহি মোরে বাম ॥ ১ ॥
কত সুখে আওল পিয়া মঝু লাগি।
দারুণ শাশ রহল তহিঁ জাগি ॥ ২ ॥
ঘরে মোর অন্ধিয়ার কি কহব সখি।
পাশে লাগল পিয়া কিছুই ন দেখি ॥ ৩ ॥
চিত মোর ধস ধস কহইত ন পাই।
বড় মন দুখ রহু চিরথাই ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানী।
পিয়া হিয়া করি কাহে ন ফেরি বয়ানী ॥ ৫ ॥

সখী :—কহ কহ সুন্দরী রজনী বিলাস।
কৈসে নাহ পূরল তুয় আশ ॥ ১ ॥
কতহু যতনে বিধি কএ অনুমান।
নাগর নাগরী করল নিরমাণ ॥ ২ ॥
অখিল ভুবন মাহ তুহুঁ বরনারী।
সুপুরুষ নাহ তোহে মিলল মুরারি ॥ ৩ ॥
রাধা :—পিয়াক পিরীতি হম কহই না পার।
লাখ বয়ান বিহি ন দেল হমার ॥ ৪ ॥
করে ধরি পিয়া বৈসাওল কোর।
সুগন্ধি চন্দনে তনু লেপল মোর ॥ ৫ ॥
অপন মালতি মালা হিয়াসে উতারি।
কণ্ঠে পহিরাওল যতনে হমারি ॥ ৬ ॥

২। উর অম্বর সসরি—বুকের কাপড় সরিয়া গিয়াছিল।

৩। ঢীঠ—শঠ, চতুর। শির শপথি—মাথার দিব্য।

৫। মদন শুতি রহ—মদন সুপ্ত রহিয়াছে। জনু—না।

৩। অপরুব—অপূর্ব্ব। সেহন—তেমন।

২। মহ—মধ্যে। হো—হয়। মন সৌঁ—মন হইতে।

৩। একশরি—একেশ্বর, একমাত্র। কেও—কেহ। দেখ—দেখে। চঢ়লি—উঠিলে। লেখ—গণনা করে।

৪। হরি—হরণ করিয়া। জনু—না।

১। বিদগধ—সুরসিক। শাশ—শাশুড়ী।

৪। চিরথাই—চিরস্থায়ী।

৫। কোর—কোল।

৬। উতারি—খুলিয়া।

ফুয়ল কবরী বান্ধই অনুপাম।
তাহে বেঢ়ল চম্পকদাম ॥ ৭ ॥
মধুর মধুর দিঠি হেরয় বয়ান।
আনন্দজলে পরিপূরল নয়ান ॥ ৮ ॥
ভণই বিদ্যাপতি ইহ পরসঙ্গ।
ধনী ভুলল কহইতে রজনীক রঙ্গ ॥ ৯ ॥

৩

তুহু রসময় তনু গুণ নহি ওর।
লাগল তুহুঁক ন ভাঙ্গই জোর ॥ ১ ॥
কে নহি কয়ল কতহু পরকার।
তুহুঁ জন ভেদ করয় নহি পার ॥ ২ ॥
যে খল সকল মহীতল গেহ।
ক্ষীর নীর সম ন হেরল নেহ ॥ ৩ ॥
যব কোই বেরি আনলমুখ আনি।
ক্ষীর দণ্ড দেই নিরসত পানি ॥ ৪ ॥
তবহু ক্ষীর উমড়ি পড়ু তাপে।
বিরহ বিয়োগ আগ দেই ঝাঁপে ॥ ৫ ॥
যব কোই পানি আনি তাহে দেল।
বিরহ বিয়োগ তবহু দূরে গেল ॥ ৬ ॥
ভণহু বিদ্যাপতি এহন সিনেহ।
রাধামাধব ঐসন নেহ ॥ ৭ ॥

৪

রাধামাধব রতনহি মন্দিরে
নিবসয় শয়নক সুখে।
রসে রসে দারুণ দন্দ উপজল
কান্ত চলল তহি রোখে ॥ ১ ॥
নাগর অঞ্চল করে ধরি নাগরী
হসি মিনতি করু আধা।
নাগর হৃদয় পাঁচশর হানল
উরজ দরশি মনবাধা ॥ ২ ॥
দেখ সখি ঝুটক মান।
কারণ কিছুই বুঝই ন পারিয়
তব কাহে রোখল কান ॥ ৩ ॥
রোখ সমাপি পুন রহসি পসারল
তাহি মধথ পচবাণ।
অবসর জানি মানবতী রাধা
বিদ্যাপতি কবি ভাণ ॥ ৪ ॥

১। গুণ নহি ওর—গুণের সীমা নাই। ন ভাঙ্গই জোর—জোড় ভাঙ্গে না, বিচ্ছিন্ন হয় না।
৪। কোই বেরি—কোন সময়।
৫। উমড়ি পড়ু—উথলিয়া উঠে।

কি কহব রে সখি আজুক রঙ্গ।
স্বপনহি শুতল কুপুরুষ সঙ্গ ॥ ১ ॥
বড়ি সুপুরুষ বোলি আওল ধাই।
শুতি রহল মুখে আঁচর ঝাঁপাই ॥ ২ ॥
কাঁচলি খোলি আলিঙ্গন দেল।
মোহে জগাওল তঁহি নিদ গেল ॥ ৩ ॥
হে বিহি হে বিহি বড় দুখ দেল।
সে দুখ রে সখি অবহু ন গেল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ইহ রস ধন্দ।
ভেক কি জান কুসুম মকরন্দ ॥ ৫ ॥

এ ধনি রঙ্গিণী কি কহব তোয়।
আজুক কৌতুক কহল ন হোয় ॥ ১ ॥
একলি শুতল ছলি কুসুম শয়ান।
দোসর মনমথ করে ফুলবাণ ॥ ২ ॥
নূপুর ঝুনু ঝুনু আওল কান।
কৌতুকে মুদি হম রহল নয়ান ॥ ৩ ॥
আয়ল কাহু, বৈসল মঝু পাশ।
পাশ মোড়ি হম লুকাওল হাস ॥ ৪ ॥
কুন্তল কুসুমদাম হরি লেল।
বরিহা মাল পুনহি মুঝে দেল ॥ ৫ ॥
নাসা মোতিম গীমক হার।
যতনে উতারল কত পরকার ॥ ৬ ॥
কঞ্চুক ফুগইতে পহু ভেল ভোর।
জাগল মনমথ বান্ধল চোর ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভাণ।
তুহু রসিকা পহু রসিক সুজান ॥ ৮ ॥

মন্দিরে অছলোঁ সহচরী মেলি।
পরসঙ্গে রজনী অধিক ভৈ গেলি ॥ ১ ॥
যব সখি চললহুঁ অপন গেহ।
তব মঝু নিন্দে ভরল সব দেহ ॥ ২ ॥

২। ঝাঁপাই—ঢাকিয়া।
৩। মোহে জগায়ল তঁহি নিদ গেল—আমাকে জাগাইল, কিন্তু সে নিদ্রিত হইল।
৫। বরিহা—বর্হ, ময়ূরপুচ্ছ। মাল—মালা।
৬। উতারল—নামাইল। পরকার—প্রকার।
৭। কঞ্চুক—কাঁচলি। ফুগইতে—খুলিতে।
১। পরসঙ্গে—প্রসঙ্গে, কথায় কথায়।

শুতি রহল হম কএ এক চিত।
দৈবে বিপাক ভেল বিপরীত ॥ ৩ ॥
ন বোল সজনি শুন স্বপন সম্বাদ।
হসইতে কেহ জনি করে পরিবাদ ॥ ৪ ॥
বিষাদ পড়ল মঝু হৃদয়ক মাঝ।
তুরিতে ঘুচাওল নীবিক কাচ ॥ ৫ ॥
এক পুরুখ পুন আওল আগে।
কোপে অরুণ আঁখি অধরক রাগে ॥ ৬ ॥
সে ভয়ে চিকুর চীর আনহি গেল।
কপালে কাজর মুখে সিন্দুর ভেল ॥ ৭ ॥
অতয়ে করব কেহ অপযশ গাব।
বিদ্যাপতি কহ কে পাতিয়াব ॥ ৮ ॥

সখি হে সে সব কহইতে লাজ
যে করে রসিকরাজ ॥ ১ ॥
আঙ্গিনা আওল সেহ।
হাম চললোঁ গেহ ॥ ২ ॥
অধরু আচর ওর।
ফুয়ল কবরী মোর ॥ ৩ ॥
টীঠ নাগর চোর।
পাওল হেম কটোর ॥ ৪ ॥
ধরইতে ধাওল তায়।
তোড়ল নখক ঘায় ॥ ৫ ॥
চকোর চপল চাঁদ।
পড়ল প্রেমক ফাঁদ ॥ ৬ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
পূরল দুহুক কাম ॥ ৭ ॥

এ সখি রঙ্গিণি কি কহব তোয়।
অরু এক কৌতুক কহনে ন হোয় ॥ ১
একলি অছনুঁ ঘরে হীন পরিধান।
অলখিতে আওল কমল নয়ান ॥ ২ ॥

৪। হসইতে—হাসিতে, পরিহাস করিতে। জনি—যদি, পাছে।
৭। আনহি—অন্যদিকে। ৮। অতয়ে—এরূপ। পাতিয়াব—প্রত্যয় করিবে।
৪। টীঠ—শঠ। হেম কটোর—সুবর্ণের বাটি অর্থাৎ গৌরবর্ণ স্তনযুগল।
২। হীন পরিধান—ছোট কাপড়।

এ দিকে ঝাঁপিতে তনু ওদিকে উদাস।
ধরণী পশিয়ে যদি পাউ পরকাশ ॥ ৩ ॥
করে কুচ ঝাঁপিতে ঝাঁপন ন যায়।
মলয় শিখর জনু হিমে ন লুকায় ॥ ৪ ॥
ধিক্ যাউক জীবন যৌবন লাজ।
আজু মোর অঙ্গ দেখল ব্রজরাজ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রসবতী রাই।
চতুরক আগে কিয়ে চতুরাই ॥ ৬ ॥

১০

আজুক লাজ তোহে কি কহব মাই।
জল দেই ধোই যদি তবহুঁ ন যাই ॥ ১ ॥
নাহই উঠল হম কালিন্দীতীর।
অঙ্গহি লাগল পাতল চীর ॥ ২ ॥
তাহে বেকত ভেল সকল শরীর।
তহি উপনীত সমুখে যদুবীর ॥ ৩ ॥
বিপুল নিতম্ব অতি বেকত ভেল।
পলটি তাপর কুন্তল দেল ॥ ৪ ॥
উরজ উপর যব দেয়ল দীঠ।
উর মোড়ি বৈসল হরি কএ পীট ॥ ৫ ॥
হসি মুখ নিরখিয় টীঠ মধাই।
তনু তনু ঝাঁপিতে ঝাঁপন ন যাই ॥ ৬ ॥
বিদ্যাপতি কহে তুহু অগেয়ানী।
পুনু কাহে পলটি ন পৈসলি পানি ॥ ৭ ॥

১১

শাশ ঘুমাওত কোরে অগোর।
তহি রতি টীঠ পীঠ রহু চোর ॥ ১ ॥

৩। পশিয়ে—প্রবেশ করি। পাউ—পায়। পরকাশ—প্রকাশ।
৪। যেমন মলয় শিখর হিমে ঢাকা পড়ে না, সেইরূপ আমার কুচযুগল হস্ত দ্বারা ঢাকা পড়িল না।
১। মাই—মাগো।
২। পাতল চীর—পাতলা কাপড়।
৫। উরজ—স্তন। দীঠ—দৃষ্টি।
স্তনযুগলের উপর যখন সে দৃষ্টি দিল, তখন আমি বক্ষ ফিরাইয়া হরির দিকে পৃষ্ঠ করিয়া বসিলাম।
৬। টীঠ—শঠ, চতুর।
৭। অগেয়ানী—অজ্ঞানী, অবোধ। পৈসলি—প্রবেশ করিলি।
১। শাশ—শাশুড়ী। অগোর—আগলাইয়া। রতি টীঠ—সুরত-চতুর।

কত কর আখর কহব বুঝাই।
আজুক চাতুরী রহব কি যাই ॥ ২ ॥
নহি কর আরতি এ অবুধ নাহ।
অব নহি হোয়ত বচন নিরবাহ ॥ ৩ ॥
পীঠ আলিঙ্গনে কত সুখ পাব।
পানিক পিয়াস দুধে কিয়ে যাব ॥ ৪ ॥
কত মুখ মোরি অধর রস লেল।
কত নিশবদ কএ কুচে কর দেল ॥ ৫ ॥
সমুখে ন যায় সঘন নিশোয়াস।
কিয়ে কিরণ ভেল দশন বিকাশ ॥ ৬ ॥
জাগল শাশ চলত তব কান।
ন পূরল আশ বিদ্যাপতি ভাণ ॥ ৭ ॥

১২

ছলিহু একাকিনি গঁথইতে হার।
সসরি খসল কুচচীর হমার ॥ ১ ॥
তৈখনে অকামিক আওল কন্ত।
কুচ কিয়ে ঝাপব কিয়ে নীবিবন্ধ ॥ ২ ॥
হসি বহুবল্লভ আলিঙ্গন দেল।
ধৈরজ লাজ রসাতল গেল ॥ ৩ ॥
করে কি বুতায়ব দুরহি দীপ।
লাজে ন যায়ল কঠিন জীব ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ মরমক কাজ।
জীবন সোঁপল যাহে তাহে কিয়ে লাজ ॥ ৫ ॥

১৩

কি কহব এ সখি কেলি বিলাসে।
বিপরীত সুরত নাহ অভিলাষে ॥ ১ ॥
কুচযুগ চারু ধরাধর জানি।
হৃদয় পরত তেঁ পহু দেল পাণি ॥ ২ ॥
মাতলি মনমথেঁ দূর গেল লাজে।
অবিরল কিঙ্কিনি কঙ্কন বাজে ॥ ৩ ॥
ঘামবিন্দু মুখ সুন্দর জোতি।
কনক কমল জনি ফরি গেলি মোতি ॥ ৪ ॥
কহহি ন পারিয় পিয় মুখ ভাষা।
সমুখ নিহারি দুহু মনে হাসা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রসময় বাণী।
নাগরী রম পিয় অভিমত জানি ॥ ৬ ॥

১৪

আজু মঝু সরম ভরম রহু দূর।
অপন মনোরথ সে পরিপূর ॥ ১ ॥
কি কহব রে সখি কহইত হাস।
সব বিপরীত ভেল আজুক বিলাস ॥ ২ ॥
জলধর উলটি পড়ল মহীমাঝ।
উয়ল চারু ধরাধররাজ ॥ ৩ ॥
মরকত দরপণ হেরইতে হাম।
উচ নীচ ন বুঝি পড়ল সোই ঠাম ॥ ৪ ॥
পুন অনুমানিয়ে নাগর কান।
তকর বচনে ভেল সমধান ॥ ৫ ॥
নিবাসে বাস পুন দেওল সোই।
লাজে রহল হিয়ে আনন গোই ॥ ৬ ॥
সোই রসিকবর কোরে অগোরি।
আঁচলে শ্রমজল মোছল মোরি ॥ ৭ ॥
মৃদু বীজইতে ঘুমল হাম।
ভণই বিদ্যাপতি রস অনুপাম ॥ ৮ ॥

১৫

সখি হে কি কহব কিছু নহি ফুরে।
সপন কি পরতেক কহয় ন পারিয়
কি নিয়র কিয়ে দূরে ॥ ১ ॥

২। আখর—অক্ষরে, সঙ্কেতে। ইঙ্গিতে বুঝাইয়া কি বলিব।

৩। আরতি—আগ্রহপ্রকাশ, আনুরক্তি। অবুধ—অবোধ, অবুঝ।

৪। পৃষ্ঠ আলিঙ্গনে কত সুখ পাইবে, জলতৃষ্ণা কি দুগ্ধ দ্বারা নিবৃত্ত হয়।

৫। মুখ মোরি—মুখ ফিরাইয়া।

১। সসরি—ভ্রস্ত হইয়া। কুচচীর—বুকের কাপড়।

২। অকামিক—অকস্মাৎ। ঝাপব—ঢাকা দিব।

৩। বুতায়ব—নিবাইব।

৪। কনক কমলে যেন মুক্তা ফলিয়া গেল।

৬। হে নাগরী, প্রিয়তমের অভিমত জানিয়া রমণ কর।

৩। উয়ল—উদিত হইল।

৪। আমি মরকত দর্পণ দেখিয়া ঊর্দ্ধ অধঃ বিচার না করিয়া সেই স্থানে পড়িলাম।

৫। তকর—তাহার।

৬। গোই—গোপন করিয়া।

৭। অগোরি—আগলাইয়া।

৮। বীজইতে—বীজন করিতে, বাতাস দিতে।

১। পরতেক—প্রত্যক্ষ।

তড়িত লতাতলে জলদ সমারল
আঁতর সুরসরি ধারা।
তরল তিমির শশী সুর গরাসল
চৌদিশ খসি পড়ু তারা ॥ ২ ॥
অম্বর খসল ধরাধর উলটল
ধরণী ডগ মগ ডোলে।
খরতর বেগ সমীরণ সঞ্চরু
চঞ্চরীগণ করু রোলে ॥ ৩ ॥
প্রণয় পয়োধিজলে তন ছাপল
ই নহি যুগ অবসানে।
কে বিপরীত কথা পতিয়ায়ত
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

১৬

কহ কহ সখি নিকুঞ্জ মন্দিরে
অজু কি হোয়ল ধন্দ।
চপলে ঝাপল জনি জলধর
নীল উতপল চন্দ ॥ ১ ॥
ফণী মণিবর উপরে নিরখি
শিখিনী আনত গেল।
সুমেরু উপরে সুর তরঙ্গিণী
কেবল তরল ভেল ॥ ২ ॥
কিঙ্কিণী কঙ্কণ করু কলরব
নূপুর অধিক তাহে।
সুকাম নটনে তুরিত জতি কহু
ঐসন সকল শোহে ॥ ৩ ॥
ন কর গোপন নিজ পরিজন
ইহ বুঝি অনুমান।
বিদ্যাপতি কৃত কৃপায় তাহেরি
কে না জান ইহ গান ॥ ৪ ॥

১৭

বিগলিত চিকুর মিলিত মুখমণ্ডল
চাঁদে বেঢ়ল ঘনমালা।
মণিময় কুণ্ডল শ্রবণে দুলিত ভেল
ঘামে তিলক বহি গেলা ॥ ১ ॥
সুন্দরি তুয় মুখ মঙ্গলদাতা।
রতি বিপরীত সমরে যদি রাখবি
কি করব হরি হর ধাতা ॥ ২ ॥
কিঙ্কিণী কিনি কিনি কঙ্কণ কণ কণ
ঘন ঘন নূপুর বাজে।
রতিরণে মদন পরাভব মানল
জয় জয় ডিণ্ডিম বাজে ॥ ৩ ॥
তিলে একু জঘন সঘন রব করইতে
হোয়ল সৈনকভঙ্গ।
বিদ্যাপতি কবি ও রস গাহক
যামুনে মিলল গঙ্গ তরঙ্গ ॥ ৪ ॥

১৮

মদন মদালসে শ্যাম বিভোর।
শশিমুখী হসি হসি করু কোর ॥ ১ ॥
নয়ন ঢুলাঢলি লহু লহু হাস।
অঙ্গ হেলাহলি গদ গদ ভাষ ॥ ২ ॥
রসবতী নারী রসিক বরকান।
রহি রহি চুম্বই নাহ বয়ান ॥ ৩ ॥
দুহু তনু মাতল দুহু শর হান।
বিদ্যাপতি করু সে রস গান ॥ ৪ ॥

১৯

চরণ নখর মণি রঞ্জন ছাঁদ।
ধরণী লোটায়ল গোকুলচাঁদ ॥ ১ ॥
ঢরকি ঢরকি পড় লোচন নোর।
কতরূপে মিনতি কয়ল পহু মোর ॥ ২ ॥
লাগল কুদিন কয়ল হমে মান।
অবহু ন নিকসয় কঠিন পরাণ ॥ ৩ ॥
রোখ তিমির এত বৈরী কিয় জান।
রতনক তৈ গেল গৈরিক ভান ॥ ৪ ॥
নারী জনমে হম ন করল ভাগি।
মরণ শরণ ভেল মানক লাগি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ শুন ধনি রাই।
রোয়সি কাহে কহ ভল সমুঝাই ॥ ৬ ॥

২। সমারল—সাজাইল। আঁতর—অন্তর। সুর—সূর্য্য।

৩। ডোলে—দোলে। চঞ্চরীগণ—ভ্রমরীগণ।

১। চপলে—বিদ্যুৎ দ্বারা।

৩। করু কলরব—ঝঙ্কার করে। তুরিত জতি কহু—কামের নৃত্যে কিঙ্কিণী কঙ্কন শব্দ যেন দ্রুত তাল রক্ষা করিতে লাগিল। শোহে—শোভে।

২। বিপরীত রতি-সমরে তুমি যদি রক্ষা কর, তাহা হইলে হরি হর ব্রহ্মা কি করিবে?

৪। সৈনকভঙ্গ—সৈন্যরা রণে ভঙ্গ দিল।

২। নোর—চোখের জল।

২০

কুসুমবাণ বিলাস কানন
কেশ সুন্দর রেহ।
নিবিল নীরদ রুচির দরশয়
অরুণ জনি নিজ দেহ ॥ ১ ॥
আজ দেখু গজরাজগতি
বরযুবতী ত্রিভুবন সার।
জনি কাম দেবক বিজয়বল্লী
বিহলি বিহি সংসার ॥ ২ ॥
শরদ শশধর সরিশ সুন্দর
বদন লোচন লোল।
বিমল কঞ্চন কমল চড়ি
জনি খেলু খঞ্জন জোল ॥ ৩ ॥
অধরপল্লব নব মনোহর
দশন দালিম জোতি।
জনি বিমল বিদ্রুমদল সুধারসেঁ
সীচি ধরু গজমোতি ॥ ৪ ॥
মত্ত কোকিল বেণু বীণানাদ
ত্রিভুবন ভাস।
মধুর হাসে পসাহি আনলি
করয় বচন বিলাস ॥ ৫ ॥
অমর ভূধর সম পয়োধর
মহঘ মোতিম হার।
জনি হেম নিম্মিত শম্ভুশেখর
গঙ্গ নিম্মল ধার ॥ ৬ ॥
করভ কোমল কর সুশোভিত
জঙ্ঘ যুগ আরম্ভ।
মদন মল্ল বেয়াম কারণে
গঢ়ল হাটক থম্ভ ॥ ৭ ॥

সুকবি এহো কণ্ঠহারে গাওল
রূপ সকল স্বরূপ।
দেবী লখিমা কন্ত জানয়
রাজ শিবসিংহ ভূপ ॥ ৮ ॥

২১

কুন্দ ভমর সঙ্গম সম্ভাষণ
নয়নে জগাওব অনঙ্গে।
আশা দএ অনুরাগ বঢ়াওব
তঁহিম অঙ্গ বিভঙ্গে ॥ ১ ॥
সুন্দরি হে উপদেশ ধরিয়ে ধরি
শুনু শুনু সুললিত বাণী।
নাগরীপণ কিছু কহবা চাহোঁ
কহলহু বুঝয় সয়ানী ॥ ২ ॥
কোকিল কুজিত কণ্ঠ বৈসাওর
অনুরঞ্জব ঋতুরাজে।
মধুর হাস মুখমণ্ডল মণ্ডব
ঘড়ি এক ভেজব লাজে ॥ ৩ ॥
কৈতব কএ কাতরতা দরশব
গাঢ় আলিঙ্গন দানে।
কোপ কইএ পরবোধল মানব
ঘড়ি এক ন করব মানে ॥ ৪ ॥
সম পসেবনি সহ তনু দরশব
মুকুলিত লোচন হেরি।
নখে হনি পিয়া মণিঠাম ছোড়াওব
সুরত বঢ়াওব কেলি ॥ ৫ ॥
যুঝল মনমথ পুন যে যুঝাএব
বোলি বচন পরচারী।
গেল ভাব যে পুনু পলটাবএ
সেহে কলামতী নারী ॥ ৬ ॥

১। কুসুমবাণ বিলাসকানন—মদনের বিলাস-কানন। রেহ—রেখা।

২। দেখু—দেখিলাম। দেবক—দেবের। বিহলি—বিহার করিতেছে।

৩। খেলু—খেলিতেছে। জোল—জোড়া।

৪। বিদ্রুমদল—প্রবালসমূহ। সীচি—সিঞ্চন করিয়া, ছড়াইয়া। ধরু—রাখিয়াছে।

৫। ভাস—শোভা। পসাহি—প্রসারিত করিয়া।

৬। অমর ভূধর—সুমেরু। মহঘ—মহার্ঘ। শম্ভুশেখর—কৈলাস।

৭। বেয়াম—ব্যায়াম। হাটক—সুবর্ণ। থম্ভ—স্তম্ভ।

১। সম্ভাষণ—সদৃশ। জগাওব—জাগাইবে। বঢ়াওব—বাড়াইবে।

২। কহবা—কহিতে, শিখাইতে। চাহোঁ—চাই। কহলহু—কহিলে। সয়ানী—চতুরা।

৪। কএ—করিয়া। দরশব—দেখাইবে। পরবোধল—প্রবোধ দিলে।

৫। পসেবনি—প্রস্বেদ। মুকুলিত—অর্দ্ধ মুদিত। নখে—নখ দ্বারা। হনি—আঘাত করিয়া। মণিঠাম—মাণিবন্ধ।

৬। যুঝল—যুঝিত, কৃতযুদ্ধ। যুঝাএব—যুঝাইবে। পরচারী—কৌতুক। গেল—গত।

রস শিঙ্গার সরস কবি গাওল
বুঝয় সকল রসমন্তা।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবীক কন্তা ॥ ৭ ॥

২২

সুন্দরি অছলি সখীগণ সঙ্গ।
চঞ্চল বিঘটয় কামিনী অঙ্গ ॥ ১ ॥
অবনতবয়নী বসন নাহি হেরি।
ধনী ভুজবল্লী ঝাপ কত বেরি ॥ ২ ॥
অতনু পাশে দৃঢ় কএ দএ অম্বু।
কোপে কাম জনি বাঁধল শম্বু ॥ ৩ ॥
বিহি বিধুমণ্ডল মুখশশী আনি।
তোলি তোলাবে দুয়ও অনুমানি ॥ ৪ ॥
আনন গুণ গৌরব নত ভেল।
চাঁদ চমকি তঁহি অম্বর গেল ॥ ৫ ॥

২৩

রাধাবদন নিরখি রহু কান।
ভাবে ভরল অঙ্গ ধরল ধিয়ান ॥ ১ ॥
রাহি বুঝল তনু মরমক বোল।
বাহু পসারি কাহ্নু কর কোল ॥ ২ ॥
অধর সুধারস পুনু পুনু পীব।
সখীগণ হেরইতে জীবন জীব ॥ ৩ ॥

২৪

যে মুখ সুন্দর অতুলন নাম।
জনু পরসাদে জিতলি জগ কাম ॥ ১ ॥
সে মুখ কিএ মুকুর তল দেল।
অপন পরাভব অপনহি ভেল ॥ ২ ॥
তুহু অতি বিদগধ বধইতে লাখ।
হেরি অবশ ভেলি অপন কটাখ ॥ ৩ ॥
যকর যে গুণ সে নহি জান।
লোহকার কিএ চিহ্নয় কৃপাণ ॥ ৪ ॥

২৫

দেব অরাধনে চলু গোরী।
সঙ্গহি সম বয় নবীন কিশোরী ॥ ১ ॥
চন্দন কুঙ্কুম অরু ফুল মাল।
লওল বহু উপহার রসাল ॥ ২ ॥
চলু বর নাগরী সঙ্গব মাহ।
সচকিত নয়নে দিক দশ চাহ ॥ ৩ ॥
ঐসন সময় নিবিড় বনমাজ।
মিলল একল বিদগধরাজ ॥ ৪ ॥
হেরি সুবদনী অতি চমকিত ভেলি।
কহ কবিশেখর দুহু জন মেলি ॥ ৫ ॥

২৬

রাধা মাধব সুমধুর মেলি।
দুহু রূপে দুহু জন নিমগন ভেলি ॥ ১ ॥
উলসিত বিনোদ নাগরবর কান।
কহই অমিয় বাণী হসিত বয়ান ॥ ২ ॥
সুন্দরি কি কহব তোহর বখান।
অলপে জিতল তুহু ইহ পচবাণ ॥ ৩ ॥
গরুয় কমান নয়ন কোণে এক।
অরু এক ঈষত হাস পরতেক ॥ ৪ ॥
করহি সুকুসুম তাহি এক হোই।
কুঞ্চিত কেশ দরশে এক সোই ॥ ৫ ॥
অঙ্গহি অঙ্গ কিরণ কত ভেল।
হেরি পরাভব ভৈ চলি গেল ॥ ৬ ॥
কহ কবিশেখর কি কহব কান।
লাখ বয়ানে নহি হোত পরমাণ ॥ ৭ ॥

২৭

দুহু মুখ হেরইতে দুহু ভেল ধন্দ।
রাহি কহ তমাল মাধব কহ চন্দ ॥ ১ ॥
চিত পুতলী জনু রহু দুহু দেহ।
ন জানিয় প্রেম কেহন অছু নেহ ॥ ২ ॥
এ সখি দেখ দেখ দুহুক বিচার।
ঠামহি কোই লখই নহি পার ॥ ৩ ॥
ধনী কহ কাননময় দেখিয় শ্যাম।
সে কিয়ে গুণব মঝু পরিণাম ॥ ৪ ॥
চউকি চউকি দেখি নাগর কান।
প্রতি তরুতলে দেখ রাহি সমান ॥ ৫ ॥
দোঁহে দোঁহা যবহু নিচয় কয় জান।
দুহুক হৃদয় পৈসল পচবাণ ॥ ৬ ॥

১। চঞ্চল—বায়ু। বিঘটয়—উদ্ঘাটিত করে, প্রকাশ করে। ৩। অম্বু—বাতাপী লেবু, পয়োধরের তুলনা। ৪। তোলি তোলাবে—ওজন করিয়া দেখে।

১। ধিয়ান—ধ্যান। ২। কর—করিল।

১। পরসাদে—প্রসাদে। জিতলি—জয় করিল।

৪। লোহকার—কামার।

১। গোরী—গৌরী, রাধা।

৩। বখান—প্রশংসা।

৪। কমান—ধনু।

২। চিত পুতলী—চিত্রপুত্তলী।

৫। চউকি—চমকিত হইয়া।

২৮

রাধা বদন হেরি কানু আনন্দা।
জলধি উছলে যৈসে হেরইতে চন্দা ॥ ১ ॥
কতহু মনোরথ কৌশলক ভরি।
রাধা কান কুসুমশর সমরি ॥ ২ ॥
পুলকে পুরল তনু হৃদয়ে হুলাস।
নয়ন ঢুলাঢুলি লহু লহু হাস ॥ ৩ ॥
দুহুঁ অতি বিদগধ অনবধি নেহা।
রস আবেশে বিসর নিজ দেহা ॥ ৪ ॥
হার টুটল পরিরম্ভন বেলি।
মৃগমদ কুঙ্কুম পরিমল গেলি ॥ ৫ ॥
নীরসি অধরমধু পিবি মাতোয়ার।
ভুখল ভমর কুসুম অনিবার ॥ ৬ ॥

২৯

রাহী যব হেরল হরি মুখ ওর।
তৈখনে ছল ছল লোচন জোর ॥ ১ ॥
যবহু কহলহি লহু লহু বাত।
তবহু কয়ল ধনী অবনত মাত ॥ ২ ॥
যব হরি ধয়লহি অঞ্চল পাশ।
তৈখনে ঢর ঢর তনু পরকাশ ॥ ৩ ॥
যব পহু পরশল কঞ্চুক সঙ্গ।
তৈখনে পুলকে পূরল সব অঙ্গ ॥ ৪ ॥
পূরল মনোরথ মদন উদেশ।
কহ কবিশেখর পিরীতি বিশেষ ॥ ৫ ॥

কি পুছসি হে সখি কানু গুণ নেহা।
একহি পরাণ বিহি গঢ়ল ভিন দেহা ॥ ১
কহিল যে কহিনী পুছই কত বেরি।
কত সুখ পাবয় মঝু মুখ হেরি ॥ ২ ॥
বিনু মঝু দরশে পরশে নহি জীব।
মো বিনু পিয়াসে পানি নহি পীব ॥ ৩ ॥

২। কৌশলক ভরি—কৌশল করিয়া। সমরি—স্মরণ করিল।
৪ অনবধি—অসীম।
৬ নীরসি—রসশূন্য করিয়া। মাতোয়ার—মাতাল
৩ ঢর ঢর—ঢল ঢল।
৪ কঞ্চুক—কাঁচুলী।
৫ উদেশ—উদ্দেশ্য।

ঘুমুক আলসে যদি পলটি হেউ পাশ।
মান ভয়ে মাধব উঠয় তরাস ॥ ৪ ॥
উর বিন শেষ পরশ নহি পাই।
চিবহি বিন তাম্বুল নহি খাই ॥ ৫ ॥
আন সঞে কহিনী ন সহ পরাণ।
আন সম্ভাষণে হরয় গেয়ান ॥ ৬ ॥
কহ কবিরঞ্জন শুন বরনারি।
তোহর প্রেম ধনে লুবুধ মুরারি ॥ ৭ ॥

৩১

হম অবলা সখি কিয়ে গুণ জান।
সে রসময় তনু রসিক সুজান ॥ ১ ॥
কতহু যতনে মোরে কোরে বইসাই।
বাঁধল বেণী সে কবরী খসাই ॥ ২ ॥
কঞ্চুক দেল হিয়ে পর মোর।
পরশি পয়োধর ভৈ গেল ভোর ॥ ৩ ॥
কণ্ঠে পহিরাওল মণিময় হার।
অঙ্গে বিলেপল কুঙ্কুম ভার ॥ ৪ ॥
বসন পহিরাওল করি কত ছন্দ।
কিঙ্কিণী জালহি নীবি নিবন্ধ ॥ ৫ ॥
নিজ করপল্লবে মঝু মুখ মাজ।
নয়নহি কয়ল সুকাজর সাজ ॥ ৬ ॥
অলকা তিলক দয় চোরি নিহারি।
কহ কবিশেখর যাঁও বলিহারি ॥ ৭ ॥

৩২

অলখিতে গোপ আয়ল চলি গেল।
সসরি খসল চীর সমার ন গেল ॥ ১ ॥
আধ বদন তহিঁ দেখল মোর।
চাঁদ অঁয়েঠ কয় চলল চকোর ॥ ২ ॥
কানু মোহি দেখলিহু গেলাঁহু লজাএ।
তখনুক লাজ অবহু নহি যাএ ॥ ৩ ॥

৪। ঘুমক আলসে—ঘুমের আলসে, ঘুম-ঘোরে।
৫। চিবহি—চিবাইয়া।
২। কোরে বইসাই—ক্রোড়ে বসাইয়া।
৪। পহিরাওল—পরাইল।
৬। মাজ—মার্জ্জন করিয়া, হাত বুলাইয়া। কাজর—সুন্দর কজ্জল।
৭। চোরি নিহারি—আড়চোখে দেখিয়া।
১। সমরি—সামলান।
২। তহিঁ—তিনি। অঁয়েঠ—এঁঠো উচ্ছিষ্ট।

আধহু অধিক সঙ্কোচিত অঙ্গ।
মোলল মৃণাল দোগুণ ভেল ভঙ্গ ॥ ৪ ॥
চান্দনে লেপিত তনু রহ শোয়।
বিরহক কসমসি নিন্দ নহি হোয় ॥ ৫ ॥
রসকে তত্ত্ব বুঝয় যদি কেও।
ভাব ভণয় অভিনব জয়দেও ॥ ৬ ॥

অলখিতে আওল অলখিতে গেল।
ন পূরল মনোরথ বেকত ন ভেল ॥ ১
গুরুজন জাগল ভেল বিহান।
চরণ নখর হেরি আনত বয়ান ॥ ২ ॥
হেরি হেরি কি কহব কুলবতী হোই।
অঙ্গনে কানু চরণচিহ্ন সোই ॥ ৩ ॥
গুরুজন ভয় তব লেপইতে চাই।
বিরীতি বিশেষ লেপই ন পাই ॥ ৪ ॥
সংভ্রম ভেল মন ভয় অনিবারি।
সে ডর ভাঙ্গল নয়নক বারি ॥ ৫ ॥
যে পথে রাতি চলল রতিচোর।
সে পথে মনোরথ গেলহি মোর ॥ ৬ ॥
দেল রহল জনু সুধ পসারি।
কহ কবিশেখর পেম বিচারি ॥ ৭ ॥

৩৪

কি কহব হে সখি তোহার সমাজ।
কহইতে কহিনী লাগয়ে লাজ ॥ ১ ॥
শুতি ঘুমাঅল হম অগেয়ান।
অলখিতে আওল নাগর কান ॥ ২ ॥
পীন পয়োধরে দেলহি হাত।
তোরিতে লুকাওল দেহ বিগাত ॥ ৩ ॥
তবহি অধর রস পিবয়ে মোর।
জাগল মনমথ বান্ধল চোর ॥ ৪ ॥

৪। মোলল—মোচড়ান, ভঙ্গ।

৫। শোয়—শয়ন করিয়া। কসমসি—যন্ত্রণা, চঞ্চলতা।

৬। জয়দেও—জয়দেব।

১। অলখিতে—অলক্ষ্যে।

২। বিহান—প্রভাত।

৩। সোই—সেই।

৪। বিরীতি—রীতিবিরুদ্ধ।

২। শুতি—শয়ন করিয়া।

৩। তোরিত—ত্বরিত, সত্বর।

থর থর কাঁপিয় কোরে অগোরি।
তম হম ছুটল নিন্দ বিভোরি ॥ ৫ ॥
করলি কোপ জানি সে বর কান।
যে কিছু কহল মোহে সোই সে সুজান ॥ ৬
পরিরম্ভণ বেলি মুদল আঁখি।
তাহে ভৈ গেল কবিশেখর সাখী ॥ ৭ ॥

৩৫

কানন কাহ্ন কান হম শুনল
ভই গেল আনক আনে।
হেরইত শঙ্কররিপু মোহি হরলনি
কি কহব তনিক গেয়ানে ॥ ১ ॥
চানন চান অঙ্গ হম লেপলি
তঁই বাঢ়ল অতি দাপে।
অধরক লোভ সেঁই বিষধর সসরল
ধরই চাহ ফেরি সাপে ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি দুহুক মুদিত মন
মধুকর লোভিত কেলি।
অসহ সহতি কত কোমল কামিনী
যামিনী জীব দয় গেলি ॥ ৩ ॥

৩৬

ফুল এক ফুলবারি লাওল মুরারি।
যতনই পটওলনি সুবচন বারি ॥ ১ ॥
চৌদিশ বঁধলনি শীলকি আরি।
জীব অবলম্বন করু অবধারি ॥ ২ ॥
তথুহুঁ ফুলল ফুল অভিনব পেম।
জনু মূল লহয় ন লাখহু হেম ॥ ৩ ॥
অতি অপরূপ ফুল পরিণত ভেল।
দুই জীব অছল এক ভএ গেল ॥ ৪ ॥

১। আনক আনে—আর এক রকম। হেরইত—দেখিতে। শঙ্কররিপু—মদন। তনিক—তাঁহার। গেয়ানে—বুদ্ধি।

২। চান—চন্দ্রের জ্যোৎস্না। দাপে—দর্পে। সসরল—সর সর করিয়া গেল। চাহ—চাহিলাম।

৩। মুদিত—মোদিত, পুলকিত। অসহ—অসহ্য। সহতি—সহ্য করে। জীব—জীবন।

১। ফুল—ফুলগাছ। ফুলবারি—ফুলবাগান। পটওলনি—পাট করিলেন।

২। বঁধলনি—বাঁধিলেন। শীল—নম্রতা। আরি—আলবাল। অবধারি—অবধারিত।

৩। তথুহুঁ—তাহাতে। লহয়—লাগে।

পিশুন কীট নহি লাগল তাহি।
সাহসে ফল দেল বিহি দেল নিরবাহি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুন্দর সৈহ।
করিয় যতন ফলমত হো যৈহ ॥ ৬ ॥

৩৭

ছলিহু একাকিনী গথইতে হার।
সসরি খসল কুচ চীর হমার ॥ ১ ॥
তখনে হসি হসি আয়ল কন্ত।
কুচ কিয়ে ঝাপব নিবিহুক অন্ত ॥ ২ ॥
কি কহব সুন্দরি কৌতুক আজ।
পহু রাখল মোর যাইতে লাজ ॥ ৩ ॥
ভেল ভাব ভরে সকল শরীর।
কত ন যতনে বল রাখিয় থির ॥ ৪ ॥
ধসমস করয় ধরিয় কুচ জাতি।
সগর শরীর ধরয় কত ভাতি ॥ ৫ ॥
গোপহি ন পারিয় তখন উলাস।
মুন্দলা কমল বেকত হোয় হাস ॥ ৬ ॥

৩৮

দরশনে লোচন দীঘর ধাব।
দিনমণি তেজি কমল জনি যাব ॥ ১ ॥
কুমুদিনী চান্দ মিলন সহবাস।
কপটে লুকাবিয় মদন বিকাশ ॥ ২ ॥
সজনি মাধব দেখল আজ।
মহিমা ছাড়ি পলায়ল লাজ ॥ ৩ ॥
নীবি সসরি ভূমি পড়ি গেলি।
দেহ লুকাবিয় দেহক শেলি ॥ ৪ ॥

অপনে হৃদয় বুঝাবএ আন।
একশর সব দিশ দেখিয় কান ॥ ৫ ॥

৩৯

যখনে যাই শয়ন পাশে।
মুখ পরেখয় দরশি হাসে ॥ ১ ॥
তখনে উপজু এহন ভানে।
জগত ভরল কুসুমবাণে ॥ ২ ॥
কি সখি কহব কেলি বিলাসে।
নিজ অনাইতি পিয়া হুলাসে ॥ ৩ ॥
নীবি বিঘটয় গহয় হারে।
সীমা লাঘয় মন বিকারে ॥ ৪ ॥
সিনেহ জাল বঢ়াবয় জীবে।
সজহি সুধা অধর পিবে ॥ ৫ ॥
হরখি হৃদয় গহয় চীরে।
পরশে অবশ কর শরীরে ॥ ৬ ॥
তখনে উপজু অইসন সাধে।
ন দিয় সমত ন দিয় বাধে ॥ ৭ ॥
ভণে বিদ্যাপতি ও হে সয়ানী।
অমিয় মিঝল নাগরী বাণী ॥ ৮ ॥

৪০

পহিলহি চোরি আয়ল পাশ।
আজহি আজ লুকাব তরাস ॥ ১ ॥
বাহরি ভেলে দেখিয় দেহ।
যৈসন খীণী চান্দক রেহ ॥ ২ ॥

৫। সাহসে—সাহসের জন্য। নিরবাহি—নির্ব্বাহ করিয়া।

৬। সৈহ—তাহাই। ফলমত—ফলবান্। হো—হয়। যৈহ—যাহাই।

১। ছলিহু—ছিলাম। সসরি—স্রস্ত হইয়া।

২। নিবিহুক অন্ত—নীবিবন্ধনের অগ্রভাগ।

৩। যাইতে লাজ—বিগতপ্রায় লজ্জা।

৫। জাতি—চাপিয়া। সগর—সকল।

৬। গোপহি—গোপন করিতে। উলাস—উল্লাস। মুন্দলা—মুদিত। বেকত—ব্যক্ত।

১। দীঘর—দীর্ঘ, বহুদূর। ধাব—ধাবিত হয়। জনি—যেন।

২। লুকাবিয়—লুকাইয়া রাখি।

৪। সসরি—স্রস্ত হইয়া। শেলি—শরণ।

৫। একশর—একেশ্বর, একলা।

১। পরখয়—পরীক্ষা করে।

২। উপজু—উৎপন্ন হয়। ভান—ভাব।

৩। অনাইতি—অনায়ত্ত।

৪। বিঘটয়—খুলিয়া দেয়। গহয়—গ্রহণ করে, কাড়িয়া লয়। লাঘয়—লঙ্ঘন করে। বিকার—বিকৃত, আকুল করে।

৫। জীবে—প্রাণে। পিবে—পান করে।

৭। সমত—সম্মতি। বাধে—বাধা।

৮। মিঝল—মিশ্রিত।

১। পহিলহি—প্রথমেই। চোরি—চুরী করিয়া অর্থাৎ গোপনে। আজহি আজ—অঙ্গে অঙ্গ। তরাস—ত্রাস। ত্রাসে অঙ্গেতে অঙ্গ লুকাইল—মাধব আমাকে আলিঙ্গন করিল।

২। খীণী—ক্ষীণ। চান্দক—চাঁদের।

সাজনি কি কহব পুরুষ কাজ।
কৌশল করইতে তহ্নি নহি লাজ ॥ ৩ ॥
এহি তহ পাপ অধিক থিক নারী।
যে ন গণয় পর পুরুষক গারি ॥ ৪ ॥
খণ এক রঙ্গ সঙ্গ সব ভাতি।
সে সে করত যকর যে জাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ন কর বিরাম।
অবসর পাএ পূর তুয় কাম ॥ ৬ ॥

৪১

হরি ধরু হার চেউকি পরু রাধা।
আধ মাধব কর গীম রহু আধা ॥ ১ ॥
কপট কোপে ধনী দিঠি ধরু ফেরি।
হরি হসি রহল বদনবিধু হেরি ॥ ২ ॥
মধুরিম হাস গুপুত নহি ভেলা।
তখনে সুমুখী মুখ চুম্বন দেলা ॥ ৩ ॥
করে ধরু কুচ আকুল ভেলি নারী।
নিরখি অধরমুখ পিবয় মুরারি ॥ ৪ ॥
চিকুরে চমরে ঝরু কুসুমক ধারা।
পিবিকহু তম জনু বম নব তারা ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুন্দর বাণী।
হরি হসি মিললি রাধিকা রাণী ॥ ৬ ॥

৪২

পহিলহি পরশয় করে কুচকুম্ভ।
অধর পিবয়কে কর আরম্ভ ॥ ১ ॥
তখনুক মদন পুলকে ভরি পূজ।
নীবিবন্ধ বিনু ফোয়লে ফুজ ॥ ২ ॥

৩। তহ্নি—তাঁহার।
৪। এহি তহ—ইহা হইতে।
৫। ভাতি—প্রকার, রূপ। যকর—যাহার। জাতি—স্বভাব।
৬। বিরাম—বাধা, ক্ষোভ।
১। ধরু—ধরিল। চেউকি—চমকিয়া। পরু—পড়িল।
২। দিঠি—দৃষ্টি। ধরু ফেরি—ফিরাইয়া ধরিল। হসি রহল—হাসিতে লাগিল।
৩। গুপুত—গুপ্ত।
৪। ধরু—ধরিতে।
৫। ঝরু—ঝরিল। কুসুমক—কুসুমের। পিবি-কহু—পান করিয়া। বম—বমন অর্থাৎ উদ্‌গিরণ, মোচন করিল। তারা—তারাবলী।
২। পূজ—পূজা। বিনু ফোয়লে—না খুলিলেও। ফুজ—খুলিয়া যায়।

এ সখি লাজে কহব কি তোহি।
কানুক কথা পুছহ জনু মোহি ॥ ৩ ॥
ধম্মিল ভার হার অরুঝাব।
পীন পয়োধর নখখত লাব ॥ ৪ ॥
বাহু বলয় আঁকম ভরে ভাঙ্গ।
অপন আইতি নহি অপনা আঙ্গ ॥ ৫ ॥

৪৩

পহিলহি সরস পয়োধর কুম্ভ।
আরতি কত ন করয় পরিরম্ভ ॥ ১ ॥
অধর সুধারস দরশয় লোভ।
রাঙ্কক হাত রতন নহি শোভ ॥ ২ ॥
সজনি কি কহব কহইতে লাজ।
কানুক আইতি পললুহ আজ ॥ ৩ ॥
নীবি সসরি কতয় দহু গেলি।
অপনহু আঙ্গ অনাইতি ভেলি ॥ ৪ ॥
করতল তলে ধরিয় কুচ গোএ।
পড়লে তলিত ঝাপি নহি হোএ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ন কর সন্দেহ।
মধু তহ সুন্দরি মধুর সিনেহ ॥ ৬ ॥

৪৪

সসনে আলিঙ্গন করু কত ছন্দ।
জনি ঘন দামিনী লাগল দন্দ ॥ ১ ॥
বদনে বদন ধরু মনমথ ফন্দ।
কিয়ে এক ঠামে বান্ধল যুগল চন্দ ॥ ২ ॥
ঘেরি রহল কচ তিমির বিথার।
জনি রণজীত উদয় পরচার ॥ ৩ ॥

৪। ধম্মিল—ধম্মিল্ল, খোঁপা। অরুঝাব—জড়াইয়া যায়। লাব—লাগায়, দেয়।
৫। আঁকম—আলিঙ্গন। আইতি—আয়ত্ত। আঙ্গ—অঙ্গ।
১। আরতি—আর্ত্তি। পরিরম্ভ—আলিঙ্গন।
২। রাঙ্কক—দরিদ্রের। নহি শোভ—শোভা পায় না।
৩। পললুহ—পড়িলাম।
৪। সসরি—স্রস্ত হইয়া। কতয়—কোথায়। অনাইতি—অনায়ত্ত।
৫। তলিত—তড়িৎ।
৬। মধু তহ—মধু হইতে।
৩। বিথার—বিস্তার।

রাগী অধর উরজ অতি চণ্ড।
লাগল এ বদন খণ্ডন দণ্ড ॥ ৪ ॥
মদন মহোদধি উছল হিলোর।
জনি নিধিযুগল করত ঝকঝোর ॥ ৫ ॥
শ্রমজলে পূরিত দুহু ভেল এক।
জনি রতিমঙ্গল জয় অভিষেক ॥ ৬ ॥
কুচপর বিদগধ পাণি বিরাজ।
কনক কলসে জনি কিশলয় সাজ ॥ ৭ ॥
সব কানন ভরি পরিমল ভান।
অলিকুল দুহু জন গুণগান ॥ ৮ ॥

৪৫

পালঙ্কে শয়ন ঘুমে অচেতন
দীঘল বহয় শ্বাস।
দীপ কর লই লুবুধ মাধব
আওল হমর পাশ ॥ ১ ॥
সখি হে কানুসে ঐসন ঢীঠ।
হরষে পরশে অধিক লালসে
বিষম তকর দিঠ ॥ ২ ॥
জাগইব ডরে লহু লহু করে
বসন কয়ল দূর।
কনক গাগরি বেকত নিহারি
নিজ মনোরথ পূর ॥ ৩ ॥
দীপক ছটায় ঝটিতে জাগল
ভরমে কহলোঁ চোর।
ডরে চোর পাশে অন্ধারে পইসল
সে মোরে কয়ল কোর ॥ ৪ ॥
হাসিক রভসে বাঁধি ভুজপাশে
বিলসে অধিক সুখ।
চম্পতিপতি বেকত কহয়
চোরক নিলজ মুখ ॥ ৫ ॥

৪৬

চুম্বনে লুবুধ মুখ অলখিত ভাস।
ধয়ল চান্দ চকোরক পাশ ॥ ১ ॥

৫। হিলোর—হিল্লোল। ঝকঝোর—টানাটানি।
৭। বিদগধ—বিদগ্ধ, রসিক।
৩। জাগইব ডরে—আমার জাগিবার ভয়ে। কনক গাগরি—কনক কলস, কনকবর্ণ পয়োধর। বেকত—ব্যক্ত, প্রকাশিত।
৫। চম্পতিপতি—বিদ্যাপতি।
১। অলখিত ভাস—শোভা প্রকাশ পায় না।

প্রিয় মুখ ঝাপল কুন্তলভার।
চান্দ অগোরল ঘন অন্ধিয়ার ॥ ২ ॥
কি কহব হে সখি রজনীক কাজ।
কামহি কামে লজায়ল লাজ ॥ ৩ ॥
সহজহি মাধব নব নব প্রেম।
হাথিক দণ্ড জরাওল হেম ॥ ৪ ॥
নিবিড় আলিঙ্গন বিগলিত স্বেদ।
শ্যাম অঙ্গ গৌর রেখ রহু ভেদ ॥ ৫ ॥

৪৭

অপরূব রূপক ধামা।
তিন ভুবন জিনি বিহি বিহু রামা ॥ ১ ॥
শীলক শীতল সোভাবে।
যেহন রহিয় তেহন শোহাবে ॥ ২ ॥
মধুর বচন মুখ সীচি।
বিহুস পসর জনি অমিয়ক বীচি ॥ ৩ ॥
হেরইতে হরষ পরাণে।
পরসন মনে পরিরম্ভণ দানে ॥ ৪ ॥
কি কহব রতিরঙ্গ রীতি।
নিরবধি বাঢ়লি গাঢ় পিরীতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি গাবে।
পুণে গুণমত গুণমতী ধনী পাবে ॥ ৬ ॥

৪৮

দূরহি উরু রহল গহি ঠাম।
চরণে পাওল থল কমল উপাম ॥ ১ ॥
স্বেদবিন্দু পরিপূরল দেহ।
মোতিম ফললি সৌদামিনী রেহ ॥ ২ ॥

২। অগোরল—আগলাইল।
৩। কামহি—কামের। কামে—কার্য্যে। লজায়ল—লজ্জিত হইল।
১। ধামা—ধাম। বিহু—বিধান, সৃষ্টি করিল। রামা—সুন্দরী।
২। শীলক—শীলতার। যেহন—যেমন, যেরূপ। রহিয়—রহে। তেহন—তেমন। শোহাবে—শোভা পায়।
৩। সীচি—সিঞ্চন করে। বিহুস—অল্প হাসিয়া। পসর—প্রসারিত করে, ছড়ায়। বীচি—তরঙ্গ।
৪। হরয়—হরণ করে। দানে—দান করে।
১। দূরহি—দূরেই। গহি—গ্রহণ করিয়া। থল—স্থল।
২। ফললি—ফলিল।

সঙ্কেত নিকেত মুরারি নিহারি।
অপনি অধীনী রহলি নহি নারী ॥ ৩ ॥
পুলকিত ভেল পয়োধর গোর।
দগধ মদন পুন আঁকুর তোর ॥ ৪ ॥
কহইতে বচন ভেল স্বরভঙ্গ।
কদলীদল সন কাঁপয় অঙ্গ ॥ ৫ ॥
বিদ্যাপতি কবিবর এহ গাব।
সকল অধিক ভেল মন্মথ ভাব ॥ ৬ ॥

৪৯

কনক ধরাধর গোর পয়োধর
নাগর আপল পাণি।
স্বেদ সলিলবিন্দু পূরল বদন ইন্দু
কহইতে গদগদি বাণী ॥ ১ ॥
কি আরে কি কহব কৌতুক আজে।
পুলকিত তনু সহি চরণ চলয় নহি
হেরিতহি হরলনি লাজে ॥ ২ ॥
হৃদয়ে হৃদয় দএ পহু নিরদয় ভএ
দৃঢ় পরিরম্ভণ দেলা।
সসরু কসনি ডোর হার টুটল মোর
কে জান কেহন মন ভেলা ॥ ৩ ॥
যখনে বিহসি বধু হেরি বদন বিধু
কয়ল অধর মধু পানে।
তখনে ভেলিহু সুধি কবি বিদ্যাপতি বুধি
শ্রীশিবসিংহ রস জানে ॥ ৪ ॥

৫০

সাঁঝক বেরা যমুনাক তীরা।
কদম্বেরি বন তরু তরা ॥ ১ ॥

৩। নিকেত—নিকেতনে। ৪। আঁকুর—অঙ্কুর।
১। গোর—গৌর, সুন্দর। আপল—অর্পণ করিল।
২। আরে—সখীর সম্বোধন। আজে—আজিকার।
২। সহি—সখি। হরলনি—হরণ করিলেন। লাজে—লজ্জাকে।
৩। দএ—দিয়া। ভএ—হইয়া। পরিরম্ভণ—আলিঙ্গন। দেলা—দিলেন। সসরু—শিথিল হইল। কসনিডোর—কটি আঁটিবার ডোর, নীবিবন্ধ। টুটল—ছিন্ন হইল। জান—জানে।
৪। সুধি—সংজ্ঞাপ্রাপ্ত। বুধি—বুধ, পণ্ডিত।
১। সাঁঝক—সন্ধ্যার। বেরা—বেলা। বন—উপবন। তরা—তলে।

অঙ্কমি কানরা কি কহব সমরা
সোঝহি ঘুঝল সখি কুসুমশরা ॥ ২ ॥
মোহি ভেটল কানু।
অনতএ কহিনী কহহ জনু ॥ ৩ ॥
উরচীর হরি করে কচ ধরি।
অধর পিবয় মুখ হেরি ॥ ৪ ॥
পুনু পুনু ভোরা পরশ কুচ মোরা।
নিধনে পাওল জনি কনক কটোরা ॥ ৫ ॥
অরে যুবতি বুঝসি যুগুতি।
দোসরে মধুপ মধুরপতি ॥ ৬ ॥
তোরে অনুমানে বিদ্যাপতি ভাণে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৭ ॥

৫১

আকুল চিকুরে বেঢ়ল মুখ শোভ।
রাহু করল শশিমণ্ডল লোভ ॥ ১ ॥
বড় অপূরুব দুই চেতন মেলি।
বিপরীত রতি কামিনী কর কেলি ॥ ২ ॥
কুচ বিপরীত বিলম্বিত হার।
কনক কলস বম দুধক ধার ॥ ৩ ॥
পিয় মুখ সুমুখী চুম্ব তেজি ওজ।
চান্দ অধোমুখ পিবয় সরোজ ॥ ৪ ॥
কিঙ্কিণী রটিত নিতম্বিনী ছাজ।
মদন মহারথ বাজন বাজ ॥ ৫ ॥
ফুজল চিকুর মাল ধর রঙ্গ।
জনি যমুনা মিলু গঙ্গতরঙ্গ ॥ ৬ ॥
বদন শোহাওন শ্রম জলবিন্দু।
মদন মোতি লয় পূজল ইন্দু ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি রসময় বাণী।
নাগরী রম পিয় অভিমত জানি ॥ ৮ ॥

৫২

উদসল কুন্তল ভারা।
মুরতি শিঙ্গার লখিমী অবতারা ॥ ১ ॥

২। অঙ্কমি—অঙ্কে, ক্রোড়ে। কানরা—কানাই। সমরা—তুলনা। সোঝহি—সম্মুখ।
৪। উরচীর—বক্ষের বসন।
৬। বুঝসি—বুঝিয়াছিস্। যুগুতি—যুক্তি, কথা। দোসরে—দ্বিতীয়।
২। চেতন—চতুর।
৪। ওজ—আপত্তি।
৬। ফুজল—খুলিয়া গেল।
১। উদসল—ছড়াইয়া পড়িল। মুরতি—মূর্তি।

অতিশয় প্রেম বিকারা।
কামিনী করতহি পুরুখ বিহারা ॥ ২ ॥
ডোলত মোতিম হারা।
যামুন জল যৈসে দুধক ধারা ॥ ৩ ॥
কঙ্কণ কিঙ্কিণী বাজে।
জয় জয় ডিণ্ডিম মদন সমাজে ॥ ৪ ॥
রসিকশিরোমণি কান।
কবিরঞ্জন রস গান ॥ ৫ ॥

৫৩

কেশ কুসুম ছিরিয়ায়ল ফুজি।
তারায়েঁ তিমির ছাড়ি হলু পূজি ॥ ১ ॥
হেরি পয়োধর মনসিজ আধি।
শম্ভু অধোগতি ধরি সমাধি ॥ ২ ॥
বিপরীত রমণ রময় বরনারী।
রতিরস লালসে মুগুধ মুরারি ॥ ৩ ॥
চুম্বনে করয় কলামতী কেলি।
লোচন নাহ নিমীলিত হেরি ॥ ৪ ॥
তা দুহু রূপ তাহি পরথাব।
উদয় বান দুহু যৈবন স্বভাব ॥ ৫ ॥

৫৪

বসন হরইতে লাজ গেল।
পিয়াক কলেবর অম্বর ভেল ॥ ১ ॥
অক্রোধে মুহে নিহারিয়ে দীব।
মুদলা কমল ভমর মধু পিব ॥ ২ ॥
মনমথ চাতক নহি লজাএ।
বড় উনমতিয়া অবসর পাএ ॥ ৩ ॥
সে সবে সুমরি মনহুকি লাজ।
যত সব বিপরীত তহি কর কাজ ॥ ৪
হৃদয়ক ধাধস ধসমস মোহি।
আওর কহব কি কহিলি তোহি ॥ ৫ ॥

২। বিহারা—ব্যবহার, আচরণ।

১। ছিরিয়ায়ল—ছড়াইয়া পড়িল। ফুজি—খুলিয়া।

২। আধি—মনোবেদনা।

৫। পরথাব—প্রস্তাব, প্রসঙ্গ। বান—বানি, মূল্য।

১। হরইতে—হরণ করিতে। পিয়াক—প্রিয়তমের। অম্বর—বস্ত্র।

২। অক্রোধে—উপুড়, নত। মুহে—মুখে। নিহারিয়ে—নিরীক্ষণ করি। দীব—দীপ। মুদলা—মুদ্রিত।

৩। বড় উনমতিয়া—অত্যন্ত উন্মত্ত হইল।

৫। ধাধস—আকুলতা। ধসমস—কম্পিত।

৫৫

বদন ঝাপাবএ অলকক ভার।
চান্দমণ্ডল মিলয় অন্ধার ॥ ১ ॥
লম্বিত শোভয় হার বিলোল।
মুদিত মনোভব খেল হিন্দোল ॥ ২ ॥
পিয়তম অভিমত মনে অবধারী।
রতি বিপরীত রতলি বরনারী ॥ ৩ ॥
মাল কিঙ্কিণী কর মধুরি বাজ।
জনি জয়তুর মনোভবরাজ ॥ ৪ ॥
রভসে নিহারি অধরমধু পীব।
নাঞী কুসুমশর আকট জীব ॥ ৫ ॥

৫৬

দেখ সখি রসিকযুগল রসরঙ্গ।
অম্বর বিনহি কিয়ে ঘন দামিনী
রহত পরস্পর সঙ্গ ॥ ১ ॥
রাধা বদন মধুর মধু মাধব
মুখ চষক ভরি রিঝ।
বিনহি সরোবর কমল ফুলল কিয়ে
চন্দ্ররসে বহু ভিজ ॥ ২ ॥
উরজ উতঙ্ক কুম্ভ পরিহরি উর
রাজত অদভুত রীত।
বিনহি ধরা কিয়ে কনক ধরাধর
নমিত জলদ ভরে ভীত ॥ ৩ ॥
কুন্দ বদন কিয়ে মদন নিশিত শর
বিম্ব অধর পর লাগে।
দাড়িম্ব বিনহি বীজ দাড়িম্ব ফুল
বেসাহত বল্লভ আগে ॥ ৪ ॥

৫৭

গৌর দেহ সুধারস সুবদনী
শ্যাম সুন্দর নাহ রে।
জনি জলদ উপর তলিত সঞ্চর
স্বরূপ ঐসন আহ রে ॥ ১ ॥

১। অলকক—অলকের।

২। মুদিত—আনন্দিত।

৩। রতলি—অনুরক্ত হইল।

৪। জয়তুর—জয়তূর্য্য।

৫। নাঞী—নম্র করে। আকট—কঠিন।

২। চষক—পানপাত্র। রিঝ—আনন্দ।

৪। বেসাহত—বিক্রয় করে।

১। সঞ্চর—সঞ্চরণ করিতেছে। স্বরূপ—আকার। আহ—আহা।

পীঠ পর ঘন শ্যাম বেণী
নিরখি ঐসন ভান রে।
জনি অজর হাটক পাট করে গহি
লিখন লিখু পাঁচবাণ রে ॥ ২ ॥
সখন সঞ্চর খন ন থির রহ
মণিক মেখল রাব রে।
মদনরায় দোহায় দয় দয়
জঘন তম্ব জস গাব রে ॥ ৩ ॥
রমণি নহি অবসান মানয়
রয়নি করু অবসান।
ওজে রমণি রাধা রসিক যদুপতি
সিংহ ভুপতি ভান রে ॥ ৪ ॥

৫৮

রজনী সমাপলি রহলিছ থোর।
রমণী রমণ রতিরস নহি ওর ॥ ১ ॥
নাগর নিরখি সুমুখী মুখ চুম্ব।
জনি সরসিজমধু পিব বিধুবিম্ব ॥ ২ ॥
দৃঢ় পরিরম্ভণে পুলকিত দেহ।
জনি অঙ্কুরল পুন দুহুক সন্দেহ ॥ ৩ ॥
ধনি রসমগনী রসিক রসধাম ॥
জনি বিলসই অভিনব রতিকাম ॥ ৪ ॥
কি কহব অপরূপ দুহুক সমাজ।
দুয়ও দুহুক কর অভিমত কাজ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ রস নহি অন্ত।
গুণমতী যুবতী কলাময় কন্ত ॥ ৬ ॥

৫৯

হরি উর পর শুতলি বালা।
কালিন্দী পুজল যৈসে চম্পকমালা ॥ ১॥
কানু ধরল ধনী ভুজযুগ মাঝ।
কমলে বেঢ়ল যৈসে মধুকর সাজ ॥ ২ ॥
রতিরস অলসে দুহু তনু ভোরি।
ভেদ রহল কিএ শ্যাম কিশোরী ॥ ৩ ॥
কহ কবিশেখর দুহু গুণ জানি।
দুহু দুহু মিলল দুহু মন মানি ॥ ৪ ॥

৬০

তরুবর বলী ধর ডারে জাঁতি।
সখি গাঢ় আলিঙ্গন তেহি ভাতি ॥ ১ ॥
মঞে নিন্দে নিন্দারুধি করঞো কাহ।
সগরি রয়নী কানু কেলি চাহ ॥ ২ ॥
মালতী রস বিলসয় ভমর জান।
তেহি ভাতি কর অধর পান ॥ ৩ ॥
কানন ফুলি গেল কুন্দ ফুল।
মালতী মধু মধুকর পএ ভুল ॥ ৪ ॥
পরিঠবই সরস কবি কণ্ঠহার।
মধুসূধন রাধা বনবিহার ॥ ৫ ॥

৬১

দুহুক সংযুত চিকুর ফুজল।
দুহুক দুহু বলাবল বুঝল ॥ ১ ॥
দুহুক অধর দশন লাগল।
দুহুক মদন চৌগুণ জাগল ॥ ২ ॥
দুঅও অধর করয়ে পান।
দুহুক কণ্ঠ আলিঙ্গন দান ॥ ৩ ॥
দুঅও কেলি সমে সমে ফেলি।
সুরত সুখে বিভাবরী গেলি ॥ ৪ ॥
দুঅও শয়ন চেত ন চীর।
দুঅও পিয়াসল পিবয় নীর ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি সংশয় গেল।
দুহুক মদন লিখন দেল ॥ ৬ ॥

২। ভান—প্রতিভাত হয়, মনে হয়। অজর—জরাশূন্য সুন্দর। হাটক—সুবর্ণ। পাট—পত্র। গহি—গ্রহণ করিয়া। লিখন—লেখা, রচনা। লিখু—লিখিতেছে।

৩। মণিক—মণির, মণিময়। মেখল—মেখলা। রাব—ধ্বনি।

১। সমাপলি—সমাপ্ত হইল। রহলিছ—রহিল।

২। বিধুবিম্ব—চন্দ্রবিম্ব।

৩। অঙ্কুরল—অঙ্কুরিত হইল। ৪। রসমগনী—রসমগ্না। বিলসই—বিলাস করিতেছে।

১। উর পর—বক্ষের উপর। শুতলি—শয়ন করিল।

ডারে—ফেলে। জাঁতি—চাপিয়া।
নিন্দে—নিদ্রিত। নিন্দারুধি—নিদ্রারোধ।
সগরি—সমস্ত

৪ ফুলি গেল—ফুটিয়া গেল।

৫ পরিঠবই—প্রস্তাব করে।

১ সংযুত—সংযুক্ত। ফুজল—মুক্ত হইল।

৪ সমে সমে—সমান সমান। ফেলি—ফলিল

৫ চেত—সামলান। পিয়াসল—পিপাসিত হইল। পিয়ব—পান করে।

৬ লিখন—জয়পত্র।

৬২

ভরি নায়ক কোর।
বিলসই রাহি সুখক নহি ওর ॥ ১ ॥
ধনী রঙ্গিণী রাহি।
বিলসই হরি সঞে রস অবগাহি ॥ ২ ॥
হরি মানস সাধা।
বিলসই শ্যাম পরাজিত রাধা ॥ ৩ ॥
হরি সুন্দর মুখে।
তাম্বুল দেই চুম্বই নিজ সুখে ॥ ৪ ॥
ধনী রঙ্গিণী ভোর।
ভুলল গরবে কানু করি কোর ॥ ৫ ॥
দুহু দুহু গুণ গায়।
একই মুরলীরন্ধ্রে দুহু সে বজায় ॥ ৬ ॥
কেহো কহ মৃদু ভাষ।
নাগরী পরশে অবশ পীতবাস ॥ ৭ ॥
কেহো কাঢ়ি লয় বেণু।
রাস রসে আজু ভুলল কানু ॥ ৮ ॥
বিদ্যাপতি কবি ভাষ।
কহতহি হেরত গোবিন্দদাস ॥ ৯ ॥

৬৩

দুহু মুখ সুন্দর কি দেব উপাম।
কুবলয় চাঁদ মিলল একঠাম ॥ ১ ॥
শামর নাগর নাগরী গোরী।
নীলমণি কঞ্চনে লাগল জোরি ॥ ২ ॥
নিবিড় আলিঙ্গন পিরীতি রসাল।
কনকলতা যৈসে বেঢ়ল তমাল ॥ ৩ ॥
রাহি পয়োধরে প্রিয় কর সাজ।
কুবলয় শম্ভু পূজল কামরাজ ॥ ৪ ॥
কবিশেখর কহ নয়ন উলাসে।
নব ঘনে থির বিজুরি পরকাশে ॥ ৫ ॥

৬৪

শামর পুরুষ মঝু ঘর পাহুন
রঙ্গে বিভাবরী গেলি।

১। কোর—ক্রোড় বিলসই—বিলাস করে।
ওর—সীমা।
অবগাহি—অবগাহন করিয়া।
সাধা—সাধ।
গোরী—সুন্দরী। জোরা—জোড়া।
উলাসে—উল্লসিত হয়।
শামর—শ্যামবর্ণ। পাহুন—অতিথি।

কাঁচা শিরিফল নখ মুতি লওলহি
কেশু পখুরিয়া ভেলি ॥ ১ ॥
সে পিয়া দএ গেল কেশু পখুরিয়া
ধরয় ন পারল মোঞে রে ॥ ২ ॥
শশী নব ছন্দে অনুরাগক আঁকুর
ধএল মোঞে আঁচরে গোই।
কাজরে কার সখীজন লোচন
দীঠিহু মলিন জনু হোই ॥ ৩ ॥
নূতন নেহ সংসারক সীমা
উপচিত কইসনি চোরি।
ব্যাধ কুসুমশর সঞো বিঘটাউলি
রঙ্গ কুরঙ্গিণী মোরি ॥ ৪ ॥
চারি ভাবে হমে ভরমলি অছলাহ
সমদি ন ভেলে মোহি সেবা।
কানুরূপ শিরি শিবসিংহ আএল
কবি অভিনব জয়দেবা ॥ ৫ ॥

বিরহ

সুরত পরিশ্রম সরোবরতীর।
সুরু অরুণোদয় শিশির সমীর ॥ ১ ॥
মধু নিশা বেলী ধনী ভেলি নিন্দ।
পুছিও ন গেলে মোহি নিঠুর গোবিন্দ ॥ ২ ॥
যায়ে খণে দিতহু আলিঙ্গন গাঢ়।
জনি জুয়ার পরু পরু সে খেল পাঢ় ॥ ৩ ॥
যত করিতহু তত মনে জাগ।
অনুশয়ে হীন ভেল অনুরাগ ॥ ৪ ॥

১। মুতি—মুক্তি। লওলহি—লাগাইলেন, দিলেন। কেশু—কিংশুক ফুলের বর্ণ, লোহিত বর্ণ।
পখুরিয়া—ছোট পুষ্করিণী, ডোবা।
৩। ছন্দে—ছাঁদ। কার—কৃষ্ণবর্ণ কর।
৪। উপচিত—বর্দ্ধিত। চোরি—গোপন।
বিঘটাউলি—মন্দ ঘটাইল, নষ্ট করিয়া দিল।
৫। চারি ভাব—স্বেদ, স্তম্ভ, রোমাঞ্চ, স্বরভঙ্গ; এই চারি প্রকার সাত্ত্বিক ভাব। ভরমিল—ভ্রম-যুক্তা। অছলাহ—ছিলাম। সমদি—সম্পূর্ণ। সেবা—সৎকার, আতিথ্য।
১। সুরু—আরম্ভ।
৩। যায়ে খণে—যাইবার সময়। পরু পরু—পড়িয়া পড়িয়া।

কানুমুখ হেরইতে ভাবিনী রমণী।
ফুকরই রোয়ত বার বার নয়নী ॥ ১ ॥
অনুমতি মগইতে বর বিধুবদনী।
হরি হরি শবদে মুরছি পড়ু ধরণী ॥ ২ ॥
আকুল কত পরবোধই কান।
অব নহি মাথুর করব পয়াণ ॥ ৩ ॥
ইহ সব শবদ পশল যব শ্রবণে।
তব বিরহিনী ধনী পাওল চেতনে ॥ ৪ ॥
নিজ করে ধরি দুহু কানুক হাত।
যতনে ধরলি ধনী আপন মাথ ॥ ৫ ॥
বুঝি কহয় বর নাগর কান।
হম নহি মাথুর করব পয়াণ ॥ ৬ ॥
যব ধনী পাওল ইহ অশোয়াসে।
বৈসলি পুনু তব ছোড়ি নিশোয়াসে ॥ ৭ ॥
রাই পরবোধিয় চলল মুরারি।
বিদ্যাপতি ইহ কহই ন পারি ॥ ৮ ॥

৩

মাধব বিধুবদনা।
কবহু ন জানই বিরহক বেদনা ॥ ১ ॥
তুহু পরদেশ যাওব শুনি ভই ক্ষীণা।
প্রেম পরতাপে চেতন হরু দীনা ॥ ২ ॥
কিশলয় তেজি ভূমি শুতলি আয়াসে।
কোকিল কলরবে উঠই তরাসে ॥ ৩ ॥
নোরহি কুচ কুঙ্কুম দূর গেল।
কৃশ ভুজ ভূখ। ক্ষিতিতল মেল ॥ ৪ ॥
অবনত বয়নে হেরত গীম।
ক্ষিতি লিখইতে ভেল অঙ্গুলি ছিন ॥ ৫ ॥
কহই বিদ্যাপতি উচিত চরিত।
সে সব গণইতে ভেলি মুরছিত ॥ ৬ ॥

৪

মাধব সে অব সুন্দরী বালা।
অবিরত নয়নে বারি ঝরু নীঝর
জনু ঘন সাঙন মালা ॥ ১ ॥
পূণমিক ইন্দু নিন্দি মুখ সুন্দর
সে ভেল অব শশি রেহা।
কলেবর কমল কাঁতি জিনি কামিনী
দিনে দিনে ক্ষীণ ভেল দেহা ॥ ২ ॥
উপবন হেরি মুরছি পড় ভূতলে
চিন্তিত সখীগণ সঙ্গ।
পদ অঙ্গুলি দেই ক্ষিতিপর লিখই
পাণি কপোল অবলম্ব ॥ ৩ ॥
ঐসন হেরি তুরিতে হম আয়ল
অব তুঁহু করহে বিচার।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
বুঝল কুলিশক সার ॥ ৪ ॥

অনুখণ মাধব মাধব সুমরইত
সুন্দরি ভেলি মধাই।
ও নিজ ভাব সোভাবহি বিসরল
অপন গুণ অনুধাই ॥ ১ ॥
মাধব অপরূব তোহর সিনেহ।
অপন বিরহে অপন তনু জর জর
জীবইতে ভেলি সন্দেহ ॥ ২ ॥
ভোরহি সহচরী কাতর দিঠি হেরি
ছল ছল লোচন পাণি।
অনুখণ রাধা রাধা রটতহি
আধা আধা বাণী ॥ ৩ ॥
রাধা সঙ্গে যব পুনতহি মাধব
মাধব সঙ্গে যব রাধা।
দারুণ পেম তব হি নহি টুটত
বাঢ়ত বিরহক বাধা ॥ ৪ ॥
দুহু দিশ দারুণ দহনে বৈসে দগধই
আকুল কীট পরাণ।
ঐসন বল্লভ হেরি সুধামুখী
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

৬

জতএ সতত বৈসে রসিক মুরারি।
ততএ লিখিয় মোর নাম দুই চারি ॥ ১ ॥
সখিগণ গণইতে লইহ মোর নাম।
হিয়া বড় বিদগধ বিহি মোর বাম। ২ ॥

৩। পয়াণ—প্রয়াণ।

৭। অশোয়াস—আশ্বাস। নিশোয়াস—নিশ্বাস।

৪। চোখের জলে কুচের কুঙ্কুম দূর হইয়া গেল অর্থাৎ ধুইয়া গেল। কৃশ হস্ত হইতে ভূষণ সকল মাটিতে মিলল অর্থাৎ মাটিতে পড়িয়া গেল।

৫। গীম—গ্রীবা। ছিন—ক্ষীণ, সরু।

১। বারি ঝরু নীঝর—নির্ঝরবৎ জল ঝরিতেছে। সাঙন—শ্রাবণ।

২। কাঁতি—কান্তি।

১। অনুধাই—অনুধ্যান করিয়া।

৩। ভোরহি—বিহ্বল হইয়া।

৫। দারু দহন—কাষ্ঠখণ্ডে অগ্নি।

দিনে এক বেরি পিয়া লয় মোর নাম।
অরুণ দুসহ করে দএ জল দান ॥ ৩ ॥
ইহ সব অভরণ দিহ পিয়া ঠাম।
জনম অবহি মোর ইহ পরণাম ॥ ৪ ॥
নিচয় মরব হম কানুক উদেশ।
অবসর জানি মাগব সন্দেশ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
দিন দুই চারি বহি মিলব মুরারি ॥ ৬ ॥

হরি কি মথুরাপুরে গেল।
আজু গোকুল শূন ভেল ॥ ১ ॥
রোদিতি পিঞ্জর শুকে।
ধেনু ধাবই মাথুর মুখে ॥ ২ ॥
অব সোই যমুনার কুলে।
গোপ গোপী নহি বুলে ॥ ৩ ॥
সাগরে তেজব পরাণ।
আন জনমে হোয়ব কান ॥ ৪ ॥
কানু হোয়ব যব রাধা।
তব জানব বিরহক বাধা ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ নীত।
অব রোদন নহ সমুচিত ॥ ৬ ॥

অব মথুরাপুর মাধব গেল।
গোকুল মাণিক কে হরি লেল ॥ ১ ॥
গোকুল উছলল করুণাক রোল।
নয়নক জলে দেখ বহয়ে হিল্লোল ॥ ২ ॥
শূন ভেল মন্দির শূন ভেল নগরী।
শূন ভেল দশ দিশ শূন ভেল সগরি ॥ ৩ ॥
কৈসনে যায়ব যামুন তীর।
কৈসে নিহারব কুঞ্জ কুটীর ॥ ৪ ॥
সহচরী সঞে যাহা কয়ল ফুলবারী।
কৈসনে জীয়ব তাহি নিহারি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে কর অবধান।
কৌতুকে ছাপি তঁহি রহু কান ॥ ৬ ॥

৩। অব—এখন। বুলে—বেড়ায়।
৫। বাধা—ব্যথা।
৩। সগরি—সমুদয়।
৫। ফুলবারী—ফুলবাগান।

হরি গেল মধুপুর হম কুলবালা।
বিপথে পড়ল যৈসে মালতী মালা ॥ ১ ॥
কি কহসি কি পুছসি শুন প্রিয় সজনি।
কৈসনে বঞ্চব ইহ দিন রজনী ॥ ২ ॥
নয়নক নিদ গেও বয়ানক হাস।
সুখ গেও পিয়া সঙ্গ দুখ হম পাশ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক কুদিন দিবস দুই চারি ॥ ৪ ॥

১০

হম ধনী তাপিনী মন্দিরে একাকিনী
দোসর জন নহি সঙ্গ।
বরিষা পরবেশ পিয়া গেল দূরদেশ
রিপু ভেল মত্ত অনঙ্গ ॥ ১ ॥
সজনি আজু শমন দিন হোয়।
নব নব জলধর চৌদিকে ঝাঁপল
হেরি জীউ নিকসয় মোয় ॥ ২ ॥
ঘন ঘন গরজিত শুনি জীউ চমকিত
কম্পিত অন্তর মোর।
পপিহা দারুণ পিউ পিউ সুমরণ
ভ্রমি ভ্রমি দেই তনু কোর ॥ ৩ ॥
বরিখয় পুন পুন আগি দহন জনু
জানল জীবন অন্ত।
বিদ্যাপতি কহ শুন রমণীবর
মিলব পহু গুণবন্ত ॥ ৪ ॥

১১

কত দিন মাধব রহব মথুরাপুর
কব ঘুচব বিহি বাম।
দিবস লিখি লিখি নখর খোয়াওল
বিসরল গোকুল নাম ॥ ১ ॥
হরি হরি কাহে কহব ইহ সংবাদ।
সুমরি সুমরি নেহ ক্ষীণ ভেল মঝু দেহ
জীবনে অছয় কিয়ে সাধ ॥ ২ ॥

২। জীউ—জীবন।
৩। পপিহা—পাপিয়া। সুমরণ—স্মরণ।
১। খোয়াওল—ক্ষয় করিলাম। বিসরল—বিস্মৃত হইল।
২। সুমরি—স্মরণ করিয়া।

পূরব পিয়ারী নারী হম অছল
অব দরশনহু সন্দেহ।
ভমর ভমএ ভমি সবহু কুসুমে রমি
ন তেজয় কমলিনী নেহ ॥ ৩ ॥
আশ নিয়র করি জীউ কত রাখব
অবহি সে করত পয়ান।
বিদ্যাপতি কহ ধৈরজ ধর ধনি
মিলব তুরিতহি কান ॥ ৪ ॥

১২

হিম হিমকর কর তাপে তপায়ল
ভৈ গেল কাল বসন্ত।
কান্ত কাক মুখে নহি সম্বাদই
কিয়ে করু মদন দুরন্ত ॥ ১ ॥
জানল রে সখি কিয়ে মোর কুদিবস ভেল।
কি ক্ষণে বিহি মোহে বিমুখ ভেল রে
পলটি দিঠি নহি দেল ॥ ২ ॥
এত দিন তনু মোর সাধে সধাওল
বুঝল অবহুঁ নিদান।
অবধিক আশ ভেল সব কহিনী
কত সহ পাপ পরাণ ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ মাধব নিকরুণ
কাহে সমুঝায়ব খেদ।
ইহ বড়বানল তাপ অধিক ভেল
দারুণ পিয়াক বিচ্ছেদ ॥ ৪ ॥

১৩

ফুটল কুসুম নব কুঞ্জ কুটীর বন
কোকিল পঞ্চম গাব রে।
মলয়ানিল হিম শিখরে সিধারল
পিয়া নিজ দেশ ন আব রে ॥ ১ ॥
চান্দ চন্দন তনু অধিক উতাপয়
উপবন অলি উতরোল রে।
সময় বসন্ত কন্ত বহু দূরদেশ
জানল বিহি প্রতিকূল রে ॥ ২ ॥

অনিমিখ নয়নে নাহ মুখ নিরখইত
তিরপিত ন ভেল নয়ান রে।
ই সুখ সময়ে সহয় এত সঙ্কট
অবলা কঠিন পরাণ রে ॥ ৩ ॥
দিনে দিনে ক্ষীণ তনু হিম কমলিনী জনু
ন জানি কি জীব পরযন্ত রে ॥
বিদ্যাপতি কহ ধিক ধিক জীবন
মাধব নিকরুণ অন্ত রে ॥ ৪ ॥

১৪

ফুটল কুসুম সকল বন অন্ত।
মিলল সব সখি সময় বসন্ত ॥ ১ ॥
কোকিলকুল কলরব বিথার।
পিয়া পরদেশ হম সহএ ন পার ॥ ২ ॥
অব যদি যাই সম্বাদহ কান।
আওব ঐসে হমর মন মান ॥ ৩ ॥
ইহ সুখ সময়ে সেহো মঝু নাহ।
কা সঞে বিলসব কে কহ তাহ ॥ ৪ ॥
তুহ যদি ইহ সুখ কহ তনু ঠাম।
বিদ্যাপতি কহ পূরব কাম ॥ ৫ ॥

১৫

হম অভাগিনী দোসর নহি ভেলা।
কানু কানু করি জনম বহি গেলা ॥ ১ ॥
আওব করি মোর পিয়া চলি গেলা।
পূরবক যত গুণ বিসরিত ভেলা ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি শুন ধনি রাই।
কানু সমুঝাইতে হম চলি যাই ॥ ৩ ॥

১৬

সখি হে হমর দুখক নহি ওর রে।
ঈ ভর বাদর মাহ ভাদব
শূন মন্দির মোর রে ॥ ১ ॥
ঝঞ্ঝা ঘন গরজন্তি সন্ততি
ভুবন ভরি বরিখন্তিয়া।
কন্ত পাহুন কাম দারুণ
সঘনে খর শর হন্তিয়া ॥ ২ ॥

৩। পিয়ারী—প্রিয়তমা, আদরিণী। নেহ—স্নেহ, আসক্তি।

১ কাক—কাহারও। নহি সম্বাদই—সংবাদ লয় না

২ পলটি—ফিরিয়া। দিঠি—দৃষ্টি।

৪ সমুঝায়ব—বুঝাইব।

১ সিধারল—প্রস্থান করিল।

২ উতরোল—উচ্চশব্দ করে।

৪। নিকরুণ-অন্ত—নির্দ্দয়ের শেষ।

২। বিথার—বিস্তার।

৪। এই সুখের সময় আমার সেই নাথ কাহার সহিত বিলাস করিবে, কে আমাকে তাহা বলিয়া দিবে!

২। পূরবক—পূর্ব্বের। বিসরিত—বিস্মৃত।

১। ভাদব—ভাদ্র।

২। সন্ততি—সতত। বরিখন্তিয়া—বৃ হইতেছে। কন্ত—মাধব। পাহুন—নিষ্ঠুর।

কুলিশ শত শত পাত মোদিত
ময়ুর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া ॥ ৩ ॥
তিমির দিগ ভরি ঘোর যামিনী
অথির বিজুরিক পাঁতিয়া।
বিদ্যাপতি কহ কৈসে গমাওবি
হরি বিনু দিন রাতিয়া ॥ ৪ ॥

১৭

সজনি কে কহ আওব মধাই।
বিরহ পয়োধি পার কিয়ে পাওব
মঝু মনে নহি পতিয়াই ॥ ১ ॥
এখন তখন করি দিবস গমাওল
দিবস দিবস করি মাসা।
মাস মাস করি বরিখ গমাওল
ছোড়ল জীবনক আশা ॥ ২ ॥
বরস বরস করি সময় গমাওল
খোয়ল তনুক আশে।
হিমকর কিরণে নলিনী যদি জারব
কি করব মাধবী মাসে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যুবতী
অব নহি হোত নিরাশ।
সে ব্রজনন্দন হৃদয় আনন্দন
ঝটিতে মিলব তুয় পাশ ॥ ৪ ॥

১৮

অঙ্কুর তপন তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।
ই নব যৌবন বিরহে গমাওব
কি করব সে পিয়া নেহে ॥ ১ ॥
হরি হরি কে ইহ দৈব দুরাশা।
সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুখায়ব
কে দূর করব পিয়াসা ॥ ২ ॥

৩। দাদুরী—ভেক।
১। পতিয়াই—প্রত্যয়।
২। বরিখ—বর্ষ, বৎসর।
৩। জারব—দগ্ধ করিবে মাধবী মাস—শাখ মাস।
১। মেহে—মেঘে।
২। শুখায়ব—শুষ্ক হইবে

চন্দন তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিখব আগি।
চিন্তামণি যব নিজ গুণ ছোড়ব
কি মোর করম অভাগি ॥ ৩ ॥
শ্রাবণ মাহ ঘন বিন্দু ন বরিখব
সুরতরু বাঁঝ কি ছন্দে।
গিরিধর সেবি ঠাম নহি পায়ব
বিদ্যাপতি রহু ধন্দে ॥ ৪ ॥

কুসুমিত কানন হেরি কমলমুখী
মুদি রহয় দুনয়ান।
কোকিল কলরব মধুকর ধ্বনি শুনি
কর দেই ঝাঁপই কাণ ॥ ১ ॥
মাধব শুন শুন বচন হমারি।
তুয়-গুণে সুন্দরী অতি ভেল দুবরী
গুণি গুণি প্রেম তোহারি ॥ ২ ॥
ধরণী ধরি ধনি কত বেরি বৈঠই
পুন তহি উঠই নহি পারা।
কাতর দিঠি করি চৌদিশ হেরি হেরি
নয়নে গলয় জলধারা ॥ ৩ ॥
তোহারি বিরহে দীন ক্ষণে ক্ষণে তনু ক্ষীণ
চৌদশী চাঁদ সমান।
ভণই বিদ্যাপতি শিবসিংহ নরপতি
লছিমা দেবী পরমাণ ॥ ৪ ॥

২০

যমুক বিরহ ডরে চীর চন্দন
উর হার ন দেলা।
সে অব নদী গিরি আঁতর ভেলা ॥ ১ ॥
পিয়াক গরবে হম কাহুক ন গণলা।
সে পিয়া বিন মোহে কে কি না কহলা ॥২॥
বড় দুখ রহল মরমে।
পিয়া বিসরল অক্রূর কি অরু জীবনে ॥ ৩ ॥
পূরব জনমে বিহি লিখল ভরমে।
পিয়াক দোখ নহি যে ছল করমে ॥ ৪ ॥

৩। বরিখব আগি—অগ্নিবর্ষণ করিবে।
৪। সুরতরু—কল্পতরু। বাঁঝ—বন্ধ্যা। কল্পতরু কি কারণে ফলহীন। ঠাম—স্থান। ধন্দে—সন্দেহ।
২। দুবরী—দুর্ব্বলা।
৪। চৌদশী—চতুর্দ্দশী।

আন অনুরাগে পিয়া আন সে গেলা।
পিয়া বিনা পাঁজর ঝাঁঝর ভেলা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ ধর চিতে মিলব মুরারি ॥ ৬ ॥

২১

মাধব অবলা পেখল মতিহীনা।
সারঙ্গ শবদে মদন অধিকাওল
তেজি দিনে দিনে ভেল ক্ষীণা ॥ ১ ॥
গেল বিদেশ সন্দেশ ন পঠাওলি
কৈসে জীয়ত ব্রজবালা।
তো বিনু সুন্দরী ঐসনি ভেলহি
যইসে নলিনী পর পালা ॥ ২ ॥
সকল রজনী ধনী রোই গমাবয়
সপনে ন দেখয় তোয়।
ধৈরজ কইসে ধরব বর কামিনী
বিপরীত কাম বিমোয় ॥ ৩ ॥
বিদ্যাপতি ভন শুন বর মাধব
হম আওল তুয় আস।
চোকে চলহ অব ধৈরজ ন সহ
ঐসন বিরহ হুতাশ ॥ ৪ ॥

২২

কালিক অবধি কইএ পিয়া গেল।
লিখইতে কালি ভিত ভরি গেল ॥ ১ ॥
ভেল পরভাত পুছহি সবহু।
কহ কহ রে সখি কালি কবহু ॥ ২ ॥
কালি কালি করি তেজল আশ।
কন্ত নিতান্ত ন মিলল পাশ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
পুর-রমণীগণ রাখল বারি ॥ ৪ ॥

২৩

লোচন নোর তটিনী নিরমাণ।
তহিঁ কমলমুখী করত সিনান ॥ ১ ॥
বেরি এক মাধব তুয় রাই জীবই।
জগ্রে রূপ তুয় নয়ন ভরি পিবই ॥ ২ ॥
ফুয়ল কবরী উলটি উরি পড়ই।
জনু কনয়াগিরি চামরি চরই ॥ ৩ ॥
তুয় গুণ গণইতে নিদ ন হোয়।
অবনত আননে ধনী কত রোয় ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর কান।
বুঝল তুয় হিয়া দারুণ পষাণ ॥ ৫ ॥

২৪

মন ছল ন টুটব নেহা।
সুজনক পিরীতি পষাণক রেহা ॥ ১ ॥
তাহে ভেল অতি বিপরীত।
ন জানি ঐসন দৈব গঠিত ॥ ২ ॥
এ সখি কহবি বন্ধুরে করযোড়ি।
কি ফল প্রেমক আঁকুর মোড়ি ॥ ৩ ॥
যদি কহ তুহুঁ অগেয়ানী।
হম সোঁপল হিয়া নিজ করি জানি ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ লাগল ধন্দা।
যকর পিরীতি সে জন অন্ধা ॥ ৫ ॥

২৫

সজনি কানুক কহবি বুঝাই।
রোপি পেমক বীজ অঙ্কুর মোড়লি
বাঁচব কোন উপাই ॥ ১ ॥
তৈলবিন্দু যৈসে পানি পসারিয়ে
ঐসন তুয় অনুরাগে।
সিকতা ছল যৈসে ক্ষণহি শুকায়
ঐসন তোহর সোহাগে ॥ ২ ॥
কুলকামিনী ছলোঁ কুলটা তৈ গেল
তকর বচন লোভাই।
অপন করে হম মুড় মুড়ায়ল
কানুসে প্রেম বঢ়াই ॥ ৩ ॥
চোর রমণী জনু মনে মনে রোয়ই
অম্বরে বদন ছপাই।
দীপক লোভে শলভ জনু ধায়ল
সে ফল ভুজইতে চাই ॥ ৪ ॥

৫। আন—অন্য। আন সে—অন্যের সহিত। ঝাঁঝার—জর্জ্জরিত।

১। সারঙ্গ—কোকিল। অধিকাওল—অধিক যাতনা দিল।

২। পালা—তুষার।

৩। বিমোয়—বিমোহিত, চৈতন্যরহিত করে।

৪। চোকে—ঢকিতে, দ্রুত।

১। ভিত—ভিত্তি, দেয়াল।

১। তহিঁ—তাহাতে।

৩। ফুয়ল—মুক্ত, খোলা।

১। নেহা—স্নেহ, প্রণয়।

১। মোড়লি—নষ্ট করিলি, মুচড়াইয়া ভাঙ্গিলি।

২। পসারিয়—ভাসিয়া বেড়ায়।

৩। মুড় মুড়ায়ল—মাথা মুড়াইলাম।

ভণই বিদ্যাপতি ইহ কলিযুগরীতি
চিন্তা ন কর কোই।
অপন করমদোষে আপহি ভুঞই
যে জন পরবশ হোই ॥ ৫ ॥

২৬

হম অবলা দুখ সহয় ন যায়।
বিরহ দারুণ দুজে মদন সহায় ॥ ১ ॥
কোকিল কলরবে মতি ভেল ভোরা।
কহ জানি সজনি কোন গতি মোরা ॥ ২ ॥
পহিল বয়স মোর ন পূরল সাধে।
পরিহরি গেল পিয়া কোন অপরাধে ॥ ৩ ॥
ঐসন সখীরি করম কিয়ে ভেল।
বিদ্যাপতি কহ হব পুন মেল ॥ ৪ ॥

২৭

নাহ দরশ সুখ বিহি কৈল বাদ।
অঙ্কুরে ভাঙল বিনি অপরাধ ॥ ১ ॥
সুখময় সাগর মরুভূমি ভেল।
জলদ নিহারি চাতকী মরি গেল ॥ ২ ॥
আন করহ হিয়ে বিবি কৈল আন।
অব নহি নিকসয় কঠিন পরাণ ॥ ৩ ॥
শ্রবণহি শ্যাম নাম করু গান।
শুনইতে নিকসউ কঠিন পরাণ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ সুপুরুখ নারী।
মরণ সমাপন প্রেম বিথারী ॥ ৫ ॥

২৮

কত দিনে ঘুচব ইহ হাহাকার।
কত দিনে ঘুচব গরুয় দুখ ভার ॥ ১ ॥
কত দিনে চাঁদ কুমুদে হব মেলি।
কত দিনে ভ্রমরা কমলে করু কেলি ॥ ২ ॥
কত দিনে পিয়া মোরে পুছব বাত।
কবহু পয়োধরে দেয়ব হাত ॥ ৩ ॥
কত দিনে করে ধরি বইসাওব কোর।
কত দিনে মনোরথ পূরব মোর ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
ভাগউ সব দুখ মিলব মুরারি ॥ ৫ ॥

২৯

কহত কহত সখি বোলত বোলত রে
হমারি পিয়া কোন দেশ রে।

২৩

মদন শরানলে ই তনু জরজর
কুশল শুনইত সন্দেহ রে ॥ ১ ॥
হমারি নাগর তথায় বিভোর
কেহন নাগরী মিলল রে।
নাগরী পায় নাগর সুখী ভেল
হমারি হিয়া দয় শেল রে ॥ ২ ॥
শঙ্খ কর চুর বসন কর দূর
তোড়হ গজমতি হার রে।
পিয়া যদি তেজল কি কাজ শিঙ্গারে
যমুনা সলিলে সব ডার রে ॥ ৩ ॥
সীঁথীর সিন্দুর মুছি কর দূর
পিয়া বিনু সকলি নৈরাশ রে।
ভণই বিদ্যাপতি শুনহ যুবতি
দুখ ভেল অবশেষ রে ॥ ৪ ॥

৩০

যে দিন মাধব পয়াণ করল
উথল সে সব বোল।
শুনি হৃদয়ে করুণা বাড়ল
নয়নে গলতহি নোর ॥ ১ ॥
দিবি কএ শপথ করল
নিয়রে আয়ল কান।
মঝু কর ধরি শিরে ঠেকায়ল
সে সব ভৈ গেল আন ॥ ২ ॥
পুন নিরখইত চিত উচাটন
ফুটল মাধবীলতা।
কুহু কুহু কয় কোকিল কুহরই
গুঞ্জরে ভ্রমর যতা ॥ ৩ ॥
কোন সে নগরে রহল নাগর
নাগরী পাএ ভোর।
কহে বিদ্যাপতি শুন হে যুবতী
তোহর নাগর চোর ॥ ৪ ॥

৩১

মলিন কুসুম তনু চীরে।
করতল কমল নয়ন ঢর নীরে ॥ ১ ॥
কি কহব মাধব তাহী।
তুয় গুণে লুবুধি মুগুধি ভেলি রাহী ॥ ২ ॥
উর পর সামরি বেণী।
কমল কোষ জনি কারি নগিনী ॥ ৩ ॥

২। দিবি—দিব্য।
৩। কারি—কালো।

কেও সখি তাকয় নিসাসে।
কেও নলিনীদলে কর বতাসে॥ ৪॥
কেও বোল আএল হরি।
সমরি উঠলি চির নাম সুমরি॥ ৫॥
বিদ্যাপতি কবি গাবে।
বিরহ বেদন নিজ সখি সুমঝাবে॥ ৬॥

৩২

নদী বহ নয়নক নীর।
পড়লি রহএ তহি তীর॥ ১॥
সব খন ভরম গেয়ান।
আন পুছিয় কহ আন॥ ২॥
মাধব অনুদিনে খিনি ভেলি রাহি।
চৌদসী চান্দহু চাহি॥ ৩॥
কেও সখি রহলি উপেখি।
কেও সির ধুনি ধুনি দেখি॥ ৪॥
কেও কর সসিকর আস।
সঞে ধউলিহু তুয় পাস॥ ৫॥
বিদ্যাপতি কবি ভানি।
এত শুনি সারঙ্গপানি॥ ৬॥
হরখি চলল হরি গেহ।
সুমরিএ পুরুব সিনেহ॥ ৭॥

মাধব হেরি আসলোঁ রাহি।
বিরহ বিপতি ন দয় সমতি
রহল বদন চাহি॥ ১॥
মরকত থলী শুতলি আছলি
বিরহে সে ক্ষীণ দেহা।
নিকষ পষাণে জনি পাঁচবাণে
কষল কনক রেহা॥ ২॥

বয়ান মণ্ডল লুঠয় ভূতল
তাহে সে অধিক শোহে।
রাহুভয়ে শশী ভূমে পড়ু খসি
ঐসে উপজল মোহে॥ ৩॥
বিরহ বেদন কি তোহে কহব
শুনহ নিঠুর কান।
ভণে বিদ্যাপতি সে যে কুলবতী
জীবন সংশয় জান॥ ৪॥

৩৪

মাধব পেখলোঁ সে ধনী রাহি।
চিত পুতলি জনু এক দিঠে চাহি॥ ১॥
বেঢ়ল সকল সখী চৌপাশা।
অতি ক্ষীণ শ্বাস বহত তনু নাসা॥ ২॥
অতি ক্ষীণ তনু জনু কাঞ্চন রেহা।
হেরইতে কোই না ধরু নিজ দেহা॥ ৩॥
কঙ্কণ বলয়া গলিত দুহুঁ হাত।
ফুয়লঁ কবরী ন সম্বরি নাথ॥ ৪॥
চেতন মুরছন বুঝই ন পারি।
অনুক্ষণ ঘোর বিরহ জ্বর জারি॥ ৫॥
বিদ্যাপতি কহে নিরদয় দেহ।
তেজল অব জগজন অনুলেহ॥ ৬॥

৩৫

মাধব ন যাই পেখহ বালা।
আজি কালি পরাণ পরিতেজব
কত সহ বিরহক জ্বালা॥ ১॥
শীতল সলিল কমলদল শেষহ
লেপহুঁ চন্দন পঙ্কা।
সে সব যতনহু আনল ভেল
দশগুণ দহই মৃগঙ্কা॥ ২॥
শকতি গেল ধনী উঠই ধরণী ধরি
ক্ষেপয়ি নিশি নিশি জাগি।
চমকি চমকি ধনী বোলত শিব শিব
জগত ভরল তনু আগি॥ ৩॥
কিয়ে উপচার বুঝয় ন পারই
কবি বিদ্যাপতি ভাণে।
কেবল দশমী দশা বিধি সিরজিল
অবহু করহ অবধানে॥ ৪॥

৪। তাকয়—দেখে।

৫। সুমরি—স্মরণ করিয়া। চিরশ্রুত হরির নাম স্মরণ করিয়া উঠিল।

৩। চাহি—চেয়ে, অপেক্ষা।

৪। উপেখি—উপেক্ষা করিয়া। ধুনি ধুনি—নাড়িয়া চাড়িয়া।

৫। সসিকর—চন্দ্রকিরণ। ধউলিহু—ধাবিত হইয়া আসিলাম।

৬। সারঙ্গপানি—কমলকর।

২। মরকত থলী—তৃণভূমি। নিকষ পষাণে—কষ্টি পাথরে। রেহা—রেখা।

৫। জারি—জর্জ্জরিত করে।

৩। ক্ষেপয়ি—হস্তপদাদি প্রক্ষিপ্ত করে।

৪। দশমী দশা—শেষ দশা।

৩৬

মাধব কত পরবোধব রাধা।
হা হরি হা হরি কহতহি বেরি বেরি
অব জীউ করব সমাধা ॥ ১ ॥
ধরণী ধরিয়া ধনী যতনহি বৈঠত
পুনহি উঠয় নহি পারা।
সহজহি বিরহিণী জগমাহা তাপিনী
বৈরী মদন শরধারা ॥ ২ ॥
অরুণ নয়ন নোরে তিতল কলেবর
বিলুলিত দীঘল কেশা।
মন্দির বাহর করইতে সংশয়
সহচরী গণতহি শেষা ॥ ৩ ॥
আনি নলিনি কেও রমণী সুতাওলি
কেও দেই মুখ পর নীরে।
নিসবদ পেখি কেও সাস নিহারয়
কেও দেই মন্দ সমীরে ॥ ৪ ॥
কি কব হেদ ভেদ জনু অন্তর
ঘন ঘন উতপত শ্বাস।
ভণই বিদ্যাপতি সেহো কলাবতী
জীবন বন্ধন আশ পাশ ॥ ৫ ॥

৩৭

কি কহব মাধব কি করব কাজে।
পেখল কলাবতী প্রিয়সখী মাঝে ॥ ১ ॥
আনো সোই অছল কাঞ্চনপুতলা।
ত্রিভুবনে অনুপম রূপে গুণে কুশলা ॥ ২ ॥
অবে ভেল বিপরীত ঝামর দেহা।
দিবসে মলিন জনি চাঁদক রেহা ॥ ৩ ॥
বামকরে কপোল লোলিত কেশভারা।
কর নখে লিখু মহী আঁখি জলধারা ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ শুন বরকান।
রাজা শিবসিংহ ইথে পরমাণ ॥ ৫ ॥

৩৮

শুন শুন মাধব পড়ল অকাজ।
বিরহিণী রোদিতি মন্দিরমাঝ ॥ ১ ॥

১। পরবোধব—প্রবোধ দিব। বেরি বেরি—বার বার।
৩। নয়ন নোরে—নেত্রজলে।
৫। উতপত—উদ্গত।
৩। ঝামর দেহা—মলিন অঙ্গ, বিবর্ণ দেহ।
৪। লোলিত—আলুলায়িত।

অচেতন সুন্দরী ন মিলয়ে দিঠি।
কনক পুতলী বৈসে অবনীয়ে লোঠি ॥ ২ ॥
কে জানে কৈসন তোহারি পিরীতি।
বাঢ়ই দারুণ প্রেম বধই যুবতী ॥ ৩ ॥
কহ বিদ্যাপতি শুনহ মুরারি।
সুপুরুখ ন ছোড়ই রসবতী নারী ॥ ৪ ॥

৩৯

মাধব কঠিন হৃদয় পরবাসী।
তুয় পেয়সী মোঞে দেখলি বরাকিনী
অবহু পলটি ঘর যাসি ॥ ১ ॥
হিমকর পেখি অবনত কর আনন
রহত করুণা পথ হেরি।
নয়ন কাজর লএ লিখই বিধুন্তুদ
ভএ রহ তাহেরি সেরি ॥ ২ ॥
দখিণ পবন বহ সে কৈসে যুবতী সহ
কর কবলিত তনু অঙ্গে।
গেল পরাণ আশ দয় রাখয়
দশ নখে লিখই ভুজঙ্গে ॥ ৩ ॥
মীনকেতন ভয় শিব শিব শিব কয়
ধরণী লোটাবয় দেহা।
করে রে কমল লয় কুচ সিরিফল দয়
শিব পূজয় নিজ দেহা ॥ ৪ ॥
পরভৃতক ডরে পায়স লেই করে
বায়স নিয়রে পুকারে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
করথু বিরহ উপচারে ॥ ৫ ॥

৪০

পহিল পিয়া মোর মুখে মুখ হেরল
তিল এক ন ছোড়ল অঙ্গ।
অপরূপ প্রেম পাশে তনু গাঁথল
অব তেজল মোর সঙ্গ ॥ ১ ॥
সখি হম জীয়ব কথি লাগি।
যে বিনু তিল এক রহই না পারিয়
সে ভেল পর অনুরাগী ॥ ২ ॥

২। ন মিলয়ে দিঠি—চক্ষু মেলে না। লোঠি—হয়। ৩। বাঢ়ই—বাড়াইয়া।
১। বরাকিনী—বিরহিণী। অবহু—এখনও।
২। হিমকর—চন্দ্র। বিধুন্তুদ—রাহু। ভএ রহ তাহেরি সেরি—তাহার শরণাগত হয়।
৫। পরভৃতক—কোকিলের। উপচার—চিকিৎসা।
২। কথি—কিসের।

অঙ্গুলক অঙ্গুটী সে ভেল বাহুটী
হার ভেল অতি ভার।
মনমথ বাণহি, অন্তর জরজর
বিদ্যাপতি দুখ কহয় ন পার ॥ ৩ ॥

৪১

সখিগণ কন্দরে থোই কলেবর
ঘরসঞে বাহর হোয়।
বিনি অবলম্বনে উঠয় ন পারয়
অতয়ে নিবেদল তোয় ॥ ১ ॥
মাধব কত পরবোধব ওহি।
দেহ দীপতি গেল হার ভার ভেল
জনম গমাওল রোই ॥ ২ ॥
অঙ্গুরী বলয়া ভেল কামে পিন্ধায়ল
দারুণ তুয় নব নেহা।
সখীগণ সাহসে ছোই ন পারই
তন্তুক দোসর দেহা ॥ ৩ ॥
নবমী দশা গেলি দেখি আয়ল চলি
কালি রজনী অবসানে।
আজুক এতখণ গেল সকল দিন
ভল মন্দ বিহি পয় জানে ॥ ৪ ॥
কেলি কলপতরু সুপুরুখ অবতরু
নাগর গুরুবর রতনে।
ভণই বিদ্যাপতি শিবসিংহ নরপতি
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৪২

শুন শুন সুন্দরি কর অবধান।
নাহ রসিকবর বিদগধ জান ॥ ১ ॥
কাহে তুহু হৃদয়ে করসি অনুতাপ।
অবহুঁ মিলব সোই সুপুরুখ আপ ॥ ২ ॥
উদভট প্রেমে করসি অনুরাগ।
নিতি নিতি ঐসন হিয় মাহা জাগ ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ বান্ধহ থেহ।
সুপুরুখ কবহু ন তেজয় নেহ ॥ ৪ ॥

৩। বাহুটী—বাউটি, শীর্ণতার লক্ষণ।
১। কন্দরে—স্কন্ধে। ঘরসঞে—ঘর হইতে।
৩। পিন্ধায়ল—পরাইল। ছোই—ছুঁইতে। তন্তুক দোসর দেহা—দেহ সূতার মতন ক্ষীণ।
২। আপ—আপনিই। উদভট—উৎকট।
৪। বান্ধহ থেহ—ধৈর্য্যাবলম্বন কর।

৪৩

এ সখি কাহে কহসি অনুরাগে।
কানুসে অবহি করবি প্রেমভোগে ॥ ১ ॥
কোরে লেয়ব সখি তুহুঁক পিয়া।
হম চললোঁ ভুহুঁ থির কর হিয়া ॥ ২ ॥
এত কহি কানু পাশে মিলল সে সখি।
প্রেমক রীত কহল সব দুখী ॥ ৩ ॥
শুনতহি কানু মিলল ধনী পাশ।
বিদ্যাপতি কহে অধিক উলাস ॥ ৪ ॥

৪৪

ওজে অভাগলি দেহরি লাগলি
পথ নিহারয় তোর।
নিচল লোচন সুন নু বচন
চরি চরি খস নোর ॥ ১ ॥
মাধব কাঞি বিসরলি বালা।
ও নবী নাগরী গুণক আগরী
ভেলি নিমালিক মালা ॥ ২ ॥
রুখলি ভুখলি দুখলি দেখলি
দেখলি সখি সমেতে।
ফুজলি কাবেরি ন বাঁধ সামরি
সুন্দরী অবথ এতে। ৩ ॥
তোহে বিসরলি অদিগ পড়লি
দুবর ঝামর দেহ।
জনি সোনারে কসি কসউটা
তেজল কনক রেহ ॥ ৪ ॥
দিনে সাত পাঁচে অসন দিতহুঁ
সে অব নীর ন পীব।
অধর অমিয় গএ পিয়াবহ
তঁও জঁও জীব তঞো জীব ॥ ৫ ॥

১। অভাগলি—অভাগিনী। দেহরি—দেউড়ী, অঙ্গন।
২। কাঞি বিসরলি—কেন বিস্মৃত হইলে। নিমালিক—নির্ম্মাল্য।
৩। রুখলি—রুক্ষ। ভুখলি—ক্ষুধিতা। দুখলি—দুঃখিতা। সামরি—সামলাইয়া। অবথ—অবশ।
৪। অদিগ—অপথে। দুবর ঝামর—দুর্ব্বল, মলিন। যেন স্বর্ণকার কষ্টিপাথরে কষিয়া স্বর্ণরেখা ত্যাগ করিল।
৫। যাহাকে দিনে পাঁচ সাত বার আহার করাইতাম, সে এখন জল পর্য্যন্ত পান করে না; তুমি গিয়া অধরামৃত পান করাও, তবেই যদি বাঁচে।

উসসি উসসি পর খসি খসি
আলি নিহারএ ধায়।
জাহি বেয়াধি পরাধীন ঔখদ
তাহেরি ক'ওন উপায়॥ ৬॥
মাধব তোরি পজারল আগি।
তোরিত ভয়কহু মিঝাবহ
বধও জায়ত লাগি॥ ৭॥
ভনে পঞ্চানন ঔখদ আনন
বিরহ মন্দ ব্যাধি।
জতহি পাউতি হরি দরশন
ততহি তেজতি আধি॥ ৮॥

৪৫

রামা হে সে কিয়ে বিসরল যাই।
করে ধরি মাথুর অনুমতি মগইতে
ততহি পড়ল মুরছাই॥ ১॥
কিছু গদ গদ স্বরে লহু লহু আখরে
যে কিছু কহল বররামা।
কঠিন কলেবর তেঁই চলি আওল
চিত রহল সোই ঠামা॥ ২॥
সে বিনু রাতি দিবস নহি ভাবই
তাহি রহল মন লাগি।
আন রমণী সঙে রাজ সম্পদ মোঞে
অছিয় যৈসে বৈরাগী॥ ৩॥
দুই এক দিবস নিচয় হম যায়ব
তুহু পরবোধবি রাহি।
বিদ্যাপতি কহ চিত রহল তাহি
প্রেমে মিলায়ব যাই॥ ৪॥

৬। উসসি—উষসি, দীর্ঘ নিঃশ্বাস ফেলিয়া। পর—পড়ে। পরাধীন ঔখদ—ঔষধ পরের হাতে।

৭। পজারল—প্রজ্জ্বলিত। তোরিত ভয় কহু—শীঘ্র করিয়া। মিঝাবহ—নির্ব্বাণ কর। বধও জায়ত লাগি—নহিলে তোমার হত্যাপাপ লাগিবে।

৮। পঞ্চানন—বিদ্যাপতি। ঔখদ আনন—মুখই (মাধবের) ঔষধ। হরির দর্শন পাইলেই রাধা ব্যাধিমুক্ত হইবে।

২। লহু লহু আখরে—মৃদুস্বরে। ঠামা—ঠাই।

৩। ভাবই—শোভা পায়।

৪৬

সখি হে বল্লভ যায়ব বিদেশে।
হমে কুলকামিনী কহইতে অনুচিত
তোঁহহু দে হুনি উপদেশে॥ ১॥
ই ন বিদেশক বেলি।
দুরজন হমর দুখ ন অনুমাপব
তেঁ তোঁহে পিয়া গেলইলি॥ ২॥
কিছু দিন করথু নিবাসে।
হমে পূজল যে সেহে পয় ভুঞব
রাখথু পর উপহাসে॥ ৩॥
হোয়তাহ কিয়ে বধভাগী।
যহি খণে হুনি মনে মাধব চিন্তব
হমহু মরব ধসি আগি॥ ৪॥
বিদ্যাপতি কবি ভণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমণে॥ ৫॥

৪৭

দখিণ পবন বহ মন্দ।
মাজরী ঝর মকরন্দ॥ ১॥
তখন যায়ব মনমারি।
লোচন হলব নিবারি॥ ২॥
পিয় হে যদি তোহে যায়ব বিদেশ।
ধরব হমর উপদেশ॥ ৩॥
মধুকর যদি কর রাব।
যদি পিক পঞ্চম গাব॥ ৪॥
তখনে করব অনুমান।
মুদি রহব বরু কান॥ ৫॥
পরতিরি মানব তিতি।
ধিরযে মনোভব জিতি॥ ৬॥

১। তোঁহহু—তুমিই।

২। ই—ইহা। বিদেশক—বিদেশ। বেলি—সময়। অনুমাপব—বুঝিবে। তোঁহে—তোমাকে। গেলইলি—পাঠাইলাম।

৩। করথু—করুক। নিবাসে—বাস। ভুঞব—ভোগ করিবে। রাখথু—রাখিবে।

৪। হোয়তাহ—হইবে। চিন্তব—চিন্তা করিবে। হমহু—আমিও। ধসি—পড়িয়া, ঝাঁপ দিয়া।

১। মাজরী—মঞ্জরী।

২। মনমারি—মনকে মারিয়া অর্থাৎ দমন করিয়া

৬। পরতিরি—পরস্ত্রী। মানব—মানিবে। তিতি—তিক্ত। ধিরযে—ধৈর্য্য। জিতি—জয় করিবে।

রাখব অপন পরাণ।
হমকে করব জলদান ॥ ৭ ॥
সুকবি ভণথি কণ্ঠহার।
কে সহ কাম পরহার ॥ ৮ ॥
নৃপ শিবসিংহ রস জান।
লখিমা দেবী রমাণ ॥ ৯ ॥

৪৮

পরদেশ গমন জনু করহ কন্ত।
পুণমত পাবয় ঋতু বসন্ত ॥ ১ ॥
কোকিল কলরবে পূরল চূত।
জনি মদন পঠাওল অপন দূত ॥ ২ ॥
কে মানিনী আবে করতি মান।
বিরহে বিষম ভেল পঞ্চবাণ ॥ ৩ ॥
বহ মলয়ানিল পূরুব জানি।
মারয়ে পচশর সুমরি কানি ॥ ৪ ॥
বিরহে বিখিণী ধনী কিছু ন ভাব।
চন্দনে কুঙ্কুমে সখি লগাব ॥ ৫ ॥
বিদ্যাপতি ভণ কণ্ঠহার।
কৃষ্ণরাধা বনবিহার ॥ ৬ ॥

৮। সহ—সহ্য করিতে পারে।

মাধব বিদেশে গমন করিবার পূর্ব্বে রাধা তাঁহাকে উপদেশ দিতেছেন :—

যে সময় দক্ষিণ বায়ু ধীরে ধীরে প্রবাহিত হইবে, মঞ্জরী হইতে মধু ঝরিয়া পড়িবে, সে সময় চক্ষুকে নিবারণ করিয়া মনকে দমন করিবে। হে প্রিয়, তুমি যদি বিদেশ যাইবে, তবে আমার উপদেশ ধর। মধুকর যদি গুঞ্জন করে, কোকিল যদি পঞ্চমে গান করে, তাহা হইলে বুঝিবে যে, বসন্ত কাল সমাগত, তখন তুমি বরঞ্চ কান বন্ধ করিবে। পরস্ত্রীকে তিক্ত বলিয়া মানিবে। ধৈর্য্য দ্বারা মদনকে দমন করিবে। নিজের প্রাণ সযতনে রক্ষা করিবে। আমাকে জলদান করিবে অর্থাৎ তোমার অদর্শনে আমি জলগ্রহণ করিতে পারিব না, ফিরিয়া আসিলে তবে জলগ্রহণ করিব। বিদ্যাপতি কহিতেছে, কন্দর্পের প্রহার কে সহ্য করিতে পারে।

১। কন্ত—কান্ত। ২। চুত—চূতলতা, আম্র।

৩। কে—কোন। আবে—এখন।

৪। পূরুব—পূর্ব্ব কথা। জানি—জানাইয়া। কানি—শত্রুতা।

৫। বিখিণী—বিশীর্ণ, ক্ষীণ। ভাব—ভাল লাগে। লগাব—লাগায়।

৪৯

মাধব তোঁহে জনু যাহ বিদেশে।
হমরো রঙ্গ রভস লে যইবহ
লইবহ কোন সন্দেশে ॥ ১ ॥
বন হি গমন করু হোইতি দোসর মতি
বিসরি যায়ব পতি মোরা।
হীরা মণি মাণিক একো নহি মাগব
ফেরি মাগব পহু তোরা ॥ ২ ॥
যখন গমন করু নয়ন নোর ভরু
দেখিও ন ভেল পহু ওরা।
একহি নগরে বসি পহু ভেল পরবশ
কইসে পূরত মন মোরা ॥ ৩ ॥
পহু সঙ্গে কামিনী বহুত সোহাগিনী
চন্দ্র নিকট যইসে তারা।
ভণহি বিদ্যাপতি শুনু বর যৌবতি
অপন হৃদয় ধরু সারা ॥ ৪ ॥

৫০

যোজন মন মাহ সে নহ দূর।
কমলিনী বন্ধু হোয় যইসে সুর ॥ ১ ॥
ঐসন বচন কহয় সব কোয়।
হমর হৃদয় পরতীত নহি হোয় ॥ ২ ॥
যকর পরশ বিশলেষ জ্বর আগি।
হৃদয়ক মৃদমগ শোভ নহি লাগি ॥ ৩ ॥
সে যদি দূরহি করতহি বাস।
হা হরি শুনতহি লাগ তরাস ॥ ৪ ॥

৫১

ঝাপল উতপল নোরে নয়ান।
কইসে করয় হিয়া কহই ন জান ॥ ১ ॥

১। লে যইবহ—লইয়া যাইবে। লইবহ—লইবে।

২। বন—গোকুল ও মথুরাস্থ দ্বাদশ বন। দোসর মতি—অন্য মতি। মাগব—মাগিব। ফেরি—ফিরিয়া।

৩। নোর—অশ্রু। ভরু—ভরিয়া যায়। ওরা—সীমা।

১। মাহ—মধ্যে। সুর—সূর্য্য।

২। পরতীত—প্রতীতি।

৩। বিশলেষ—বিশ্লেষ। জর—জ্বলিয়া উঠে। আগি—অগ্নি।

৪। শুনতহি—শুনিতেই।

১। উতপল—কমল, উৎপল।

তুহু পুন কি করবি গুপুতহি রাখি।
তনু মন দুহু মঝু দেল সাখী ॥ ২ ॥
তবহু যে গোপসি কি কহব তোয়।
বজর নিবারণ করতলে হোয় ॥ ৩ ॥
পাওল হে সখি মৌনক ওর।
পিয়া পরদেশ চলব মোহে ছোর ॥ ৪ ॥
সময় সমাপন কি ফল আর।
পেমক সমুচিত অবহু বিচার ॥ ৫ ॥

৫২

কালি কহল পিয়া এ সাঁঝহিরে যায়ব
মোয়ে মাথুর দেশ।
মোয়ে অভাগিনী নহি জানল রে
সঙ্গ যইতঁও যোগিনী বেশ ॥ ১ ॥
হৃদয় বড় দারুণ রে পিয়া বিনু
বিহরি ন যায় ॥ ২ ॥
এক শয়ন সখি শুতল রে
অছল বল্লভ নিশি মোর।
ন জানল কতিখণ তেজি গেল রে
বিছুরল চকেবা জোর ॥ ৩ ॥
শূন শেষ হিয় শালয় রে
পিয়ামে বিনু ঘর মোরে আজি।
বিনতি করউ সহচরি রে
মোহি দেহ আগি হর সাজি ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
আবি মিলত পিয় তোর।
লখিমা দেবী বর নাগর রে
রায় শিবসিংহ নহি ভোর ॥ ৫ ॥

৫৩

দশ দিশ বুলি বুলি ভমরী করুণা কর
আহা দেবি আজ কি ভেল।
কোর শুতল পিয়া আন্তরো ন দেয় হিয়া
কে জান কঞোন দিগ গেল ॥ ১ ॥
অরে কৈসে জীয়ব মঞে রে
সুমরি বল্লভ নব নেহ ॥ ২ ॥
একহি মন্দিরে বসি পিয়া ন পুছয় হসি
মোর লেখে সমুদক পার।
ই দুই যৌবনা তরুণ লাখ লহ
সে আবে পরশ গমার ॥ ৩ ॥
পটসুতি বুনি বুনি মোতি সরি কিনি কিনি
মোরে পিয়াঞে গাথল হার।
লখে লেখি তহ্নি সম হার গাথল
সে আবে তোড়ত গমার ॥ ৪ ॥
অরে রে পথিক ভইয়া সমাদ লই যইহ
যাহি দেশ বস মোর নাহ।
হমর সে দুখ সুখ তহ্নি পিয়া কহিহ
সুন্দরি সমাইলি বাহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি অরে রে যুবতী
অবে চিতে করহ উছাহ।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী বর নাহ ॥ ৬ ॥

৫৪

হমর নাগর রহল দূরদেশ।
কেও নহি কহ সখি কুশল সন্দেশ ॥ ১ ॥
এ সখি কাহি করব অপতোস।
হমর অভাগি পিয়া নহি দোষ ॥ ২ ॥
পিয়া বিসরল সখি পুরুব পিরীতি।
যখন কপাল বাম সব বিপরীতি ॥ ৩ ॥
মরমক বেদন মরমহি জান।
আনক দুখ আন নহি জান ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ন পুরল কাম।
কি করতি নাগরি যাহি বিধি বাম ॥ ৫ ॥

৫৫

পিয়া ছল চন্দ হম ছল দেহা।
কে পাপী তোড়ল ঐসন নেহা ॥ ১ ॥

৩। বজর—বজ্র। ৪। ছোর—ছাড়িয়া।
১। সাঁঝহিরে—সন্ধ্যার সময়।
২। বিহরি—বিদীর্ণ হইয়া।
৩। বিছুরল—বিচ্ছিন্ন হইল। চকেবা জোর—চক্রবাকমিথুন।
৪। করউ—করিতেছি। হর—হরণ। সাজি—সাজাইয়া।
৫। আবি—আসিয়া। ভোর—ভোলা।
১। করুণা—ক্রন্দন। আন্তরো—ব্যবধান।

৩। লেখে—পক্ষে। সমুদক—সমুদ্রের। গমার—মূর্খ।
৪। পটসুতি—পট্টসূত্র। কিনি—কিনিয়া। তোড়ত—ছিঁড়িয়া ফেলিবে।
৫। যইহ—যাইও। যাহি—যে। বাহ—বহ্নি।
২। কাহি—কাহার। অপতোস—নিন্দা। অভাগি—অভাগ্য।
৩। বিসরল—বিস্মৃত হইল।
১। তোড়ল—নষ্ট করিল।

পিয়া ছল খঞ্জন হম ছল খঞ্জনী।
কে বাঁধল পিয়া মরম নহি জানি ॥ ২ ॥
পিয়া ছল শ্যাম তরু হম ছল লতা।
কে ভাঙ্গল তরু ন বুঝি বেবথা ॥ ৩ ॥
পিয়া ছল কামকলা হম ছল কামিনী।
পিয়া বিনু নহি যায় দিন যামিনী ॥ ৪ ॥

৫৬

সেবল স্বামী সব গুণ আগর
সদয় সুদৃঢ় নেহ।
তহু সবে সবে রতন পাবয়
নিন্দহু মোহি সন্দেহ ॥ ১ ॥
পুরুখ বচন হো অবধান।
ঐসন নহি এহি মহীমণ্ডল
যে পরবেদন জান ॥ ২ ॥
নহি হিত মিত কোউ বুঝাবয়
লাখ কোটী তোহে স্বামী।
সবক আশা তোহে পূরাবহ
হম বিসরহ কাঞী ॥ ৩ ॥

৫৭

ন জানল কোন দোষে গেলাহ বিদেশ।
অনুখণ ঝখইতে তনু ভেল শেষ ॥ ১ ॥
বুঝহি ন পারল নিজ অপরাধ।
প্রথমক প্রেম দৈবে করু বাধ ॥ ২ ॥
বেরি এক দৈব দাহিন জঞো হোয়।
নিরধন ধন জকে ধরব মোঞে গোয় ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ কয় রহ মিলত মুরারি ॥ ৪ ॥

৫৮

দারুণ কন্ত নিঠুর হিয়
সখি রহল বিদেশ।
কেও নহি হিত মঝু সঞ্চরয়
যে কহত উপদেশ ॥ ১ ॥
এ সখি হরি পরিহরি গেল
নিজ ন বুঝিয় দোষ।
করম বিগতি গতি মাই হে
কাহি করবো রোষ ॥ ২ ॥
মোহি ছল দিনে দিনে বাঢ়ত
দেখ হরি সঞে নেহ।
আবে নিজ মনে অবধারল
পহু কপটক গেহ ॥ ৩ ॥

৫৯

নয়নক ওত হোইতে হোয়ত ভানে।
বিরহ হোয়ত নহি রহত পরাণে ॥ ১ ॥
সে আবে দেশান্তর আতর ভেলা।
মনমথ মদন রসাতল গেলা ॥ ২ ॥
কঞোন দেশ বসল রতল কঞোন নারী।
স্বপনে ন দেখয় নিঠুর মুরারি ॥ ৩ ॥
অমৃত সিচলি সনি বোললহি বাণী।
মন পতিয়ায়ল মধুরপতি জানি ॥ ৪ ॥
হম ছল টুটত ন যায়ত নেহা।
দিনে দিনে বুঝলক কপট সিনেহা ॥ ৫ ॥

৬০

এহন করম মোর ভেল রে।
পহু দূর দেশ গেল রে ॥ ১ ॥
দএ গেল বচনক আশ রে।
হমহু আয়ব তুয় পাশ রে ॥ ২ ॥
কতেক কয়ল অপরাধ রে।
পহু সঞে ছুটল সমাজ রে ॥ ৩ ॥
কবি বিদ্যাপতি ভাণ রে।
সুপুরুখ ন কর নিদান রে ॥ ৪ ॥

৬১

এত দিন হৃদয় হরখ ছল
আবে সব দূরে গেল রে।
রাঁকক রতন হরায়ল
জগতেও শূন ভেল রে ॥ ১ ॥

৩। বেবথা—ব্যবস্থা।
১। নিন্দহু—নিদ্রাতেও।
৩। মিত—মিত্র। তোহে—তুমি। সবক—সবারই। পূরাবহ—পূর্ণ কর। কাঞি—কেন।
১। জানল—জানিলাম। গেলাহ—গেল। ঝখইতে—শোক করিতে।
২। বাধ—বাধা।
৩। দাহিন—প্রসন্ন। জঞো—যদি। জকে—মত। গোয়—গোপন করিয়া।
২। বিগতি—মন্দ গতি। মাই হে—মাগো।
৩। মোহি ছল—আমার ছিল অর্থাৎ আমার মনে ছিল।
১। ওত—অন্তরাল।
২। আতর—অন্তর, তফাৎ।
৩। রতল—অনুরক্ত হইল।
৩। সমাজ—সঙ্গ, মিলন।
৪। নিদান—শেষ অবধি।
১। রাঁকক—দরিদ্রের।

বিহি নিরদয় কোনে দোষে দহু
দেল দুখ মন মধ রে।
মনে কর গরল গরাসিয়
পাপ আতমবধ রে॥ ২॥
জীবন লাগ মরণ সন
মরণ শোহাবন রে।
মোর দুখ কে পতিয়াওত
শুনহ বিরহি জন রে॥ ৩॥
বিদ্যাপতি কহ সুন্দরি
মন ধৈরয ধরু রে।
অচির মিলত তোর প্রিয়তম
মন দুখ পরিহরু রে॥ ৪॥

৬২

কত দিন আশা দএ ধরব হিয়া।
যৌবন কাল বিদেশ রহু পিয়া॥ ১॥
সে যব আগে নিয়র মঝু অছলা।
মনে কিছু ভল মন্দ হম নহি গণলা॥ ২॥
অব সে সব পরিচয় ভেল।
কানু নিঠুর পরিহরি গেল॥ ৩॥
এক দিশ বিষম কুসুমশর।
অওকাদিশ গরুয় গরিম ডর॥ ৪॥
রাখব শীল কওন পরি।
ঐসন দোষ ন বুঝল হরি॥ ৫॥

৬৩

পুরব যত অপুরুব ভেলা।
সময় বশে সেহঞো দূর গেলা॥ ১॥
কাহি নিবেদঞো কুগত পহু।
যে কিছু করিয় ভুজিয় সেহু॥ ২॥
সবহি সজনি ধৈরষ সার।
নীরসি কহ কবি কণ্ঠহার॥ ৩॥

৬৪

মঞে ছলি পুরুব পেম ভরে ভোরী।
ভান অছল পিয়া আইতি মোরি॥ ১॥

২। মন মধ—মনের মধ্যে। আতমবধ—আত্মহত্যা।
২। অছলা—ছিল। গণলা—গণনা করিলাম।
৪। অওকাদিশ—অপরদিকে।
২। কাহি—কাহাকে। কুগত—বিরূপ।
১। ছলি—ছিলাম। ভোরী—মুগ্ধা। ভান অছল—জ্ঞান ছিল। আইতি—আয়ত্ত। মোরি—আমার।

এ সখি স্বামী অকামিক গেলা।
জীবহু অরাধন ন অপন ভেলা॥ ২॥
যাইতে পুছলহি ভলও ন মন্দা।
মন বসি মনহি বঢ়াওল দন্দা॥ ৩॥
সুপুরুষ জানি কয়ল হমে মেরি।
পাওল পরাভব অনুভব বেরি॥ ৪॥
তিলা এক লাগি রহল অছু জীবে।
বিনু সিনেহে বরই জনি দীবে॥ ৫॥
চাঁদবদনি ধনি ন ঝাঁখহ আনে।
তুয় গুণ সুমরি আওব পুনু কাহে॥ ৬॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে॥ ৭॥

৬৫

কৌতুক দুহু কুলকমল তিয়াগল
যে পদ পঙ্কজ আশ।
পহুক ভিন দিন ন গণল
ন গণল মরণ তরাস॥ ১॥
সজনি নিকরুণ হৃদয় মুরারি।
অর ঘর যাইত ঠাম নহি পাবিয়
পরিজন দেয়ই গারি॥ ২॥
গগন চাঁদ পানিমাহ বারল
সগর নগর বেতার।
অমিয় ঘট বোলি হাথ পসারল
পাওল গরলক ধার॥ ৩॥

৬৬

করও বিনতি যত যত মন লাই।
পিয়া পরিচয় পচতাব কে যাই॥ ১॥
ধন ধৈরষ পরিহরি পথ সাচে।
করম দোষে কনকেও ভেল কাচে॥ ২॥
নিঠুর বল্লভ সোঁ লাওল সিনেহে।
ন পুরল মনোরথ ন ছাড়ু সন্দেহে॥ ৩॥

২। অকামিক—অকস্মাৎ। জীবহু অরাধন—জীবন দিয়া আরাধনা করিলেও।
৪। মেরি—মিলন।
৫। রহল অছ—রহিয়াছে।
১। দুহু কুলকমল—দুই কুলকমল অর্থাৎ পিতৃকুল ও শ্বশুরকুল।
৩। পানিমাহ—জলের মধ্যে। সগর—সকল।
১। বিনতি—প্রবোধ। লাই—লাগাইয়া।
২। সাচে—সত্য।

সুপুরুষ ভানে মান ধন গেল।
দিন দিন মলিন মনোরথ ভেল ॥ ৪ ॥
যদি দূষণ গুণ পহু ন বিচার।
বড় ভএ পসরও পিশুন পসার ॥ ৫ ॥
পরিজন চিত নহি হিত পরথাব।
ধরষণে জীব কতয় নহি ধাব ॥ ৬ ॥
হ৸ অবধারি হলল পরকার।
বিরহ সিন্ধু জীব দএ বরু পার ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ কয় রহ ভেটত মুরারি ॥ ৮ ॥

৬৭

যতনহু ও রে যতেও ন নিরবহ।
এ কানু ততেও অঙ্গিরলহ ॥ ১ ॥
সে সবে বিসরু তোঁহে ও রে বিনু হেতু।
মারয় মধথহি মকরকেতু ॥ ২ ॥
কপট কইয়ে কত ও রে কহু হিত।
বড় বোল ছড় বড় অনুচিত ॥ ৩ ॥
মোঞে অবলা বরু ও রে দয় জীব।
তরব দুসহ নদী শিব শিব ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ও রে সহি লেহ।
সুপুরুষ বচন পষাণরেহ ॥ ৫ ॥

৬৮

বারি বয়স তেজি গেহ।
পিয় মন ওহয় সন্দেহ ॥ ১ ॥
তনি মন অছ ওহ ভান।
এতয় সময় ভেল আন ॥ ২ ॥
তোরিত পঠাওব সন্দেশ।
আরে নাহি উচিত বিদেশ ॥ ৩ ॥

৫। পসার—প্রসারিত।
৬। পরথাব—প্রস্তাব।
৭ হলল—করা।
১। যতেও—যাহাও। নিরবহ—নির্ব্বাহ। ততেও—তাহাও। অঙ্গিরলহ—অঙ্গীকার করিল।
২। বিসরু—ভুলিলে। মারয়—মারে, পীড়ন করে। মধথ—মধ্যস্থ।
৩। কহু—কহে। বড়—মহৎ। ছড়—ছাড়া।
১। বারি—বালা। গেহ—গেল। ওহয়—ওই।
২। তনি—তাঁহার। ভান—ভাব। এতয়—এখানে। ভেল আন—অন্যরূপ হইল।

যৌবন রূপ সিনেহ।
সেহে সুমরি খিণ দেহ ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি ভাণ।
অচির হোয়ত সমধান ॥ ৫ ॥

৬৯

বড়ি বড়াই সবে নহি পাবই
বিধি নিহারই যাহি।
আপন বচন যে প্রতিপালয়
সে বড় সবহু চাহি ॥ ১ ॥
সজনি সুজন সিনেহ।
কি দিয় অজর কনক উপাম
কি দিয় পাষাণরেহ ॥ ২ ॥
ও যদি অনল আনি পজারিয়
তইও ন হোয় বিরাম।
ই যদি অসি কি কসি কই কাটি
তইও ন তেজয় ঠাম ॥ ৩ ॥
গরল আনি সুধারসে সিঞ্চিয়
শীতল হোমায় ন পার।
যইও সুধানিধি অধিক কুপিত
তইও ন বরিষ খার ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণ নিধান।
অপন বেদন তাকো নিবেদিয়
যে পরবেদন জান ॥ ৫ ॥

৭০

পহিলি পিরীতি পরাণ আঁতর
তখনে অইসন রীতি।
সে আবে কবহু হেরি ন হেরথি
ভেলি নিম সনি তিতি ॥ ১ ॥

১। বড়ি—বড়। বড়াই—মহত্ত্ব। নহি পাবই—পায় না। নিহারই—দেখে, কৃপা করে। যাহি—যাহাকে।
২। কি দিয়—কি দিব। অজর—সুন্দর।
৩। ও—সে। পজারিয়—জ্বালাই। ই—ইহা। কসি কই—কসিয়া, বলপূর্ব্বক। কাটি—কাটা যায়।
৪। সিঞ্চিয়—সিঞ্চন করে। হোমায়—হয়।
১। পহিলি—প্রথম। পিরীতি—প্রীতি। আঁতর—অন্তর। কবহু—কখনও। হেরথি—দেখে। সনি—তুল্য। তিতি—তিক্ত।

সজনি জীবথু শত পচাশ।
সহসে রমণী রয়নী খেপথু
মোরাহু তহ্নিকি আশ ॥ ২ ॥
কতনে যতনে গৌরী অরাধিয়
মাগিয় স্বামিসোহাগ।
তথুহু অপন করম ভুঞ্জিয়
যইসন যকর ভাগ ॥ ৩ ॥
সময় গেলে মেঘ বরিষব
কি দহুঁ তেঁ জলধার।
শীত সমাপলে বসন পাইয়
তেঁ দহুঁ কি উপকার ॥ ৪ ॥
রয়নী গেলে দীপে নিবোধিয়
ভোজন দিবস অন্ত।
যৌবন গেলে যুবতী পিরীতি
কি ফল পাওত কন্ত ॥ ৫ ॥
ধন অছইতে যে নহি ভোগয়
তা মনে হো পচতাব।
যৌবন জীবন বড় নিরাপন
গেলে পলটি ন আব ॥ ৬ ॥
ভণ বিদ্যাপতি শুনহ যুবতি
সময় বুঝ সয়ান।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৭ ॥

২। জীবথু—জীবিত থাকুক। সহসে—সহস্র। খেপথু—ক্ষেপণ করুক।

৩। তথুহু—তথাপি। ভুঞ্জিয়—ভোগ করে। ভাগ—ভাগ্য।

৪। কি দহু—কিই বা। তেঁ দহুঁ—তাহাতে কি। অসময়ে যদি বৃষ্টি হয়, তাহাতে কিই বা ফল? শীতান্তে যদি বস্ত্র পাওয়া যায়, তাহাতেই বা কি উপকার?

৫। নিবোধিয়—নিবদ্ধ করে, রচনা করে অর্থাৎ জ্বালে। রজনী গত হইলে দীপ জ্বালিয়া ফল কি? দিবাবসানে ভোজনেই বা উপকার কি! যুবতীর যৌবন যদি যায়, তাহার প্রীতিতে কান্তের বা কি ফল?

৬। অছইতে—থাকিতে। ভোগয়—ভোগ করে। তা—তাহার। নিরাপন—আপন নহে। ধন থাকিতেও যে ব্যক্তি সেই ধন উপভোগ করে না, তাহার মনে শেষে পশ্চাত্তাপ হয়। যৌবন ও জীবন নিতান্তই আপনার নহে; চলিয়া গেলে আর কখনও ফিরিয়া আসে না।

৭১

লোচন ধায়ে ফেধায়ল
হরি নহি আয়ল রে।
শিব শিব জীবও ন যায়
আশে অরুঝায়ল রে ॥ ১ ॥
মন করি তঁহা উড়ি যাইয়
যঁহা হরি পাইয় রে।
পেম পরশমণি জানি
আনি উর লাইয় রে ॥ ২ ॥
স্বপনহু সঙ্গম পাওল
রঙ্গ বড়াওল রে।
সে মোর বিহি বিঘটাওল
নিন্দও হরায়ল রে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি গাওল
ধনি ধৈরয কর রে।
অচিরে মিলতি তোহি বালহু
পূরত মনোরথ রে ॥ ৪ ॥

৭২

অবিরল পড়য় মদন শরধারা।
একল দেহ কত সহত হমারা ॥ ১ ॥
স্বপনেহু তিল এক তহ্নি সঞো রঙ্গে।
নিন্দ বিদেশল তহ্নি পিয়া সঙ্গে ॥ ২ ॥
কাহু কান লাগি কহিহি ভমরা।
তোঞে জানসি দুখ অহনিশি হমরা ॥ ৩ ॥
অথবা বোলি কহব মোরি সেবা।
তীরথ জানি জল অঞ্জুলি দেবা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
রায় শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

১। ধায়ে—ধাবিত হইয়া। ফেধায়ল—ধাবমান হইল। জীবও—জীবনও। অরুঝায়ল—জড়াইল।

২। লাইয়—রাখি।

৩। সঙ্গম—মিলন, সাক্ষাৎ। বিঘটাওল—মন্দ ঘটাইল। নিন্দও—নিদ্রাও।

৪। বালহু—বল্লভ।

১। পড়য়—পড়িতেছে। একল—একেলা। সহত—সহিবে।

২। বিদেশল—বিদেশে গমন করিল। তহ্নি—তিনি, সেই।

৩। কান লাগি—কানের কাছে লাগিয়া অর্থাৎ কানে কানে। কহিহি—কহিবি।

৪। সেবা—নিবেদন। তীরথ—তীর্থ। দেবা—দিবে।

৭৩

নউমী দশা দেখি গেলাহে নড়ায়ে।
দশমী দশা উপগতি ভেলি আয়ে ॥ ১ ॥
সেহ অরজল অপযশ অপকার।
হমে জীবে অঙ্গিরল যম বণিজার ॥ ২ ॥
আবে সুখে কহ্নাই করথু বিদেশ।
সুমরি জলাঞ্জলি দিহুথি সন্দেশ ॥ ৩ ॥
বহ মলয়ানিল ঝর মকরন্দ।
উগও সহস দশ দারুণ চন্দ ॥ ৪ ॥
করও কমল বন কেলি ভমরা।
আবে কি ভল মন্দ হোয়ত হমরা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নিরদয় কন্ত।
এহি সোঁ ভল বরু জীবক অন্ত ॥ ৬ ॥

৭৪

কমল শুখায়ল ভমর নহি আব।
পথিক পিয়াসল পানি ন পাব ॥ ১ ॥
দিন দিন সরোবর হোই অগারি।
অবহু নই বরিষই মহী ভর বারি ॥ ২ ॥
যদি তোঁহে বরিষই সময় উপেখি।
কি ফল পাওব দিবস দীপ লেখি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অসময় বাণী।
মুরুছল জীবয় চুরু এক পানি ॥ ৪ ॥

৭৫

কুসুমে রচল শেয মলয়জ পঙ্কজ
পেয়সী সুমুখী সমাজে।
কত মধু মাস বিলাসে গমাওল
অব পর কহইতে লাজে ॥ ১ ॥

১। নউমী দশা—বিরহের নবমী দশা অর্থাৎ মূর্চ্ছা। নড়ায়ে—ফেলিয়া। দশমী দশা—মৃত্যু। উপগতি—উপগত, আগত।

২। বণিজার—বণিক্, সদাগর।

৩। করথু বিদেশ—বিদেশে বাস করুক। সুমরি—স্মরণ হইলে অর্থাৎ মনে পড়িলে। দিহুথি—দিবে।

২। অগারি—অগভীর। বরিষই—বর্ষণ করে। মহী ভর—পৃথিবী ভরিয়া।

৩। বরিষব—বর্ষণ করিবে। উপেখি—উপেক্ষা করিয়া। লেখি—লেশি অর্থাৎ জালিয়া।

৪। মুরুছল—মূর্চ্ছিত। চুরু—অঞ্জলি।

১। অব পর—এখন পরকে।

সখি হে দিন জনু কাহু অবগাহে।
সুরতরু তর সুখে জনম গমাওল
ধুতুরা তর নিরবাহে ॥ ২ ॥
দখিন পবন সৌরভ উপভোগল
পিউল অমিয় রস সারে।
কোকিল কলরব উপবন পূরল
তহ্নি কত কয়ল বিকারে ॥ ৩ ॥
পাতহি সঞো ফুল ভমরে অগোরল
তরুতর লেলহ্নি বাসে।
সে ফল কাটি কীটে উপভোগল
ভমরা ভেল উদাসে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি কলিযুগ পরিণতি
চিন্তা জনু কর কোই।
অপন করম অপনে পএ ভুঞ্জিয়
জঞো জনমান্তর হোই ॥ ৫ ॥

৭৬

সরসিজে বিনু সর সর বিনু সরসিজ
কি সরসিজ বিনু সুরে।
যৌবন বিনু তন তনু বিনু যৌবন
কি যৌবন পিয় দূরে ॥ ১ ॥
সখি হে মোর বড় দৈব বিরোধী।
মদন বেদন বড় পিয়া মোর বোল ছড়
অবহুঁ দেহে পরবোধি ॥ ২ ॥
চৌদিশ ভমর ভম কুসুমে কুসুমে রম
নীরসি মাজরি পীবই।
মন্দ পবন বহ পিক কুহু কুহু কহ
শুনি বিরহিণী কইসে জীবই ॥ ৩ ॥

২। কাহু—কাহাকেও। অবগাহে—জানে।

৩। উপভোগল—উপভোগ করিল। পিউল—পান করিল। তহ্নি—তিনি, সে।

৪। পাতহি—পড়িতেই, আরম্ভ হইতেই। লেলহ্নি—লইলেন।

১। বিনু—বিনা। সর—সরোবর। সুরে—সূর্য্য। যাহার প্রিয়তম দূরে, তাহার যৌবনেই বা প্রয়োজন কি?

২। দৈব—বিধাতা। বোল—কথা। ছড়—ছাড়িল। দেহে—দিতেছে। পরবোধি—প্রবোধ।

৩। মাজরি—মঞ্জরী। ভ্রমর সকল চারিদিকে প্রতি কুসুমের সহিত বিলাস করিয়া মঞ্জরী নীরস করতঃ মধুপান করিতেছে। পবন মন্দ মন্দ বহিতেছে, কোকিল কুহু কুহু শব্দ করিতেছে, ঐ সমস্ত দেখিয়া শুনিয়া বিরহিণী কেমন করিয়া প্রাণ ধরিবে।

সিনেহ অছল যত হম ভেল ন টুটত
বড় বোল যত সবেই থিরে।
অইসন কএ বোল দহু নিজ সীম তেজি কহু
উছলু পয়োনিধি নীরে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি অরে রে কমলমুখি
গুণগাহক পিয় তোরা।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সহজে একো নহি ভোরা ॥ ৫ ॥

৭৭

কুন্দ কুসুম ভরি শেষ শোহাওন
চান্দ উজোরিয়ে রাতি।
তিল এক সুপহু সমাগম পাওল
মাস বরখ ভেল শাতি ॥ ১ ॥
হরি হরি পুনু কইসে পলটি মধুরপুর যায়ব
পুনু কইসে ভেটত মুরারি।
চিন্তা জাল পড়লি হরিণী সনি
কি করব বিরহিণী নারী ॥ ২ ॥
এক ভমর ভমি বহুল কুসুম রমি
কতহু ন কেও কর বাধ।
বহুবল্লভ সঞো সিনেহ বঢ়াওল
পড়ল হমর অপরাধ ॥ ৩ ॥
দিবসে দিবসে বেয়াধক অধিকায়ল
দারুণ ভেল পচবাণ।
আওর বরখ কত আশে গমাওব
সংশয় পড়ল পরাণ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনু বর যৌবতি
মন চিন্তা কর ত্যাগ।
অচির মিলত হরি রহু ধৈরয ধরি
সুদিনে পলটত ভাগ ॥ ৫ ॥

৪। অছল—আছিল। হম ভেল—আমার ধারণা ছিল। থিরে—স্থির। বোল দহু—বলে। কহু—কভু। উছলু—উদ্বেলিত।

১। উজোরিয়ে—উজ্জ্বল। শাতি—শান্তি।

২। হরি হরি—আক্ষেপে।

৩। বাধ—বাধা।

একই ভ্রমর ঘুরিয়া ঘুরিয়া অনেক কুসুমে বিহার করে, তাহাতে কেহ কোথাও বাধা দেয় না; বহুবল্লভের সহিত প্রেম করিয়া আমিই মাত্র অপরাধী হইলাম।

৪। বেয়াধক—ব্যাধের। অধিকায়ল—অধিক হইল।

৫। পলটত—ফিরিয়া আসিবে। ভাগ—ভাগ্য।

৭৮

সখি হে কতহু ন দেখিয় মধাই।
কাঁপ শরীর থির নহি মানস
অবধি নিয়র ভেল আই ॥ ১ ॥
মাধব মাস তিথি ভউ মাধব
অবধি কইএ পিয়া গেলা।
কুচযুগ শম্ভু পরশি করে বোললহি
তেঁ পরতীত মোহি ভেলা ॥ ২ ॥
মৃগমন্দ চন্দন পরিমল কুঙ্কুম
কে বোল শীতল চন্দা।
পিয়া বিশলেখে অনল জঞো বরিষয়
বিপতি চিহ্নিয় ভল মন্দা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
চিতে জনু ঝাঁখহ আজে।
পিয় বিশলেষ কলেশ মেটায়ত
বালম বিলসি সমাজে ॥ ৪ ॥

৭৯

সাহর মঞ্জর ভমর গুঞ্জর
কোকিল পঞ্চম গাব।
দখিণ পবন বিরহ বেদন
নিঠুর কন্ত ন আব ॥ ১ ॥
সাজনি রচহ সেহে উপায়।
মধু মাস জঞো মাধব আবয়
বিরহ বেদন যায় ॥ ২ ॥
অছল অনঙ্গ ভেল অনঙ্গজ
ধনু ধাবল হাথ।
নাহ নিরদয় তেজি পলায়ল
ওড়ল হমর মাথ ॥ ৩ ॥

১। অবধি—ফিরিবার শেষ দিন। নিয়র—নিকট। আই—আজি।

২। ভউ—হইল। বোললহি—বলিলেন। পরিতীতি—প্রতীতি।

৩। বিশলেখ—বিশ্লেষ, বিচ্ছেদ। চিহ্নিয়—চিনি।

৪। ঝাঁখহ—শোক কর। কলেশ—ক্লেশ।

১। সাহর—সহকার। মঞ্জর—মুঞ্জরিত। গুঞ্জর—গুঞ্জন করে। গাব—গায়।

২। জঞো—যেন।

৩। ধাবল—তাড়া করিল। ওড়ল—ধরাইয়া দিল।

এক বেরি হর ভসম কএলাহে
দুসহ লোচন আগি।
পুনু অহির কুল জনম লেলহ
বিরহী বধয়ে লাগি ॥ ৪ ॥
জঞো তোহি পাবও অরে বিধাতা
বাঁধি মেলও অন্ধ কূপ।
যাহেরি নাহ বিচখণ নহি
তাকে কাঁ দিয় রূপ ॥ ৫ ॥
আনকই রূপ হিত পএ করয়
হমর ই ভেল কাল।
দিনে দিনে দুখ সহয় ন পারিয়
পড়য় অধিক ভার ॥ ৬ ॥

৮০

প্রথমহি উপজল নব অনুরাগে।
মন কর প্রাণ ধরিয় তসু আগে ॥ ১ ॥
আব দিনে দিনে ভেল পেম পুরানে।
ভুগুতল কুসুম সুরভি কর আনে ॥ ২ ॥
হরিকে কহব সখি হমরি বিনতি।
বিসরি ন যাইয় পুরুব পিরীতি ॥ ৩ ॥

৪। হর—মহাদেব। অহির—আভীর, গোপ।
৫। মেলও—ফেলিয়া দিই। যাহেরি—যাহার। কাঁ—কেন। ৬। আনকই—অন্যের।

সহকার মুঞ্জরিত হইয়াছে, ভ্রমর গুঞ্জন করিতেছে, কোকিল পঞ্চমে গান গাহিতেছে, দক্ষিণ পবনে বিরহ দুঃসহ হইয়া উঠিয়াছে কিন্তু নিষ্ঠুর কান্ত আসিতেছে না। সখি, সে উপায় আমাকে বল, যাহাতে মধু মাসে মাধব আসিয়া আমার বিরহ-বেদনা দূর করে। আগে মদন দেহী ছিল, এখন কিন্তু দেহহীন (অনঙ্গ) হইয়াও ধনু হাতে করিয়া তাড়া করিয়াছে, নির্দ্দয় নাথ মদনের ভয়ে নিজে পলায়ন করিল কিন্তু আমাকে ধরাইয়া দিল। একবার মহাদেব দুঃসহ লোচনাগ্নিতে মদনকে বধ করিয়াছিলেন; এখন পুনরায় বিরহিণীকে বধ করিবার জন্য সে গোপগৃহে জন্মগ্রহণ করিয়াছে। ওরে বিধাতা, যদি একবার তোকে পাই, তাহা হইলে বাঁধিয়া অন্ধকূপে নিক্ষেপ করি। যাহার স্বামী বিচক্ষণ নয়, তাহাকে কেন রূপ দিয়াছ! অপরের রূপ হিতের জন্য, কিন্তু আমার রূপ কাল হইল। আর দুঃখ সহ্য করিতে পারিতেছি না, দিন দিন অধিক ভার হইয়া পড়িতেছে।

১। মন কর—মনে করিলাম।
২। আব—এখন। ভুগুতল—ভুক্ত।

রভস সময় পিয়া যত কহি গেলা।
অধরাহু আধ সেহও দূর ভেলা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহো রস ভানে।
রায় শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৮১

কি পুছসি মোহে নিদান।
কহইতে দহই পরাণ ॥ ১ ॥
তেজল গুরুকুল সঙ্গ।
পূরল দুকুল কলঙ্ক ॥ ২ ॥
বিহি মোরে দারুণ ভেল।
কানু নিঠুর ভই গেল ॥ ৩ ॥
হম অবলা মতিবামা।
ন গণলো ইহ পরিণামা ॥ ৪ ॥
কি করব ইহ অনুযোগ।
অপন করমক দোখ ॥ ৫ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
তুরিতে মিলায়ব কান ॥ ৬ ॥

৮২

সুরতরুতল যব ছায়া ছোড়ল
হিমকর বরিখয় আগি।
দিনকর দিন ফলে শীত ন বারল
হম জীয়ব কথি লাগি ॥ ১ ॥
সজনি অব নহি বুঝিয়ে বিচার।
ধনকা আরতি ধনপতি ন পূরল
রহল জনম দুখভার ॥ ২ ॥
জনমে জনমে হরগৌরী অরাধল
শিব ভেল শকতি বিভোর।
কাম ধেনু কত কৌতুকে পূজলোঁ
ন পূরল মনোরথ মোর ॥ ৩ ॥

৪। রভস—আনন্দ। অধরাহু আধ—অর্দ্ধেকের অর্দ্ধেক।
১। নিদান—শেষ, চরম অবস্থা। দহই—দগ্ধ হয়।
৪। মতিবামা—হীনবুদ্ধি।
৬। তুরিতে—সত্বর।
১। বরিখয়—বর্ষণ করে। দিন ফলে—কিরণের উত্তাপে।
২। ধনকা আরতি—ধনের প্রার্থনা।
৩। অরাধল—আরাধনা করিলাম। শিব ভেল শকতি বিভোর—শিব শক্তিতে বিভোর হইয়াছিলেন, অতএব আমার আরাধনায় নিশ্চয় তাঁহার চিত্ত আকৃষ্ট হয় নাই, নহিলে আমার এত দুঃখ কেন?
৩। পূজলোঁ—পূজা করিলাম।

অমিয়া সরোবরে সাথে সিনায়লোঁ।
সংশয় পড়ল পরাণ।
বিহি বিপরীত কিয়ে ভেল
ঐসন বিদ্যাপতি পরমাণ ॥ ৪ ॥

৮৩

মধুপুর মোহন গেল রে
মোরা বিহরত ছাতি।
গোপী সকল বিসরলনি রে
যত ছল অহিবাতী ॥ ১ ॥
শুতলি ছলহুঁ অপন গৃহ রে
নিন্দই গেলউ স্বপনাই।
করসে ছুটল পরশমণি রে
কোন গেল অপনাই ॥ ২ ॥
কত কহবো কত সুমিরব রে
হম ভরিয় গরাণী।
আনক ধন সোঁ ধনবতী রে
কুবজা ভেলি রাণী ॥ ৩ ॥
গোকুলচাঁদ চকোরল রে
চোরী গেল চন্দা।
বিছুড়ি চললি দুহু জোড়ি রে
জীব দই গেল ধন্ধা ॥ ৪ ॥
কাক ভাষ নিজ ভাষহ রে
পহু আওত মোরা।
ক্ষীরি খাড় ভোজন দেব রে
ভরি কনক কটোরা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাওল রে
ধৈরষ ধর নারি।
গোকুল হোয়ত শোহাওন রে
ফেরি মিলত মুরারি ॥ ৬ ॥

৮৪

প্রথম সমাগম ভেল রে।
হঠন রয়নী বিতী গেল রে ॥ ১ ॥
নব তনু নব অনুরাগ রে।
বিনু পরিচয় রস মাগ রে ॥ ২ ॥
শৈশবে পহু তেজি গেল রে।
যৌবন উপগত ভেল রে ॥ ৩ ॥
অব ন জীয়ব বিনু কন্ত রে।
বিরহে জীব ভেল অন্ত রে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ভান রে।
সুপুরুষ গুণক নিধান রে ॥ ৫ ॥

৮৫

সখি মোর পিয়া।
অবহুঁ ন আওল কুলিশ হিয়া ॥ ১ ॥
নখর খোয়ায়ল দিবস লিখি লিখি।
নয়ন অন্ধায়ল পিয়া পথ পেখি ॥ ২ ॥
যব হম বালা পরিহরি গেলা।
কিয়ে দোষ কিয়ে গুণ বুঝই ন ভেলা ॥ ৩ ॥
অব হম তরুণী বুঝল রস ভাষ।
হেন জন নহি মোর কহে পিয়া পাশ ॥ ৪ ॥
আয়ব হেন কহি মোর পিয়া গেলা।
পূরবক যত গুণ বিসরিত ভেলা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন অব রাই।
কানু সমুঝাইতে অব চলি যাই ॥ ৬ ॥

৮৬

যৌবন রূপ অছল দিন চারি।
সে দেখি আদর কয়ল মুরারি ॥ ১ ॥
আব ভেল ঝাল কুসুম সবে ছুছ।
বারি বিহুন সব কেও নহি পুছ ॥ ২ ॥
হমরি এ বিনতী কহব সখি রোয়।
সুপুরুষ বচন অফল নহি হোয় ॥ ৩ ॥

৪। সিনায়লোঁ—স্নান করিলাম।

১। বিহরত—বাহির হইতেছে। ছাতি—বক্ষ, হৃদয়। বিসরলনি—বিস্মৃত হইলেন। অহিবাতী—প্রিয়, আদরিণী।

২। ছলহুঁ—ছিলাম। নিন্দই—নিদ্রিত হইয়া। গেলউ—গেলাম। করসে ছুটল—হাত হইতে চলিয়া গেল।

৩। গরাণী—গ্লানি, ঘৃণা, লজ্জা।

৪। চকোরল—চকোরত্ব প্রাপ্ত হইল। বিছুড়ি—পৃথক্ করিয়া। জীব—জীবন।

৫। ভাষ—কথা। ভাষহ—কহ। ক্ষীরি—ক্ষীর। খাড়—খাঁড়, গুড়।

১। হঠন—হঠতায়। বিতী—অতীত হইয়া, কাটিয়া।
উপগত—উপনীত।
খোয়ায়ল—ক্ষয় করিলাম
অন্ধ করিলাম।
বুঝই ন ভেলা—বুঝিতেই পারিলাম না।
ঝাল—কটু। ছুছ—অস্পৃশ্য। বিহুন—বিহনে
অফল—নিষ্ফল।

যাবে রহই ধন অপন হাথ।
তাবে সে আদর কর সব সাথ ॥ ৪ ॥
ধনীকহি আদর সব তঁহ হোয়।
নিরধন বাপুর পুছয় ন কোয় ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রাখব শীল।
যো জগ জীবিয় নব বিধি মিল ॥ ৬ ॥

৮৭

প্রেমক অঙ্কুর জাত আত ভেল
ন ভেল যুগল পলাশা।
প্রতিপদ চাঁদ উদয় যৈসে যামিনী
সুখ লব তৈ গেল নিরাশা ॥ ১ ॥
সখি হে অব মোহে নিঠুর মধাই।
অবধি রহল বিসরাই ॥ ২ ॥
কে জান চাঁদ চকোরিণী বঞ্চব
মাধব মধুপ সুজান।
অনুভবি কানু পিরীতি অনুমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ ॥ ৩ ॥
পাপ পরাণ আন নহি জানত
কানু কানু করি ঝুর।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
গোবিন্দদাস রস পূর ॥ ৪ ॥

৮৮

মোহি তেজি পিয়া মোর গেলহ বিদেশ।
কোন পরি খেপব বারি বয়েস ॥ ১ ॥
শেষ ভেল পরিমল ফুল ভেল বাস।
কতয় ভমর মোর পরল উপাস ॥ ২ ॥
সুমরি সুমরি চিত নহি রহ থির।
মদন দহন তনু দগধ শরীর ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি কবি জয় রাম।
কি করত নাহ দৈব ভেল বাম ॥ ৪ ॥

৪। যাবে—যত দিন। তাব—ততদিন।
৫। বাপুর—বেচারা।
১। জাত—জন্মিবামাত্রই। আত—আতপদগ্ধ, রৌদ্রদগ্ধ। যুগল পলাশা—নবোদ্গম পত্রদ্বয়। লব—কণামাত্র। ৩। বঞ্চব—বঞ্চনা করিবে।
৪। ঝুর—ঝরে, শোকাশ্রু ঝরে।
১। কোন পরি—কেমন করিয়া। খেপব—ক্ষেপণ করিব, কাটাইব। বারি—বালা, কিশোরী। বয়েস—বয়স।
২। কতয়—কোথায়। উপাস—উপবাসী।
। সুমরি—স্মরণ করিয়া। দহন—দগ্ধ করে।

৮৯

সাঁঝহি নিজমুখপ্রেম পিয়াই।
কমলিনী ভমরা রাখল ছিপাই ॥ ১ ॥
শেষ ভেল পরিমল ফুল ভেল বাসে।
কতয় ভমরা মোর পরল উপাসে ॥ ২ ॥
ভমি ভমি ভমরী বালভু নিজ খোজে।
মধু পিবি মধুকর শুতল সরোজে ॥ ৩ ॥
নই ফুল কহেস নই উগই ন সুরে।
সিনেহে নহি যায় জীব সৌ মোরে ॥ ৪ ॥
কেও নহি কহে সখি বালমু বাতে।
রয়নী সমগিম ভই পেল প্রাতে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনিয়ে ভমরী।
বালভু অছি তোর অপনহি নগরী ॥ ৬ ॥

৯০

বিনু দোষে পিয় পরিহরি গেল।
যৌবন জনম বিফল ভেল ॥ ১ ॥
জগতে জনমি সখি হম সনি।
নহি ধনী দোসরী করমহীনি ॥ ২ ॥
হরি সঙ্গ কয়ল রভস যত।
বিশলেখে বিষ সন ভেল তত ॥ ৩ ॥
নিরবধি বিরহ পয়োনিধি।
কতহু মরণ নহি দেল বিধি ॥ ৪ ॥
বিরহ দহন হো তন অতি।
মনোরথ মনহি রহল কতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ গুণবতি।
অচিরহি মিলত মধুরপতি ॥ ৬ ॥

১। সাঁজহি—সন্ধ্যাকালেই। নিজমুখপ্রেম—নিজের মুখের মধু। পিয়াই—পান করাইয়া। রাখল—রাখিল। ছিপাই—লুকাইয়া।
২। বাসে—বাসগৃহ।
৩। বালভু—বল্লভ। পিবি—পান করিয়া। সরোজে—সরোজের মধ্যে।
৪। উগই—উদিত হয়। সুরে—সূর্য্য। সিনেহে—স্নেহেও। জীব—জীবন। সৌ—সে।
৫। বাতে—কথা, সম্বাদ।
২। সনি—মত, সম। দোসরী—দ্বিতীয়া। করমহীনি—অভাগিনী।
৩। বিশলেখে—বিচ্ছেদে, বিরহে। সন—তুল্য। তত—যে সকল। ৪। কতহু—কেন।
৫। হো—হইতেছে। কতি—কত।
৬। অচিরহি—অচিরেই, শীঘ্রই।

৯১

পহিল বয়স মোর ন পূরল সাধে।
পরিহরি গেল পিয়া কওন অপরাধে ॥ ১ ॥
হম অবলা দুখ সহয় ন যায়।
বিরহ দারুণ দুজে মদন সহায় ॥ ২ ॥
কোকিল কলরবে মতি ভেল ভোরা।
কহ জানি সজনি কওন গতি মোরা ॥ ৩ ॥
ঐসন সখিরি করম কিয়ে ভেল।
বিদ্যাপতি কহ হোয়ব পুন মেল ॥ ৪ ॥

৯২

উর হার ন চীর চন্দন দেলা।
সে অব নদী গিরি আঁতর ভেলা ॥ ১ ॥
পিয়াক গরবে হম কাহু ন গণলা।
সে পিয়া বিনা মোহে কে কি ন কহলা ॥ ২
বড় দুখ রহল মরমে।
পিয়া বিসরল জঞো কি অরু জীবনে ॥ ৩।
পূরব জনমে বিহি লিখল ভরমে।
পিয়াক দোখ নহি যে ছল করমে ॥ ৪ ॥
আন অনুরাগে পিয়া আন সে গেলা।
পিয়া বিনা পাঁজর ঝাঁঝর ভেলা ॥ ৫ ॥
ভণয় বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ ধর চিতে মিলব মুরারি ॥ ৬ ॥

৯৩

জলউ জলধি জল মন্দা।
যঁহা বসে দারুণ চন্দা ॥ ১ ॥
বচন নহি কে পরমাণে।
সময় ন সহ পচবাণে ॥ ২ ॥
কামিনী পিয়া বিরহিণী।
কেবল রহলি কহিনী ॥ ৩ ॥
অবধি সমাপিত ভেলা।
কইসে হরি বচন চুকলা ॥ ৪ ॥
নিঠুর পুরুষ পিরীতি।
জীব দএ সন্তব যুবতী ॥ ৫ ॥
নিচল নয়ন চকোরা।
ঢলিয়ে ঢলিয়ে পল নোরা ॥ ৬ ॥
পথয়ে রহঞো হেরি হেরি।
পিয়া গেল অবধি বিসরি ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাবে।
পুণফলে সুপুরুষ কি নহি পাবে ॥ ৮ ॥

কেও সুখে শুতয় কেও দুখে জাগ।
অপন অপন থিক ভিন ভিন ভাগ ॥ ১ ॥
কি করতি অবলা ন চেতয় হার।
একহি নগর রে বহুত বেবহার ॥ ২ ॥
মাজরী তোড়ি ভমর মধু পিব।
সে দেখি পথিক কণ্ঠাগত জীব ॥ ৩ ॥
কন্তা কন্ত মনোরথ পূর।
বিরহিণী বিরহে বেয়াকুলি ঝুর ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ এহু রস জান।
রায় শিবসিংহ রূপিণী দেবী রমাণ ॥ ৫ ॥

১। পহিল বয়স—প্রথম বয়স অর্থাৎ কিশোর অবস্থায়

২। দুজে—দ্বিতীয়, তাহার উপর।

৩। ভোরা—বিহ্বল।

১। উর—বক্ষে। পাছে মিলনে ব্যবধান হয়, এই জন্য যে বক্ষে হার, বস্ত্র বা চন্দন দিত না, সে এখন পর্ব্বত ও নদী অতিক্রম করিয়া দূরে গিয়াছে।

২। কাহু ন গণলা—কাহাকেও গণনা করিতাম না। কে কি ন কহল'—কে কি না বলে।

৩। অরু—আর।

৪। লিখল ভরমে—ভ্রমবশতঃ সুখ লিখিয়াছিল।

৫। আন—অন্য রমণীর। আন—অন্য দেশে।

১। জলউ—জলিয়া যাক, পুড়িয়া যাক। যঁহা—যেখানে। বসে—বাস করে।

২। কে—কোন। পরমাণে—প্রমাণ।

৩। কহিনী—কথা।

৪। অবধি সমাপিত ভেলা—আসিবার সীমা অতীত হইয়া গেল। চুকলা—চুক, ভুল করিল।

৫। জীব দএ—জীবন দিয়া। সন্তব—সন্তাপিত করে।

৬। নিচল—নিশ্চল। পল—পড়িতেছে। নোরা—অশ্রু।

১। কেও—কেহ। শুতয়—নিদ্রা যায়। ভিন ভিন ভাগ—ভিন্ন ভিন্ন ভাগ্য। থিক—হয়।

২। করতি—করিবে। ন চেতয় হার—হার পর্য্যন্ত সামলায় না।

৩। মাজরী—মঞ্জরী। তোড়ি—ভাঙিয়া।

৪। ঝুর—ঝুরিতেছে, কাঁদিতেছে।

৯৫

চাঁদ উগল হম দেখল সজনী গে
দেখি বিকল মন হোয়।
এহন বিধাতা নিরদয় সজনী গে
পরদেশ পহু রহু সোয়॥ ১॥
চীর চিকুর সাজি রাখল সজনী গে
যুথী জোগাওল আজ।
বালভু বিনু কইসে জীয়ব সজনী গে
আব জীবন কোন কাজ॥ ২॥
অজহি উপজ অধর রস সজনী গে
ইহো থিক বিরহক আধি।
ভণই বিদ্যাপতি গাওল সজনী গে
ঔখধে নই ছুট বেয়াধি॥ ৩॥

৯৬

যেহে লতা লঘু লায় কহ্নাই।
জল দএ দএ কিছু গেলা হে বঢ়াই॥ ১॥
সে আবে ভরে কুসুমিত তেল আই।
পরিমল পসরল দশ দিশ যাই॥ ২॥
পিয়াকে কহব পিক সুললিত বাণী।
রভসক অবসর দুরজন জানি॥ ৩॥
হঠে অবধারি বিলম্ব নহি সহই।
ফুললা ফুল মধু বসি নহি রহই॥ ৪॥

১। উগল—উদিত হইল। গে—লো। সোয়—সেই।

২। সাজি—সাজাইয়া, বিন্যাস করিয়া। বালভু—বল্লভ।

৩। উপজ—উথলিত। থিক—হয়। নই—না। ছুট—যাইবে।

সজনি, চাঁদ উঠিতে দেখিয়া আমার মন বিকল হইল। সজনি, বিধাতা এমন নির্দ্দয় যে, এ সময় প্রভু বিদেশে রহিয়াছেন, বস্ত্র ও কেশ সাজাইয়া রাখিয়াছি, আজ যুথী পুষ্পও আহরণ করিয়া রাখিয়াছি; সজনি, বল্লভ বিহনে কেমন করিয়া জীবন ধারণ করিব, এখন আর জীবনে প্রয়োজন কি? দেহে ও অধরে রস উথলিত হইতেছে, ইহাই বিরহের পীড়া। বিদ্যাপতি বলিতেছে ওলো সজনি, ঔষধে এ ব্যাধি যাইবে না।

১। লঘু—ক্ষুদ্র। লায়—লাগাইয়া।

৪। ফুললা ফুল—প্রস্ফুটিত পুষ্প। বসি—বসিয়া থাকা। ফোটা ফুলে অধিকক্ষণ মধু থাকে না।

৯৭

কত কত সখি মোহে বিরহে
তৈ গেল তিতা।
গরল ভখি মোঞে মরব
রচি দেহে মোর চিতা॥ ১॥
সুরসরি তীরে শরীর তেজব
সাধব মনক সিধি।
দুলহ পহু মোর সুলহ হোয়ব
অনুকুল হোয়ব বিধি॥ ২॥
কি মোঞে পাঁতি লিখি পঠাওব
তোহে কি কহব সন্দেশে।
দশমী দশা পর যব হম হোয়ব
টুটব সবহু বিষাদে॥ ৩॥
অরু বচন কহিয় সুন্দরি
সহজে পুরুখ ভোরা।
নারী পরখি নেহ বঢ়াবয়
শুনহ পুরুখ থোরা॥ ৪॥
যৌ পাঁচশরে মরমে হানয়
থির ন রহব গেয়ানে।
সুতীরিথে মজি নোহে অনুসরি
করব জলদানে॥ ৫॥
বিদ্যাপতি কবি কহই সুন্দরি
বিরহ হোয়ব সমধানে।
জলনিধিময় কহ্নাই কামতিরিথ
করব জলদানে॥ ৬॥

২। সুরসরি—সুরসরিৎ, গঙ্গা। সিধি—সিদ্ধি। দুলহ—দুর্লভ। সুলহ—সুলভ।

৩। পাঁতি—পত্র। দশমী দশা পর—যখন আমার শেষ অবস্থা হইবে, মৃত্যু হইবে।

৪। ভোরা—ভোলা। পরখি—পরোক্ষে, অনুপস্থিতিতে। শুনহ—শুনা যায়।

৫। যৌ—যখন। অনুসরি—উদ্দেশে। সুতীরিথে—সুতীর্থে। মজি—মগ্ন হইয়া।

৬। কামতিরিথ—কামতীর্থে।

সখি, কত দীর্ঘবিরহে আমার মন তিক্ত হইয়া গেল। চিতা সজ্জিত করিয়া দাও, আমি বিষ পান করিয়া প্রাণত্যাগ করিব। গঙ্গাতীরে শরীর ত্যাগ করিয়া মনের সিদ্ধি সাধন করিব; তাহা হইলে বিধি অনুকূল হইয়া দুর্লভ প্রভুকে সুলভ করিয়া দিবে। তাঁহাকে পত্র লিখিয়া পাঠাইয়াই বা কি হইবে—তোকে সংবাদই বা কি বলিব, যখন আমার শেষ অবস্থা হইবে, তখন সব বিবাদই মিটিয়া যাইবে।

৯৮

যহি দেশ পিক মধুকর নহি গুঞ্জর
কুসুমিত নহি কাননে।
ছও ঋতু মাস ভেদ নহি জানয়
সহজহি অবল মদনে॥ ১॥
সখি হে সে দেশ পিয়া গেল মোরা।
রসবতী বাণী যতয় ন জানিয়
সুনিয় পেম বড় থোরা॥ ২॥
কহলিও কহিনী যতয় ন বুঝয়
কি করন্তি অঙ্গিত কাজে।
কঞোন পরি ততয় রতল অছ বালতু
নিতয় নিগুণ সমাজে॥ ৩॥
হম অপনাকে ধিক কয় মানল
কি কহব তহ্কিকি বড়াই।
কি হমে গরুবি গমারি সব তহ
কি রতি বিরত কহাই॥ ৪॥

৯৯

প্রথমহি বিহি সিনেহ বঢ়াওল
যে বিধি উপজায়ে।
সে আলে হঠে বিঘটাওল
দূষণ কঞোন মোর পায়ে॥ ১॥

এ সখি হরি সমুঝায়ব
করি মোর পরথাব।
তহিকে বিরহে মরি যায়ব
তিরিবধ কঞোন আব॥ ২॥
জীবন থির নহি অখিকএ
যৌবন তহু থোর।
বচন অপন নিরবাহিয়
নহি করিয় ওর॥ ৩॥

১০০

পিয়া সঞো কহব ভমরবর
পলটি আওব সেহে দেশ।
আয়ে দেখবি নিজ ভাবিনী
তঞো বরু যায়ব বিদেশ॥ ১॥
শৈশব সময় বহিয়ে গেল
যৌবন তনু লেল বাস।
তহিহু তোরিত চলি যায়ব
পূরয়ে রহতি মোরি আশ॥ ২॥
দিনে দিনে ঝখইতে খীণ তনু
শুতঞো নলিনীদল লাগি।
চাঁদ ঐসন ছল শীতল
সেহও বহয়ে তনু আগি॥ ৩॥
মনমথ মন মথ সব তহু
সে শুনি হিয় মোর সাল।
বল্লভ হমর বিদেশে বস
তেঁহ যৌবন ভেল কাল॥ ৪॥

সুন্দরি, আর এক কথা সহজভোলা পুরুষকে বলিবে, নারী পুরুষের অনুপস্থিতিতেও স্নেহ বাড়াইয়া থাকে; কিন্তু শুনা যায় যে, পুরুষের স্নেহ স্বভাবতঃ অল্প। যখন পঞ্চশর আমার হৃদয়ে বাণ হানিবে, তখন আমার জ্ঞান থাকিবে না অর্থাৎ মরিব; তখন যেন তিনি সুতীর্থে স্নান করিয়া আমার উদ্দেশ্যে জলদান করেন। কবি বিদ্যাপতি বলিতেছে, সুন্দরি, তোমার বিরহের অবসান হইবে, জলনিধিময় কানাই আসিয়া কামতীর্থে জলদান করিবে।

১। সহজহি—স্বভাবতঃ। অবল—দুর্ব্বল।

৩। অঙ্গিত—ইঙ্গিত। কঞোন পরি—কেমন করিয়া। রতল—অনুরক্ত। বালতু—বল্লভ। নিতয়—নির্ভয়। নিগুণ—নির্গুণ।

৪। তহিকি—তাঁহার। বড়াই—মহত্ত্ব। রতিবিরত—রতিবিমুখ।

১। বিঘটায়ল—ব্যাঘাত করিল। দূষণ—দোষ।

২। সমুঝায়ব—বুঝাইবে। পরথাব—প্রস্তাব। তিরিবধ—স্ত্রীবধ। কঞোন আব—কাহাতে আসিবে অর্থাৎ কাহার লাগিবে?

৩। নিরবাহিয়—নির্ব্বাহ করিবে। ওর—সীমা।

১। আয়ে—আসিয়া। তঞো—তাহার পর।

২। শৈশবকাল চলিয়া গিয়াছে, যৌবন আমার দেহে বাস করিতেছে। তহিও—সেও। সেও (যৌবনও) সত্বর চলিয়া যাইবে, আমার আশা অপূর্ণ রহিয়া যাইবে।

৩। ঝখইতে—শোক করিতে। চাঁদও এমন শীতল ছিল কিন্তু সেও দেহে অগ্নি বর্ষণ করিতেছে।

৪। সব তহু—সকলের অপেক্ষা। মনমথ—মন্মথ, মদন। মন মথ—মনকে মথিত করিতেছে।

আমার বল্লভ বিদেশে বাস করিতেছে, সেই জন্য যৌবন আমার কাল হইল।

১০১

গুরুজন পরিজন কে নহি গঞ্জয়
কে নহি করয়ে বিগান।
অপন অপযশ যশ কয় মানল
হৃদয় ন ভাবল আন ॥ ১ ॥
সখি হে কানুকে কহবি সম্বাদ।
এত দিন প্রেম গুপুত কয় রাখল
অবহু ভেল পরমাদ ॥ ২ ॥
গুণ লাগি প্রাণ তৃণহু করি মানল
কি করব কুলবতী জাতি।
কহ কবিশেখর অনুভবে জানল
পিরীতিক বৈসন ভাঁতি ॥ ৩ ॥

১০২

আশক লতা লগাওল সজনি
নয়নক নীর পটায়।
সে ফল আবে তরুণিত ভেল সজনি
আঁচর তর নই সমায় ॥ ১ ॥
কাঁচ সাঁচ পহু দেখি গেল সজনি
তনু মন ভেল কুহ ভান।
দিন দিন ফল তরুণিত ভেল সজনি
অহু খণ ন করু গেয়ান ॥ ২ ॥
সভকের পহু পরদেশে বসি সজনি
আয়ল সুমরি সিনেহ।
হমর এহন পতি নিরদয় সজনি
নহি মন বাড়য় নেহ ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি গাওল সজনি
উচিত আওত গুণসাহ।
উঠি বধাব করু মন ভরি সজনি
অব আওত ঘর নাহ ॥ ৪ ॥

১। বিগান—নিন্দা। আন—অন্যরূপ।
১। গুপুত—গুপ্ত, গোপন। অবহু—এখন।
৩। তৃণহু—তৃণতুল্য।
১। নয়নক নীর পটায়—নয়নের জল সিঞ্চন করিয়া। আঁচর—অঞ্চলের। তর—তলায়। নই সমায়—প্রবেশ করে না, অঞ্চলে ঢাকা যায় না।
২। কাঁচ—কাঁচা। সাঁচ—সত্য। কুহ—কুয়াসা। ভান—মনে হয়। অহু খণ—এখন পর্য্যন্ত। ন করু গেয়ান—বুঝিতে পারে না।
৩। বসি—বাস করে। সুমরি—স্মরণ করিয়া।
৪। উচিত—ঠিক সময়ে। গুণসাহ—গুণাকর। বধাব—মঙ্গলগীত।

১০৩

আনহ কেতকীর পাত।
মৃগমদ মসি নখ কাপ ॥ ১ ॥
সবহি লিখবি মোরি নাম।
বিনতি দেবি সব ঠাম ॥ ২ ॥
সহি হে গইয়ে জনাবহ নাথ।
কর লিখন দয় হাত ॥ ৩ ॥
নাম লইতে পিয় তোর।
স্বর গদগদ করু মোর ॥ ৪ ॥
আঁতর জনু হো তোমার।
তেঁ দূর কর উর হার ॥ ৫ ॥
আবে ভেল নব গিরি সিন্ধু।
অবহু ন সমঝ সুবন্ধু ॥ ৬ ॥
বিধিগতি নহি পরকার।
সালয় শর কনিয়ার ॥ ৭ ॥
সুকবি ভণথি কণ্ঠহার।
কে সহ কাম পরহার ॥ ৮ ॥

১০৪

কানন ভমি ভমি কুহুক ময়ূর।
কট ভেল নিয়র কন্ত বড় দূর ॥ ১ ॥
কতি দূর মধুপুর কহ সখি জানি।
যহাঁ বস মাধব সারঙ্গপানি ॥ ২ ॥
শুনি অপবাষ্প কাঁপ মোর দেহ।
গরয় গরল বিষ সুমরি সিনেহ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ ধরি রহ মিলত মুরারি ॥ ৪ ॥

১০৫

সখি হে মোর যোলে পুছব কহ্নাই।
হমর শপথ থিক বিসরি ন যাইয়
গয়ে তেজি অবসর পাই ॥ ১ ॥

পাত—পাতা, পত্র। কাপ—কলম।
দেবি—দিবি, জানাইবি।
গইয়ে—গিয়া।
৫। আঁতর—অন্তর। জনু—না।
৬। সমঝ—সমঝায়, বুঝে।
৭। সালয়—বিদ্ধ করে। কনিয়ার—তীক্ষ্ণ।
১। ভমি—ভ্রমণ করিয়া। কুহুক—কেকা রব করে। কট—নির্দ্দিষ্ট সীমা।
সারঙ্গ—পদ্ম। ৩। অপবাষ্প—আশঙ্কার কথা। গরয়—গলিতেছে।
১। থিক—আছে। গয়ে—গমন করিলে।

যাহি সঞো পেম হঠহি হমে লাওল
হিত উপদেশ ন লেলা।
তৃণতরুবর ছায়াতর বৈসলাহু
যইসন উচিত সে ভেলা ॥ ২ ॥
একে হমে নারী গমারী সবহু তহ
দোসরে সহজ মতিহীনী।
অপনুক দোষ দৈবকে কি কহব
ও নহি ভেলাহে চিনি ॥ ৩ ॥
অকুলীন বোল নহি ওর ধরি নিরবহ
ধরয় অপন বেবহার।
আগিল দূর কর পাহিল চিত ধর
যইসন বড়ি কুসিয়ার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
চিতে জনু মানহ আনে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
সকল কলারস জানে ॥ ৫ ॥

১০৬

এহি জগ নারী জনম লেল।
পহিলহি বয়স বিসহ ভেল ॥ ১ ॥
কথি লয়ে দৈব জনম দেল।
কঠিন অভাগ হমর ভেল ॥ ২ ॥
অপনহি কমল ফুলায়ল।
তাহি ফুল ভমর লোভায়ল ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি গাওল।
উচিত পূরবিল ফল পাওল ॥ ৪ ॥

২। হঠহি—জিদ করিয়া। লাওল—ঘটাইলাম। লেলা—লইলাম। তৃণতরুবর—তালবৃক্ষ।

৩। গমারি—মূঢ়া। সবহু তহ—সকলের অপেক্ষা। দোসরে—দ্বিতীয়তঃ। সহজ—স্বভাবতঃ। ও—মাধব। চিনি—চেনা।

৪। ওর—সীমা। আগিল—আগের। পাহিল—প্রথম। কুসিয়ার—ইক্ষু।

১। জগ—জগতে। লেল—লইলাম।

২। কথি লয়ে—কিসের জন্য।

৩। ফুলায়ল—প্রস্ফুটিত হইল। তাহি—সেই। লোভায়ল—লুব্ধ হইল।

৪। পূরবিল—পূর্ব্ব জন্মের।

১০৭

নমিত অলকে বেঢ়লা
মুখকমল শোভে।
রাহু কি বাহু পসারলা
শশিমণ্ডল লোভে ॥ ১ ॥
মদন শরে মুরছলী
চিত চেতন বালা।
দেখলি সে ধনি হে
বাসি নিমালিনী মালা ॥ ২ ॥
কলস কুচ লোটাইলি
ঘন সামরী বেণী।
কনয় পরয় শুতলী
জনি কারি নাগিনী ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি ভাবিনি
থির থাক ন মনে।
রাজা রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

১০৮

পিয় বিরহিণী অতি মলিনী
বিলাসিনী কোনে পরি জীউতি রে।
অবধি ন উপগত মাধব
আবে বিষ পিউতি রে ॥ ১ ॥

১। মুখকমল নমিত অলক দ্বারা বেষ্টিত হইয়া শোভা পাইতেছে। যেন রাহু শাশিমণ্ডলের লোভে বাহু প্রসারিত করিয়াছে।

২। নিমালিনী মালা—নির্ম্মাল্য।

৩। পরয়—পর্ব্বত। কারি নাগিনী—কালো নাগিনী।

ঘন কৃষ্ণবর্ণ বেণী গৌরবর্ণ কুচকলসে লুটাইয়া পড়িয়াছে; বোধ হইতেছে, যেন সুবর্ণ পর্ব্বতের উপর কালো নাগিনী শুইয়া রহিয়াছে।

৪। থাক—থাকে।

১। জীউতি—বাঁচিবে। উপগত—উপনীত। আবে—আসে। পিউতি—পান করিবে।

প্রিয়বিরহিণী অত্যন্ত মলিনা বিলাসিনী কেমন করিয়া জীবন ধারণ করিবে! মাধবের আসিবার সময় উত্তীর্ণ হইয়া গেল, এখনও সে আসিল না, এখন সে বিষ খাইয়া মরিবে।

আতপচর বিধু রবিকর
চরণ কি পরশহ ভীমা রে।
দিন দিন অবসন দেহ
সিনেহক সীমা রে ॥ ২ ॥
পহর পহর যুগ যামিনী
যামিনী জগইতে রে।
মুরছি পড়য় মহী মাঝ
সাঁঝ শশী উগইতে রে ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ সবউঁহ
জান মনোভব রে।
কেও জনু অনুভব জগজন
বিরহ পরাভব রে ॥ ৪ ॥

১০৯

কোন গুণ পহু পরবশ ভেল সজনি
বুঝলি তনিক ভল মন্দ।
মনমথ মন মথ তনি বিনু সজনি
দেহ দহয় নিশিচন্দ ॥ ১ ॥
কহও পিশুন শত অবগুণ সজনি
তনি সম মোহি নহি আন।
কতেক যতন সোঁ মেটিয় সজনি
মেটয় ন রেখ পষাণ ॥ ২ ॥
যে দুরজন কটু ভাষয় সজনি
মোর মন ন হোয় বিরাম।
অনুভব রাহু পরাভব সজনি
হরিণ ন তেজ হিমধাম ॥ ৩ ॥

২। আতপচর—উত্তাপনাশক। বিধু—চন্দ্র, চন্দ্রকিরণ। পরশহ—স্পর্শ।

৩। পহর—প্রহর। জগইতে—জাগিয়া থাকে। উগইতে—উদয় হইলে। ৪। সবউঁহ—সকলের হইতে।

১। তনিক—তাঁহার। মন মথ—মন মথনকারী।

কোন্ গুণে আমার প্রভু পরবশ হইয়াছেন? সজনি, তাঁহার ভাল মন্দ এখন বুঝিতে পারিলাম; মনোমথনকারী মন্মথ ও রাত্রির চন্দ্র তিনি না থাকাতে আমাকে দহন করিতেছে।

২। অবগুণ—নিন্দা। সোঁ—সহিত। মেটিয়—মুছাইলে।

খল ব্যক্তিরা তাঁহার শতনিন্দা করিলেও আমি জানি, তাঁহার মত আমার আর কেহ নাই। যত যত্ন করিয়াই না কেন পাষাণের রেখা মুছিতে চেষ্টা কর, কিছুতেই তাহা যাইবার নহে।

৩। যে—যখন। ভাষয়—কহে। বিরাম—নিবৃত্তি। হরিণ—চন্দ্রের কলঙ্ক। হিমধাম—চন্দ্র।

যইও তরণী জল শোষয় সজনি
কমল ন তেজয় পাঁক।
যে জনি রতল যাহি সোঁ সজনি
কি করত বিধি ভেই বাঁক ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি গাওল সজনি
রস বুঝয় রসমন্ত।
রাজা শিবসিংহ মন দয় সজনি
মোদবতী দেবী কন্ত ॥ ৫ ॥

১১০

করতল লীন শোভয়ে মুখচন্দ।
কিশলয় মিলু অভিনব অরবিন্দ ॥ ১ ॥
অহনিশি গরয় নয়ন জলধার।
খঞ্জনে মিলি উগলিল মোতি হার ॥ ২ ॥
কি করতি শশিমুখী কি বোলব আন।
বিনু অপরাধে বিমুখ ভেল কান ॥ ৩ ॥
বিরহে বিখিণ তনু ভেল হরাস।
কুসুম শুকায়ে রহল অছ বাস ॥ ৪ ॥
ঝখইতে সংশয় পরল পরাণ।
কবহু ন উপসম কর পচবাণ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরষ ধরি রহ মিলত মুরারি ॥ ৬ ॥

৪। তরণী জল—সন্তরণযোগ্য জল অর্থাৎ গভীর জল। যাহি সোঁ—যাহার সঙ্গে। বাঁক—বাঁকা, বিরূপ।

যদি গভীর জল শুকাইয়া যায়, তাহা হইলেও কমল যেমন পঙ্ক পরিত্যাগ করে না, সেইরূপ যে যাহাতে অনুরক্ত হয়, বিধি বিরূপ হইলেও সে তাহাকে ত্যাগ করে না।

২। গরয়—গড়াইয়া পড়িতেছে। উগলিল—উদ্গীর্ণ করিল।

৪। বিখিণ—খিন্ন। হরাস—হ্রাস, শীর্ণ।

৫। ঝখইতে—শোক করিতে।

মুখকমল করতলে ন্যস্ত হইয়া শোভা পাইতেছে, বোধ হইতেছে, যেন কিশলয়ের সহিত অভিনব অরবিন্দ মিলিত হইয়াছে। দিবারাত্রি নয়নের জল ঝরিয়া পড়িতেছে, খঞ্জন যেন মুক্তার হার উদ্গীর্ণ করিতেছে। বিনা দোষে যখন কানাই বিমুখ হইয়াছে, তখন অপরে কি বলিবে অথবা শশিমুখীই বা কি করিবে! দারুণ বিরহে শরীর খিন্ন হইয়া লঘু হইয়াছে, কুসুম শুকাইয়া গিয়াছে—গন্ধমাত্র অবশিষ্ট রহিয়াছে। শোক করিতে করিতে জীবন সংশয় হইলেও মদন কখনও উপশমিত হয় না।

১১১

মাধব হমর রটল দূর দেশ।
কেও ন কহই সখি কুশল সন্দেশ॥ ১॥
যুগ যুগ জীবথু বসথু লখ কোশ।
হমর অভাগ তনিক কোন দোষ॥ ২॥
হমর করম তেল বিধি বিপরীতি।
তেজলনি মাধব পূরবিল পিরীতি॥ ৩॥
হৃদয়ক বেদন বাণ সমান।
আনক দুখ আন নহি জান॥ ৪॥
ভণই বিদ্যাপতি কবি জয় রাম।
দৈব লিখল পরিণত ফল বাম॥ ৫॥

১১২

যাহি অবসর তাহি ঠাম।
কিয়ে বিসরল মোর নাম॥ ১॥
অব কি করব পরকার।
অপযশ ভরল সংসার॥ ২॥
সবহি পাওল অবকাশ।
জগভরি হো অবগাশ॥ ৩॥
কোন পরি সখী সভ সাথ।
উপর রহয় মোর মাথ॥ ৪॥
করম ধরম মোর বাম।
সকল তকর পরিণাম॥ ৫॥
যাহি দেখি হসলউ কালি।
সে দেবয় করতালি॥ ৬॥
ভণই বিদ্যাপতি ভাণ।
অচির করিয় সমধান॥ ৭॥

১। রটল—গমন করিল।
২। জীবথু—জীবিত হউক। বসথু—বাস করুক। লখ—লক্ষ। কোশ—ক্রোশ। তনিক—তাঁহার।
৩। তেজলনি—ত্যাগ করিলেন। পূরবিল—পূর্ব্বের।
১। যাহি—যথায়। তাহি—সেই। কিয়ে—কি।
২। পরকার—প্রকার, উপায়।
৩। অবকাশ—প্রকাশ। অবগাশ—নিন্দা।
৬। হসলউ—হাসিয়াছিলাম। দেবয়—দেয়।

১১৩

সেহে পরদেশে পরযোষিত রসিয়া
হমে ধনী কুলবতী নারী।
তহি পুনু কুশলে আওব নিজ আলয়ে
হম জীবে গেলাহ মারি॥ ১॥
কহব পথিক পিয়া মন দয় রে
যৌবন বলে চলি যায়ে॥ ২॥
জঞো আবিয় তইঅও ন আওব
যাও বিজয়ী ঋতুরাজ।
অবধি বহুত হে রহব নহি জীবন
পলটি ন হোয়ত সমাজ॥ ৩॥
গেল মীয় নিরোধক কি ফল
অবসর বহলা দান।
জঞো অপনে নহি জানিয় রে
ভল জন পুছব আন॥ ৪॥
ভণই বিদ্যাপতি গাওল রে
রস বুঝয়ে রসমন্তা।
রূপনরায়ণ নাগর রে
লখিমা দেবী সুকন্তা॥ ৫॥

১১৪

সুন্দরী বিরহ শয়ন ঘর গেল।
কিয়ে বিধাতা লিখি মোহি দেল॥ ১॥
উঠলি চেহায় বইসলি শির নায়।
চহুদিশ হেরি হেরি রহলি লজায়॥ ২॥
নেহক বন্ধু সেহো ছুটি গেল।
দুহু কর পহুক খেলাওন ভেল॥ ৩॥

১। পরযোষিত-রসিয়া—পরনারীতে অনুরক্ত। জীবে—প্রাণে।
২। বলে—বল পূর্ব্বক।
৩। আবিয়—আসিবে। ঋতুরাজ—বসন্ত। অবধি বহুত—আসিবার সময় বহিয়া গেল।
৪। জল চলিয়া গেলে নিরোধ (বাঁধ) দেওয়ায় কি ফল? সময় উত্তীর্ণ হইলে দানেই বা কি ফল। সে নিজে যদি ইহা না জানে, তাহা হইলে অন্য কোন ভাল লোককে জিজ্ঞাসা করুক।
১। বিরহ—বিরহ-কাতরা।
২। চেহায়—চমকিয়া। নায়—নত করিয়া। লজায়—লজ্জিত হইয়া।
৩। নেহক বন্ধু—স্নেহের বন্ধু, প্রিয়তম। সেহো—সেও। ছুটি—ছাড়িয়া। খেলাওন—খেলানা।

ভণই বিদ্যাপতি অপরুব নেহ।
যেহন বিরহ হো তেহন সিনেহ ॥ ৪ ॥

১১৫

মোহন মধুপুর বাস।
হে সখি হমহুঁ যায়ব তনি পাশ ॥ ১ ॥
রখলহি কুবজা সোঁ নেহ।
হে সখি তেজলনি হমরো সিনেহ ॥ ২ ॥
কত দিন তাকব বাট।
হে সখি শূন ভেল যমুনা ঘাট ॥ ৩ ॥
ওতহু রহথু গয় ফেরি।
হে সখি দরশন দেথু এক বেরি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি রূপ।
হে সখি মানুষ জনম অনুপ ॥ ৫ ॥

১১৬

মন পরবশ ভেল পরদেশ নাহ।
দেখি নিশাকর তনু উঠ দাহ ॥ ১ ॥
মদন বেদন দে মানস অন্ত।
কাহি কহব দুখ পরদেশ কন্ত ॥ ২ ॥
সুমরি সনেহ গেহ নহি ভাব।
দারুণ দাদুর কোকিল রাব ॥ ৩ ॥
সুমরি সুমরি খসু নীবিবন্ধ আজ।
বড় মনোরথ ঘর পহু ন সমাজ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনু পরমাণ।
বুঝ নৃপ রাঘব নব পচবাণ ॥ ৫ ॥

১১৭

কে পাঁতি-লয় যায়ত রে
মোর প্রিয়তম পাশ।
হিয় নহি সহয় অসহ দুখ রে
ভেল শাওণ মাস ॥ ১ ॥
একশরী তবন পিয়া বিনু রে
মোরা রহলো নৈ যায়।
সখি অনকর দুখ দারুণ রে
জগ কে পতিয়ায় ॥ ২ ॥
মোর মন হরি হরি লই গেল রে
অপনো মন গেল।
গোকুল তেজি মধুপুর বস রে
কত অপযশ লেল ॥ ৩ ॥
বিদ্যাপতি গাওল রে
ধনি ধরু পিয় আশ।
আওত তোর মনভাবন রে
এহি কাতিক মাস ॥ ৪ ॥

১১৮

গগনে গরজি ঘন ঘোর।
হে সখি কখন আওত পহু মোর ॥ ১ ॥
উগলহি পাচবাণ।
হে সখি অব ন বচত মোর প্রাণ ॥ ২ ॥
করব কওন পরকার।
হে সখি যৌবন ভেল জীবমার ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি ভান।
হে সখি পুরুষ করহি পরমাণ ॥ ৪ ॥

১১৯

ভাবিনি ভল ভই বিমুখ বিধাতা।
যইহ পেম সুরতরু সুখদায়ক
সইহ ভেল দুখদাতা ॥ ১ ॥
তোর সুমরি গুণ মোর হৃদয় শূন
নোর নয়ন রহু ঝাঁপি।
গরজ গগন ভরি জলধর হরি হরি
আব হমর হিয় কাঁপি ॥ ২ ॥

১। মধুপুর—মথুরা। বাস—বাস করিলেন। তনি—তাঁহার।
২। রখলহি—রাখিলেন। সোঁ—সহিত।
৩। তাকব—তাকাইব, দেখিব।
৪। ওতহু—ওখানেই। রহথু—থাকুন। গয়—গিয়া। ফেরি—ফিরিয়া। দেথু—দিন।
৫ অনুপ—অনুপম।
১ পরবশ—মদনের অধীন হইল।
৩ ভাব—ভায়, ভাল। দাদুর—দর্দ্দুর, ভেক।
৪ খসু—খসিয়া পড়িতেছে। সমাজ—নিকটে।
১ পাঁতি—পত্র। হিয়—হৃদয়। সহয়—রহে। অসহ—অসহ্য। শাওণ—শ্রাবণ।
২। একশরী—একেশ্বরী, একলা। রহলো—থাকা। অনকর—অপরের। জগ—জগতে। পতিয়ায়—প্রত্যয় করে।
৩। বস—বাস করে। লেল—লইল।
৪। এহি—এই। কাতিক—কার্ত্তিক।
১ গরজি—গর্জ্জন করিতেছে। আওত—আসিবে।
২। উগলহি—উদয় হইল।
৩। পরকার—প্রকার, উপায়। জীবমার—প্রাণবধকারী।
৪। পরমাণ—প্রমাণ, বিশ্বাস।
১। ভল ভই—ভাল করিয়া, অত্যধিক। যইহ—যেই। সইহ—সেই।

করিয় যতন যত বিফল হোও তত
ন পাইয় তোহর সমাজে।
বিরহ দহন দহ তইও জীব রহ
সব তহ ই বড়ি লাজে ॥ ৩ ॥
নিবিড় নেহ রস বশ ভয় মানস
পাব পরাভব লাখে।
পুরুষ পরুষমতি কে যুবতী ন কহতি
কবি বিদ্যাপতি ভাখে ॥ ৪ ॥

১২০

প্রথম বয়স হম কি কহব সজনি
পহু তেজি গেলাহ বিদেশ।
কত হম ধৈরষ বাঁধব সজনি
তনি বিনু সহব কলেশ ॥ ১ ॥
আওন অবধি অতীত ভেল সজনি
জলধর ছপল দিনেশ।
শিশির বসন্ত উষম ভেল সজনি
পাওস লেল পরবেশ ॥ ২ ॥
চহুদিশ ঝিঙ্গুর ঝনকরু সজনি
পিক সুন্দর করু গান।
মনসিজ মারু মরমে শর সজনি
কতেক শুনব হম কান ॥ ৩ ॥
শেষ কুসুম নহি ভাবয় সজনি
বিষ সম চন্দন চীর।
যইও সমীর শীতল বহু সজনি
মন বচ উড়ল শরীর ॥ ৪ ॥
ভনই বিদ্যাপতি গাওল সজনি
মন ধনি করিয় উলাস।
সুদিন হেরি পহু আওত সজনি
মন জনি করিয় উদাস ॥ ৫ ॥

৩। সমাজে—মিলন। বিরহ দহন—বিরহাগ্নি। দহ—দগ্ধ করিতেছে। রহ—থাকে। তহ—চেয়ে।

৪। বশ—বশীভূত। পরুষমতি—কঠিন হৃদয়। কে—কোন। ভাখে—কহে।

১। কলেশ—ক্লেশ।

২। আওন—আসিবার। অবধি—সীমা। ছপল—ঢাকিল। দিনেশ—সূর্য্য। উষম—উষ্ণ; গ্রীষ্মকাল। পাওস—বর্ষা। পরবেশ—প্রবেশ।

৩। ঝিঙ্গুর—ঝিল্লী। ঝনকরু—ঝঙ্কার করিতেছে। মারু—মারিতেছে। কান—কাণে, কর্ণে।

৪। নহি ভাবয়—ভাল লাগে না। বচ—কথা।

১২১

পরিজন কর ভয় দেহরি মুহ দএ
রোয়য় পথ নিহারি।
কেও ন কহয় পুর পরিহরি মাধুর
কওন দিন আওত মুরারি ॥ ১ ॥
কহি দয় সমদব কে সমুঝায়ত
কঠিন হৃদয় পিয় তোরা ॥ ২ ॥
পিয়া বিসরল নেহ অবসন ভেল
দেহ কত কত সহব সন্তাপ।
কালি কালি ভএ মদন আগু কএ
আওত পাউস তাপ ॥ ৩ ॥

১২২

বরিষয় লাগল গরজি পয়োধর
ধরণী দগুদি ভেলি।
নবী নাগরী রত পরদেশ বল্লভ
আওত আশা গেলি ॥ ১ ॥
সাজনি আবে হমে মদন অধারে।
শূন মন্দির পাউসকে যামিনী
কামিনী কি পরকারে ॥ ২ ॥
লঘু গুরু ভএ সবি পএ ভরে বাঢ়লি
নীচেও ভউ অগাধে।
কওনে পরি পথিকে অপন ঘর আওব
সহজহি সব কা বাধে ॥ ৩ ॥

১। পরিজন—সখী। দেহরী—দ্বারে। মুহ—মুখ। মাধুর—মধুপুর। আওত—আসিবে।

২। কহি দয়—কাহাকে দিয়া। সমাদব—সংবাদ দিব। সমুঝায়ত—বুঝাইবে।

৩। অবসন—অবসন্ন। পাউস—বর্ষা। তাপ—গ্রীষ্ম।

১। বরিষয়—বর্ষণ করিতে। দগুদি—দীর্ণ। নবী—নূতন। আওত—আসিবার।

সগর্জ্জনে আকাশ বারি বর্ষণ করিতে আরম্ভ করিল। ধরণী দীর্ণ হইয়া গেল, প্রিয়তম বিদেশে নূতন নাগরীতে অনুরক্ত হইয়াছে, এ দিকে তাঁহার ফিরিয়া আসিবার আশা অতীত হইয়া গিয়াছে।

২। পাউসকে—বর্ষার। কামিনী কি পরকারে—কামিনী কি উপায় করিবে?

৩। কওনে পরি—কেমন করিয়া। সহজহি—স্বভাবতঃ। বাধে—বাধা।

এহে বেয়াজ কইয়ে পিয়া গেলা
আওব সময় সমাজে।
মোহি বরু অতনু অতনু করি ছাড়থু
সে সুখ ভুজথু রাজে॥ ৪॥
তুয় গুণ সুমরি কানু পুনু আওব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে॥ ৫॥

১২৩

দরশন লাগি পূজয় নীতি কাম।
অনুখণ জপয়ে তোহরি পএ নাম॥ ১॥
অবধি সমাপল মাস অখাঢ়।
অবে দিনে দিনে হে জীবন ভেল গাঢ়॥ ২॥
কহব সমাদ বালভু সখি মোর।
সবতহ সময় জলদ বড় ঘোর॥ ৩॥
একে অবলা হে কুপুত পঞ্চবাণ।
মরম লখয়ে কর শর সন্ধান॥ ৪॥
তুয় গুণ বান্ধল অছয় পরাণ।
পরবেদন দেখ পর নহি জান॥ ৫॥

১২৪

সখি হে কে নহি জানত হৃদয়ক বেদন
হরি পরদেশ রহই।
বিরহ দশা দুখ কাহি কহব
যে তসু কহিনী কহই॥ ১॥

৪। কইয়ে—করিয়া। বেয়াজ—ছলনা। আওব সময় সমাজে—ঠিক সময়ে আসিয়া মিলিত হইবে। অতনু—মদন। অতনু—দেহশূন্য, প্রাণহীন। ছাড়থু—ছাড়ুক। ভুজথু রাজে—রাজ্য ভোগ করুক।

প্রিয়তম এই ছলনা করিয়া গেল যে, ঠিক সময়ে আসিয়া মিলিত হইবে। মদন আমাকে প্রাণহীন করিয়া ছাড়ুক, সে (মাধব) সুখে রাজ্যভোগ করুক।

১। নিতি—নিত্য।

২। অবধি সমাপল—আসিবার সময় উত্তীর্ণ হইল। অখাঢ়—আষাঢ়। জীবন ভেল গাঢ়—প্রাণে বাঁচা কঠিন হইয়াছে।

৩। সমাদ—সংবাদ। বালভু—বল্লভ। সবতহ—সকলের অপেক্ষা। জলদ—বর্ষা।

৪। মরম লখয়ে—মর্ম্ম লক্ষ্য করিয়া।

৫। বান্ধল অছয়—বাঁধা আছে।

১। পরদেশ রহই—বিদেশে রহিয়াছে। কাহি—কাহাকে। তসু—তাহার। কহিনী—সংবাদ। কহই—কহিবে।

ধারা সঘন বরষ ধরণীতল
বিজুরি দশদিশ বিদ্ধই।
ফিরি ফিরি উতরোল ডাকে ডাহুকিনী
বিরহিণী কৈসে জীবই॥ ২॥
যৌবন ভেল বন বিরহ হুতাশন
মনমুথ ভেল অধিকারী।
বিদ্যাপতি কহ কতহ সে দুখ সহ
বারিষ নিশি আঁধিয়ারি॥ ৩॥

১২৫

কি পহু পিশুন বচনে দেল কান।
কি পর কামিনী হরল গেয়ান॥ ১॥
পহু বিসরল পূরুবক নেহ।
কি জীবন দহু পড়ল সন্দেহ॥ ২॥
ঝুঠা বচন শুইলাহু মোঞে লাগি।
তুরয় বাঁধি ঘর লেসলি আগি॥ ৩॥
কন্ত দিগন্ত গেলা হে কাঁ লাগি।
শীতল রজনী বরিষ ঘনে আগি॥ ৪॥
কহব কলাবতি কন্ত হমার।
বারিষ পরদেশ বসয়ে গমার॥ ৫॥
সব পরদেশিয়া এক সোভাব।
গয়ে পরদেশ পলটি নহি আব॥ ৬॥
মার মনোজ মরম শর আহি।
বরখা বৈরী বসন্তহু চাহি॥ ৭॥

১২৬

খেদব মোঞে কোকিল অলিকুল বারব
করকঙ্কণ ঝমকাই।
যখনে জলদে ধবলা গিরি বরিষব
তখনুক কঞোন উপাই॥ ১॥

বরষ—বর্ষণ করিতেছে।

বারিষ নিশি—বর্ষার রাত্রি। আঁধিয়ারি—অন্ধকার।

১। পিশুন—খলের।

২। পূরবক—পূর্ব্বের। নেহ—স্নেহ।

৩। ঝুঠা বচন—মিথ্যা কথা। শুইলাহু—শুনিলেন। তুরয়—তুরগ, অশ্ব। লেসসি—জ্বালিল।

৪। বরিষ—বর্ষণ করিতেছে। আগি—অগ্নি।

৬। পরদেশিয়া—প্রবাসী। পলটি—ফিরিয়া।

৭। মনোজ—মদন। আহি—আঘাত করিতেছে। বসন্তহু—বসন্তের। চাহি—অপেক্ষা।

১। খেদব—তাড়াইব। বারব—নিবারণ করিব। ঝমকাই—ঝম্ ঝম্ শব্দ করিয়া।

আমি না হয় কোকিলকে তাড়াইয়া দিব।

গগন গরজ ঘন শুনি মন শঙ্কিত
বারিষ হরি করু বারে।
দখিণ পবন সৌরভে যদি সন্তরব
দুহু মন দুহু বিছুরাবে ॥ ২ ॥
সে শুনি যুবতী জীব যদি রাখতি
শুন বিদ্যাপতি বাণী।
রাজা শিবসিংহ ই রস বিন্দক
মদনে বোধি দেবি আনি ॥ ৩ ॥

১২৭

কাহু দিশ কাহল কোকিল রাবে।
মাতল মধুকর দশদিশ ধাবে ॥ ১ ॥
কেও নহি বুঝয় নিধন আনে।
ভমি ভমি লুটয় মানিনী জন মানে ॥ ২ ॥
কি কহিবো অগে সখি অপন বিভালা।
বিনু কারণে মনমথে করু ধালা ॥ ৩ ॥
কিশলয় শোভিত নব নব চুতে।
ধজকা ধরল দেখিয় বহুতে ॥ ৪ ॥
কসি কসি গুণ কুসুমশর লেই।
প্রাণ ন হরয়ে বিরহ পত্র দেই ॥ ৫ ॥
দাহিণ পবন কওনে ধরু নামে।
অনুভব পায়ে সেহও ভেল বামে ॥ ৬ ॥
মন্দ সমীর বিরহী বধ লাগি।
বিকচ পরাগ পজারয় আগি ॥ ৭ ॥

১২৮

বসন্ত রজনী রঙ্গে পলটি খেপবি সঙ্গে
পরম রভসে পিয় গেল কহি।
কোকিল পচম গাব তইয়ও ন সুবন্ধু আব
উতিম বচন বেভিচর নহি ॥ ১ ॥
সময় উগলি বেরথা।
অবহু ন অয়লে কন্তা নহি ভল পরবন্তা
মো পতি পছিম সুর উগি গেলা।
সাহর সৌরভে দিশা চাঁদ উজোরি নিশা
তরুতর মধুকর পসরলা ॥ ২ ॥
ই রস হৃদয় ধরি তইয়ও ন আব হরি
সে যদি পূরব পেম বিসরলা ॥ ৩ ॥
কবি ভণে বিদ্যাপতি শুন বর যৌবতি
মানিনী মনোরথ সুরতরু।
শিরি শিবসিংহ দেবা চরণ কমল সেবা
মহাদেবী লখিমা দেবী বরু ॥ ৪ ॥

১২৯

সাহর সৌরভ গগন ভরে।
ভরমী ভমর দুহু বাদ করে ॥ ১ ॥
লোভক সম্ভ্রম সঙ্গক দন্দ।
বহুল পিয়াসল থোর মকরন্দ ॥ ২ ॥
সে দেখি ঋতুপতি আয়ল চলি।
যাকর মো মন শঙ্কা ছলি ॥ ৩ ॥
কোমল মাজরী কোকিল খায়।
মানিনী মান পিবিও ন অঘায় ॥ ৪ ॥

অলিকুলকে করকঙ্কণের ঝমঝম শব্দ করিয়া বারণ করিব, কিন্তু যখন ধবলাগিরি হইতে মেঘ আসিয়া বর্ষণ করিবে, অর্থাৎ যখন বর্ষা আসিবে, তখন কি উপায় হইবে!

২। হরি—মেঘ। সন্তরব—উত্তীর্ণ হইবে। বিছুরাবে—বিস্মৃত হইবে।

৩। বিন্দক—জ্ঞাতা। বোধি—বুঝাইয়া। দেবি—দিবে।

১। কাহু দিশ—কোন্ দিকে। কাহল—বাদ্য-যন্ত্রবিশেষ।

২। আনে—অন্য ব্যক্তি।

৩। অগে—ওলো। বিভালা—মন্দ কপাল। ধালা—আক্রমণ।

৪। ধজকা—ধ্বজা। বহুত—অনেক।

৫। গুণ—ধনুকের জ্যা। দাহিণ—দক্ষিণ, অনুকূল। কওনে ধরু নামে—কে নাম রাখিল।

৭। পজারয়—জ্বলিতেছে।

১। খেপবি—কাটাইব। রভসে—আনন্দ। গাব—গাহিতেছে। তইয়ও—তথাপি। আব—আসে। উতিম—উত্তম। বেভিচার—ব্যতিক্রম।

২। উগলি—উদয় হইল। বেরথা—বৃথা। অবহু—এখনও। অয়লে—আসিল। কন্তা—কান্ত। পরবন্তা—পর্য্যন্ত, পরিণাম। মো পতি—আমার প্রতি। সুর—সূর্য্য। উগি—উদয় সাহর—সহকার। উজোরি—উজ্জ্বল। পসরলা—প্রসারিত হইল, ব্যাপিত হইল

৩। পূরব—পূর্ব্ব।

৪। বরু—বরণ করিলেন।

১। বাদ—কলহ।

২। বহুল—বহুত, অনেক। পিয়াসল—পিপাসিত। থোর—থোড়া, অল্প।

৩। চলি—চলিয়া। মো—আমার।

৪। অঘায়—তৃপ্ত হয়।

যাবে ন অঙ্গ তরুণত ভেল।
তাবে সে কন্ত দিগন্তর গেল ॥ ৫ ॥
পরহিত অহিত সদা বিহি বাম।
দুই অভিমত ন রহয় এক ঠাম ॥ ৬ ॥
ধন কুল ধরম মনোভব চোর।
কেও ন বুঝাব মুগুধ পিয়া মোর ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি এহো রস ভাণ।
রাজ শিবসিংহ লখিমা দেবী রমাণ ॥ ৮ ॥

১৩০

বিপত অপত তরু পাওল রে
পুন নব নব পাত।
বিরহিণী নয়ন বিহল বিহিরে
অবিরল বরিষাত ॥ ১ ॥
সখি অন্তর বিরহানল রে
নিত বাঢ়ল যায়।
বিনু হরি লখ উপচারহু রে
হিয় দুখ নই মেটায় ॥ ২ ॥
পিয় পিয় রটয় পপিহরা রে
হিয় দুখ উপজাব।
কুদিনা হিত জন অনহিত রে
থিক জগত সোভাব ॥ ৩ ॥
কবি বিদ্যাপতি গাওল রে
দুখ মেটত তোর।
হরষিত চিত তোহি ভেটত রে
পিয় নন্দকিশোর ॥ ৪ ॥

১৩১

ললিত লতা জনি তরু মিলতি।
তহ্নি পিয় কণ্ঠ গহয়ে যুবতী ॥ ১ ॥
আজু অপন মন থির ন রহে।
মধুকর মদন সমাদ কহে ॥ ২ ॥
ভণই সরস কবি রস সুজান।
ত্রিপুরসিংহসুত অরজুন নাম ॥ ৩ ॥

১৩২

শিশির সময় বহি বহল বসন্ত।
গরজহু ঘর নহি আয়ল কন্ত ॥ ১ ॥
ও পরদেশিয়া ধন বণিজার।
মোরা হৃদয় ভার ভেল হার ॥ ২ ॥
গুণিজন ভই পহু ভেলা ভোর।
আকুল হৃদয় তেজ নহি মোর ॥ ৩ ॥
এ সখি এ সখি কি কহবি তোহি।
ভলি কই নাথে বিসরল মোহি ॥ ৪ ॥
নিজ তন ভময় কুসুম মকুরন্দ।
গগন অনল ভএ উগল চন্দ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পুনু পহু আস।
যাবত রহত দেহ তিল শ্বাস ॥ ৬ ॥

১৩৩

কাননে কাননে কুন্দ ফুল।
পলটি পলটি তাহি ভময় বুল ॥ ১ ॥

৫। যাবে—যাবৎ। তরুণত ভেল—তরুণ অবস্থা প্রাপ্ত হইল।

৬। অহিত—অমঙ্গলকারী।

১। বিপত—বিপদকালে। অপত—অপত্র, পত্রশূন্য। বিহল—বিধান করিল। বিহিরে—বিধাতা।

২। নিত—নিত্য। বাঢ়ল যায়—বাড়িতে থাকে। লখ—লক্ষ।

৩। পপিহরা—পাপিয়া। উপজাব—উৎপন্ন করে।

১। মিলতি—মিলিত হয়। গহয়ে—গ্রহণ করে, আলিঙ্গন করে।

২। সমাদ—সংবাদ।

১। শিশির—শীত। বহি—অতিবাহিত হইয়া। বহল—চলিয়া গেল। গরজহু—গর্জ্জিত হইতেছে অর্থাৎ বর্ষা আসিয়াছে।

২। ও—সে। পরদেশিয়া—বিদেশীয়। বণিজার—বণিক্।

৩। ভোর—ভোলা। তেজ—ত্যাগ করে।

৪। ভলি কই—ভাল করিয়া।

তাৎপর্য্যঃ—শীত অতিবাহিত হইয়া বসন্ত আসিয়া চলিয়া গেল, বর্ষা আসিল, তথাপি কান্ত গৃহে ফিরিয়া আসিল না। সে (মাধব) বিদেশীয় ধনের বণিক্ হইল, অর্থাৎ পররমণীতে আসক্ত হইল; আমার হৃদয়ের হার ভার হইল। প্রভু গুণিজন হইয়াও আমাকে ভুলিয়া গেল, আমার আকুল হৃদয় (প্রাণ) তথাপি পরিত্যাগ করিয়া যায় না। সখি, তোকে কি বলিব, নাথ ভালরূপেই আমাকে ভুলিয়াছে। কুসুমের মধু যেমন তাহাতেই ঘুরিয়া বেড়ায়, সেই রূপ আমার যৌবন আমাতেই রহিয়া গেল, তাঁহার উপভোগে আসিল না। অনলসদৃশ চন্দ্র আকাশে উদিত হইল। বিদ্যাপতি বলিতেছে, প্রভু পুনরায় আসিবে, যতক্ষণ দেহে তিলমাত্র শ্বাস বহে, ততক্ষণ আশা থাকে।

১। পলটি—ফিরিয়া। তাহি—তাহাতে। বুল—বুলে, বেড়ায়।

পুণমতী তরুণী পিয়া সঙ্গ পাব।
বরিসে বরিসে ঋতুরাজ আব ॥ ২ ॥
রজনী ছোটি হো দিবস বাঢ়।
জনি কামদেব করবাল কাঁঢ় ॥ ৩ ॥
মলয়ানিল পিব যুবতীমান।
বিরহিণী বেদন কেও ন জান ॥ ৪ ॥
ভণে বিদ্যাপতি ঋতু বসন্ত।
কুমর অমর জ্ঞানো দেবী কন্ত ॥ ৫ ॥

১৩৪

ফিরি ফিরি ভমরা উনমত বুল।
কানন কানন কেশু ফুল ॥ ১ ॥
মোহি ভান লাগল কহও কাহি।
ঋতুপতি বেকতায়ল অশকসাহি ॥ ২ ॥
চন্দা উগি চণ্ডাল ভেল।
দ্বিজরাজ ধরমতা বিসরি গেল ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি বুঝ রসমন্ত।
রাঘব সিংহ সোনমতী দেবী কন্ত ॥ ৪ ॥

১৩৫

সরোবর মজ্জি সমীরণ বিথরও
কেবল কমল পরাগে।
মাধবিকা মধু পিবহি ন পারয়
কোকিল দে উপরাগে ॥ ১ ॥
সাজনি সাজনি সাজনি সাজনি
শুনহ সাজনি মোরা।
বল্লভ সোঁ মঝু দীঠি মিলাবহি
হোয়ব দাসী তোরা ॥ ২ ॥

২। বরিসে—বৎসরে।
৩। বাঢ়—বাড়ে। কাঁঢ়—কাড়া, বাহির করে।
১। উনমত—উন্মত্ত। বুল—বিচরণ করে। কেশু—কেশরপুষ্প।
২। ভান লাগল—মনে হইল। কহও—কহিব। কাহি—কাহাকে। বেকতায়ল—ব্যক্ত হইল। অশকসাহি—অসহ্য।
৩। উগি—উদয় হইয়া। দ্বিজরাজ—চন্দ্র, দ্বিজশ্রেষ্ঠ। ধরমতা—ধর্ম্ম। বিসরি—ভুলিয়া। চন্দ্র উদয় হইয়া ব্রাহ্মণের ধর্ম্ম (ক্ষমা) ভুলিয়া চণ্ডালত্ব (যন্ত্রণাদায়কত্ব) প্রাপ্ত হইল।
১। মজ্জি—মজ্জিত হইয়া। বিথরও—বিস্তার করে, বিকীর্ণ করে। পিবহি—পান করিতে। উপরাগ—পরিবাদ, মৃদু ভর্ৎসনা।
২। সোঁ—সহিত। দীঠি—দৃষ্টি। হোয়ব—হইব।

পাটলী পরিমল আশা পূরয়
মধুকর গায়ব গীতে।
চাঁদিনি রজনী রভস বড়াবয়
মোপতি সব বিপরীতে ॥ ৩ ॥
হৃদয়ক বাউলি কহিয় পর জনু
তোঁহো কহো সয়ানী।
বিনু মাধব রে মধু রজনী যাইতি
মীন কি জীব বিনু পানি ॥ ৪ ॥
বিদ্যাপতি কবিবর এহু গাবয়
হোউ উপদেশৌ রসমন্তা।
অরজুন রাজা চরণ পত্র সেবহি
গুণা দেবী রাণীকন্তা ॥ ৫ ॥

১৩৬

মাধব মাস তিথি ছল মাধব
অবধি করিয়ে পহু গেলা।
কুচযুগ শম্ভু পরশি হসি কহলনি
তেঁহ পরতীতি মোহি ভেলা ॥ ১ ॥
অবধি ওর ভেল সময় বেয়াপিত
জীবন বহি গেল আশে।
তখনুক বিরহ যুবতী তহি জীউতি
কি করত মাধব মাসে ॥ ২ ॥
ছণ ছণ কয়কই দিবস গমাওলি
দিবস দিবস করি মাসে।
মাস মাস করি বরষ গমাওলি
আব জীবন কোন আশে ॥ ৩ ॥
আম মুঞ্জর ধরু মন মোর গহবর
কোকিল শবদ ভেল মন্দা।
এহন বয়স তেজি পহু পরদেশ গেল
কুসুম পিউল মকরন্দা ॥ ৪ ॥

৩। পাটলী—পাটলীপুষ্প। পূরয়—পূর্ণ করে। মোপতি—আমার প্রতি।
৪। বাউলি—বাতুলতা। পর—পড়ে। তেঁহো—তোকে। কহো—কহিতেছি। সয়ানী—চতুরা।
৫। হোউ—হও। উপদেপৌ—উপদিষ্ট।
১। মাধব মাস—বৈশাখ মাস। মাধব তিথি—শুক্ল পক্ষের একাদশী। অবধি করিয়ে—সীমা নির্দ্দেশ করিয়া। হসি—হাসিয়া। কহলনি—কহিলেন। পরতীত—প্রতীতি, বিশ্বাস। মোহি—আমার।
২। বেয়াপিত—ব্যাপ্ত, অতিক্রান্ত।
৩। কয়কই—কহিয়া।
৪। মুঞ্জর—মুঞ্জরিত। গহবর—বিষাদপূর্ণ। মন্দা—মন্দীভূত। পিউল—পান করিল।

কুমকুম চন্দন আগি লগাওলি
কেও কহে শীতল চন্দা।
পহু পরদেশ অনেককই রাখথি
বিপতি চিহ্নিয়ে ভলমন্দা॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি শুনু বরযৌবতি
হরিক চরণ করু সেবা।
পড়ল অনাইত তেঁই ছথি অন্তর
বালভু দোষ ন দেবা॥ ৬ ॥

১৩৭

গাবই সব মধু মাস
তনু দহ বিরহ হুতাস॥ ১ ॥
হুতাস সাদৃশ চাঁদ চন্দন
মন্দ পবন সন্তাপই।
মাধবী মধু মত্ত মধুকর
মধুর মঙ্গল গাবই॥ ২ ॥
নব মঞ্জু বঞ্জুল পুঞ্জ রঞ্জিত
চুত কানন সোহই।
রস লোল কোকিল কোকিলাকুল
কাকলি মন মোহই॥ ৩ ॥
মোহই মাধবি মাস।
চৌদিশে কুসুম বিকাশ॥ ৪ ॥
বিকাশ হাস বিলাস সুললিত
কমলিনী রস জিম্ভিতা।
মধুপান চঞ্চল চঞ্চরিকুল
পদুমিনী মুখ চুম্বিতা॥ ৫ ॥
মুকুল পুলকিত বল্লি তরু অরু
চারু চৌদিশে সঞ্চিতা।
হম সে পাপিনি বিরহতাপিনী
সকল সুখ পরিবঞ্চিতা॥ ৬ ॥
বঞ্চিত রহ নিশি বাস।
ভৈ গেল জেঠহি মাস॥ ৭ ॥
মাস ইহ রহু যাক পয় পহু
সোই সুলখিনী কামিনী।
কন্তসুখ সম্ভোগ বঞ্চয়
চাঁদ উজোর যামিনী॥ ৮ ॥
দহই দাতুরি দিনহি বঞ্চয়
কেলি করয় সরোবরে।
পেম পেসলি পুরুষ পেয়সি
পেখি তাপিত অন্তরে॥ ৯ ॥
অন্তরে আওয়ে অখাঢ়।
বিরহিনী বেদন বাঢ়॥ ১০ ॥
বাঢ় ফুল্লিত বল্লি তরুবর
চারু চৌদিশে সঞ্চরে।
তাপে তাপিত ধরণি মঞ্জরি
নিরখি নব নব জলধরে॥ ১১ ॥
পপিহা পাখিয় পিয়াসে পীড়িত
সঘনে পিউ পিউ রাবিয়া।
পিক নাদ শুনি চিত চমকি উঠয়
পিয়া সে পেখি ন পাইয়া॥ ১২ ॥
পাপী সাওন মাস।
বিরহিনী জীবন নৈরাশ॥ ১৩ ॥
নৈরাশ বাসর রজনী দশ দিশ
গগনে বারিদ ঝম্পিয়া।
ঝলকে দামিনী বিরহি কামিনী
হেরি মানস কম্পিয়া॥ ১৪ ॥
পাপ ডাহুকি ডহুকে ডাকই
মউর নাচত মাতিয়া।
একলি মন্দিরে অনিঁদ লোচনে
জাগি সগরি রাতিয়া॥ ১৫ ॥
রাতি দিবসে রহু ধন্দ।
ভাদবে বাদর মন্দ॥ ১৬ ॥
মন্দ মনসিজ মনহি দহ দহ
দহই মারুত মন্দ।
তরল জলধর বরিখে ঝর ঝর
হমারি লোচন ছন্দ॥ ১৭ ॥
উছল ভুধর পুরল কন্দর
ছুটল নদ নদী সিন্ধুয়া।
হম সে কুলবতী পরক যুবতী
গমনে জগভরি নিন্দুয়া॥ ১৮ ॥

৫। লগাওলি—লাগাইলাম। অনেককই—অনেকের। রাখথি—রাখে, থাকে। বিপত্তি—বিপত্তি সময়ে।

৬। পড়ল—পড়িল। অনাইত—অনায়ত্ত, পরাধীন। ছথি—আছে। অন্তর—অন্য স্থানে।

২। সন্তাপই—সন্তাপিত করে।

৫। জিম্ভিতা—জম্ভিতা, বিকশিত।

৬। বল্লি—বল্লী, লতা।

৭। বাস—বাসর, দিবস। এই মাসে যাহার প্রভু তাহার নিকটে থাকে, সেই সুলক্ষণা কামিনী।

৯। পেসলি—সন্তাপিত।

১২। পপিহা—পাপিয়া। রাবিয়া—রব। পেখি—দেখা। ১৫। অনিঁদ—নিদ্রাহীন।

১। হমারি লোচন ছন্দ—আমার লোচনের ন্যায়।

নিন্দু অপন পরভাস।
ভৈ গেল আশিন মাস ॥ ১৯ ॥
মাস গনি গনি আশ গেলহি
শ্বাস রহু অবশেষিয়া।
কোন সমুঝব হিয়াক বেদন
পিয়া সে গেল পরদেশিয়া ॥ ২০ ॥
সময় শারদ চাঁদ নিরমল
দীঘ দীপতি রাতিয়া।
ফুটল মালতি কুন্দ কুমুদিনী
পড়ল ভমরক পাঁতিয়া ॥ ২১ ॥
পাতিয়া সমনক লাই।
আওল কাতিক ধাই ॥ ২২ ॥
ধাই ষট পদ লাই পদুমিনি
পাই কিয়ে রস মাধুরি।
ওহি নিশঙ্কহি সঘন চুম্বই
কওন বুঝ অছি চাতুরি ॥ ২৩ ॥
যবহুঁ পিয়া মঝু নেহ করলহি
মেহ চাতক রীতিয়া।
পিয়া সে দুরহি রোয়ে পাপিনী
হোই রহল কি রাতিয়া ॥ ২৪ ॥
কি রিতি করব অব হাসে।
আওল আঘন মাসে ॥ ২৫ ॥
নাম শুনইতে উছল অন্তর
সে রস সায়রে পেসলি।
কওন বিহি মঝু নাহ লে গেও
হম সে পড়ি রহু একলি ॥ ২৬ ॥
শিশির নব নব তরুণ নব নব
তরুণি নবি নবি হোই রি।
নেহ নব নব তেজি দারুণ
দেহ ধরু জনি কোই রি ॥ ২৭ ॥
কোই করয়ে জনি রোখে।
আওল দারুণ পৌখে ॥ ২৮ ॥
পৌখ দিন মাহা সুরজ আতপ
পরসে কম্পন হোতিয়া।
রজনি হিমকর দরসে দহ দহ
হেরি সহচরি রোতিয়া ॥ ২৯ ॥
কপট কানুক পিরিতি আগুনি
দরস কথি জনি হোই রি।
অতয়ে কুল সিল জিবন যৌবন
সখিক সঙ্গহি খোই রি ॥ ৩০ ॥
খোই কলাবতি মানে।
আওল মাঘ নিদানে ॥ ৩১ ॥
নিদানে জীবন রহল সে পুন
মাঘ সমুঝল যাবই।
মদন ধানুকি ফেরি আওল
সবহুঁ মঙ্গল গাবই ॥ ৩২ ॥
রসাল নব নব পল্লব চাপহিঁ
মুকুল সর কত জোই রি।
ভমর কোকিল ফুকরি বোলত
মার বিরহিণী ওই রি ॥ ৩৩ ॥
ওই দেখহ অনুরাগে।
আওল ফাগুন আগে ॥ ৩৪ ॥
আগে মঝু কছু আশ অছল
নিচয় নাগর আওব।
বরিস গেলহি অবধি ভেলহি
পুনুকি পাসরি পাওব ॥ ৩৫ ॥
সোই নিরমল বদন মাধুরি
দরস কথি জনি হোয়।
অতরে নিরগুণ জীবন তেজব
মরণ ঔখধ মোয় ॥ ৩৬ ॥ *

১৯। পরভাস—প্রভাস।

২১। দীঘ দীপতি রাতিয়া—রাত্রের দীপ্তি দীর্ঘ হইল।

২২। শমনের পত্র লইয়া কার্ত্তিক আসিল।

২৩। লাই—লইয়া।

২৬। পেসলি—প্রবেশ করিলাম।

২৯। পৌষের দিনে সূর্য্যতাপের স্পর্শে কম্পিত হইতে হয়, অর্থাৎ সূর্য্যের উত্তাপ থাকে না।

২৯। রোতিয়া—রোদন করে।

৩২। শেষে যেটুকু জীবন ছিল, মাঘ মাসে বুঝিলাম তাহাও যাইবে। ধনুকধারী মদন ফিরিয়া আসিল, সকলে মঙ্গল গাহিতেছে অর্থাৎ মাঘ মাসে শ্রীপঞ্চমীর দিনে আবার মদনের আবির্ভাব হইল।

৩৩। জোই—যোজনা করে। ভ্রমর ও কোকিল মুক্তকণ্ঠে (মদনকে) বলিতেছে, ওই বিরহিনীকে মার (শরে বিদ্ধ কর)।

৩৫। বরিস—বর্ষা।

৩৬। সেই নির্ম্মল মদনমাধুরী যদি কোথাও না দেখিতে পাই, তাহা হইলে নির্গুণ জীবন ত্যাগ করিব, মরণ আমার ঔষধ।

* 'পদকল্পতরুতে' ইহার পর আর কয়টি পংক্তি আছে, তাহাতে চৈত্র মাসের (মধু মাসের) পুনরুল্লেখ আছে এবং দুই বার গোবিন্দদাসের নাম আছে। তাহার পর টীকা এইরূপ:—অত্র চাতুর্মাস্যং

১৩৮

মোর বন বন শোর শুনত
বাঢ়ত মনমথ পীড়।
প্রথম ছার অখাঢ় আওল
অবহু গগন গভীর॥ ১॥
দিবস রজনী অরে সখি কইসে
মোহন বিনু যাওয়ে॥ ২॥
আওয়ে শাওণ বরিখে ভাওন
ঘন শোহাওন বারি।
পঞ্চশর শর ছুটত রে
কইসে জীয়ে বিরহিণী নারী॥ ৩॥
আওয়ে ভাদো বেগর মাধো
কাঁ সো কহি ইহ দুখ।
নিভরে ডর ডর ডাকে ডাহুকী
ছুটত মদন ধনুক॥ ৪॥
অছুহ আশিন গগন ভাখিন
ঘনন ঘন ঘন রোলল।
সিংহ ভূপতি ভণই ঐসন
চাতুর মাসকি বোল॥ ৫॥

১৩৯

কানুসে কহবি কর জোরি।
বোলি দুই চারি শুনাওব মোরি॥ ১॥

মুঝে কত পরীখসি আর।
তুয় আরাধন বিদিত সংসার॥ ২॥
হম ছল ন টুটব নেহা।
শুপুরুখ বচন পষাণক রেহা॥ ৩॥
ভণই বিদ্যাপতি সাই।
ন কর বিষাদ মনে মিলব মধাই॥ ৪॥

১৪০

কত দিন রহিব কপোল কর লায়।
রবিক অছইত কমলিনী কুম্ভিলায়॥ ১॥
কহবি নিজ উকুতি যুকুতি পরচারি।
আব নই জীউতি ধনী তোহরি পিয়ারী॥ ২॥
অভরণ ভূখণ হলু ছিড়িয়ায়।
কনকলতা সন ফুল ঝরি যায়॥ ৩॥
বসন উঘারি হেরল ভরি দিঠি।
গারি নড়াওল কুসুমক সীঠি॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুনু ব্রজনারি।
ধৈরয ধয় রহ মিলত মুরারি॥ ৫॥

১৪১

যখনে মাধব পয়াণ কয়ল
উগয় সে সব বোল।
দুহুক হৃদয় করুণা বাঢ়ল
নয়নে গরয় নোর॥ ১॥
করে কর ধরি শির পরশল
নিয়র আওল কান।
অবধি কইয়ে শপথ করল
সে সব ভই গেল আন॥ ২॥

বিদ্যাপতিঠক্কুরস্য, ততো মাসদ্বয়ং গোবিন্দদাস-কবিরাজ-ঠক্কুরস্য ততোঽবশিষ্টং মাসষট্কং গোবিন্দ-চক্রবর্ত্তি-ঠক্কুরস্য বর্ণনম্। এরূপ অনুমানের কোন কারণ নাই। বিদ্যাপতি চাতুর্ম্মাস্য বর্ণনা করিয়া পদ অসম্পূর্ণ রাখিবেন কেন? রচনা আগাগোড়া একই কবির। গোবিন্দদাস কবিরাজ (গোবিন্দদাস ঝা) স্বতন্ত্র বার মাসা বর্ণনা করিয়াছেন। এই পদ আমূল বিদ্যাপতির রচনা সিদ্ধান্ত করাতে কোন আপত্তি হইতে পারে না।

১। মোর—ময়ূর। শোর—শব্দ। শুনত—শুনিয়া। পীড়—পীড়া। গভীর—গম্ভীর, মেঘাচ্ছন্ন।

৩। ভাওন—সুন্দর। শোহাওন—শোভন।

৪। ভাদো—ভাদ্র। বেগর—বিনা। মাধো—মাধব। কাঁ—কাহাকে। ডর ডর—ডাহুকের ডাকের অনুকরণ শব্দ।

৫। অছুহ—হইয়াছে। ভাখিন—ভাষী, শব্দ। ঘনন—মেঘ সকল।

২। পরীখসি—পরীক্ষা করিতেছ।

৩। হম ছল—আমার মনে ছিল।

৪। সাই—সই, সখি।

১। লায়—লাগাইয়া। রবিক—রবির, সূর্য্যের। কুম্ভিলায়—মলিন হয়, ম্রিয়মাণ হয়।

২। উকুতি—উক্তি। যুকুতি—যুক্তি। পরচারি—প্রচার করিয়া। পিয়ারী—প্রেয়সী।

৩। হলু—গেল। ছিড়িয়ায়—ছড়াইয়া। সন—সম। ঝরি—ঝরিয়া।

৪। উঘারি—খুলিয়া। গারি—নিজড়াইয়া। নড়াওল—ফেলিয়া দিয়াছে। সীঠি—সিঠে, ছিবড়া।

১। উগয়—উদয় হইতেছে।

২। পরশল—স্পর্শ করিল। অবধি—আসিবার সীমা।

সখি হে অবহু ন আয়ল নাহ।
দোসর বসন্ত অগুসর ভেল
কে সহ মদনক দাহ ॥ ৩ ॥
পথ নিহারইত চুত মঞ্জুল
ফুটল মাধবীলতা।
নবীন কোকিল পঞ্চম গাবয়
গুঞ্জর ভমর যতা ॥ ৪ ॥
অবধি পূরল অবহু ন আয়ল
নাগর পড়ি গেল ভোর।
কওন গুণবতী কি গুণে বাঁধল
মুগুধ মাধব মোর ॥ ৫ ॥

১৪২

আজ মোঞে জানল হরি বড় মন্দ।
বোল বদন তোর পুণিমক চন্দ ॥ ১ ॥
এক দিন পূরিত দিনহু দিনে খীণ।
তা সঞে তুলনা হরি হমে দীন ॥ ২ ॥
বইসলি অধোমুখী চিতে গুণ দন্দ।
একে বিরহিনী হে দোসরে দহ চন্দ ॥ ৩ ॥
নয়ন নীর ঢর পানি কপোল।
খণে খণে মুরুছি ভরম কত বোল ॥ ৪ ॥
সখি চেতাউলি অবধিক আশ।
রিপু ঋতুরাজ তেজ ঘন শ্বাস ॥ ৫ ॥

১৪৩

যখনে আওব হরি রহব চরণ ধরি
চাঁন্দে পূজব অরবিন্দা।
কুসুম শেষ ভলি করব সুরতকেলি
তুহু মন হোয়ত সানন্দা ॥ ১ ॥

সাএ সাএ হমর পরাণনাথ কওনে বিরমাওল
কত জীব দেব বিশবাসে ॥ ২ ॥
দিবস রহওঁ হেরি রজনী বৈরিণী ভেলি
বিষম কুসুমশর ভাবে।
নয়ন নীর গল মুরছি ধরণী পল
নিরদয় কন্ত নহি আবে ॥ ৩ ॥
সময় মাধব মাস পিয়া পরদেশ বস
তাহি দেশ বসন্ত ন ভেলা।
ফুলল কদম্ব গাছ হাট বাট সেহো অছ
মোরে পিয়ায়ে সেও ন দেখলা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
অছ তোকে জীবন অধারে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
একাদশ অবতারে ॥ ৫ ॥

১৪৪

চন্দন ভেল বিষম শর রে
ভূষণ ভেল ভারি।
স্বপনহু নহি হরি হরি আয়ল রে
গোকুল গিরিধারী ॥ ১ ॥
একশরী ঠাড়ি কদম তর রে
পথ হেরথি মুরারি।
হরি বিনু হৃদয় দগধ ভেল রে
ঝামর ভেল সারী ॥ ২ ॥
যাহ যাহ তোঁহে উধব হে
তোঁহে মধুপুর যাহে।
চন্দ্রবদনী নহি জীউতি রে
বধ লাগত কাহে ॥ ৩ ॥

৩। অগুসর—অগ্রসর।

৪। যতা—যুথ, সমূহ।

১। জানল—জানিলাম। বোল—বলিত।

২। দিনহু দিনে—দিন দিন।

৩। গুণ—গণনা করিয়া। একে—প্রথমতঃ। দোসরে—দ্বিতীয়তঃ।

ভরম কত বোল—কত ভুল বকিতেছে।

১। হরি যখন আগমন করিবেন, তখন আমি তাঁহার চরণ ধরিয়া থাকিব। আমার করপদ্ম দ্বারা তাঁহার চরণ-চন্দ্র পূজা করিব, কুসুম-বিরচিত ভাল শয্যায় সুরত-কেলি করিব, তাহা হইলে আমাদের দুজনের মন আনন্দ লাভ করিবে।

২। সাএ—সই। কওনে—কে। বিরমাওল—আটক রাখিয়াছে। জীব—প্রাণে। দেব—দিব।

৩। দিবস রহওঁ হেরি—দিবাভাগে পথ চাহিয়া থাকি।

৪। তাহি দেশ বসন্ত ন ভেলা—সে দেশে কি বসন্ত হয় নাই?

৫। তোকে—তোমার।

১। ভারি—ভার। স্বপনহু—স্বপ্নেও।

২। একশরী—একাকিনী। ঠাড়ি—দাঁড়াইয়া। হেরথি—দেখিতেছে। ঝামর—মলিন। সারী—সমস্ত, সর্ব্বাঙ্গ।

৩। উধব—উদ্ধব। জীউতি—বাঁচিবে। বধ লাগত কাহে—কাহাকে বধ লাগিবে, কে বধভাগী হইবে?

ভণই বিদ্যাপতি তনু মন রে
শুনু গুণবতি নারি।
আজু আওত হরি গোকুল রে
পথ চলু ঝট ঝারী ॥ ৪ ॥

১৪৫

মাধব সুন্দরী নয়নক বারি।
পীন পয়োধরে রচল ঝারি ॥ ১ ॥
নীচে অছল উচে চল ধায়।
কনক ভূধর গেল দহায় ॥ ২ ॥
ত্রিবলী অছলি তরঙ্গিণী ভেলি।
জনি বঢ়িয়াই উবটি চলি গেলি ॥ ৩ ॥
সহজহি সঙ্কট পরবশ পেম।
পাতকভীত পরাপতি জেম ॥ ৪ ॥
তোহরি পিরীতি রীতি দূরহি গেলি।
কুল সঞে কুলবতী কুলটা ভেলি ॥ ৫ ॥

১৪৬

মাধব দেখলি বিয়োগিনী বামে।
অধর ন হাস বিলাস সখী সঙ্গ
অহোনিশ জপ তুয় নামে ॥ ১ ॥
আনন শরদ সুধাকর সম তনু
বোলই মধুর ধ্বনি বাণী।
কোমল অরুণ কমল কুন্তিলায়ল
দেখি মন অইলহু জানি ॥ ২ ॥
হৃদয়ক হার ভার ভেল সুবদনী
নয়ন ন হোয় নিরোধে।
সখী সব আয় খেলাওল রঙ্গ করি
তনু মন কিছুও ন বোধে ॥ ৩ ॥
রগড়ল চন্দন মৃগমদ কুঙ্কুম
সব তেজলি তুয় লাগি।
জনি জলহীন মীন মত ফিরইছ
অহোনিশি রহইছ জাগি ॥ ৪ ॥
দূতী উপদেশ শুনি গুণ সুমরল
তইখন চললা ধাই।
মোদবতী পতি রাঘব সিংহ গতি
কবি বিদ্যাপতি গাই ॥ ৫ ॥

১৪৭

একে গোরী পাতরী তাহে দুখ কাতরী
অরু দুখ বিরহক জালা।
কতয় পরাণ পানি দয় রাখব
গরাসয় মনমথ বালা ॥ ১ ॥
মাধব ভল নহ তুয় অনুরাগে।
অপন পরাণ পিয়া যা সঞে বাটল হিয়া
তাহি দুখ তোহে নহি লাগে ॥ ২ ॥
করে ধরি শির গহি কাহু কিছু নহি কহি
বিরহ বিখিন ঘন রোই।
বিরহ বেয়াধি ভেলি সুন্দরী
তো বিনু ঔষধ কোই ॥ ৩ ॥

১৪৮

ফুজলেও চিকুর রাহুক জোর।
রোয়য় সুধাকর কামিনী কোর ॥ ১ ॥

৪। আওত—আসিতেছে। ঝট ঝারী—তাড়াতাড়ি।

১। সুন্দরী—সুন্দরীর। ঝারি—ধারা।

২। দহায়—ভাসিয়া। কনকভূধর—সুবর্ণ পর্ব্বত অর্থাৎ গৌরবর্ণ পয়োধর।

৩। বঢ়িয়াই—বাড়িয়া। উবটি—বিপরীত অভিমুখে, নীচে হইতে উচ্চে।

৪। পরাপতি—প্রাপ্তি। জেম—ভোজন। যেন পাতকভীত ভোজনপ্রাপ্তি অর্থাৎ অভক্ষ্য ভোজ্য প্রাপ্ত হইলে পাতকভয়ে ভোজন করিতে পারে না অথচ ক্ষুধায় প্রাণ যায়।

১। বিয়োগিনী—বিরহিণী। বামে—বামা সুন্দরী। জপ—জপ করিতেছে।

২। কুন্তিলায়ল—শৈবালাবৃত হইল।

৩। হৃদয়ক—বক্ষের। নিরোধ—রুদ্ধ। খেলাওল—খেলাইল, খেলিল। বোধে—প্রবোধ মানে।

৪। রগড়ল—রগড়াইয়া মুছিল। ফিরইছ—ফিরিতেছে।

৫। গুণ—গুণসমূহ। ধাই—ধাইয়া।

১। গোরী—সুন্দরী। পাতরী—ক্ষীণা। দুঃখকাতরী—দুঃখকাতরা। বালা—বালাকে।

২। বাটল—ভাগ করিল।

৩। শির গহি—মস্তক গ্রহণ করিয়া অর্থাৎ মাথায় হাত দিয়া। কাহু—কাহাকেও।

১। ফুজলেও—মুক্ত। রাহুক জোর—রাহুর ন্যায়। রাধা অবনত মুখে রোদন করিতেছেন। কেশপাশ জড়াইয়া পড়িয়াছে, যেন রাহুর ন্যায় কেশপাশ দ্বারা বেষ্টিত মুখচন্দ্র কামিনীর ক্রোড়ে রোদন করিতেছে।

অরে কানু অরে কানু দেখহ আয়।
বড়িয় মধথ দেয় বাদ ছড়ায় ॥ ২ ॥
দুহু অঞ্জুলি ভরি দুহু পূজ শিব।
কামদহন মোর রাখহ জীব ॥ ৩ ॥
যদি ন যায়ব তোহে অপযশ তেল।
শশধর কলা গগন চলি গেল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি হরি মন হাস।
রাহু ছড়ায়ে চাঁদ দিয় বাস ॥ ৫ ॥

১৪৯

অকামিক মন্দির ভেলি বহার।
চউদিশ শুনলক ভ্রমরঝঙ্কার ॥ ১ ॥
মুরুছি খসল মহী ন রহলি থির।
ন চেতয় চিকুর ন চেতয় চীর ॥ ২ ॥
কেও সখী গাবয়ে কেও কর চার।
কেও চন্দন গন্ধে করয় সঁভার ॥ ৩ ॥
কেও বোল মন্ত্র কাণ তর জোলি।
কেও কোকিল খেদ ডাকিনী বোলি ॥ ৪ ॥
অরে অরে অরে কানু কি রহসি ভোরি।
মদন ভুজঙ্গে ডশু পেয়সী তোরি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহো রস ভান।
এহি বিষগারুড় এক পয় কান ॥ ৬ ॥

৩। বক্ষঃস্থলে দুই হস্ত অঞ্জলিবদ্ধ করিয়া রহিয়াছে, বোধ হইতেছে যেন, দুই হস্ত দ্বারা দুই কুচশম্ভু পূজা করিয়া প্রার্থনা করিতেছে, হে কাম-দহন! আমার জীবন রাখ।

৪। শশধর কলা অর্থাৎ রাধা। গগন চলি গেল—আকাশে চলিয়া যাইবে অর্থাৎ মরিবে।

৫। দিয় বাস—বাসস্থান দিবে।

১। অকামিক—অকস্মাৎ। বহার—বাহির। শুনলক—শুনিল।

২। খসল—পড়িল। থির—স্থির।

৩। কেও—কেহ। গাবয়ে—গান করে। কর চার—কর-চালনা অর্থাৎ হাত বুলান। সঁভার—সজ্জা।

৪। বোল—বলে। তর—তলে, কাছে। জোলি—জোরে। খেদ—খেদায়, তাড়ায়। বোলি—বলিয়া।

৫। রহসি—রহস্যে, কৌতুকে। ভোরি—বিহ্বল। ডশু—দংশন করিল।

৬। ভান—জ্ঞান। বিষগারুড়—বিষ প্রতি-ষেধক; গরুড় সর্পের শত্রু, ইহা প্রসিদ্ধ।

১৫০

গগন গরজ মেঘা উঠয় ধরণী থেঘা।
পচশর হিয় গেল সালি।
সে ধনী দেখলি খীণ জীউতি আজুক দিন
কে জান কি হোইতি কালি ॥ ১ ॥
মাধব মন দয় শুনহ সুবাণী।
কুজন নিরূপি সুজন সখী সঙ্গতি
যে কিছু কহয় সয়ানী ॥ ২ ॥
কি হমে সাঁঝক একশরী তারা
ভাদব চৌঠিক চন্দা।
ঐসন কএ পিয়া মোর মুখ মানল
মো প্রতি জীবন মন্দা ॥ ৩ ॥
বামহু গতি যত সমদি পঠৌলনি
সে সবে কহি কহি গেলি।
তেরশী তিথি শশী শামর পখ নিশি
দশমী দশা মোরি ভেলি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
মনে জনু মানহ আনে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা পতি রস জানে ॥ ৫ ॥

১৫১

মাধব দুবরী পেখলু তাহি।
চৌদশী চাঁদ জনি অনুক্ষণ ক্ষীয়ত
ঐসন জীবয় রাহি ॥ ১ ॥
নিয়রে সখীগণ বচন যো পুছত
উতর ন দেয়ই রাধা।
হা হরি হা হরি কহতহি অনুখণ
তুয় মুখ হেরইতে সাধা ॥ ২ ॥

১। থেঘা—অবলম্বন। সালি—বিদীর্ণ করিয়া।

২। সঙ্গতি—সঙ্গে। সয়ানী—কিশোরী।

৩। সাঁঝক—সন্ধ্যার। একশরী—একেশ্বরী, একমাত্র। ভাদব—ভাদ্র মাসের। চৌঠিক—চতুর্থীর, ভাদ্রচতুর্থী,—নষ্টচন্দ্র। মো প্রতি—আমার প্রতি।

৪। বামহু গতি—বিরূপ, ক্রূর। যত—যাহা। সমদি—সম্বাদ। পঠৌলনি—পাঠাইলেন। তেরশী—ত্রয়োদশী। শামর পখ—কৃষ্ণপক্ষ।

১। দুবরী—দুর্ব্বলা, শীর্ণা। তাহি—তাহাকে। চৌদশী—চতুর্দ্দশী (কৃষ্ণপক্ষের)। ক্ষীয়ত—ক্ষয়-প্রাপ্ত হইতেছে।

২। পুছত—জিজ্ঞাসা করে। সাধা—সাধ।

সরসহি মলয়জ পঙ্কহি পঙ্কজ
পরশে মানয় জনি আগি।
কবহি ধরণী শয়ন তনু চমকিত
হৃদি মাহা মনমথ জাগি॥ ৩॥
মন্দ মলয়ানিল বিষসম মানই
মুরছই পিককুল রাবে।
মালতী মাল পরশে তনু কম্পিত
ভূপতি কহ ইহ ভাবে॥ ৪॥

১৫২

নয়ন নোর ঘর বাহর পিছর
সবহু সখী দিঠি নোরে।
পিছরি পিছরি খস তৈও সুমুখী ধস
মিলন আশ মন তোরে॥ ১॥
কি হোইতি হুনি কে জানে।
হমর বচন মন ধরিয় সুজন জন
করিয় ভবন পরথানে॥ ২॥
এত দিন যে ধনী তোহর নাম শুনি
পুলকে নিবেদ পরাণে।
খণে খণে সুবদনী তথিহু শিথিল জনি
নোর ভাসয় অনুমানে॥ ৩॥
মনে মনে বুঝি কহু তাবে চলিয় পহু
যাবে ন কর পিক গানে।
বিদ্যাপতি ভণ হরি বড় চেতন
সময় করত সমধানে॥ ৪॥

১৫৩

চন্দন গরল সমান।
শীতল পবন হুতাশন জান॥ ১॥
হেরই সুধানিধি সুর।
নিশি বৈঠলি সুবদনী ঝুর॥ ২॥

৩। সরসহি মলয়জ—সরস চন্দন। পরশে—স্পর্শে। মানয়—মনে করে। আগি—অগ্নি।
১। নোর—অশ্রু। পিছর—পিচ্ছিল। পিছরি—পিছলাইয়া। খস—খসিয়া পড়ে। তৈও—তথাপি। ধস—ধাবিত হয়।
২। পরথানে—প্রস্থান।
৩। নিবেদ—নিবেদন করিত। তথিহু—তাহাতে।
৪। চেতন—চতুর।
২। সুর—সূর্য্য। ঝুর—অশ্রুমোচন।

হরি হরি দারুণ তোহারি সিনেহ।
তাহেরি জীবন পড়ল সন্দেহ॥ ৩॥
গুরুজন লোচন বারি।
ধনী বাটিয়া হেরই তোহারি॥ ৪॥
তেজই নয়ন ঘন নীর।
কত বেদন সহত শরীর॥ ৫॥
সুকবি বিদ্যাপতি ভাণ।
দূতীক বচন লজায়ল কান॥ ৬॥

১৫৪

শুন শুন নিঠুর কানাই।
যাই ন পেখহ রাই॥ ১॥
কিশলয় রচিত কুটিরে।
শয়নে ন বান্ধই থিরে॥ ২॥
সে অবলা কুলবালা।
কত সহ বিরহক জ্বালা॥ ৩॥
ঘামে ঘরমাইত দেহ।
গলি গলি যায়ত সেহ॥ ৪॥
নুনিক পুতলি তনু তায়।
আতপতাপে মিলায়॥ ৫॥
হেরি সখী হরল গেয়ান।
কণ্ঠহি আওত প্রাণ॥ ৬॥
দীঘল দিবস ন যায়।
কান্দিয়া রজনী পোহায়॥ ৭॥
কবহু ঐসে মুরছান।
যামিনী দিবস ন জান॥ ৮॥
ভূপতি কি কহব তোয়।
পুন নহি হেরব মোয়॥ ৯॥

১৫৫

শুন শুন মধব শুন মোর বাণী।
তুয় দরশন বিনু যইসনি সয়ানী॥ ১॥

৩। হরি হরি—আক্ষেপে। তাহেরি—তাহার। সন্দেহ—সংশয়।
৪। বারি—এড়াইয়া। বাটিয়া—বাট, পথ।
৬। লজায়ল—লজ্জিত হইল।
২। শয়নে—শয্যায়।
৪। ঘরমাইত—ঘর্ম্মাক্ত।
৫। নুনিক—নবনীতের।
৭। দীঘল—দীর্ঘ।
৮। যামিনী দিবস ন জান—দিন রাত্রি জ্ঞান থাকে না।
১। যইসনি—যেমন। সয়ানী—কিশোরী।

শয়ন মগন ভেল তাহেরি দেহা।
কুহু তিথি মগনি বইসনি শশিরেহা ॥ ২ ॥
সখী জনে আঁচরে ধইলি ঝপাই।
অপনহি খাসে যাইতি উড়িয়াই ॥ ৩ ॥
মুরুছি খসলি মহী পেরসি তোরি।
হরি হরি শিব শিব এতবায়ে বোলি ॥ ৪ ॥
অব সেও জীব তেজতি তুয়া লাগি।
তাক মরণ বধ হোয়বহ ভাগী ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কে কর তরাণ।
তুয় দরশন এক জীব নিদান ॥ ৬ ॥

১৫৬

সুপুরুষ প্রেম সুধনী অনুরাগ।
দিনে দিনে বাঢ় অধিক দিন লাগ ॥ ১ ॥
মাধব হে মথুরাপতি নাহ।
অপন বচন অপনে নিরবাহ ॥ ২ ॥
কমলিনী সুর আনে আনে অনুভাব।
ভমি ভমি ভমর মদন গুণ গাব ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভান।
শিরি হরিসিংহ দেব ই রস জান ॥ ৪ ॥

১৫৭

নব কিশলয় শয়ন শুতলি
ন বুঝ দিবস রাতি।
চান্দ সুরয় বিশেখ ন জানয়
চান্দনে মানয় শাতি ॥ ১ ॥
বিরহ অনল মনে অনুভব
পরকে কহয় ন যাই।
দিবসে দিবসে খিণী বালী
চান্দ অবথাঞে যাই ॥ ২ ॥

মাধব রমণী পাউলি মোহে।
আজ ধরি মোঞে আশে জীয়াউলি
ওতয় জানহ তোহে ॥ ৩ ॥
কতহু কুসুম কতহু সৌরভ
কতহু ভয় রাবে।
ইন্দ্রিয় দারুণ যতহি হটিয়
ততহি ততহি ধাবে ॥ ৪ ॥
মদনশরে যে তনু পসাহল
ঋতুপতি কে রোবে।
আপন বালভু জঞো হোয় আয়ত
তঞো দিয় পরক দোষে ॥ ৫ ॥
ভণ বিদ্যাপতি শুন তোঞে যৌবতি
রহহি সঙ্গ সপুণে।
কন্ত দিগন্তর যাহি ন সুমর
কি তনু রূপ কি গুণে ॥ ৬ ॥

১৫৮

ক্ষণে সন্তাপ শীত জ্বর জাড়।
কি উপচরব সন্দেহ ন ছাড় ॥ ১ ॥
উচিতও ভূষণ মানয় ভার।
দেহ রহল অছ শোভাসার ॥ ২ ॥
এ হরি তোরিত করিয় অবধারি।
যে কিছু সমদলি সুন্দরী নারী ॥ ৩ ॥
বেদন মানয় চন্দন আগি।
বাট হেরঞে তুয় অহনিশি জাগি ॥ ৪ ॥
জিনল বদন ইন্দু তেঁ তাব।
কি দহু হোইতি এহি পরথাব ॥ ৫ ॥

২। শয়ন—শয্যা। কুহু—অমাবস্যা।

৩। ধইলি—ধরিল, রাখিল। ঝপাই—ঢাকিয়া। যাইতি—যাইবে। উড়িয়াই—উড়িয়া।

৪। এতবায়ে—এইমাত্র।

৫। তেজতি—ত্যাগ করিবে! তাক—তাহার। হোয়েবহ—হইবে।

৬। তরাণ—ত্রাণ। নিদান—শেষ উপায়।

১। সুধনী—উত্তম রমণী। লাগ—লাগিয়া।

২। নাহ—নাথ। নিরবাহ—নির্ব্বাহ কর।

৩। আনে—অপর। অনুভাব—অনুভব।

১। শয়ন—শয্যায়। শাতি—শান্তি।

২। বালী—বালা। চান্দ অবথাঞে যাই—চন্দ্র যেমন দিন দিন (কৃষ্ণপক্ষে) ক্ষয়প্রাপ্ত হয়, বালাও তদ্রূপ দিন দিন ক্ষীণ হইতেছে।

৩। পাউলি মোহে—মোহ প্রাপ্ত হইয়াছে। আশে জীয়াউলি—আশা দিয়া বাঁচাইয়া রাখিয়াছি। ওতয়—অতঃপর।

৪। হটিয়—নিবারণ কর। ধাবে—যায়।

৫। আয়ত—আয়ত্ত।

১। জাড়—জ্বর, জ্বালা দেয়, দগ্ধ করে উপচরব—উপশম হইবে।

২। উচিতও ভূষণ—আবশ্যকীয় অলঙ্কার।

৩। অবধারি—অবধারণ, স্থির।

৪। মানয়—মনে করে। আগি—অগ্নি।

৫। তেঁ—সেই জন্য। তাব—তাপিত করে পরথাব—প্রস্তাব। তাহার (রাধার) মুখ চন্দ্রকে জয় করিয়াছিল, সেইজন্য চন্দ্র তাহার কিরণ দ্বারা তাহাকে (রাধাকে) তাপিত করিতেছে।

নব আখর গদ গদ স্বর রোয়।
যে কিছু সুন্দরী সমদল গোয়॥ ৬॥
কহয়ে ন পারিয় তসু অবসাদ।
দোসরা পদ অছ সকল সম্বাদ॥ ৭॥
ভণই বিদ্যাপতি এহো রস ভান।
অবুঝ ন বুঝায়ে বুঝয় মতিমান॥ ৮॥
রাজা শিবসিংহ পরতখ দেও।
লখিমা দেবী পতি পুণরত সেও॥ ৯॥

১৫৯

প্রথমহি রঙ্গ রভস উপজায়।
প্রেম আঁকুর গেল হে বঢ়ায়॥ ১॥
সে আবে দিন দিন তরুণত ভাস।
তাঁ তরুবর মনমথে লেল বাস॥ ২॥
মাধব কাহে বিসরলি বরনারী।
বড় পরিহর গুণ দোষ বিচারি॥ ৩॥
পিক পঞ্চম ডরে মদন তরাস।
স্বর গদগদ ঘন তেজ নিশাস॥ ৪॥
নয়ন সরোজ দুহু বহ নীর।
কাজর পঘরি পঘরি পড়ু চীর॥ ৫॥
তেঁহি তিমিত ভেল উরজ সুবেশ।
মৃগমদে পূজল কনকমহেশ॥ ৬॥
সুপুরুষ বাচা সুপহু সিনেহ।
কবহু ন বিচল পখাণক রেহ॥ ৭॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধরু মন ধীরষ মিলত মুরারি॥ ৮॥

৬। নব আখর—নূতন কথায়। সমদল—সংবাদ দিল। গোয়—গোপনে।

৭। তসু—তাহার।

৯। পরতখ—প্রত্যক্ষ। দেও—দেবতা।

১ রভস—রহস্য। উপজায়—উৎপন্ন করিয়া। আঁকুর- অঙ্কুর।

২ আবে—এখন। তরুণত ভাস—তরুণ অবস্থা প্রাপ্ত হইল। তাঁ—সেই।

৪। তরাস—ত্রাস।

৫। কাজর—কজ্জল। পঘরি—গলিয়া। পড়ু—পড়িতেছে।

৬। তেঁহি—তাহাতে। তিমিত ভেল—কৃষ্ণবর্ণে রঞ্জিত হইল। উরজ—পয়োধর।

৭। বাচা—বচন। সুপহু—সুপ্রভু। ন বিচল—বিচলিত হয় না।

৮। ধীরষ—ধৈর্য্য।

১৬০

মাধব জানল ন জীউতি রাহি।
যতবা যকর লেলে ছলি সুন্দরী
সে সবে সোপলক তাহি॥ ১॥
শরদক শশধর মুখরুচি সোপলক
হরিণক লোচন লীলা।
কেশপাশ লয়ে চমরীকে সোপল
পায়ে মনোভব পীলা॥ ২॥
দশন দশা দাড়িবকে সোপলক
বন্ধুর অধর রুচি দেলি।
দেহদশা সৌদামিনী সোপলক
কাজর সনি সখী ভেলী॥ ৩॥
ভঞ্জু হেরি ভঙ্গ অনঙ্গ চাপ দিহু
কোকিলকে দিহু বাণী।
কেবল দেহ মেহ অছ লওলে
এতবা অএলাহু জানি॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুন বরযৌবতি
চিতে জনু ঝাঁখহ আনে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে॥ ৫॥

১। যতবা—যত কিছু। যকর—যাহার। লেলে ছলি—লইয়াছিল। সোপলক—সমর্পণ করিল। ২। পীলা—পীড়া, যন্ত্রণা। ৩। দাড়িবকে—দাড়িম্বকে। বন্ধুর—বান্ধুলীপুষ্প।
ঝাঁখহ—শোক কর।

মাধব, জানিতে পারিলাম, রাই আর বাঁচিবে না; কারণ, সে যাহার নিকট হইতে যাহা লইয়াছিল, তাহাই তাহাকে প্রত্যর্পণ করিয়াছে। মদন কর্ত্তৃক পীড়িত হইয়া নিজের মুখশোভা শারদীয় শশধরকে ফিরাইয়া দিয়াছে, নয়নের দৃষ্টি হরিণকে, কেশপাশ চমরীকে সমর্পণ করিয়াছে; দন্তসমূহ দাড়িম্বকে, অধরশোভা বান্ধুলী পুষ্পকে, দেহলাবণ্য সৌদামিনীকে ফিরাইয়া দিয়াছে। সখী (রাধা) কজ্জলের ন্যায় কালো হইয়া গিয়াছে। ভ্রূভঙ্গ অনঙ্গকে ধনুকের জন্য এবং কোকিলকে বাণী দিয়াছে। কেবল তোমার স্নেহের জন্য দেহ লইয়া আছে, ইহা জানিয়া আসিয়াছি। বিদ্যাপতি বলিতেছে, হে বরযুবতি, তুমি চিত্তে শোককে স্থান দিও না।

১৬১

ছলিহু পুরুব ভোরে ন যায়ব পিয়া মোরে
পানিক সুতা ধনী কলহই।
ক্ষণে একে জাগলি রোয়য়ে লাগলি
পিয়া গেল নিজ কর মুদরী দই ॥ ১ ॥
দিনে দিনে তনু শেখ দিবস বরিস লেখ
শুন কানু তোহ বিনু যৈসনি রমনী ॥ ২ ॥
পরক বেদন দুখ ন বুঝয়ে মুরুখ
পুরুখ নিরাপন চপলমতি।
রতস পড়লি বোল সত কয় তহ্নি লেল
কি করতি অনাইতি পড়লি যুবতী ॥ ৩ ॥

১৬২

কত কত ভমি পুরুষ দেখল
কত কলাবতী নারী।
জীব সঞো পেম পলকে উপজই
সবে সে বুঝ বিচারি ॥ ১ ॥
তকরি আস দেখি দেখি তবে
মোহি ন রহ গেয়ান।
যাহি বধতব সে যেহন কর
তোঁহ চাহি নহি আন ॥ ২ ॥
মাধব কহঞো তোহি বুঝাই।
সে আবে মরণ শরণ জানলি
তোহর বিরহ পাই ॥ ৩ ॥
ধরণী শয়ন মুদল নয়ন
নলিন মলিন সমে।
কতে যতনে বোলিকহু ধনি তোরি
বইসাউলি হমে ॥ ৪ ॥
তৈয়ও যদি পুছলে ন বাজলি
বচন ন শুন আধে।
সুমরি সে সখি তোহ মোহ গেলি
বিধিবশে ভেলি বাধে ॥ ৫ ॥

১। পানিক সুতা—জলকন্যা অর্থাৎ লক্ষ্মীর, সমুদ্রমন্থনে লক্ষ্মীর উদ্ভব হইয়াছিল। কলহই—কলহ হইলেও। মুদরী—অঙ্গুরী।

২। শেখ—শেষ।

মুরুখ—মূর্খ। নিরাপন—আপনার নহে। সত—সত্য। অনাইতি—অনায়ত্ত।

২। তকরি—তাহার। আস—আস্য, মুখ। বধতব—বধ করিবে। যেহন—যেরূপ। তোঁহ চাহি—তোমার অপেক্ষা।

৪। বসাউলি—বসাইলাম।

৫। ন বাজলি—কথা কহে না।

পীরিতি গুণ বিপরীত হোয়ে সখি
বিসরি ন কর নাহ।
দিবস দোষে সে কি নহি সম্ভব
পেম পরাণহু চাহ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি শুন তঞে যুবতি
রস নাহি অবসান।
রাজা শিরি শিবসিংহ জীবও
লখিমা দেবী রমাণ ॥ ৭ ॥

১৬৩

মোরি অবিনয়ে যত পরলি খেঞোব তত
চিতে সুমরবি মোরি নামে।
মোহি সনি অভাগিনী দোসরি জনু হোয়
তহ্নি সম পহু মিল কামে ॥ ১ ॥
মাধব মোরি সখি সমন্দল সেবা।
যুবতী সহস সঙ্গে সুখ বিলসব রঙ্গে
হম জল আজুরি দেবা ॥ ২ ॥
পুরব প্রেম যত নিতে সুমরব তত
সুমর যত ন হোয় শেখে।
রহয়ে শরীর জঞো কি ন ভুঁজিয় তঞো
মিলয়ে রমণী শত সংখে ॥ ৩ ॥
পেয়সী সমাদ শুনিয়ে হরি বিসময়
করু পায় ততহি বেরা।
করি ভণে বিদ্যাপতি রাজা রূপনরায়ণ
লখিমা দেবী সুসেরা ॥ ৪ ॥

১৬৪

ঘটক বিহি বিধাতা জানি।
কাচে কঞ্চনে ছাউলি আনি ॥ ১ ॥
কুচ সিরিফল সঞ্চা পুরি।
কুদি বইসাওল কনক কটোরি ॥ ২ ॥

৬। পরাণহু চাহ—প্রাণের চাইতে।

১। খেঞোব—ক্ষমা করিও। সুমরবি—স্মরণ করিবে। জনু—না। মিল—মিলে। কামে—কামনা করিল।

সমন্দল—নিবেদন করিল। সেবা—প্রণাম সহস—সহস্র। রে—

৩ নিতে—নিত্য। শেখে—শেষে ভুঁজিয় ভোগ করে।

৪। পায়—উপায়। সুসেরা—সুশরণ।

১। ঘটক—ঘটের। বিহি—বিধি, প্রণালী। ছাউলি—ছাইল, মুড়িয়া দিল।

২। সঞ্চা—ছাঁচ।

রূপ কি কহব মঞে বিশেখি।
গয়ে নিরূপিয় ঝটিতি দেখি ॥ ৩ ॥
নয়ন নলিন সম বিকাশ।
চান্দহ তেজহ বিরহ ভাস ॥ ৪ ॥
দিনে রজনী হেরয়ে বাট।
জনি হরিণী বিছুরল ঠাট ॥ ৫ ॥

১৬৫

শুন শুন মাধব কর অবধান।
তো বিনু দিবস রজনী নহি জান ॥ ১ ॥
যতহু কলানিধি সপূরণ ভেল।
ততহু কলাবতী ক্ষীণ ভই গেল ॥ ২ ॥
নীল নলিনী লয়ে যব কর বায়।
হৃদয়ে রহু ভয় উড়ি জনু যায় ॥ ৩ ॥

১৬৬

সুজন বচন হে যতনে পরিপালয়
কুলবতী রাখয় গারি।
সে পহু বরিসে বিদেশ গমাওত
কি হোইতি বরনারী ॥ ১ ॥
কহ্নাই পুনু পুনু সুবদনী সমাদ পঠাওল
অবধি সমাপলি আয়ে ॥ ২ ॥
সাহর মুকুলিত করয়ে কোলাহল পিক
ভমর করয় মধুপান।
মধুযামিনী হে কইসে করি গমাউতি
তোহ বিনু তেজতি পরাণ ॥ ৩ ॥
কুচরুচি দূরে গেল দেহ অতি খীণ ভেল
নয়নে গলয় জলধার।
বিরহ পয়োধি কাম নাব তহি
আশা ধরয় কড়হার ॥ ৪ ॥

৩। গয়ে—গিয়া।
৫। বিছুরল ঠাট—যূথভ্রষ্ট।
২। যতহু—যতই। কলানিধি—চন্দ্র। সপূরণ ভেল—পূর্ণতা প্রাপ্ত হইতে লাগিল। ততহু—ততই। কলাবতী—রাধা।
৩। কর—করি। বায়—বাতাস।
১। পরিপালয়—প্রতিপালন করে। গারি—গালি, অপযশ। বরিসে—বৎসর
২। সমাদ—সংবাদ।
৩। সাহর—সহকার। করি—করিয়া। গমাউতি—কাটাইবে।
৪। কুচরুচি—কুচশোভা। নাব—নৌকা। কড়হার—নৌকার হাল।

১৬৭

কি কহব মাধব বেদন কাতর।
জনু করুণা শুনি ন কাঁদয় নাগর ॥ ১ ॥
যখন শুনল সখী হিমকর নাম।
তৈখনে মুরছি পড়ল সোই ঠাম ॥ ২ ॥
কালি পুণিম শশী কইসে জীউ ধরতি।
চান্দ ছটা ধনী টুটহি পড়তি ॥ ৩ ॥
সজল নলিনী দল শেষ বিছাওল।
সব সখী আনি তাহি শুতাওল ॥ ৪ ॥
অনুখণ চন্দন শীতল নীরে।
তেঁ কি তাপ জুড়াওত শরীরে ॥ ৫ ॥

১৬৮

অহে কানু তুহু গুণধান।
হমর বচন কর অবধান ॥ ১ ॥
ধুতুরক ফুলে যব মধুকর কেলি।
মালতী নাম দৈব দূর গেলি ॥ ২ ॥
যহাঁ তহাঁ জলধর পিয়ব চকোর।
সহজই হিমকর আদর থোর ॥ ৩ ॥
কাক শবদ যব গরুয় সোহাগ।
দূরে রহু কোকিল পঞ্চম রাগ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক দুখ দিবস দুই চারি ॥ ৫ ॥

১৬৯

গমন অবধি তুয় ন ভেল বিশেখ।
ভিত ভরি গেল দিনে দিনে রেখ ॥ ১ ॥
তাহি মেটি কেহো উন শুনায়।
বদন সিঁচই কেহো জল লয় ধায় ॥ ২ ॥
কি হোইতি মাধব কমলমুখী।
যতনে জীয়াওল সকল সখী ॥ ৩ ॥

৩। জীউ ধরতি—জীবন ধরিবে টুটহি পড়তি—খসিয়া পড়িয়াছে।
৪। শুতায়ল—শয়ন করাইল। ৫। তেঁ কি—তাহাতেও কি।
২। ধতুকর—ধুতুরার।
৩। যহাঁ তহাঁ—যেখানে সেখানে।
৪। গরুয়—গুরু, অতি।
১। গমন অবধি—যাইবার দিন হইতে। ভিত—ভিত্তি। রেখ—রেখা, দাগ।
২। মেটি—মুছাইয়া। উন—কম। সিঁচই—সিঞ্চন করে। ৩। জীয়াওল—বাঁচাইল।

কাহুকা নলিনী দল কাহুক চন্দনা।
কেও কহে আওল নন্দনন্দনা॥ ৪॥
শীতল মৃণাল হৃদয়ে ধরু কোয়।
চাঁদ কিরণ কেও রাখয়ে গোয়॥ ৫॥
কেহু মলয়ানিল বারই চীরে।
কেহু করয় নব কিশলয় দূরে॥ ৬॥
মধুকর ধ্বনি শুনি কেও মুদ কানে।
করতল তাল কোকিল খেদ আনে॥ ৭॥
কন্ত দিগন্তহি কেহো কেহো যায়।
কেহো কেহো হরি তুয় গুণ পরথায়॥ ৮॥
অবুঝ সখীজন ন জানথি আধি।
আন ঔষধ কর আন উপাধি॥ ৯॥

১৭০

কিশলয় শয়নে আগি করি মানয়
সখীগণ নপার বুঝায়।
মণিময় মুকুরে দেখি পুনু মুখ
চান্দ ভরমে মুরছায়॥ ১॥
মাধব কহলম তোহর দোহাই।
যইসন রাহি আজু হম পেখল
কহইতে কে পতিয়াই॥ ২॥
বিগলিত কেশ শাস বহ খরতর
নহি রহ নীবিনিবন্ধ।
কম্বু কন্দর ধরয়ে ন পারই
টুটল পঞ্জরবন্ধ॥ ৩॥
নব কিশলয় চন্দনে শোয়াওল
অধিক জর জনি আগি।
কি ঘর বাহর পড়য় নিরন্তর
অহনিশি পেখয় জাগি॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুনহ শিরোমণি
তোরিত মিলহ ধনী পাশ।
সকল সখীগণ হেরত বিয়োগিনী
দশমী দশা পরকাশ॥ ৫॥

১৭১

করহি মিলল রহ মুখ নহি সুন্দর
জনি খীণ দিবসক চন্দা।
প্রকৃতি ন রহ থির নয়নে গরয় নীর
কমল গরয়ে মকরন্দা॥ ১॥
হে মাধব তুয় গুণে ঝামরী রামা।
দিনে দিনে খীণ তনু পীড়য়ে কুসুমধনু
হরি হরি লে পএ নামা॥ ২॥
নিন্দয় চন্দন পরিহর ভূষণ
চাঁদ মানয়ে জনি আগি।
দশমী দশা আবে তেঁ ধনী পাওল
বধক হোএবহ তোঁহে ভাগী॥ ৩॥
অবসর বহলা কি নেহ বঢ়াওব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে॥ ৪॥

১৭২

কত নলিনীদল শেষ শোয়াউবি
কত দেব মলয়জ পঙ্কা।
জলজদল ন কত দেহে দেয়াওব
তথুহু হুতাশন শঙ্কা॥ ১॥
কহ কইসে রাখবি তরুণী তরুণ
মদন পরতাপে॥ ২॥
চিন্তাঞে করতল লীন বদন
তনু দেখি উপজু মোহি ভানে।
দর লোভে বিহি অপুরুব জনি সিরিজল
চান্দ কমল সন্ধানে॥ ৩॥

১। করহি মিলল রহ—করতললগ্ন। গরয়—গড়াইয়া পড়িতেছে।

২। ঝামরী—মলিনা। কুসুমধনু—মদন। লে—লইতেছে। ৩। তোঁহে—তোমাকে।

৪। অবসর বহলা—সময় অতীত হইলে।

১। নলিনীদল শেষ—পদ্মপত্রের শয্যায়। শোয়াউবি—শয়ন করাইব। মলয়জ পঙ্কা—চন্দন। জলজদল—পদ্মপত্র। তথুহু—তাহাতেও।

২। তরুণ—বলবান্, দুর্দ্দমনীয়। পরতাপে—প্রতাপ।

বল, কেমন করিয়া তরুণী দুর্দ্দমনীয় মদনের প্রতাপ রাখিবে অর্থাৎ সহ্য করিবে?

৩। দর—ভয়। অপুরুব—অপর্ব্ব। সন্ধানে—সংযোগ।

নন্দনন্দনা—নন্দনন্দন, শ্রীকৃষ্ণ।
মুর—ঢাকা দেয়। আনে—অপরে।
দিগন্তহি—দূরে। পরথায়—প্রথিত করে, ঘোষণা করে।
উপাধি—রোগলক্ষণ।
শয়নে—শয্যা। মুরছায়—মূর্চ্ছিত হয়।
পতিয়াই—প্রত্যয় করিবে।
শোয়াওল—সাজাইল, লেপন করিল।

দারুণ পচশর মুরুছি ধরণী পল
সুমরি সুমরি তুয় নেহে।
তোহেঁ পুরুষোত্তম ত্রিভুবন সুন্দর
অপদ ন অপযশ লেহে ॥ ৪ ॥

১৭৩

বিধিবশে তুয় সঙ্গম তেজল
দরশন ভেল সাধ।
সময়বশে মধু ন মিলয়ে
সৌরভ কে কর বাধ ॥ ১ ॥
মাধব কঠিন তোহর নেহ।
তুয় বিরহ বেয়াধি মুরছলি
জীবন তাসু সন্দেহ ॥ ২ ॥
জগত নাগরী কত ন আগরি
তথুহু গুপুত পেম।
সে রস রভস পুনু পাবিয়
দেসহু সহস হেম ॥ ৩ ॥

১৭৪

অইসনি কহতহি তইও ন পএ জাসি
বিসরইত বিসোআসয়া।
রমণ ভবন সমান কানন
কঠিন করয় নিরাশয়া ॥ ১ ॥
অওধ আয়ল হঠ ন মানল
নয়ানে গরয় জল ধারয়া।
চাঁদে চঢ়ি জনু বেঢ়ি খঞ্জন
মুঞ্চ মোতিম মালয়া ॥ ২ ॥

কুটিল বেশ কলাপ খীন তনু
সখিনী জতনে নিবাধয়া।
জনু উজোর হাটক ছাট মনমথ
বাঁধি চামর চারয়া ॥ ৩ ॥
বহু দিন গেল বহু মাস ভেল
বহু বরিখ কতএ সমারয়া।
নিজ নারী বিরহিনা জারি মাধব
সাধব কওন কাজয়া ॥ ৪ ॥
দূতী ভাষ শুনি কহত পুনি পুনি
আকুল ভই বহু কালয়া।
নিজ নেহ গুনি গুনি গেহ যদুপতি
সিংহ ভূপতি ভানয়া ॥ ৫ ॥

১৭৫

তিল এক শয়ন ওত জীউ ন সহ
ন রহু দুহু তনু ভিন।
মাঝে পুলক গিরি অন্তর মানিয়
ঐসন রহু নিশি দিন ॥ ১ ॥
সজনি কোন পর জীয়ব কান।
রাহি রহল দূর হুম মথুরাপুর
এতহু সহয় পরাণ ॥ ২ ॥
ঐসন নগর ঐসে নব নাগরী
ঐসন সম্পদ মোর।
রাধা বিনু সব বাধা মানিয়
নয়ন ন তেজব নোর ॥ ৩ ॥
সোই যমুনা জল সোই রমণীগণ
শুনইতে চমকিত চিত।
কহ কবিশেখর অনুভবি জানলোঁ
বড়ক বড়ই পিরীত ॥ ৪ ॥

১। বিধিবশে তোমার সঙ্গ ত্যাগ করিয়াছে বটে, কিন্তু দর্শনের সাধ রহিয়াছে। অসময়ে মধু না মিলিতে পারে, কিন্তু সৌরভে কি কেহ বাধা দিতে পারে?

২। তাসু—তাহার।

৩। আগরি—অগ্রগণ্যা। তথুহু—তাহাতে। দেলহু—দিলেও। সহস হেম—সহস্র সুবর্ণ।

১। অইসনি কহতহি—এত বলিতেছি। বিসরইত বিসোআসয়া—বিশ্বাস দিয়া বিস্মৃত হইতেছ। সুন্দর গৃহ অরণ্যতুল্য হইল, নিরাশা অতি কঠিন।

২। অওধ—অবধি। হঠ—বলপূর্ব্বক। গরয়—প্রবাহিত হয়। যেন খঞ্জন (নয়ন) চন্দ্রে (মুখে) আরোহণ করিয়া মুক্তামালা (অশ্রুধারা) ত্যাগ করিতেছে।

৩। কুটিল—অসংযত, জড়িত। নিবাধয়া—সংস্কার করে। উজোর—উজ্জ্বল। হাটক—স্বর্ণের। ছাট—সাট, কষা। চামর—চমর মৃগ। চারয়া—চরায়। রুক্ষ, জটিল কেশকলাপ, ক্ষীণ তনু, সখীরা যত্ন পূর্ব্বক সংস্কার করে, যেন কাম উজ্জ্বল স্বর্ণের কষা দ্বারা চমর মৃগকে বাঁধিয়া চরায়।

৪। সমারয়া—স্মরণ করিবে, অতিবাহিত করিবে। জারি—দগ্ধ করিয়া। সাধব কওন কাজয়া—কোন কাজ সাধিবে।

৫। ভাষ—কথা। নিজের স্নেহ স্মরণ করিয়া যদুপতি গমন করিলেন।

১। ওত—অন্তরাল। পুলক গিরি—যে গিরি দেখিয়া আনন্দ হয় অর্থাৎ কুচযুগল।

২। এতহু সহয় পরাণ—এতও কি প্রাণে সহ্য হয়?

১৭৬

রামা হে শপথ করহু তোর।
সে যে গুণবতী গুণ গণি গণি
ন জান কি গতি মোর ॥ ১ ॥
সে সব সুমরি দহই মদন
হৃদয়ে লাগল ধন্ধ।
তাহি বিনু হম জীব ন মানিয়
মরণ অধিক মন্দ ॥ ২ ॥
সগর রজনী রোই গমাওল
সঘন তেজ নিশাস।
নয়নে নয়নে পুনু কি মিলব
পুনু কি পূরব আশ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ নাগর
চিতে ন মানহ আন।
দিবস থোর বহি মিলব নাগরী
মনে গুণি ইহ জান ॥ ৪ ॥

১৭৭

ঋতুরাজ আজ বিরাজ হে সখি
নাগরী জন বন্দিতে।
নবরঙ্গ নবদল দেখি উপবন
সহজ শোভিত কুসুমিতে ॥ ১ ॥
আরে কুসুমিত কানন কোকিল সাদ।
মুনিহুক মানস উপজু বিষাদ ॥ ২ ॥
আয়ল উনমদ সময় বসন্ত।
দারুণ মদন নিকারুণ কন্ত ॥ ৩ ॥
অতি মত্ত মধুকর মধুর রব কর
মালতী মধু সিঞ্চিতে।
সময় কন্ত উদন্ত নহি কিছু
হমহি বিধিবশ বঞ্চিতে ॥ ৪ ॥
বঞ্চিত নাগর সেহ সংসার।
এহি ঋতুপতি সোঁ ন কর বিহার ॥ ৫ ॥

অতি হার ভার মনোদ মারয়
চন্দ রবি সখি ভানয়।
পূরব পাপ সন্তাপ যতহো
মন মনোভব জানয় ॥ ৬ ॥
জারয় মনসিজ মার শর সাধি।
চন্দনে দেহ চৌগুণ হো ধাধি ॥ ৭ ॥
সবে ধাধি আধি বেয়াধি যাইতি
করিয় ধৈরয় কামিনি।
সুপহু মন্দির তোরিত আওত
সুফলে যাইতি যামিনী ॥ ৮ ॥
যামিনী সুফলে যাইতি অবসান।
ধৈরষ ধরু বিদ্যাপতি ভাণ ॥ ৯ ॥

১৭৮

আজে তিমির দশ দিশ ছড়লা।
আজে দীঘর ভই দিবস বঢ়লা ॥ ১ ॥
আজে অকথ ভেল পরিজন কথা।
আরতি ন রহয় উচিত বেথা ॥ ২ ॥
এ সখি এ সখি ফললি সুবেলা।
নিয়র আয়ল পিয়া লোচন মেলা ॥ ৩ ॥
বিরহে দগধ মন কত দূর ধওলা।
মাগল মনোরথ কওনে সখি পওলা ॥ ৪
কত খণ ধরব যাইতে জীব রাখি।
আশা বাঁধ পড়ল মন সাখী ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সজনি।
বালভু শূন ভেল মহঘি রজনী ॥ ৬ ॥

১। করহু—করিতেছি। গণি গণি—গণনা করিয়া, স্মরণ করিয়া।

৩। সগর—সকল। গমাওল—কাটাইয়াছি।

১। নবরঙ্গ—নূতন বর্ণ। নবদল—নূতন পত্র।

২। সাদ—ধ্বনি। মুনিহুক—মুনিরও।

৩। উনমদ—উন্মত্ত। নিকারুণ—করুণাহীন।

৪। উদন্ত—বার্ত্তা।

৫। সোঁ—সহিত।

যে নাগর ঋতুপতির সহিত (বসন্তকালে) বিহার করে না, সে এ সংসারে বঞ্চিত।

৬। মনোদ—মদন। চন্দ—চন্দ্রকে। রবি—সূর্য্যের ন্যায়।

৭। জারয়—দগ্ধ করে। সাধি—সন্ধান করিয়া, মারিয়া। ধাধি—উত্তাপ, দাহ।

১। ছড়লা—ছাড়িল। দীঘর—দীর্ঘ।

২। অকথ—অকথ্য। বেথা—ব্যথা।

৩। ফললি—ফলিল। সুবেলা—সুসময়। লোচন মেলা—নয়ন মিলন, দর্শন পাইল।

৪। ধওলা—ধাবিত হইল। মাগল—যাচিত। কওনে—কোন।

৬। বালভু—বল্লভ। শূন—শূন্য। মহঘি—মহার্ঘ।

ভাবসম্মিলন

হরি যব আওব গোকুলপুর।
ঘরে ঘরে নগরে বাজব জয়তূর ॥ ১ ॥
আলিপন দেয়ব মোতিম হার।
মঙ্গল কলস করব কুচভার ॥ ২ ॥
সহকার পল্লব চুম্বন দেব।
মাধব সেবি মনোরথ লেব ॥ ৩ ॥
ধূপদীপ নৈবেদ করব পিয়া আগে।
লোচন নীরে করব অভিষেকে ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ইহ রস তন্ত।
মুরুখ ন বুঝয় বুঝ গুণমন্ত ॥ ৫ ॥

পিয়া যব আওব ই মঝু গেহে।
মঙ্গল যতহুঁ করব নিজ দেহে ॥ ১ ॥
কনয়া কুম্ভ করি কুচযুগ রাখি।
দরপণ ধরব কাজর দেই আঁখি ॥ ২ ॥
বেদী বনাওব হম অপন অঙ্গমে।
ঝাড়ু করব তাহে চিকুর বিছানে ॥ ৩ ॥
কদলী রোপব হম গরুয় নিতম্ব।
আম্রপল্লব তাহে কিঙ্কিণী সুঝম্প ॥ ৪ ॥
নিশি দিশি আনব কামিনী ঠাট।
চৌদিকে পশারব চাঁদক হাট ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ পূরব আশ।
দুই এক পলকে মিলব তুয় পাশ ॥ ৬ ॥

অঙ্গনে আওব যব রসিয়া।
পলটি চলব হম ঈষত হসিয়া ॥ ১ ॥
আবেশে আঁচরে পিয়া ধরবে।
যাওব হম যতন বহু করবে ॥ ২ ॥
কঁচুয়া ধরব যব হঠিয়া।
করে কর বাধব কুটিল আধ দিঠিয়া ॥ ৩ ॥

রভস মাগব পিয়া যবহিঁ।
মুখ মোড়ি বিহুসি বোলব নহি নহি ॥ ৩ ॥
সহজহি সুপুরুখ ভমরা।
মুখ কমল মধু পিয়ব হমরা ॥ ৫ ॥
তৈখনে হরব মোর গেয়ানে।
বিদ্যাপতি কহ ধনি তুয় ধেয়ানে ॥ ৬ ॥

হমর মন্দিরে যব আওব কান।
দিঠি ভরি হেরব সে চান্দ বয়ান ॥ ১ ॥
নহি নহি বোলব যব হম নারী।
অধিক পিরীতি তব করব মুরারি ॥ ২ ॥
করে ধরি মঝু বৈসাওব কোর।
চিরদিনে সাধ পুরাওব মোর ॥ ৩ ॥
করব আলিঙ্গন দূর কএ মান।
ও রসে পূরব হম মুদব নয়ান ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
তোহর পিরীতিক যাউ বলিহারি ॥ ৫ ॥

কি কহব রে সখি রজনীক কাজ।
স্বপনহি হেরল নাগররাজ ॥ ১ ॥
আজু শুভনিশি কি পোহায়ল হাম।
প্রাণপিয়াকে করল পরণাম ॥ ২ ॥
বিদ্যাপতি কহে শুন বরনারি।
ধৈরয ধর তোহে মিলব মুরারি ॥ ৩ ॥

আজু রজনী ভাগে গমাওল
পেখল পিয়ামুখচন্দা।
জীবন যৌবন সফল কয় মানল
দশ দিশ ভেল নিরদন্দা ॥ ১ ॥

১। জয়তূর—ত্ব
৩। দেব—দিব। লেব—লইব।
২। দরপণ—দর্পণ।
৪। সুঝম্প—আন্দোলিত ও শব্দিত।
৩। হঠিয়া—হঠ, শঠ। আধ দিঠিয়া—আড়চোখে চাহিয়া, কটাক্ষ করিয়া।
৫। সহজহি—স্বভাবতঃ।
৬। ধনি—ধন্য।
১। দিঠি ভরি—দৃষ্টি ভরিয়া, নয়ন ভরিয়া।
৪। ও—সে, মাধব।
১। স্বপনহি—স্বপ্নে।
১। নিরদন্দা—দ্বন্দ্বরহিত, সুপ্রসন্ন।

আজু মঝু গেহ গেহ করি মানল
আজু মঝু দেহ ভেল দেহা।
আজু বিহি মোহে অনুকূল হোয়ল
টুটল সবহু সন্দেহা ॥ ২ ॥
সোই কোকিল অব লাখ ডাকউ
লাখ উদয় করু চন্দা।
পাঁচবাণ অব লাখ বাণ হোউ
মলয় পবন বহু মন্দা ॥ ৩ ॥
অব মঝু যব পিয়া সঙ্গ হোয়ত
তবহি মানব নিজ দেহা।
বিদ্যাপতি কহ অলপভাগি নহ
ধনি ধনি তুয় নব নেহা ॥ ৪ ॥

দারুণ বসন্ত যত দুখ দেল।
হরিমুখ হেরইতে সব দূর গেল ॥ ১ ॥
যতহুঁ অছল মোর হৃদয়ক সাধ।
সে সব পূরল হরি পরসাদ ॥ ২ ॥
কি কহব রে সখি আজুক আনন্দ ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর ॥ ৩ ॥
রভস আলিঙ্গনে পুলকিত ভেল।
অধরক পানে বিরহ দূর গেল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি আর নহ আধি।
সমুচিত ঔষধে ন রহ বেয়াধি ॥ ৫ ॥

দুহুক দুলহ দুহু দরশন ভেল।
বিরহজনিত দুখ সব দূরে গেল ॥ ১ ॥

করে ধরি বৈসাওল বিচিত্র আসনে।
রময় রতন শ্যাম রমণী রতনে ॥ ২ ॥
বহুবিধ বিলসয় বহুবিধ রঙ্গ।
কমলে মধুপ জনি পাওল সঙ্গ ॥ ৩ ॥
নয়ানে নয়ান দোঁহার বয়ানে বয়ান।
দুহু গুণে দুহুঁ গুণ দুহু জনে গান ॥ ৪
ভণই বিদ্যাপতি নাগরী ভোর।
ত্রিভুবন বিজয়ী নাগর কোর ॥ ৫ ॥

হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল ॥ ১ ॥
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার ॥ ২ ॥
পাখীক পাখ মীনক পানি।
জীবক জীবন হম তুহু জানি ॥ ৩ ॥
তুহু কৈসে মাধব কহ তুহু মোয়।
বিদ্যাপতি কহ দুহু দোঁহা হোয় ॥ ৪ ॥

১০

সখি কি পুছসি অনুভব মোয়।
সোই পিরীতি অনুরাগ বখানইত
তিলে তিলে নূতন হোয় ॥ ১ ॥
জনম অবধি হম রূপ নিহারল
নয়ন ন তিরপিত ভেল।
সোই মধুর বোল শ্রবণহি শুনল
শ্রুতিপথে পরশ ন গেল ॥ ২ ॥
কত মধু যামিনী রভসে গমাওল
ন বুঝল কৈসন কেল।
লাখ লাখ যুগ হিয় হিয় রাখল
তইও হিয়া জুড়ল ন গেল ॥ ৩ ॥
কত বিদগধ জন রস অনুমগন
অনুভব কাহু না পেখ।
বিদ্যাপতি কহ প্রাণ জুড়াইত
লাখে ন মিলল এক ॥ ৪ ॥

২। আজ আমার গৃহ প্রকৃতই গৃহ হইল।
৩। ডাকউ—ডাকুক।
৪। ধনি ধনি—ধন্য ধন্য।
৩। চিরদিনে—অনেক দিনের পর। দীর্ঘ কালের পর মাধব আমার গৃহে আসিয়াছেন।

শ্রীচৈতন্য-চরিতামৃতে লিখিত আছে যে, কীর্ত্তনে এই পদ শ্রবণ করিয়া মহাপ্রভুর ভাবাবেশ হইত।

১। দুলহ—দুর্লভ।

৫। ত্রিভুবনবিজয়ী নাগরের ক্রোড়ে নাগরী মুগ্ধ হইল।
২। গীমক—গলার।

১১

সরস বসন্ত সময় ভল পাওলি
দছিণ পবন বহু ধীরে।
স্বপনহু রূপ বচন এক ভাখিয়
মুখ সোঁ দূরী করু চীরে॥ ১॥
তোহর বদন সন চাঁদ হোয়ত নহি
যইও যতন বিহি দেলা।
কই বেরি কাটি বনাওল নব কই
তইও তুলিত নহি ভেলা॥ ২॥
লোচন তুল কমল নহি ভই শক
সে জগ কে নহি জানে।
সে ফেরি যায় লুকায়ল জল ভয়
পঙ্কজ নিজ অপমানে॥ ৩॥
ভণহি বিদ্যাপতি শুনু বর যৌবতি
ই সব লছমী সমানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী পতি ভানে॥ ৪॥

১২

স্বপনে আয়ল সখি মঝু পিয়া পাশে।
তখনুক কি কহব হৃদয় উলাসে॥ ১॥
ন দেখিয় ধনুগুণ ন দেখু সন্ধানে।
চৌদিশ পড়য় কুসুমশর বাণে॥ ২॥
বঙ্ক বিলোকন বিকসিত থোরা।
চাঁদ উগল জনি সমুদ্র হিলোরা॥ ৩॥
উঠলি চেহায় আলিঙ্গন বেরি।
রহলি লজায়ে শূন শেষ হেরি॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুনহ স্বপনে।
যত দেখলহ তত পুরতোহ মনে॥ ৫॥

১৩

করে কুচমণ্ডল রহলিহুঁ গোয়।
কমলে কনক গিরি ঝাঁপি ন হোয়॥ ১॥
হরখ সহিত হেরলহি মুখকাঁতি।
পুলকিত তনু মোর ধর কত ভাঁতি॥ ২॥
তখনে হরল হরি অঞ্চল মোর।
রসভরে সসরু কসনিক ডোর॥ ৩॥
সপনা এক সখি দেখল মোঞে আজ।
তখনুক কৌতুক কহইতে লাজ॥ ৪॥
আনন্দে নোরে নয়ন ভরি গেল।
পেমক আঁকুরে পল্লব দেল॥ ৫॥
ভণই বিদ্যাপতি সপনা স্বরূপ।
রস বুঝ রূপনরায়ণ ভূপ॥ ৬॥

১৪

স্বপনে দেখল হরি উপজল রঙ্গে।
পুলকে পূরল তনু জাগু অনঙ্গে॥ ১॥
বদন মেরায়ে অধর রস লেলা।
নিশি অবসান কাহ্ন কঁহা গেলা॥ ২॥

১। পাওলি—পাইল। দছিণ—দক্ষিণ। রূপ—মূর্ত্তি, আকৃতি। ভাখিয়—কহিল। মুখ সোঁ—মুখ হইতে।

সুন্দর সরস বসন্তকাল আসিল, দক্ষিণ পবন ধীরে ধীরে প্রবাহিত হইতেছিল। স্বপ্নে দেখিলাম, এক (পুরুষ) মূর্ত্তি কথা কহিয়া বলিতেছে, তোমার মুখ হইতে বস্ত্র দূর কর।

২। কই বেরি—কতবার। কাটি—কাটিয়া। বনাওল—গড়িল, তৈয়ার করিল। নব কই—নূতন করিয়া।

৩। ভই শক—হইতে পারিল। সে—তাহা। ফেরি—ফিরিয়া।

১। আয়ল—আসিল। মঝু পিয়া—আমার প্রিয়তম। পাশে—পার্শ্বে।

২। দেখিয়—দেখি পড়য়—পড়িতেছে।

৩। হিলোরা—হিল্লোল, তরঙ্গ।

৪। উঠলি—উঠিলাম। চেহায়—চমকিয়া।

৫। দেখলহ—দেখিয়াছ। পুরতোহ—পূর্ণ হইবে।

১। রহলিহুঁ—রহিলাম। গোয়—গোপন করিয়া। কর দ্বারা কুচমণ্ডল গোপন করিয়া রাখিলাম, কিন্তু কমল (করকমল) দিয়া কনক-গিরি (গৌরবর্ণ পয়োধর) ঢাকা যায় না।

২। হরখ—হর্ষ। কাঁতি—কান্তি। ভাঁতি—ভাব।

৩। সসরু—স্রস্ত হইল, শিথিল হইয়া গেল। কসনিক ডোর—কষনীডোর, নীবিবন্ধ। হরি তখন আমার অঞ্চল হরণ করিল অর্থাৎ কাড়িয়া লইল; রসভরে আমার নীবিবন্ধ স্রস্ত হইল।

৪। তখনুক—তখনকার।

৫। নোর—অশ্রু। আনন্দাশ্রুতে আমার নয়ন ভরিয়া গেল। সেই জলে প্রেমাঙ্কুরের পল্লব দেখা দিল।

১। জাগু—জাগরিত হইল।

২। মেরায়ে—মিলাইয়া।

কা লাগি নিন্দ ভাঁগলি বিধি মোরা।
ন ভেলে সুরত সুখ লাগল ভোরা॥ ৩॥
মালতী পাওল রসিক ভমরা।
ভেল বিয়োগ করম দোষ মোরা॥ ৪॥
নিধনে পাওল ধন অনেক যতনে।
আঁচল সঞো খসি পলল রতনে॥ ৫॥

১৫

শুতলি ছলিহুঁ হম ঘরবা রে
গরবা মোতিহার।
রাতি যখনি ভিনসরবা রে
পিয়া আয়ল হমার॥ ১॥
কর কৌশল কর কপইত রে
হরবা উর টার।
কর পঙ্কজে উর খপইত রে
মুখ চন্দ নিহার॥ ২॥
কেহনি অভাগলি বৈরিণী রে
ভাগলি মোর নিন্দ।
ভল কয় নহি দেখি পাওল রে
গুণময় গোবিন্দ॥ ৩॥
বিদ্যাপতি কবি গাওল রে
ধনি মন ধরু ধীর।
সময় পায় তরুবর ফল রে
কতবো সিচ নীর॥ ৪॥

১৬

স্বপন দেখল পিয়া মুখ অরবিন্দ।
তেহি খন হে সখি টুটলি নিন্দ॥ ১॥
আজ সগুণ ফল সম্ভব সাঁচ।
বেরি বেরি বাম নয়ন মোর নাচ॥ ২॥

৩। নিন্দ—নিদ্রা। ভাঁগলি—ভাঙ্গিল। ভোরা—ভ্রম।

৫। সঞো—হইতে।

১। ছলিহুঁ—ছিলাম। ঘরবা—ঘর গরবা—গলদেশ। ভিনসরবা—প্রাতঃকাল।

২। হরবা—হার। টার—সরাইয়া ফেলিল। খপইত—স্থাপিত।

৩। কেহনি—কেমন। অভাগলি—অভাগিনী ভাগলি—পলাইল।

৪। কতবো—কতই। সিচ—সিঞ্চন কর।

১। নিন্দ—নিদ্রা।

২। সগুণ—সুলক্ষণ। সাঁচ—সত্য। বেরি-বেরি—বার বার।

আজন বইসি সগুণ কহ কাক।
বিরহ বিভঞ্জন দিন পরিপাক॥ ৩॥
আজ দেখব পিয় অলখক চান।
বিদ্যাপতি কবিবর এহ ভাণ॥ ৪॥

১৭

মোরাহি রে অঁগনা চাঁদনকেরি গছিয়া
তাহি চঢ়ি কুরুরয় কাক রে।
সোনে চঞ্চু বাঁধয় দেব মোঞে বায়স
জঞো পিয়া আওত আজ রে॥ ১॥
গাবহ সহি লোরি ঝুমরি মদন
অরাধনে যাঞ॥ ২॥
চৌদিশ চম্পা মউলি ফুললি
চান্দ উজোরিয়ে রাতি।
কইসে করি মদন অরাধব রে
হোইতি বড়ি রতি শাতি॥ ৩॥
বিদ্যাপতি কবি গাবিয়া রে
তোঁকে অছ গুণক নিধান।
রাজা ভোগীশ্বর গুণ নাগরা রে
পদমা দেবী রমাণ॥ ৪॥

১৮

সুরভি সময় ভল চল মলয়ানিল
সাহর সৌরভ সার লো।
কাহুক বিপদ কাহুক সম্পদ
নানা গতি সংসার লো॥ ১॥

৩। দিন পরিপাক—দিবাবসান।

৪। অলখক—অলক্ষ্য। চান—চাঁদ।

১। চাঁদনকেরি—চন্দনের। কুরুরয়—মৃদু-স্বরে শব্দ করে। সোনে—সোনা দিয়া। বাঁধয়—বাঁধাইয়া। জঞো—যদি।

২। গাবহ—গান কর। সহি—সখী। ঝুমরি—বিহার অঞ্চলের এক প্রকার গীত, স্ত্রীলোকেরা দল বাঁধিয়া গায়।

৩। মউলি—মল্লিকা। ফুললি—ফুটিয়াছে। উজোরিয়ে—উজ্জ্বল। অরাধব—আরাধনা করিব। রতি শাতি—রতি-শান্তি।

৪। তোঁকে—তোমার, তোর। পদমা—পদ্মা।

১। চল—বহিতেছে। সাহর—সহকার। কাহুক—কাহারও।

কোইলী পঞ্চম রাগে রমণগুণ সুমরাঞো।
কুশলে আওত মোর নাহ লো।
আজ ধরিয়ে হমে আশহি অছলিহু
সুমরি ন ছাড়ল ঠাম লো॥ ২॥
ভমর দেখি ভঞে ভাবে পরায়ল
গহয়ে শরাসন কাম লো।
ভণই বিদ্যাপতি রূপনরায়ণ
শিরি শিবসিংহ দেব নাম লো॥ ৩॥

১৯

গগন বলাহকে ছাড়ল রে
বারিষ কাল অতীত।
করিয় বিনতি সোঁ এঁ আয়ব
জহি বিনু তিভুবন তিত॥ ১॥
আবহো সুমতি সংঘাতিনী রে
বাট নিহারয় ষাঁউ।
কুদিন সব দিন নহি রহ
সুদিবস মন হরখাউ॥ ২॥
শামর চন্দা উগলাহ রে
চান্দ পুন গেলাহ অকাশ।
এতবহি পিয়াকৈ অয়বা রে
পলটত বিরহিণী সাঁস॥ ৩॥
শুতিয়ে দূরহি নিহরবা রে
যতি দূর হিয়রা ধাব।
কি করত হিয়রা আকুল রে
আগিহি বাত ন পাব॥ ৪॥
বিদ্যাপতি কবি গয়বা রে
রস জানিয়ে রসমন্ত।
মন্তি মহেশ্বর সুন্দর রে
রেণুক দেবীকন্ত॥ ৫॥

২০

দুসহ বিয়োগ দিবস গেল বীতি।
প্রিয়তম দরশন অনুপম প্রীতি॥ ১॥
আব লগইছথি বিধু অনুকূল।
নয়ন কপূর আঁজন সমতুল॥ ২॥
গাবথু পঞ্চম কোকিল আবি।
গুঞ্জথু মধুকর লম্ভিকা পাবি॥ ৩॥
বহথু নিরন্তর ত্রিবিধ সমীর।
ভণ বিদ্যাপতি কবিবর ধীর॥ ৪॥

২১

যে দুখদায়ক সে সুখ দেখু।
অবলা জন সৌ আশিস লেখু॥ ১॥
পিয় মোর আয়ল আন পরোস।
বিরহ ব্যথা জনি গেল লখ কোশ॥ ২॥
নহি ছথি উগথু সহস দ্বিজরাজ।
কুদিবস হিতকর অনহিত কাজ॥ ৩॥
ত্রিবিধ সমীর বহথু দিনরাতি।
পঞ্চমে গাবথু কোকিল জাতি॥ ৪॥
সে গৃহ গৃহ নিত উতসব আজ।
বিদ্যাপতি ভণ মন নির্ব্যাজ॥ ৫॥

২২

বিহি মোরে পরসন ফেল।
হরি মোহি দরশন দেল॥ ১॥

২। কোইলী—কোকিল। সুমরাঞো—স্মরণ করাইয়া দিতেছে। আশহি—আশাতেই। ঠাম—স্থান, গৃহ। ৩। পরায়ল—পলাইল। গহয়ে—গ্রহণ করে।

১। বলাহকে—মেঘ। এঁ—এ দিকে। জহি—যিনি। তিভুবন—ত্রিভুবন। তিত—তিক্ত।

২। আবহো—আয়, এস। সংঘাতিনী—সখী। ষাঁউ—যাই, গমন করি। হরখাই—হর্ষিত করে।

৩। শামর—শ্যাম। উগলাহ—উদয় হইল। এতবহি—এই মাত্র। অয়বা—আসিবার। পলটত—ফিরিয়া। ৪। শুতিয়ে—শয়ন করিয়া। নিহরবা—দেখিব। যতি—যত। হিয়রা—হৃদয়। ৫। গয়বা—গাহিতেছে। জানিয়ে—জানে। মন্তি—মন্ত্রী।

১। বিয়োগ—বিরহ। বীতি—অতীত হইয়া।

২। লগইছথি—লাগিতেছে। আঁজন—অঞ্জন।

৩। গাবথু—গান করুক। আবি—আসিয়া। গুঞ্জথু—গুঞ্জন করুক। পাবি—পাইয়া।

৪। বহথু—বহুক। ত্রিবিধ সমীর—শৈত্য, সৌগন্ধ্য ও মান্দ্য।

১। দেখু—দান করুক। সৌঁ—হইতে। লেখু—জউক।

২। আন—অন্য। লখ—লক্ষ। পরোস—পাড়া।

৩। ছথি—আছে, হয়। উগথু—উদয় হউক। সহস—সহস্র। দ্বিজরাজ—চন্দ্র। অনহিত—আহিত।

৪। কোকিল জাতি—কোকিলসমূহ।

৫। নিত—নিত্য। উতসব—উৎসব। নির্ব্যাজ—ছলনাশূন্য।

১। পরসন—প্রসন্ন।

রেখলি বদন অভিরাম।
পুরল সকল মনকাম ॥ ২ ॥
জাগি উঠল পঞ্চবাণ।
বশে নহি রহল গেয়ান ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি তান।
সুপুরুষ ন কর নিদান ॥ ৪ ॥

২৩

জনম কৃতারথ সুপুরুষ সঙ্গ।
সেহে দিবস জৌঁ নহি মন ভঙ্গ ॥ ১ ॥
হৃদয়ক আনন্দে সুখ পরকাশ।
তরণি তেজেঁ হো কমল বিকাশ ॥ ২ ॥
ভল ভেল মাই হে কুদিবস গেল।
হরি নিধি মিলল সকল সিধি ভেল ॥ ৩ ॥
এক দিশ মণিময় নব নিধি হেম।
অওকা দিশ নবরস সুপুরুষ পেম ॥ ৪ ॥
নিকুতি তৌলি কয়ল অনুমান।
প্রীতি অধিক থী কে নহি জান ॥ ৫ ॥
প্রীতিক সম হে দোসর নহি আন।
যাহি তুলনা দিয় অপন পরাণ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অনুপম রীতি।
দম্পতি কাঁ হো অচল পিরীতি ॥ ৭ ॥

২৪

চিরদিন ছল বিহি মোহে প্রতিকূল।
পিয়া পরসাদে ভেল অনুকূল ॥ ১ ॥
অছল দারুণ বিরহে বিভোর।
তুরিতে আবি পিয়া মোহে লেল কোর ॥ ২ ॥
তৃষিত চাতক জনি নব ঘন মেলি।
ভুখল চকোর চাঁদ করু কেলি ॥ ৩ ॥
জনি বনজানলে দগধ পরাণ।
ঐসন হোয়ল অমিয়া সিনান ॥ ৪ ॥

২৫

অরে রে পরম প্রেম সজনি
নয়ন গোচর কওন দিন জনি
নাহ নাগর গুণক আগর কলাসাগর রে ॥ ১ ॥
যখনে মধুরিপু ভবন আওব
দূরে রহি মুঝে কহি পঠাওব
সকল দূখণ তেজি ভূখণ সমক সাজব রে ॥ ২ ॥
লাজ নতি ভয়ে নিকটে আওব
রসিক ব্রজপতি হিয়ে সম্ভাওব
কামকৌশল কোপ কাজর তবহু রাজব রে ॥ ৩ ॥
কবহু কোকিল মধুর কুহু কুহু
কবহু কপোত কণ্ঠরব মুহু
করজশাসন কলা আসন কছু ন গোয়ব রে ॥ ৪ ॥
কবহু দুহু মেলি সঙ্গীত গাওব
কবহু কর গহি কণ্ঠ লাওব
কবহু কৌতুক কোপ কিয়ে রস রাখি রুষব রে ॥ ৫ ॥
যতন করি হরি কত ন ভাখব
আশ দেই পিয়া পাশ রাখব
সময় বুঝি তহিঁ মাজ্যি হোই পুন শাজ্যি হোয়ব রে ॥৬॥
বচন ছলে যব সাধ মানব
মীনকেতন যুঝত জানব
মদন মদমত্ত হাতী মাতব অচিরে মুষব রে ॥ ৭ ॥

২। অভিরাম—সুন্দর।

১। কৃতারথ—কৃতার্থ। সেহে—সেই। জৌঁ—যদি।

২। পরকাশ—প্রকাশ। তরণি—সূর্য্য।

৩। মাই হে—মাগো। সিধি—সিদ্ধি।

৪। অওকা দিশ—অপর দিকে।

৫। নিকুতি—নিক্তি। অনুমান—বিচার। থী—আছে।

১। পরসাদে—প্রসাদে।

২। আবি—আসিয়া। কোর—ক্রোড়।

৩। ভুখল—উপবাসী।

৪। বনজানল—দাবানল অমিয়া সিনান—অমৃত-স্নান।

১। কওন—কোন। জনি—যেন। নাহ—নাথ। আগর—অগ্রগণ্য।

২। মধুরিপু—মাধব। মুঝে—আমাকে। দূখণ—দূষণ, দোষ। ভূখণ—ভূষণ। সমক—সম্যক্।

৩। হিয়ে সম্ভাওব—হৃদয়ে সম্ভাষণ করিবে, অর্থাৎ আলিঙ্গন করিবে। কাজর—কার্য্য। রাজব—শোভা পাইবে।

৪। করজশাসন—করজ অর্থাৎ নখ, তাহার দ্বারা শাসন অর্থাৎ নখাঘাত। গোয়ব—হারাইব, ভুলিব।

৫। লাওব—লইব।

৬। ভাখব—ভাসিবে, কথা কহিবে। মাজ্যি—মহার্ঘ। শাজ্যি—শস্তা।

৭। সাধ মানব—সাধিলে মান ত্যাগ করিব। মীনকেতন—মদন। মুষব—অঙ্কুশ দ্বারা নিবারণ করিবে। কথার ছলে সাধিলে মান পরিত্যাগ করিব। মদন যুদ্ধোদ্যত হইয়াছে বুঝিতে পারিব। মদমত্ত হস্তীর ন্যায় মদন মাতিয়া উঠিলে শীঘ্রই অঙ্কুশ দ্বারা নিবারণ করিবে।

এতহু কহিতে সখী তুরিতে আওলি
সুধা সম বাত লাওলি
কানু সুন্দর চতুর মন্দির নিকটে আওল রে ॥ ৮ ॥
হরখি হসি হসি বোলয় রাধা
অচিরে বিহি কিয়ে পূরব সাধা
শরদ চাঁদ চকোর মিলল সিংহ ভূপতি গাবই রে ॥৯ ॥

২৬

অধর সুধা মিঠি দুধে ধবরি ডিঠি
মধু সম মধুরিম বাণী রে।
অতি অরথিত যে যতনে ন পাইয়
সবে বিহি তোহি দেল আনি রে ॥ ১ ॥
জনু রূষহ ভাবিনি ভাব জনাই।
তুয় গুণে লুবুধল সুপহু অধিক দিনে
পাহুন আয়ল মধাই ॥ ২ ॥
যসু গুণ ঝখইতে ঝামরী ভেলি হে
রয়নী গমওলহ জাগি রে।
সে নিধি বিধি অনুরাগে মিলল তোহি
কানু সম পিয়া অনুরাগী রে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি গুণবতী রাখয়
বালভুকে অপরাধ রে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী অরাধ রে ॥ ৪ ॥

২৭

যা লাগি চাঁদন বিখ তহ ভেল
চাঁদ অনল যা লাগি রে।
যা লাগি দখিণ পবন ভেল সায়ক
মদন বৈরী যা লাগি রে ॥ ১ ॥

৮। তুরিতে আওলি—ত্বরিতে আসিল বাত লাওলি—কথা কহিল।

১। মিঠি—মিষ্ট। দুধে ধবরি—দুগ্ধের মত ধবল। ডিঠি—দৃষ্টি। অরথিত—প্রার্থিত।

২। জনু রূষহ—রাগ করিও না। পাহুন—অতিথি। মধাই—মাধব।

৩। যসু—যাহার। ঝখইতে—শোক করিতে। ঝামরী—মলিনা।

৪। রাখয়—রাখে, ক্ষমা করে। বালভুকে—বল্লভের।

১। যা লাগি—যাহার জন্য। চাঁদন—চন্দন। বিখ—বিষ। তহ—হইতে, অধিক। সায়ক—শর, বাণ।

সে কানু কতদিনে পাহুন
হসি ন নিহারসি তাহি রে।
হৃদয়ক হার হঠে টারহ জনু
প্রেমসুধা অবগাহি রে ॥ ২ ॥
রোয়ইতে নোরে আতুর ভেল লোচন
রয়নী যাম যুগে গেলি রে।
ফুজল চিকুর চীর নহি চেতয়
হার ভার তনু ভেল রে ॥ ৩ ॥
তপ তোর তরুণ করুণে কানু আয়ল
কাঁই বঢ়াবসি মান রে।
যেও ন অছল মনে সেও ভেল সম্পন
কবি বিদ্যাপতি ভাণ রে ॥ ৪ ॥

২৮

কত ন দিবস লয় অছল মনোরথ
হরি সঞো বঢ়াওব নেহা।
সে সবে সফল ভেল বিহি অভিমত দেল
সহজে আয়ল মঝু গেহা ॥ ১ ॥

২। পাহুন—অতিথি। ন নিহারসি—দেখিতেছ না। তাহি—তাহাকে। হঠে—বলপূর্ব্বক। টারহ—ছুড়িয়া। জনু—না। অবগাহি—জানিয়া।

৩। ফুজল—মুক্ত, আলুলায়িত। চেতয়—চেতন করে, সম্বরণ করে।

৪। করুণে—করুণা করিয়া। কাঁই—কেন। বঢ়াবসি—বাড়াও। সম্পন—সম্পন্ন।

যাহার জন্য চন্দন বিষ হইতেও অধিক তীব্র, চন্দ্র অগ্নি তুল্য বলিয়া মনে হইত ; যাহার জন্য দক্ষিণ পবন বাণ এবং মদন শত্রু হইয়াছিল, সেই কানাই কতদিন পরে তোমার দ্বারে অতিথি,—কেন তাহাকে হাসিয়া দেখিতেছ না ? প্রেম যে সুধা, ইহা জানিয়া হৃদয়ের হার বলপূর্ব্বক ফেলিও না। যাহার জন্য কাঁদিতে কাঁদিতে অশ্রুজলে চক্ষু আকুল হইয়াছে, রাত্রির যাম যুগের মত বোধ হইয়াছে, মুক্তকেশ ও বস্ত্র সম্বরণ করিতে পারিতে না, দেহের হারও ভার বোধ হইত, সেই কানু আজ তোমার অপস্থায় করুণা করিয়া আসিয়াছে, তবে কেন মান বাড়াইতেছ ? কবি বিদ্যাপতি বলিতেছে, মনে যাহা (যে আশা) ছিল না, তাহাও সম্পন্ন হইল।

১। নেহা—স্নেহ, প্রেম। সহজে—আপনিই।

সখি হে জনম কৃতারথ ভেলা।
বদন নিহারি অধর মধু পিবিকহু
হরি পরিরম্ভণ দেলা ॥ ২ ॥
পীন পয়োধর হরখি পরশ কক্ষ
নীবিবন্ধ খোয়েলহিঁ পানি।
পুলকে পূরল তনু মোদিত কুসুমধনু
গাবয় সুললিত বাণী ॥ ৩ ॥
তোঞে ধনি পুনমতী সব গুণ গুণমতী
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

২৯

শরদক চান্দ সরিশ তোর মুখ রে।
ছাড়ল বিরহ আঁধারক দুখ রে ॥ ১ ॥
অমিল মিলল অছ সুদৃঢ় সমাজ রে।
পূরবক পুণ পরিণত ভেল আজ রে ॥ ২ ॥
হেরি হল সুন্দরি শুনহ বচন মোর রে।
পরিহর লাজ সুলভ মন তোর রে ॥ ৩ ॥
রসবতী মালতি ভল অবসর রে।
পিবও মধুর মধু ভুখল ভমর রে ॥ ৪ ॥
উপনীত পাহুন ঋতুপতি সাহ রে।
অপনুক অঙ্গিরল কর নিরবাহ রে ॥ ৫ ॥

সুপুরুখে পাওল সুমুখী সুনারী রে।
দৈবে মেরাওল উচিত বিচারি রে ॥ ৬ ॥

৩০

চিরদিনে সে বিহি ভেল নিরবাদ।
পূরাওল দুহুক মনোভব সাধ ॥ ১ ॥
আওল মাধব রতি সুখ বাস।
বাঢ়ল রমণীক মনহি উলাস ॥ ২ ॥
সে তনু পরিমলে ভরল দিগন্ত।
অনুভবি মুরুছি পড়ল রতিকন্ত ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি কুমুদিনী ইন্দু।
উছলল সখীখণ আনন্দ সিন্ধু ॥ ৪ ॥

৩১

চিরদিনে সে বিহি ভেল অনুকূল রে।
দুহু মুখ হেরইতে দুহু সে আকুল রে ॥ ১ ॥
বাহু পসারিয় দুহুঁ দুহাঁ ধরু রে।
দুহু অধরামৃতে দুহু মুখ ভরু রে ॥ ২ ॥
দুহু তনু কাঁপই মদন উছল রে।
কি কি কি কর কিঙ্কিণী রুচল রে ॥ ৩ ॥
জাতহি স্মিত নব বদনে মিলল রে।
দুহু পুলকাবলি তে লহু লহু রে ॥ ৪ ॥
রসে মাতল দুহু বসন খসল রে।
বিদ্যাপতি কহ রসসিন্ধু উছলল রে ॥ ৫ ॥

২। কৃতারথ—কৃতার্থ। পিবিকহু—পান করিয়া।

৩। হরখি—আনন্দে। খোয়েলহিঁ—খুলিলেন।

কত দিন হইতে মনে সাধ ছিল যে, হরির সহিত প্রেম বাড়াইব। এতদিনে বিধির বিধানে তাহা সফল হইল, আজ আপনিই হরি আমার গৃহে আসিয়াছে। হে সখি, আজ আমার জন্ম কৃতার্থ হইল—বদন দেখিয়া, অধর-মধু পান করিয়া আমাকে আলিঙ্গন করিল, আনন্দে পীন পয়োধর স্পর্শ করিল, হাত দিয়া নীবিবন্ধ খুলিয়া দিল, পুলকে আমার দেহ পূর্ণ হইল; আনন্দিত মদন সুললিত গান গাহিয়া উঠিল। বিদ্যাপতি বলিতেছে, হে ধনি, তুমি পুণ্যবতী এবং সর্ব্বগুণে গুণবতী।

১। শরদক চান্দ—শরচ্চন্দ্র। সরিশ—সদৃশ। ছাড়ল—ছাড়িল।

২। অমিল—যাহার সহিত মিলন ছিল না।

৩। পরিহর ইত্যাদি—যে লজ্জা তোমার মনে সুলভ, সেই লজ্জা ত্যাগ কর!

৪। ভুখল—ক্ষুধিত। রসবতী মালতী, ভাল অবসর পাইয়াছ, ক্ষুধিত ভ্রমরকে মধুর মধু পান করাও।

৫। সাহ—সাহ, রাজা। অতিথি বসন্তরাজ উপনীত হইয়াছে, আপনার অঙ্গীকার নির্ব্বাহ কর। এই সময় মাধবের সহিত কেলি কর।

৬। মেরাওল—মিলাইল।

১। চিরদিনে—অনেক দিনের পর। নিরবাধ—নির্ব্বাধ, বাধাশূন্য। পূরাওল—পূর্ণ করিল।

২। উলাস—উল্লাস।

৪। চন্দ্রদর্শনে কুমুদিনী যেমন আনন্দিত হয়, সখীগণেরও সেইরূপ আনন্দ-সিন্ধু উথলিয়া উঠিল।

বহু দিন পরে আজ বিধি অনুকূল হইয়াছে। পরস্পরের মুখ দেখিয়া দুই জনই আকুল হইয়া বাহু প্রসারণ করতঃ উভয়কে ধরিল অর্থাৎ আলিঙ্গন করিল। দুইজনের অধরামৃতে দুইজনেরই মুখ ভরিয়া গেল। উভয়ের তনু রোমাঞ্চিত হইয়া ঘন ঘন কম্পিত হইল। দুই জনে কতবার মদন-সাগরে ঝম্প প্রদান করিল। কি কি কি করিয়া কিঙ্কিণী বাজিয়া উঠিল। নব স্মিত হাস্য দেখা দিতেই মুখে মুখে মিলিত হইল, তাহাতে উভয়ের মৃদু মৃদু রোমাঞ্চ হইল। রসে মাতিয়া উভয়ের বসন খসিয়া পড়িল। বিদ্যাপতি বলিতেছে, রস-সিন্ধু উথলিয়া উঠিল।

৩২

দুহুঁ দুহাঁ নিরখই নয়নক কোণে।
দুহুঁ হিয় জর জর মনমথ বাণে ॥ ১ ॥
দুহুঁ তনু পুলকিত ঘন ঘন কম্প।
দুহুঁ কত মদন সাগরে দেই ঝম্প ॥ ২ ॥
দুহুঁ দুহুঁ আরতি পিরীতি নহি টুটে।
দরশন পরশে কতেক সুখ উঠে ॥ ৩ ॥

৩৩

সোই পিয়া গুণ কহি ন যায়।
দারিদ হেম জনি তিল এক ন ছোড়য়
রভসে রজনী গমায় ॥ ১ ॥
সে মোর শ্রমজল আঁচরে পোছয়
দেই বসনক বায়।
মৃণাল চম্পকদাম সম তনু
হিয়া বিনু শেষ ন ছোয়ায় ॥ ২ ॥
চিবুক কর গহি সঘন নিরখয়
মুখ ভরি তাম্বুল খওয়ায়।
বৃন্দাবন ভরি রসক বাদর
কবিশেখর রস গায় ॥ ৩ ॥

৩৪

মাধব রজনী পুনু কতয়ে আউতি
সজনী শীতল ওরে চন্দা।
বড়ে পুণে মিলত গোবিন্দা না রে কি ॥ ১ ॥
মুখশশী হেরি অধর অমিয় কত বেরি
আনন্দে ওরে পিবই মুহ লয়ে
মদন জীয়বই না রে কি ॥ ২ ॥

১। নিরখই—দেখে।
৩। আরতি—আর্ত্তি।
১। কহি—বর্ণনা। দারিদ—দরিদ্র। রভসে—আনন্দে।
২। পোছয়—মুছাইয়া দেয়। সে আমার শ্রমজল আঁচল দিয়া মুছাইয়া দেয়, কাপড় দিয়া বাতাস করে; মৃণাল ও চম্পকদামসম আমার দেহ হৃদয় ব্যতীত অন্যত্র ছোঁয়ায় না অর্থাৎ আমাকে সর্ব্বদা বুকে করিয়া রাখে।
৩। রসক বাদর—রসের বর্ষা, প্রেমরস বৃষ্টি।
১। মাধব-রজনী—বৈশাখ মাসের রাত্রি। কতয়ে—কবে। আউতি—আসিবে। না রে কি—নহে কি?
২। জীয়বই—বাঁচিবে।

হরি দেল হরবা অলখিত রতন পবরবা
জীব লায়েরে ধরবা নিধন নাঞী
নিধানে না রে কি ॥ ৩ ॥
কবি বিদ্যাপতি গাবই বড়ে পুণে পুণমত পাবই
মানস পুরলা সকল কলুখ বিহি হরলা
না রে কি ॥ ৪ ॥

৩৫

যঁও হম জনিতহুঁ তনি তহ
উপজত মদন বেয়াধি।
বাহু ফাঁস লয় ফসিতহুঁ
হসিতহুঁ অভিমত সাধি ॥ ১ ॥
সুমুখী ভইয়ে হসি হেরিতহুঁ
ফেরিতহুঁ সখি তনু খেদ।
মনসিজ শর নহি সহিতহুঁ
রহিতহুঁ হমে নিরভেদ ॥ ২ ॥
পরসনি ভই রতি সজিতহুঁ
বজিতহুঁ লাজ নিবারি।
কয় পরিরম্ভণ গবিতহুঁ
ভরিতহুঁ গুণ অবধারি ॥ ৩ ॥
অযশ সুযশ কয় গুণিতহুঁ
শুনিতহুঁ নহি উপহাস।
মনও নই হরি পরিহরিতহুঁ
করিতহুঁ মন ন উদাস ॥ ৪ ॥
নারী মনোরথ অভিমত
শত শত রহস নিরূপ।
কবি বিদ্যাপতি গাওল
রস বুঝ শিবসিংহ ভূপ ॥ ৫ ॥

৩। হরবা—হার। পবরবা—প্রবাল। ধরবা—রাখা। নাঞী—ন্যায়। প্রাণ দিয়া রাখিব, নির্ধন যেরূপ নিধি রাখে।
৪। কলুখ—কলুষ। হরলা—হরণ করিল।
১। যঁও—যদি। তনি—তিনি, মাধব। তহ—হইতে। উপজত—উপজিবে। ফাঁস—পাশ। ফসিতহুঁ—ফাঁসাইতাম, বাঁধিতাম। হসিতহুঁ—হাসিতাম।
২। সুমুখী—সম্মুখে ফিরিয়া। হেরিতহুঁ—দেখিতাম। ফেরিতহুঁ—ফিরাইতাম। তনু খেদ—দেহের যাতনা। নিরভেদ—নির্ভেদ, ভেদরহিত।
৩। পরসনি—প্রসন্না। বজিতহুঁ—কথা কহিতাম। গবিতহুঁ—গান করিতাম। ভরিতহুঁ—ধারণ করিতাম।
৪। গুণিতহুঁ—গণনা করিতাম। পরিহরিতহুঁ—পরিহার করিতাম।

৩৬

কুন্দল কনক কহাই হমহু কষৌটী তুল।
নিজ হিয় কষল বল্লভ বুঝল বহু মূল॥ ১॥
এ সখি সুপহু সমাগম সুখ কহনি ন যায়।
যন করি মনাও ন ছাড়িয় রাখিয় হিয় লায়॥ ২॥
পূরব গৌরী হমে পূজলি পুণে পরিণত নেহ।
জীব এক কয় মানল কি জঞো দুই দেহ॥ ৩॥
লছমীনরায়ণ নৃপ কহ তোঁহে গুণবতী নারি।
যা সঞো নেহ বঢ়াবহ সেহে দেব মুরারি॥ ৪॥

৩৭

কে মোরা যায়ত দূরহুক দূর।
সহস সৌতিনী বস মধুরপুর॥ ১॥
অপনহি হাত চললি অছ নিধি।
যুগ দশ জপল আজি ভেলি সিধি॥ ২॥
ভল ভেল মাই হে কুদিবস গেল।
চান্দ কুমুদ দুহু দরশন ভেল॥ ৩॥
কতয়ে দমোদর দেব বনমারি।
কতয় কহমে ধনী গোপ গোয়ারী॥ ৪॥
আজে অকামিক দুই দিঠি মেলি।
দেব দাহিন ভেল হৃদয় উবেলি॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
কুদিবস রহয় দিবস দুই চারি॥ ৬॥

৩৮

মাধব কত তোর করব বড়াই।
উপমা তোহর হাম ককরা কহব
কহিতহুঁ অধিক লজাই॥ ১॥
জৌঁ শ্রীখণ্ড সৌরভ অতি দুর্ল্লভ
তৌঁ পুন কাঠ কঠোর।
জৌঁ জগদীশ নিশাকর তৌঁ পুন
একহি পক্ষে উজোর॥ ২॥
মণি সমান অওরো নহি দোসর
তনিকঁহু পাথর নামে।
কনক কদলী ছোট লজ্জিত ভৈ রহু
কি কহু ঠামহি ঠামে॥ ৩॥
তোহর সরিশ এক তোহ মাধব
মন হোইছ অনুমানে।
সজ্জন জন সৌঁ নেহ কঠিন থিক
কবি বিদ্যাপতি ভাণে॥ ৪॥

৩৯

শুনু রসিয়া।
আব নই বজাউ বিপিন বসিয়া॥ ১॥
বার বার চরণারবিন্দ গহি
সদা রহব বনি দসিয়া।
কি ছলহুঁ কি হোয়ব সে কে জানে
বৃথা হোয়ত কুল হসিয়া॥ ২॥
অনুভব ঐসন মদন ভুজঙ্গম
হৃদয় হমর গেল ডসিয়া।
নন্দনন্দন তুয় শরণ ন ত্যাগব
বনু জনু অহাঁ দুরযশিয়া॥ ৩॥
বিদ্যাপতি কহ শুনু বনিতামণি
তোরে মুখে জিতল শশিয়া।
ধন্য ধন্য তোর ভাগ গোয়ালিনি
হরি ভজু হৃদয় উলসিয়া॥ ৪॥

১। কুন্দল কনক—কুঁদা সোনা, পালিশ করা সোনা। কষৌটী—কষ্টিপাথর। তুল—তুল্য। বুঝল—বুঝিলাম। মূল—মূল্য।

২। কহনি ন যায়—বলা যায় না। মনাও—মন হইতে। হিয় লায়—হৃদয়ে লাগাইয়া, বক্ষে করিয়া।

৩। পূরব—পূর্ব্বে। আমাদের দেহ যদিও দুই, তথাপি প্রাণ একই মানি।

১। সহস—সহস্র। সৌতিনী—সতিনী।

২। চললি অছ—হারাইয়া গিয়াছিল। সিধি—সিদ্ধি।

৪। কতয়ে—কোথায়। কহমে—আমি কহি। উবেলি—উদ্বেলিত। ৫। দাহিন—প্রসন্ন।

১। বড়াই—প্রশংসা। ককরা—কাহাকে। কহিতহুঁ—কহিতেও।

২। জৌঁ—যদিও। শ্রীখণ্ড—চন্দনকাঠ। তৌঁ—সেই। উজোর—উজ্জ্বল।

৩। তনিকঁহু—তাহারও। ভৈ রহু—হইয়া থাকে। ঠামহি ঠামে—আপনার স্থানে।

১। রসিয়া—রসিক। আব—এখন। বসিয়া—বাঁশী

২। গহি—গ্রহণ করিয়া। বনি—বনিয়া, হইয়া। দসিয়া—দাসী। ছলহুঁ—ছিলাম। কুল হসিয়া—কুলের হাসি, বংশের কলঙ্ক।

৩। ডসিয়া—দংশন করিয়া। বনু—হয়। জনু—না। অহাঁ—আপনার। দুরযশিয়া—দুর্যশ, অপযশ।

৪। জিতল—জয় করিল। শশিয়া—চন্দ্র। ভাগ—ভাগ্য। উলসিয়া—উল্লাসে।

হে রসিক, শুন। এখন আর বিপিনে বাঁশী

প্রার্থনা

যতনে যতেক ধন পাপে বটোরলোঁ।
মিলি মিলি পরিজন খায়।
মরণক বেরি হেরি কোই ন পুছত
করম সঙ্গে চলি যায় ॥ ১ ॥
এ হরি বন্দো তুয় পদ নায়।
তুয় পদ পরিহরি পাপ পয়োনিধি
পার হোয়ব কওন উপায় ॥ ২ ॥
যাবত জনম হম তুয় পদ ন সেবল
যুবতী মতি মঞে মেলি।
অমৃত তেজি কিয়ে হলাহল পিয়ল
সম্পদে বিপদহি ভেলি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি নেহ মনে গণি
কহলে কি বাঢ়ব কাজে।
সাঁঝক বেরি সেব কোন মাগই
হেরইতে তুয় পয় লাজে ॥ ৪ ॥

তাতল সৈকতে বারিবিন্দু সম
সুত মিত রমণী সমাজে।
তোহে বিসরি মন তাহে সমর্পল
অব মঝু হব কোন কাজে ॥ ১ ॥
মাধব হম পরিণাম নিরাশা।
তুহুঁ জগতারণ দীন দয়াময়
অতয়ে তোহারি বিশোয়াসা ॥ ২ ॥
আধ জনম হম নিন্দে গমাওল
জরা শিশু কত দিন গেলা।
নিধুবনে রমণী রস রঙ্গে মাতল
তোহে ভজব কোন বেলা ॥ ৩ ॥
কত চতুরানন মরি মরি যাওত
ন তুয় আদি অবসানা।
তোহে জনমি পুন তোহে সমাওত
সাগর লহরি সমানা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শেষ শমন ভয়ে
তুয় বিনু গতি নহি আরা।
আদি অনাদিক নাথ কহাওসি
অব তারণ ভার তোহারা ॥ ৫ ॥

৬

মাধব বহুত মিনতি কর তোয়।
দয় তুলসী তিল দেহ সোঁপল
দয়া জনু ছোড়বি মোয় ॥ ১ ॥
গণইতে দোষ গুণলেশ-ন পাওবি
যব তুহুঁ করবি বিচার।
তুহুঁ জগন্নাথ জগতে কহাওসি
জগবাহির নহি মুঞি ছার ॥ ২ ॥
কিয়ে মানুষ পশু পাখী তএ জনমিয়
অথবা কীট পতঙ্গ।
করম বিপাকে গতাগত পুনু পুনু
মতি রহু তুয় পরসঙ্গ ॥ ৩ ॥

বাজাইও না। বার বার তোমার চরণারবিন্দ গ্রহণ করিয়া তোমারই দাসী হইয়া থাকিব। কি ছিলাম কি হইব, তাহা কে জানে! কুলের উপহাস গঞ্জনা বৃথা হইবে, আমি তাহাতে কর্ণপাত করিব না। আমার মনে হয় যে, মদন-ভুজঙ্গম আমার হৃদয়ে দংশন করিয়া গিয়াছে। হে নন্দনন্দন, আমি তোমার শরণ ত্যাগ করিব না, কিন্তু যেন তোমার অপযশ না হয়। বিদ্যাপতি বলিতেছে, হে বণিতামণি, তোর মুখ চন্দ্রকে জয় করিয়াছে। হে গোয়ালিনি, ধন্য ধন্য তোর ভাগ্য, উল্লসিত হৃদয়ে হরিকে ভজনা কর।

১। পাপে বটোরলোঁ—পাপকর্ম্ম করিয়া সঞ্চয় করিয়াছি। ২। পদ নায়—পদরূপ নৌকা।

৩। মেলি—ডুবাইলাম। যুবতীতে আমার মতি ডুবাইলাম। ৪। সাঁঝক বেরি—সন্ধ্যার সময়। সেবা—সেবা, ভিক্ষা।

এ জীবনে যতধন পাপকর্ম্ম করিয়া সঞ্চয় করিলাম, পরিজনরা মিলিয়া তাহা খাইল, কিন্তু মরণের সময় কেহই জিজ্ঞাসা করে না, মাত্র কর্ম্ম সঙ্গে গমন করে। হে হরি, তোমার পদরূপ নৌকাকে বন্দনা করি। তোমার চরণ পরিত্যাগ করিয়া এই পাপ সমুদ্র পার হইবার অন্য উপায় কি! আমি আজীবন তোমার পদসেবা করিলাম না, যুবতীতে মতি ডুবাইলাম, অমৃত ত্যাগ করিয়া হলাহল পান করিলাম, সম্পদ আমার বিপদ হইল। বিদ্যাপতি বলিতেছে, স্নেহ মনেই গণনা করে, কহিলে কি ফল? সন্ধ্যার সময় কেহ যদি ভিক্ষা (অন্ন) প্রার্থনা করে, তাহাতে গৃহস্থ যেমন লজ্জিত হয়, আমিও তদ্রূপ এই অন্তিম সময়ে তোমার চরণপদ্ম দেখিবার কামনা করিলে আমাকে নিরাশ করিতে তোমার লজ্জা হইবে।

২। যখন তুমি বিচার করিবে, আমার দোষ গণিতে লেশমাত্র গুণ পাইবে না। জগতে তোমাকে জগন্নাথ কহে, ছার আমি জগৎ-বহির্ভূত নহি।

ভণই বিদ্যাপতি অতিশয় কাতর
তরইতে ইহ ভবসিন্ধু।
তুয় পদ পল্লব কর অবলম্বন
তিল এক দেহ দীনবন্ধু ॥ ৪ ॥

ক্ষেত কয়ল রখবারে লুটল ঠাকুর সেবা তোর।
বণিজা কয়ল লাভ নহি পাওল
অলপ নিকট ভেল থোর ॥ ১ ॥
রাম ধন বণিজহু বেজ অজ লাভ অনেক ॥ ২ ॥
মোতি মজিঠ কনক হমে বণিজল
পোষল মনমথ চোর।
জোখি পরেখি মনহি হম নিরসল
ধন্ধ লাগল মন মোর ॥ ৩ ॥
ই সংসার হাট কএ মানহ সবেও বণিক বণিজার।
যে যস বণিজয়ে লাভ তস পাবয়
সুপুরুষ মরহি গমার ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুনহ মহাজন
রাম ভকতি অছ লাভ ॥ ৫ ॥

১। রখবারে—রক্ষকরা। ভোর—

২। বণিজহু—বাণিজ্যের। বেজ—ব্যাজ, সুদ।

৩। মজিঠ—মঞ্জিষ্ঠা। জোখি—গণিয়া। নিরসল—সংশয় নিরাশ করিলাম।

৪। বণিজার—বিক্রেয় বস্তু। যস—যেমন। তস—তেমন। গমার—মূর্খ।

ক্ষেত প্রস্তুত করিলাম, কিন্তু দেবসেবা ভুলিয়া রক্ষকরা তাহা লুটিয়া লইল। ব্যবসা করিলাম, লাভ হইল না, অল্প যাহা মূলধন ছিল, তাহাও কমিল। রাম-ধনের ব্যবসার সুদ ও লাভ অনেক আছে। মুক্তা, মঞ্জিষ্ঠা ও সুবর্ণের ব্যবসা করিয়া মাত্র মন্মথ চোরকে পোষণ করিলাম। গণনা ও পরীক্ষা করিয়া আমি সংশয়শূন্য হইলাম, তথাপি আমার মনে সংশয় উপস্থিত হইল। এই সংবাদ হাটের মত মনে করিবে, সবাই বণিক্ ও বিক্রেয় বস্তু। যে যেমন ব্যবসা করে, সে সেইরূপ লাভ পায় (অর্থাৎ ইহজগতে সৎকর্ম্ম করিলেই পুণ্য এবং অসৎ কর্ম্ম

বয়স কতয় তেজি গেলা।
তোঁহ সেবইতে জনম বহল
তইঅও ন অপন ভেলা ॥ ১ ॥
শৈশব দশা চাহি খোয়ওলা হে মধুর মায়ক খীর।
দুই শিরীফল ছায় শোয়লও হে
কোমল কাঁচ শরীর ॥ ২ ॥
দাঁত ঝরি মুহ থোথড় ভই গেল
ঝরি গেল সবে দাপ।
তিন ভুবন বইসল দেখিয় জনি কচুমায়ল সাপ ॥ ৩ ॥
আঁখি মলামলি দূর ন সুঝয় বনে ফুটি গেল কাসী।
দুয়ও ধরাধর ধরি নিরোধিয় তর উপর উকাসী ॥ ৪ ।

করিলেই পাপ লাভ করিয়া থাকে।) সুপুরুষ অর্থাৎ চতুর ব্যক্তি সাফল্য লাভ করে এবং মূর্খ মরে। বিদ্যাপতি বলিতেছে, হে মহাজন, শুন, রামচন্দ্রে ভক্তি করিলে লাভ আছে।

২। খোয়ওলা—খাওয়াইলে। মায়ক—মাতার। খীর—দুগ্ধ। শিরীফল—শ্রীফল সদৃশ কুচ। শোয়লও—শয়ন করাইলে।

৩। থোথড়—ফোক্‌লা। ঝরি—ঝরিয়া। দাপ—দর্প। কচুমায়ল—কঞ্চুকিত।

৪। মলামলি—জ্যোতিহীন। কাসী—কাশ কুসুম। উকাসী—কাস।

হে বয়স, তুমি আমাকে ত্যাগ করিয়া কোথায় চলিয়া গেলে। তোমারই সেবার জন্য জীবন বহিয়া গেল, তথাপি তুমি আপনার হইলে না। বাল্যকালে তুমি মধুর মাতৃদুগ্ধ পান করাইলে, যৌবনে দুই শ্রীফল তুল্য পয়োধরের ছায়ায় এই কোমল কাঁচা শরীরকে শয়ন করাইলে। এখন বৃদ্ধ বয়সে দাঁত পড়িয়া গিয়াছে, দন্তহীন হইয়াছি—সমস্ত দর্প চূর্ণ হইয়াছে, কঞ্চুকিত সর্প যেমন হীনবীর্য্য হইয়া পড়ে, সেইরূপ ত্রিভুবন দেখিতেছি। নয়ন জ্যোতিহীন, দূরের বস্তু দেখিতে পাই না; বনে কাশ পুষ্প ফুটিয়াছে অর্থাৎ মাথার চুল সাদা হইয়াছে। দুই হাতে মাটী ধরিয়া তবে উঠিতে পারি, আবার তাহার উপর কাসিতে হাঁপ ধরে।

হরগৌরী-পদাবলী

বিদিতা দেবি বিদিতা হো
অবিরলকেশ শোহন্তী।
একানেক সহসকো ধারিণী
অরিরঙ্গা পূরণন্তী ॥ ১ ॥
কজ্জলরূপ তুয় কালী কহিয়ও
উজ্জলরূপ তুয় বাণী।
রবিমণ্ডল পরচণ্ডা কহিয়ে
গঙ্গা কহিয়ে পানি ॥ ২ ॥
ব্রহ্মা ঘর ব্রহ্মাণী কহিয়ে
হর ঘর কহিয়ে গৌরী।
নারায়ণ ঘর কমলা কহিয়ে
কে জান উতপতি তোরি ॥ ৩ ॥
বিদ্যাপতি কবিবর এহো গাওল
যাচক জনকে গতি।
হাসিনী দেবী পতি গরুড়নরায়ণ
দেবসিংহ নরপতি ॥ ৪ ॥

২

জয় জয় ভৈরবী অসুর ভয়াউনি
পশুপতি ভাবিনি মায়া।
সহজ সুমতি বর দিয়ও গোসাউনি
অনুগতি গতি তুয় পায়া ॥ ১ ॥
বাসর রৈনি শবাসন শোভিত
চরণ চন্দ্রমণি চূড়া।
কতওক দৈত্য মারি মুহ মেলল
কতও উগিল কৈল কূড়া ॥ ২ ॥
শামর বরণ নয়ন অনুরঞ্জিত
জলদ যোগ ফুল কোকা।
কট কট বিকট ওঠপুট পাঁড়রি
লিধুর ফেন উঠ ফোকা ॥ ৩ ॥
ঘন ঘন ঘনয় ঘুঘুর কত বাজয়
হন হন কর তুয় কাতা।
বিদ্যাপতি কবি তুয় পদসেবক
পুত্র বিসরু জনু মাতা ॥ ৪ ॥

৩

জয় জয় ভগবতি জয় মহামায়া।
ত্রিপুর সুন্দরি দেবি করু দায়া আজে মাতা ॥ ১ ॥
দালিম কুসুম সম তুয় তনু ছবি।
তখনে উদিত ভেল জনি রবি ॥ ২ ॥
ধনু শর পাশ অঙ্কুশ হাথ।
তেতিশ কোটি দেব নাব মাথ ॥ ৩ ॥
চন্দিম উপম ন পাব।
কামরমণী দাসী পদ দাব ॥ ৪ ॥

৪

জয় জয় ভগবতি ভীমা ভবানী।
চারি বেদে অবতরু ব্রহ্মবাদিনী ॥ ১ ॥
হরি হর ব্রহ্মা পুছইত ভমে।
একও ন জান তুয় আদি মরমে ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি রায় মুকুটমণি।
জীবও রূপনরায়ণ নৃপতি ধরণী ॥ ৩ ॥

১। বিদিতা—প্রকাশমানা, জ্ঞাতা। হো—হও। শোহন্তী—শোভমানা। অরিরঙ্গা—শত্রুর যুদ্ধক্ষেত্র। একানেক—একে অনেক। পুরণন্তী—পূর্ণকারিণী, পূর্ণ কর। ২। পরচণ্ডা—প্রচণ্ডা।
৩। উতপতি—উৎপত্তি।

হে অবিরলকেশশোভিনি দেবি, তুমি বিদিতা (প্রকাশমানা) হও, বিদিতা হও। তুমি একাই অনেক সহস্র রূপ ধারণ করিয়া শত্রুর যুদ্ধক্ষেত্র পূর্ণ কর। কালো রূপে তোমাকে কালী, উজ্জ্বল (শুভ্রবর্ণ) রূপে তোমাকে সরস্বতী বলিয়া থাকে। রবিমণ্ডলে প্রচণ্ডা, জলরূপে তোমাকে গঙ্গা কহিয়া থাকে। ব্রহ্মগৃহে ব্রহ্মাণী, শিবগৃহে গৌরী, নারায়ণ-গৃহে তোমাকে কমলা বলিয়া থাকে। কে তোমার উৎপত্তি জানে? কবিবর বিদ্যাপতি গাহিতেছে, হাসিনী দেবীর পতি নরপতি গরুড়নারায়ণ দেবসিংহ যাচকগণের গতি।

১। ভয়াউনি—ভয়জনক।

২। কতওক—কত। মেলল—নিক্ষেপ করিল। উগিল—উদ্গিরণ করিয়া। কূড়া—কুলা, কুলকুচা।
৩। কোকা—কোকনদ। ওঠপুট—ওষ্ঠপুট। পাঁড়রি—পাটলবর্ণ। ফোকা—ফোস্কা, বুদ্‌বুদ।
৪। কাতা—খড়্গ। বিসর জনু—বিস্মৃত হইও না। ৩। নাব—নত।
৪। কামরমণী—রতি। দাব—দাও।
১। অবতরু—অবতীর্ণ হইয়াছ।
২। পুছইত—জিজ্ঞাসা করিয়া। ভমে—ভ্রমণ করে, বেড়ায়। একও—একজনও। মরমে—মর্ম্মে।

কনকভূধরশিখরবাসিনি
চন্দ্রিকাচয়চারুহাসিনি
দশনকোটিবিকাশ
বঙ্কিমতুলিতচন্দ্রকলে।
ক্রুদ্ধসুররিপুবলনিপাতিনি
মহিষশুম্ভনিশুম্ভঘাতিনি
ভীতভক্তভয়াপনোদন
পাটলপ্রবলে ॥ ১ ॥
জয় দেবি দুর্গে দুরিতহারিণি
দুর্গমারি বিমর্দ্দকারিণি
ভক্তিনম্রসুরাসুরাধিপ
মঙ্গলায়তরে।
গগনমণ্ডলগর্ভগাহিনি
সমরভূমিষু সিংহবাহিনি
পরশুপাশকৃপাণশায়ক
শঙ্খচক্রধরে ॥ ২ ॥
অষ্টভৈরবীসৃঙ্গশালিনি
সুকরকৃত্তকপালকদম্বমালিনি
দনুজশোণিতপিশিতবর্দ্ধিত
পারণারভসে।
সংসারবন্ধনিদানমোচিনি
চন্দ্রভানুকৃশানুলোচিনি
যোগিনীগণগীতশোভিত
নৃত্যভূমিরসে ॥ ৩ ॥
জগতি পালন জনন মারণ
রূপকার্য্যসহস্রকারণ
হরিবিরিঞ্চিমহেশশেখর
চুম্ব্যমানপদে।
সকলপাপকলাপপরিচ্যুতি
সুকবি বিদ্যাপতি কৃত স্তুতি
তোষিতে শিবসিংহ ভূপতি
কামনা ফলদে ॥ ৪ ॥

খণে গোবিন্দ ভএ লিহ মহাদান।
খণহি ভসমে ভরু কাঁখ বোকান ॥ ৪ ॥
এক শরীর লেল দুই বাস।
খণে বৈকুণ্ঠ খণহি কৈলাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি বিপরীত বাণী।
ও নারায়ণ ও শূলপাণি ॥ ৬ ॥

৭

জয় জয় শঙ্কর জয় ত্রিপুরারি।
জয় অধ পুরুষ জয় অধ নারী ॥ ১ ॥
আধা ধবল আধা তনু গোরা।
আধ সহজ কুচ আধ কটোরা ॥ ২ ॥
আধ হড়মালা আধা গজমোতি।
আধাচন্দন শোভে আধ বিভূতি ॥ ৩ ॥
আধ চেতন মতি আধা ভোরা।
আধ পটোর আধ মুঞ্জ ডোরা ॥ ৪ ॥
আধ যোগ আধ ভোগ বিলাসা।
আধ পিধান আধ নগবাসা ॥ ৫ ॥
আধ চান্দ আধ সিন্দুর শোভা।
আধ বিরূপ আধ জগ লোভা ॥ ৬ ॥
ভণে কবিরঞ্জন বিধাতা জানে।
দুই কএ বাটল এক পরাণে ॥ ৭ ॥

৮

এতয় কতয় আয়ল যতি গোরী অছু তপে।
রাজরে কুমারী বেটী ডরব দেখি সাপে ॥ ১ ॥
তোড়ব মোঞে জটাজুট ফোড়ব বোকানে।
হটল ন মান যতি হোয়ত অপমানে ॥ ২ ॥
তিনু নয়ন হর বিষম জর দহনু।
উমা মোরি নলুমি হেরহ জনু ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন জগমাতা।
ও নহি উমত ত্রিভুবন দাতা ॥ ৪ ॥

৪। কাঁখ—কাঁধের। বোকান—ঝুলি।
৫। উমত—উন্মত্ত।

কোথা হইতে এ যতি আসিল, গৌরী যে তপস্যায় নিযুক্ত আছে। কুমারী রাজার কন্যা, সাপ দেখিয়া ভয় পাইবে। আমি তোমার জটাজুট ও ভিক্ষার ঝুলি ছিঁড়িয়া দিব। যতি, তুমি যদি না নিষেধ মান, তাহা হইলে অপমানিত হইবে। হে হর, তোমার ত্রিনয়নে বিষম অগ্নিজ্বালা জ্বলিতেছে, উমা আমার ছোট মেয়ে, যেন উহাকে দেখিও না। বিদ্যাপতি বলিতেছে, শুন জগন্মাতা (মেনকা), উনি উন্মত্ত নহেন, ত্রিভুবনদাতা।

ভল হর ভল হরি ভল তুয় কলা।
খণে পীতবসন খণহি বঘছলা ॥ ১ ॥
খণে পঞ্চানন খণে ভুজ চারি।
খণে শঙ্কর খণে দেব মুরারি ॥ ২ ॥
খণে গোকুল ভএ চরাইয় গায়।
খণে ভিখি মাঁগিয় ডমরু বজায় ॥ ৩ ॥

১। তুয়—তোমার। কলা—লীলা

বাঘছাল পাহুন আয়ল ভবানী।
বইসয় দিয় আনি ॥ ১ ॥
বৃষহ চঢ়ল বুঢ় আবে।
ধুথুর গজায়ে ভোজন হুনি ভাবে ॥ ২ ॥
ভসম বিলেপিত আঙ্গে।
জটা বসথি শির সুরসরি গাঙ্গে ॥ ৩ ॥
হাড়মাল ফণিমাল শোভে।
ডমরু বজাব হর যুবতীক লোভে ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি ভাণে।
ও নহি বুঢ়বা জগত কিষাণে ॥ ৫ ॥

১০

এ মা কহয়ে মোঞে পুছো তোহি।
ওহি তপোবন তপসী ভেটল
কুসুম তোড়য় দেল মোহি ॥ ১ ॥
আঁজলি ভরি কুসুম তোড়ল
যে যত অছল যাঁহা।
তিন নয়নে খণে মোহি নিহারয়
বইসলি রহলি যাঁহা ॥ ২ ॥
গরা গরল নয়ন অনল
শির শোভইহ্নি শশী।
ডিমি ডিমি কর ডমরু বাজয়
এহে আয়ল তপসী ॥ ৩ ॥
শির সুরসরি ভ্রমু কপালা
হাথ কমণ্ডলু গোটা।
বসহ চঢ়ল আয়ল দিগম্বর
বিভূতি কয়ল ফোঁটা ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি সামিক নিন্দা
ন কর গোরী মাতা।
তোহর সামী জগত ঈসর
ভুগুতি মুকুতিদাতা ॥ ৫ ॥

১। পাহুন—অতিথি। বইসয়—বসিবার জন্য।
২। চঢ়ল—চড়িয়া। ধুথুর—ধুতুরা। গজায়ে—গাঁজা।
১। কহয়ে—কহ, বল। মোঞে—আমি। তোহি—তোমাকে। তোড়য়—ছিঁড়িয়া।
২। আঁজলি—অঞ্জলি।
৩। গরা—গলায়। শোভইহি—শোভা পাইতেছে।
৪। বসহ—বৃষ।

১১

আজ অকামিক আয়ল ভেখধারী।
ভিখি ভুগুতি লয় চললি কুমারী ॥ ১ ॥
ভিখিয়া ন লেই বঢ়াবয় রিষি।
বদন নিহারয় বিহুসি হসি ॥ ২ ॥
এহি ঠাম সখি সঙ্গে নিকহি অছলি।
ওহি যোগিয়া দেখি মুরুছি পড়লি ॥ ৩ ॥
দূর কর গুণপণ অরে ভেখধারী।
কাঁ দিঠি অওলয় রাজকুমারী ॥ ৪ ॥
কেও বোল দেখয়ে দেহে জনু কাহ।
কেও বোল ওঝা আনি চাহু ॥ ৫ ॥
কেও বোল যোগী আহি দেহে দহু আনি।
হুনি কি অভয় বরু জীবও ভবানী ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অভিমত সেবা।
চন্দল দেবীপতি বৈজল দেবা ॥ ৭ ॥

১২

যোগিয়া মন ভাবই হে মনাইনি।
আয়ল বসহা চঢ়ি বিভূতি লগায় হে।
মন মোর হরলনি ডামরু বজায় হে ॥ ১ ॥
সুন্দর গাত অজরপতি সে নাহে।
চিত সোঁ নই ছুটথি জানথি কিছু টোনা হে ॥২॥
তিনী নয়ন এক অগনিক জ্বালা হে।
ভাল তিলক চান ফটিকক মালা হে ॥ ৩ ॥
ওহ সিংহেশ্বর নাথ থিকা মোর পতি হে।
বিদ্যাপতি কহ মোর গৌরীহর গতি হে ॥ ৪ ॥

১৩

অগে মাই এহন উমত বর লইলা
হেমত গিরি দেখি দেখি লগইছ রঙ্গ।
এহন উমত বুঢ় ঘোড়বো ন চঢ়ইক
যাহি ঘোড় রঙ্গ রঙ্গ অঙ্গ ॥ ১ ॥

১। ভিখি—ভিক্ষা। ভুগুতি—উপযোগী।
২। রিষি—রাগ। ৪। কাঁ—কেন। দিঠি অওলয়—দৃষ্টি দিতে আসিলে।
১। ভাবই—মোহিত করে। মনাইনি—মেনকা। ২। গাত—গাত্র। অজরপতি—দেবপতি, মহাদেব। ৩। অগনিক—আগুনের।
১। অগে মাই—মা গো। উমত—উন্মত্ত। লইলা—লইয়া আসিল। হেমত গিরি—হেমন্ত গিরি অর্থাৎ হিমালয়। রঙ্গ—হাসি। ঘোড়বো—ঘোড়া। চঢ়ইক—চড়িবার। যাহি—যে স্থানে। রঙ্গ রঙ্গ—হরেক রকম। অঙ্গ—বহুতর।

বাঘছাল যে বসহা পলানল
সাপক লগলে তজ।
ডিমিকি ডিমিকি যে ডমরু বজইন
খটর খটর করু অজ ॥ ২ ॥
ভকর ভকর যে ভাজ ভকোসথি
ছটর পটর কর বজ।
চানন সোঁ অনুরাগ ন থিকইন
ভসম চঢ়াবথি অঙ্গ ॥ ৩ ॥
ভূত পিশাচ অনেক দল সিরিজল
সির সোঁ বহি গেল গঙ্গ।
ভণই বিদ্যাপতি শুনিয়ে মনাইনি
থিকাহ দিগম্বর ভঙ্গ ॥ ৪ ॥

১৪

ঘর ঘর ভরমি জনম নিত
ভনিকা কেহন বিবাহ।
সে অব করব গৌরী বর
ই হোয় কতয় নিরবাহ ॥ ১ ॥
কতয় ভবন কত আঙ্গন
বাপ কতয় কত মায়।
কতহু ঠহোর নহি ঠেহর
কে কর এহন জমায় ॥ ২ ॥
কোন কয়ল এহো অসুজন
কেও ন হিনক পরিবার।
যে কয়ল হিনক নিবন্ধন
ধিক থিক সে পজিয়ার ॥ ৩ ॥

কুল পরিবার একো নহি যনিকা
পরিজন ভূত বৈতাল।
দেখি দেখি ঝুর হোয় তন
কে সহয় হৃদয় শাল ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ সুন্দরি
ধৈরষ মন অবগাহ।
যে অছি যনিক বিবাহিনী
ভনিকা সেহ পয় নাহি ॥ ৫ ॥

১৫

মঙ্গল বিলুবিয় সিন্দুর পিঠারে।
তোঁহে ভলি সোপলি সাজলি ছারে ॥ ১ ॥
চলহ চল হর পলটি দিগম্বর।
হমরি গোসাঞুনি তোহ ন যোগ বর ॥ ২ ॥
হর চাহ গুরু গৌরবে গোরী।
কি করব তবে জপমালী তোরি ॥ ৩ ॥
নয়নে নিহারব সম্ভ্রম লাগি।
হিমগিরি ধীয়ে সহব কইসে আগি ॥ ৪ ॥
ভাল বলই নয়নানল রাশি।
ঝরকত মউল ডাঢ়তি পটবাসী ॥ ৫ ॥
বড় সুখে শাশু চুমওবাহ মথা।
ওঠ বুড়ত সুরসরিকে সথা ॥ ৬ ॥
করব সখীজনে কেলি অলাপে।
বিলগ হোয়ত ফুফুয়ায়ত সাপে ॥ ৭ ॥

২। বসহা—বৃষের। পলানল—জিন করিয়াছে। সাপক—সাপের। লগলে—লাগাইল। তজ—জিন আঁটিবার ফিতা। বজইন—বাজান। খটর খটর—খট্ খট্ শব্দ। করু—করে।

৩। ভকর ভকর—ঢক্ ঢক্ করিয়া খাইবার শব্দ। ভকোসথি—কুৎসিতরূপে গিলিয়া ফেলেন, খাইয়া ফেলেন। চানন—চন্দন। সোঁ—সহিত। থিকইন—আছে। চঢ়াবথি—চড়ায়, মাখায়।

৪। শির সোঁ—মস্তক হইতে। মনাইনি—মেনকা। থিকাহ—হয়েন। ভঙ্গ—ভঙ্গী।

১। ভরমি—ভ্রমণ করিয়া। নিত—নিত্য। ভনিকা—যাঁহার। নিরবাহ—নির্ব্বাহ, সম্ভব।

২। ঠহোর—স্থান। ঠেহর—বিশ্রামস্থান, আলয়। জমায়—জামাই। ৩। অসুজন—অ-সুজন, যে সুজন নহে। হিনক—ইঁহার। নিবন্ধন—নির্বন্ধ অর্থাৎ বিবাহ। পজিয়ার—ঘটক।

৪। যনিকা—যাঁহার। ঝুর—শুষ্ক, জলিয়া যায়।

৫। অবগাহ—দৃঢ় কর। বিবাহিনী—স্ত্রী, বধূ।

১। মঙ্গল—মাঙ্গলিক দ্রব্য। বিলুবিয়—সাজাইলাম। সোপলি—সমর্পণ করিলে। সাজলি—সাজান। ছারে—ছাইয়ে।

২। চলহ চল—যাও যাও। পলটি—ফিরিয়া। গোসাঞুনি—গোস্বামিনী, গৌরী।

৩। গোরী—গৌরী।

৫। ভাল—ললাটে। নয়নানল—নয়নে অগ্নি। ঝরকত মউল—মস্তকে (গঙ্গা) প্রবাহিতা। ডাঢ়তি—ডালিবে অর্থাৎ দিবে। পটবাসী—পট্টবস্ত্র।

৬। শাশু—শ্বশ্রূ। চুমওবাহ—চুম্বন করিবে। ওঠ—ওষ্ঠ। বুড়ত—বুড়িয়া যাইবে। সুরসরিকে—সুরসরিৎ, গঙ্গা। সথা—স্রোত। ৭। বিলগ হোয়েত—বিলগ্ন হইলেই অর্থাৎ নিকটে গেলেই। ফুফুয়ায়ত—ফোঁস করিয়া উঠিবে।

বিদ্যাপতি ভণ বুঝহ যুকুতি।
মেলি করাউবি হমে শিব শকতি ৮ ॥

১৬

জটাজুট দহ দিশ দএ হলু নমায়।
বসহ চঢ়ল উপগত ভেল আয় ॥ ১ ॥
দূর সঞো মনাইনি হলিয় পুছায়।
কে বরিয়াতী কে ইথি জমায় ॥ ২ ॥
কণ্ঠে আয়ল ছইহ্নি বাসুকি রায়।
সেহে বরিয়াতী ঈশর জমায় ॥ ৩ ॥
অইসন ঠাকুর হর সম্পতি থোরি।
ভর উঠি আইলিছইহ্নি ভসমক ঝোরি ॥ ৪ ॥
বিধি ন করয়ে হর খেলয় পাশা সারি।
সাপক সঙ্গে শিবে রচলি ধমারি ॥ ৫ ॥
খিরি ন খায়ে হর চুকতি গজায়।
এহন উমত কোনে জোহল জমায় ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহো রস ভান।
ও নহি উমতা জগত কিষাণ ॥ ৭ ॥

১৭

যখন শঙ্কর গৌরী করে ধরি
আনলি মণ্ডপমাঝ।
শরদ সঁপুণ জনি শশধর
উগল সময় সাঁঝ ॥ ১ ॥
চৌদহ ভুমন শিব শোহাওন
গৌরী রাজকুমারী।
হেরি হরখিত ভেলি মনাইনি
আয়ল জভারি ॥ ২ ॥
হেমত শরীর পুলকে পুরল
সফল জনম মোরি।
হরি বিরঞ্চি দুহু জন বৈসল
হরকে দেল মোঞে গৌরী ॥ ৩ ॥
নারদ তুম্বুরু মঙ্গল গাবথি
আওর কত ন নারী।
কৌতুক কোবর কৌশলে কামিনী
সবে সবে দেয় গারি ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি গৌরী পরিণয়
কৌতুক কহয় ন যায়।
সাপ ফুকুকারে নারী পড়াইলি
বসন ঠাম নড়ায় ॥ ৫ ॥

১৮

উমতা ন তেজয়ে অপনি বাণী।
বস শ্বশুরা কত কর উবানি ॥ ১ ॥

১। নমায়—মানাইয়া, ঝুলাইয়া। বসহ—বৃষে। ২। মনাইনি—মেনকা। হলিয় পুছায়—জিজ্ঞাসা করিলেন। বরিয়াতী—বরযাত্রী। জমায়—জামাই।

৩। রায়—রাজা। ৪। থোরি—অল্প। আয়লিছইহ্নি—আসিয়াছেন। ভসমক—ভস্মের। ঝোরি—ঝুলী।

৫। বিধি—বিধান। রচলি ধমারি—হুটোপাটি করে।

৬। খিরি—ক্ষীর, দুগ্ধ। জোহল—ভূ খুঁজিয়া বাহির করিল।

৭। জগৎ কিষাণ—জগতের কৃষক অর্থাৎ জগতের সৃষ্টিকর্ত্তা।

১। সঁপুণ—সম্পূর্ণ। সাঁঝ—সন্ধ্যা।

২। চৌদহ—চৌদ্দ। শোহাওন—শোভন। মনাইনি—মেনকা। জভারি—জম্ভারি, ইন্দ্র।

৩। হেমত—হিমালয়, গিরিরাজ।

৪। কৌতুক কোবর—কৌতুকাগার, বাসর-গৃহ। গাবথি—গাহিতেছে।

৫। ফুকুকারে—ফুৎকারে, নিশ্বাসে। পড়াইলি—পলাইল। ঠাম—সেই স্থানে, তথায়। নড়ায়—ফেলিয়া।

শঙ্কর যখন গৌরীর হস্তধারণ করিয়া মণ্ডপমধ্যে আনয়ন করিলেন, তখন বোধ হইল যেন শারদীয় পূর্ণচন্দ্র সন্ধ্যার সময় উদিত হইলেন। শিব চৌদ্দ ভুবনের শোভাসম্পাদকারী এবং গৌরীও রাজ-কুমারী, স্বয়ং ইন্দ্র যেন আগমন করিলেন। ইহা দেখিয়া মেনকারাণী আনন্দিত হইলেন; গিরিরাজের শরীর পুলকে পরিপূর্ণ হইল, তিনি বলিলেন, 'আজ আমার জন্ম সফল। বিষ্ণু ও ব্রহ্মা দুই জনেই বসিয়া আছেন, তাঁহাদের সাক্ষাতে আমি হরকে গৌরীদান করিলাম।' নারদ, তুম্বুরু ও অন্যান্য নারীগণ মঙ্গল-গীতি গাহিতেছে। বাসর-গৃহে রমণীগণ কৌশল করিয়া পরস্পরকে ও বরকে গালি দিতেছে (বিদ্রূপ করিতেছে)। বিদ্যাপতি বলিতেছে, গৌরী-পরিণয়ের কৌতুক বলিতে পারা যায় না; সাপের ফুৎকার শুনিয়া নারীগণ সেখানেই পরিধেয় বস্ত্র ফেলিয়া পলায়ন করিল।

১। উমতা—উন্মত্ত। বস—বাস করিয়া। শ্বশুরা—শ্বশুরালয়। উবানি—বিপরীত ব্যবহার।

গঙ্গাজলে সিচু রঙ্গভুমি।
পিছরি খসল হর ঘুমি ঘুমি ॥ ২ ॥
অবলম্বনে গোরী তোরয় যায়।
করকঙ্কণ ফণী উঠ ফঁফায় ॥ ৩ ॥
সবে সবত্তহু বোল গিরিজমায়।
বসহ চঢ়ল হর রূষল যায় ॥ ৪ ॥
জমাইক পরিহন বাঘছাল।
চরণ ঘাঘর বাজয় মুণ্ডমাল ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শিব বিলাস।
গোরী সহিত হর পুরথু আশ ॥ ৬ ॥

১৯

মেনকা—

কতহু সমসধর কতহু পয়োধর
ভল বর মিলল সুশোভে।
অধঙ্গ ধইলি নারী ন গুণলি নিজ গারি
গরুয় গৌরী গুণলোভে ॥ ১ ॥
আলো শিব শম্ভু তুমি শিব শম্ভু
তুমি যে বধিলো পচবাণে ॥ ২ ॥
শম্ভু—গাঙ্গ লাগি গিরিজাক মনউলি হে
কাহে দেবী বোলহ মন্দা।
চরণ নমিত ফণী মণিময় ভূষণ
ঘর খিখিয়ায়ল চন্দা ॥ ৩ ॥

ভণই বিদ্যাপতি শুনহ ত্রিলোচন
পদ পঙ্কজ মোরি সেবা।
চন্দল দেবীপতি বৈদ্যনাথ গতি
নীলকণ্ঠ হর দেবা ॥ ৪ ॥

২০

প্রথমহি শঙ্কর সাসুর গেলা।
বিনু পরিচয়ে উপহাস পড়লা ॥ ১ ॥
পুছিও ন পুছল কে বৈসলাহ যঁহা।
নিরধন আদর কে কর কঁহা ॥ ২ ॥
হেমগিরি মড়প কৌতুক বসি।
হেরি হসল সবে বুঢ় তপসী ॥ ৩ ॥
সে শুনি গৌরী রহল শির লায়ে।
কে কহত মাকে তোহর জমায়ে ॥ ৪ ॥
সাপ শরীর কাঁখ বোকানে।
প্রকৃতি ঔষধ কে দহু জানে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি সহজ কহু।
আড়মুরে আদর হো সব তহু ॥ ৬ ॥

২১

অঞ্জলি ভরি ফুল তোড়ি লেল আনি।
শম্ভু অরাধয় চললি ভবানী ॥ ১ ॥
জাতি যূথা তোড়ল মোগ্রে আওর বেলপাতে
উঠিয় মহাদেব ভই গেল পরাতে ॥ ২ ॥
যখনে হেরলি হরে তিনহু নয়নে।
তাহিঁ অবসর গোরী পীড়লি মদনে ॥ ৩ ॥
করতল কাঁপু কুসুম ছিড়িয়াউ।
বিপুল পুলক তনু বসন ঝপাউ ॥ ৪ ॥

২। সিচু—সিঞ্চন করে। রঙ্গভুমি—নৃত্যভুমি। পিছরি—পিছলাইয়া। খসল—পড়িয়া গেলেন। ঘুমি—ঘুরিয়া।

২। অবলম্বনে—অবলম্বন করিবার জন্য, ধরিবার জন্য। তোরয়—ত্বরায়। ফঁফায়—ফোঁস করিয়া।

৪। বসহ—বৃষ। রূষল—রাগ করিয়া।

৫। ঘাঘর—ঘুঙ্গুর।

১। কতহু—কোথায়। সমসধর—যিনি সমস্ত ধারণ করেন, মহাকায়। সুশোভে—সুশোভিনী। অধঙ্গ—অর্দ্ধাঙ্গ। ধইলি—ধরিল। গুণলি—গণনা করিল। নিজ গারি—নিজের কুলের গালি, নিন্দা। গরুয়—গুরু।

২। বধিলো—বধ করিলে।

৩। গাঙ্গ—গঙ্গা। লাগি—লাগিয়া, জন্য। গিরিজাক—গিরিবালার। মনউলি—মান করিল। গিরিজার জন্য গঙ্গা মান করিল। বোলহ—বলিতেছে। মন্দা—মন্দ, কটু। খিখিয়ায়ল—রাগ করিল।

৪। চন্দল—চণ্ডালিকা, গৌরী। বৈদ্যনাথ—মহাদেব।

১। সাসুর—শ্বশুরালয়।

২। বৈসলাহ—বসিলেন।

৪। লায়ে—নমিত করিয়া।

৫। কাঁখ—কক্ষে। বোকান—ঝুলী।

৬। আড়মুরে—ধনী ব্যক্তি।

১। তোড়ি—ছিঁড়িয়া। আনি—আনিয়া। অরাধয়—আরাধনা করিতে।

২। জাতি—জাতিফুল। যূথী—যূথিকা পুষ্প। আওর—আর। বেলপাতে—বিল্বপত্র। পরাতে—প্রাতঃকাল।

৩। তিনিহু—তিন। পীড়লি—পীড়িতা হইলেন।

৪। ছিড়িয়াউ—ছড়াইয়া পড়িল। পুলক—রোমাঞ্চ। ঝপাউ—ঢাকা দিলেন।

ভল হর ভল গোরী ভল ব্যবহারে।
জপ তপ দূর গেল মদন বিকারে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাবে।
হর দরশনে গোরী মদন সঁতাবে ॥ ৬ ॥

২২

মাটী ভলি জোহিকহু আনলি বাণী।
শম্ভু অরাধয় চললি ভবানী ॥ ১ ॥
আক ধুথুর ফুল দেল মোঞে জোহি।
জগত জনমি ডর ছাড়ল মোহি ॥ ২ ॥
যমকিঙ্কব মোর কি করত অঙ্গে।
রহ অপরাধী বলিয় সঙ্গে ॥ ৩ ॥
যে সবে কয়ল হর সবে মোর দোষে।
সে সবে কয়ল হর তোহরি ভরোসে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শঙ্কর শুনু।
অন্তকাল মোহি বিসরহ জনু ॥ ৫ ॥

২৩

হম সৌঁ রুষল মহেশে।
গোরী বিকল মন করথি উদেশে ॥ ১ ॥
পুছিয় পথিকজন তোহি।
এ পথে দেখল কহু বুঢ় বটোহী ॥ ২ ॥
অঙ্গমে বিভূতি অনুপে।
কতেক কহব হুনি যোগিক সরূপে ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ তাহি।
গৌরী হব লয় ভেলি বতাহী ॥ ৪ ॥

২৪

কেহু দেখল নগনা।
ভিখিয়া মগইতে বুল আঙ্গন আঙ্গনা ॥ ১ ॥
উগন উমত কেহু দেখল বিধাতা।
গোরীক নাহ অভয় বরদাতা ॥ ২ ॥
বিভূতিভূষণ কর বিষ অহারে।
কণ্ঠে বাসুকি শির সুরসরি ধারে ॥ ৩ ॥
কেলি ভূত সঙ্গে রহয় মশানে।
তৈলোক ঈসর হর কে নহি জানে ॥ ৪ ॥

২৫

উগনা হে মোর কতয় গেলা।
কতয় গেলা শিব কি দহু ভেলা ॥ ১ ॥
ভাঙ নহি বটুয়া রুষি বৈসলাহ।
জোহি হেরি আনি দেল হসি উঠলাহ ॥ ২
যে মোর কহতা উগনা উদেশ।
তাহি দেবঁও করকঙ্কণা বেশ ॥ ৩ ॥
নন্দন বন মে ভেটল মহেশ।
গৌরী মন হরষিত মেটল কলেশ ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ উগনা সোঁ কাজ।
নহি হিতকর মোর ত্রিভুবনরাজ ॥ ৫ ॥

২৬

পিষল ভাঁগ বহল এহি গতি।
কথি লই মনায়ব উমতা যতি ॥ ১ ॥
আন দিন নিকহি ছলাহ মোর পতি।
আই বটায়ে দেল কোন উদমতী ॥ ২ ॥
আনক নীক অপন হো ক্ষতি।
ঠামে এক ঠেসতা পড়ত বিপতি ॥ ৩ ॥

৬। সঁতাবে—সন্তাপিত করিবে।
১। জোহিকহু—খুঁজিয়া। বাণী—সরস্বতী।
২। আক—অর্ক, আকন্দ। ধুথুর—ধুতুরা। জোহি—খুজিয়া। ডর—ভয়। মোহি—আমাকে।
৩। বলিয়—বলী, যমদূত। ৪। ভরোসে—ভরসায়।
১। হম সৌঁ—আমার প্রতি। রুষল—রাগ করিয়াছেন। উদেশে—উদ্দেশ, অনুসন্ধান।
২। পুছিয়—জিজ্ঞাসা করি। তোহি—তোমাকে। কহু—কোথাও। বুঢ়—বুড়া। বটোহী—বাটবাহী অর্থাৎ পথিক।
৩। অঙ্গমে—অঙ্গে। অনুপে—অনুপম। হুনি—তিনি। সরূপে—অবয়ব, আকৃতি।
৪। তাহি—তাহাতে। বতাহী—উন্মাদিনী।
১। নগন—নগ্ন, উলঙ্গ। ভিখিয়া—ভিক্ষা। বুল আঙ্গন আঙ্গনা—অঙ্গনে অঙ্গনে ভ্রমণ করে।
২। উগন—উলঙ্গ। উমত—উন্মত্ত। গোরীক—গৌরীর।
৩। সুরসরিধারে—গঙ্গার ধারা।
১। উগনা—উন্মত্ত, পাগলা। কতয়—কোথায়। কি দহু—কি।
২। বটুয়া—থলিতে। রুষি—রাগ করিয়া—বৈসলাহ—বসিলেন। জোহি—খুঁজিয়া।
৩। কহতা—কহিবে। উদেশ—উদ্দেশ। তাহি—তাহাকে। দেবঁও—দিব। বেশ—ভূষণ।
৪। ভেটল—মিলিল, সাক্ষাৎ হইল। মেটল—মিটিল। কলেশ—ক্লেশ।
১। পিষল—পিষ্ট, পেষা। কথি লই—কি লইয়া। উমতা—উন্মত্ত।
২। নিকহি—ভাল। ছলাহ—ছিলেন। আই—আজি। উদমতী—উন্মত্ততা।
৩। নীক—ভাল। ঠামে—স্থানে, কোথাও। ঠেসতা—হোঁচোট।

ভণহি বিদ্যাপতি শুন হে সতি।
ই থিক বাউর ত্রিভুবনপতি ॥ ৪ ॥

২৭

মোর নিরধন ভোরা।
অপনে ভিখারী বিলহ নহি থোরা ॥ ১ ॥
ধরি কচোটা হর ঈশ্বর বোলাবে।
মগত জনা সবে কোটি কোটি পাবে ॥ ২ ॥
সবে বোল হুনি জগত কিষাণে।
বুঢ় বড়দ কুট কাঁখ বোকানে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি পুছু হুনি দহু।
কি লয়ে পোষব দহু পরিজন পুত বহু ॥ ৪ ॥

২৮

কওনে উমতওলা হে তৈলোকনাথ।
নিতে উগারিয় নিতে ভসম সাথ ॥ ১ ॥
পাট পটম্বর ধর উতারি।
বাঘছল নিতে পহির ঝারি ॥ ২ ॥
তুরয় ছাড়ি চঢ় বসহ পীঠি।
লাজে মরিয় জঞো হেরিয় দীঠি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ গোরি।
হর নহি উমতা তোঁহহি ভোরি ॥ ৪ ॥

২৯

পঞ্চ বদন হর ভসমে ধবলা।
তিনী নয়ন এক বরয় অনলা ॥ ১ ॥

৪। ইথিক—এই হয়। বাউর—বাতুল।

১। ভোরা—ভোলা। বিলহ—বিলাইয়া দেন। থোরা—থোড়া, অল্প।

২। কচোটা—কৌপীন। বোলাবে—বলায়, কহায়। মগত—প্রার্থী।

৩। হুনি—তিনি। কিষাণে—কৃষাণ। কুট—ককুদ। বোকানে—থলি।

৪। পোষব—পুষিবে, পালন করিবে। পুত—পুত্র। বহু—বধূ।

১। উমতওলা—উন্মত্ত করিল। নিতে—নিত্য। উগারিয়—উলঙ্গ। ভসম সাথ—ভস্মের সহিত থাক, ভস্ম মাখ।

২। ধর উতারি—খুলিয়া রাখা। পহির—পরিধান কর। ঝারি—ঝাড়িয়া।

৩। তুরয়—তুরঙ্গ, ঘোটক। বসহ—বৃষ।

১। ধবলা—ধবল। অনলা—অনল। বরয়ে—জলে।

দুখে বোলয় ভবানী।
জগত ভিখারী হম মিলল স্বামী ॥ ২ ॥
বিষধর ভূষণ দিগ পরিধানা।
বিসু বিত্তে ঈশ্বর নাম উগনা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ ভবানি।
হর নহি নিধন জগতস্বামী ॥ ৪ ॥

৩০

শিব হে সেবয়ে অয়লাঁহু সুখ লাগি।
বিষম নয়ন অনুখণে বর আগি ॥ ১ ॥
বসহা পলায়ল আগে।
পৈশি পতাল লুকায়ল নাগে ॥ ২ ॥
শশী উঠি চলল অকাশে।
গোরী চললি গিরিরাজক পাশে ॥ ৩ ॥
উচিত বোলয় নহি যাই।
উমত বুঝাওব কওনে উপাই ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি দাসে।
গৌরী শঙ্কর পুরাবথু আশে ॥ ৫ ॥

৩১

বেরি বেরি অরে শিব মোঞে তোকেঁ বোলঞো
কিরিষি করিয় মন লাই।
বিসু সরমে হর ভিখিয়ে পএ মাগিয়
গুণ গৌরব দূর যাই ॥ ১ ॥
নিরধন জন বোলি সবে উপহাসয়
নহি আদর অনুকম্পা।
তোহেঁ শিব পাওল আক ধুথুর ফুল
হরি পাওল ফুল চাঁপা ॥ ২ ॥
খটগ কাটি হরে হল যে বঁধাওল
ত্রিশূল ভাঁগয় করু ফারে।
বসহা ধুরন্ধর হর লয়ে যোতিয়
পায়েট সুরসরিধারে ॥ ৩ ॥

৩। উগন—উন্মত্ত।

১। অয়লাঁহু—আসিলাম। বর—জলে।

২। বসহা—বৃষ। পৈশি—প্রবেশ করিয়া। নাগে—নাগ, সর্প।

৩। গিরিরাজ—গিরিরাজের।

১। কিরিষি—কৃষি। মন লায়—মন দিয়া। সরমে—লজ্জায়।

২। আক—আকন্দ।

৩। খটগ—খট্টাঙ্গ। কাটি—কাটিয়া। হল—লাঙ্গল। ভাঁগয়—ভাঙ্গিয়া। ফারে—ফাল। ধুরন্ধর—ভারবাহক, শ্রেষ্ঠ। লয়ে—লইয়া। যোতিয়—যুতিও। পায়েট—পাট কর।

ভণই বিদ্যাপতি শুনহ মহেশ্বর
ই জানি কইলি তুয় সেবা।
এতয়ে যে বরু সে বরু হোয়ও
ওতয়ে শরণ দেবা ॥ ৪ ॥

৩২

যোর বৌরা দেখল কেও কতহু যাত।
বসহা চঢ়ল বিষ ভাঙ্গ খাত ॥ ১ ॥
আঁখি নিচল মুহ বুয়ই লার।
পথকে চলত বৌরা বিশম্ভার ॥ ২ ॥
বাট যাইত কেও হলব ঠেলি।
অব হুঁনি বউরা বিনু ময় অকেলি ॥ ৩ ॥
হাত ডমরু কর লোইয়া সাথ।
যোগ যুগুতি কৃমি ভরল মাথ ॥ ৪ ॥
অজগর চটাইয় আঠো আঙ্গ।
শিব সুরসরি জটা বোল গাঙ্গ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শম্ভুদেব।
অবসর অবশ হমর সুধি লেব ॥ ৬ ॥

৩৩

বিকট জটাচয় কিছু নই লোকভয় হে
উর ফণিপতি দিগ বাস।
কওন পথে ভেটতাহ হে অগে মাই
আইত উমত হমার ॥ ১ ॥
ত্রিপুরদহন কর ছারই খাল ভরু হে
বসহ চঢ়ল বর বুড়।
তিনী নয়ন হর এক অনল ভর হে
শিরে সুরসরি জলধার ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি গৌরী বিকলমতি হে
ওহি উমতাক উদেশ ॥ ৩ ॥

৩৪

তোহি কোন বুধি দেল হে উমতা।
ললিত ধাম তেজি বসথি মশানে হে।
অমিয় নহি পি বথি করথি বিষপানে হে ॥ ১ ॥
চানন নহি হিত বিভূতি ভূষণে হে।
মণি নই ধরহ ফণী কওন ভূষণ হে ॥ ২ ॥
হয় গজ রথ তেজি বসহা পলানে হে।
পলঙা নই শুতথি ও ভূমি শয়ানে হে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি বিপরীত কাজে হে।
অপনই ভিখারী সেবক দিয় রাজে হে ॥ ৪ ॥

৩৫

বাঁধয় বিকট জটা।
তঁই থিহ চাঁদক ফোঁটা ॥ ১ ॥
কত যুগ সহস বয়স বিতি গেলা।
উমত মহাদেব সুমত ন ভেলা ॥ ২ ॥
মৌলি মেলয় ছার।
সহজই ন তেজয় পার ॥ ৩ ॥
সুকবি বিদ্যাপতি গাউ।
জীব শিবসিংহ রাউ ॥ ৪ ॥

৪। এতয়ে—এখানে। যে বরু সে বরু হোয়ও—যাহা হইবার তাহা হউক। ওতয়ে—ওখানে, পরকালে।

১। বৌরা—পাগল। কতহু—কোথা। যাত—যাইতে। খাত—খাইতে।

২। নিচল—নিশ্চল, স্থির। মুহ—মুখ। বুয়ই—রহিতেছে। লার—লালা। বিশম্ভার—বিশ্বম্ভর, হর।

৩। হলব—যাইবে। হুনি—তিনি, ঐ।

৪। লোইয়া—চিমটা। যুগুতি—যুগব্যাপী। কৃমি—কীট।

৫। চটাইয়—চাটিতেছে। আঠো আঙ্গ—অষ্টাঙ্গ। বোল—বুলিয়া বেড়াইতেছে, ভ্রমণ করিতেছে।

৬। সুধি—সন্ধান, জিজ্ঞাসা।

১। লোকভয়—লোকলজ্জা। উর—বক্ষে। ভেটতাহ—দেখিয়াছ। অগে মাই—মা গো। আইত—আসিতে।

২। ত্রিপুরদহন—ত্রিপুরারি। ছারই—ছাইয়ে, ভস্মে। খাল—চামড়ার থলি। ভরু—ভরিয়াছে। চঢ়ল—আরোহিত। বর—সুন্দর।

১। বুধি—বুদ্ধি। হে উমতা—হে উন্মত্ত। বসথি—বাস করে। পিবথি—পান করে। করথি—করিয়া থাকে।

২। চানন—চন্দন। নহি হিত—ভাল নয়।

৩। পলানে—আরোহণ। পলঙা—পালঙ্ক। শুতথি—শয়ন করে। ৪। রাজে—রাজ্য।

১। বাঁধয়—বাঁধিয়াছে। তঁই থিহ—তাহাতে আছে। চাঁদক ফোঁটা—চাঁদের ফোঁটা অর্থাৎ শশিকলা।

২। বিতি—অতীত।

৩। মেলয়—মিলাইয়াছে। ছার—ছাই।

৪। গাউ—গায়। জীব—জীবিত থাকুন। রাউ—রাজা।

৩৬

আই তঁা শুনিয় উমা ভল পরিপাটী।
উমগল ফিরে মুষ ঝোরী মোর কাটি ॥ ১ ॥
ঝোরিরে কাটিয়ে মুষ জটা কাটি জীবে।
শিরমে বৈসল সুরসরি জল পীবে ॥ ২ ॥
বেটারে কাতিক এক পোষল ময়ুর।
সেহো দেখি ডর মোর ফণিপতি ঝুর ॥ ৩।
তোহ যে পোষল গৌরি সিংহ বড় মোটা।
সেহ দেখি ডর মোর বসহ গোটা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি বাঁশক সিঙ্গা।
তপবন নাচথি ধতিঙ্গা তিঙ্গা ॥ ৫ ॥

৩৭

বুঢ়হ বয়স হর বেসন ন ছড়লে
কি ফল বসহ ধবাই।
ভাগ ভেল শিব চোট ন লগলে
কে জান কে হোই আই ॥ ১ ॥
বসহ পলায়ল কে জান কতয় গেল
হাড় মাল কি ভেসা।
ফুটি গেল ডমরু ভসম জিড়িয়ায়ল
অপথে সঁপতি দূর গেলা ॥ ২ ॥
হমর হটস শিব তোঁহহি ন মানহ
অপনা হঠ বেবহারে।
সকল জগত সবহুকাঁয় শুনিয়
ঘরণীক বোল নহি টারে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মহেশর
ই জানি ঐলাহু তুয় পাশে।
তোহরা লগ শিব বিঘনি বিনাশব
আনক কোন তরাসে ॥ ৪ ॥

৩৮

শিবঃ—নিতে মোঞে জাঞো ভিখি আনও মাগি।
কবহু ন গেল মোরা সঙ্গহু লাগি ॥ ১ ॥
ঝোরি আহু লেবাকে নহি উসাস।
উপোসি হোয়ত পরতরক আশ ॥ ২ ॥
এহে গউরি মোর কঞোন দোষ।
বইসলে জেম গণ কঞোন ভরোস ॥ ৩ ॥

১। আই তঁা—আজি তো। শুনিয়—শুনিলাম। পরিপাটী—পূর্ব্বাপর। উমগল—দৌড়াদৌড়ি করিয়া। মুষ—মুষিক। ঝোরী—ঝুলি।

২। জীবে—প্রাণ ধারণ করে। শিরমে—শিরে, মাথায়। বৈসল—বসিয়া।

৩। ঝুর—অবসন্ন হইয়া।
